যাত্রামিতি। হে অরিন্দম! মহারাজ! প্রাপ্তকালং দৃষ্ট্বা অয়মেব যোগ্যঃ সময় ইতি পর্য্যালোচ্য, পার্ষ্ণিমূলম্ আত্মনঃ সাহায্যকারি পররাজবলম্, ব্যবসায়ং তস্য পররাজবলস্য চ স্বসাহায্যকরণায়াধ্যবসায়ম্, অতএব চ শত্রোঃ পরাজয়ম্, বিজ্ঞায় অনুমায়, অগ্রতশ্চ বলস্য স্বসৈন্যস্য বেতনং দ্বিগুণোৎসাহার্থং দত্ত্বা, পরাক্রমণায় যাত্রামারভসে কচ্চিদিত্যনুবৃত্তিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

ভারতভাবদীপঃ

বাক্ষং নিন্দা দিবাস্বাপো ব্যসনানি নৃণাং দশে"ত্যুক্তৈর্যুক্তম্। ত্রিবিধং বলং মন্ত্রকোশভৃত্যবলানি। প্রভুমন্ত্রোৎসাহশক্তীর্ব্বা ॥৫৮॥ পার্ষ্ণিমূলং পার্ষ্ণিগ্রাহক আদির্যস্য তৎ দ্বাদশবিধং মণ্ডলম্। তচ্চোক্তং কামন্দকীয়ে—"অমাত্যরাষ্ট্রদুর্গাণি কোশো দণ্ডশ্চ পঞ্চমঃ। এতাঃ প্রকৃতয়স্তজ্জ্ঞৈর্বিজিগীষোরুদাহৃতাঃ॥ সম্পন্নস্তু প্রকৃতিভির্মহোৎসাহঃ কৃতশ্রমঃ। জেতুমেষণশীলশ্চ বিজিগীষুরিতি স্মৃতঃ॥ অরির্মিত্রমরের্মিত্রং মিত্রমিত্রমতঃ পরম্। অথারিমিত্রমিত্রঞ্চ বিজিগীষোঃ পুরস্কৃতাঃ॥ পার্ষ্ণিগ্রাহস্ততঃ পশ্চাদাক্রন্দস্তদনন্তরম্। আসারাবলয়োশ্চৈব বিজিগীষোস্তু পৃষ্ঠতঃ॥ অরেশ্চ বিজিগীষোশ্চ মধ্যমো ভূম্যনন্তরঃ। অনুগ্রাহসংহতয়োর্ব্যস্তয়োর্বিগ্রহে প্রভুঃ॥ মণ্ডলাদ্বহিরেতেষামুদাসীনো বলাধিকঃ। অনুগ্রহে সংহতানাং ব্যস্তানাঞ্চ বধে প্রভুঃ" ইতি। বিজিগীষুশত্রু তয়োর্মিত্রে তন্মিত্রে চেতি ত্রীণি দ্বন্দ্বানি ক্রমেণ পুরতঃ। বিজিগীষোঃ পৃষ্ঠতঃ পার্ষ্ণিগ্রাহাক্রন্দৌ। পার্ষ্ণিগ্রাহঃ পৃষ্ঠরক্ষকঃ। আক্রন্দঃ প্রোৎসাহকঃ। এতয়োরনুগ্রাহকাবাসারৌ তত্তৎপৃষ্ঠগতৌ পার্ষ্ণিগ্রাহাসার আক্রন্দাসারশ্চেতি দশ পুরুষাঃ। বিজিগীষুশত্রোঃ পার্শ্বে মধ্যমঃ সর্ব্বেষাং পার্শ্বে উদাসীনঃ। ইতি মণ্ডলং পার্ষ্ণিমূলমিত্যুচ্যতে। ব্যবসায়ং কৃত্যনিশ্চয়ং কৃত্যঞ্চ। "অলব্ধবেতনো লুব্ধো মানী চাপ্যবমানিতঃ। ক্রুদ্ধশ্চ কোপিতোঽকস্মাত্তথা ভীতশ্চ ভীষিতঃ॥ যথাভিলষিতৈঃ কামৈর্ভিন্দ্যাদেতাংশ্চতুর্বিধান্। পরকীয়ান্ স্বকীয়াংস্তু রক্ষেদ্বিজয়কামুকঃ" ইতি নীতিশাস্ত্রোক্তম্। পরাজয়ং পরাজয়মূলানাং ব্যসনানাং পরপক্ষে সম্ভাবং স্বপক্ষে চাভাবং বিজ্ঞায় দিষ্ট্যা বিশেষতো দৈবজ্ঞাদিদ্বারা জ্ঞাত্বা। তত্র দৈবং ব্যসনং পঞ্চবিধম্, মানুষঞ্চ পঞ্চবিধম্। যথোক্তং কামন্দকীয়ে—"হুতাশনো জলং ব্যাধির্দুর্ভিক্ষং মরকস্তথা। ইতি পঞ্চবিধং দৈবং ব্যসনং মানুষং পরম্॥ অযুক্তেভ্যশ্চ চোরেভ্যঃ পরেভ্যো রাজবল্লভাৎ। পৃথিবীপতিলোভাচ্চ প্রজানাং পঞ্চধা ভয়"মিতি ॥৫৯॥

হে ভরতশ্রেষ্ঠ! আপনি শত্রুকে বিপন্ন শুনিয়া এবং নিজের প্রভাবশক্তি, উৎসাহশক্তি ও মন্ত্রশক্তির পর্য্যালোচনা করিয়া সত্বরই আক্রমণ করিতে যাত্রা করেন ত? ॥৫৮॥

মহারাজ! উপযুক্ত সময় আসিয়াছে দেখিয়া, অন্য রাজারা সাহায্য করিবেন

(৫৯) যাত্রামারভসে দিষ্ট্যা···।

কচ্চিচ্চ বলমুখ্যেভ্যঃ পররাষ্ট্রে পরন্তপ ! ।
উপপন্নানি রত্নানি প্রয়চ্ছসি যথার্হতঃ ॥৬০॥
কচ্চিদাত্মানমেবাগ্রে বিজিত্য বিজিতেন্দ্রিয়ঃ ।
পরান্ জিগীষসে পার্থ ! প্রমত্তানজিতেন্দ্রিয়ান্ ॥৬১॥
কচ্চিত্তে যাস্যতঃ শত্রূন্ পূর্ব্বং যান্তি স্বনুষ্ঠিতাঃ ।
সাম দানঞ্চ ভেদশ্চ দণ্ডশ্চ বিধিবদ্‌গুণাঃ ॥৬২॥
কচ্চিন্মূলং দৃঢ়ং কৃত্বা পরান্ যাসি বিশাংপতে ! ।
তাংশ্চ বিক্রমসে জেতুং জিত্বা চ পরিরক্ষসি ॥৬৩॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে পরন্তপ ! পররাষ্ট্রে বিজিতে পররাজ্যে, উপপন্নানি লব্ধানি রত্নানি, যথার্হতো যোগ্যতানুসারাৎ, বলমুখ্যেভ্য আত্মনঃ শ্রেষ্ঠসৈন্যেভ্যঃ, প্রয়চ্ছসি দদাসি চ কচ্চিৎ ॥৬০॥

কচ্চিদিতি। হে পার্থ ! ত্বমগ্রে আত্মানমেব বিজিত্য বিজিতেন্দ্রিয়ঃ সন্, প্রমত্তান্ অসাবধানান্ অজিতেন্দ্রিয়াংশ্চ, পরান্ শত্রূন্, জিগীষসে জেতুমিচ্ছসি কচ্চিৎ ॥৬১॥

কচ্চিদিতি। শত্রূন্ আক্রমিতুং যাস্যতস্তে তব, সাম দানঞ্চ ভেদশ্চ দণ্ডশ্চ এতে চত্বার এব গুণা উৎকর্ষসাধকা ধর্ম্মাঃ, বিধিবৎ স্বনুষ্ঠিতাঃ সন্তঃ, পূর্ব্বমেব যান্তি কচ্চিৎ ॥৬২॥

ভারতভাবদীপঃ

উপচ্ছন্নানি পরৈরলক্ষ্যাণি। রত্নানি উৎকৃষ্টবস্তূনি ভেদায়েত্যর্থঃ ॥৬০—৬১॥ স্বনুষ্ঠিতাঃ শোভনেন পুরুষেণ সম্যগনুষ্ঠিতাঃ, বিধিবদ্‌গুণা যে সামাদায়ঃ বিধিবদনুষ্ঠিতাঃ, সন্তো গুণাঃ হিতায় ভবন্ত্যন্যথা বিপরীতায়। যথোক্তমভিযুক্তৈঃ—"চতুর্থোপায়সাধ্যে তু রিপৌ সান্ত্বমপক্রিয়ে"তি। যদ্বা সামাদয়োঽবশ্যমনুষ্ঠেয়া যতো রাজ্ঞাং গুণাঃ সন্ধিবিগ্রহযানাসনদ্বৈধীভাব-

এবং আমাকে সাহায্য করিবার জন্য তাঁহাদের যথেষ্ট চেষ্টাও আছে, সুতরাং অবশ্যই শত্রুর পরাজয় হইবে, ইহা অনুমান করিয়া, এবং আগেই নিজের সৈন্যগণকে বেতন দিয়া, যাত্রা করিয়া থাকেন ত ? ॥৫৯॥

রাজা ! অন্য রাজার রাজ্য জয় করা হইয়া গেলে, সেস্থানে লব্ধ ধন-রত্নাদি যোগ্যতা অনুসারে নিজের প্রধান প্রধান যোদ্ধাকে দিয়া থাকেন ত ? ॥৬০॥

হে পৃথানন্দন! আপনি প্রথমে আত্মাকে জয় করিয়া জিতেন্দ্রিয় হইয়া, পরে অসাবধান ও অজিতেন্দ্রিয় শত্রুগণকে জয় করিবার ইচ্ছা করিয়া থাকেন ত ? ॥৬১॥

আপনি যখন শত্রুদিগকে জয় করিতে যাইবেন, তাহার পূর্ব্বে সাম, দান, ভেদ ও দণ্ড এই চারিটী উপায়ই যথাবিধানে আলোচিত হইয়া আগে আগে যায় ত ? ॥৬২॥

(৬০)···উপচ্ছন্নানি রত্নানি···।

কচ্চিদষ্টাঙ্গসংযুক্তা চতুর্ব্বিধবলা চমূঃ।
বলমুখ্যৈঃ সুনীতা তে দ্বিষতাং প্রতিবাধিনী ॥৬৪॥
কচ্চিল্লবঞ্চ মুষ্টিঞ্চ পররাষ্ট্রে পরন্তপ !।
অবিহায় মহারাজ ! নিহংসি সমরে রিপূন্ ॥৬৫॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে বিশাংপতে! প্রজানাথ! মূলং নিজরাজধানীম্ দৃঢ়ং সুরক্ষিতং কৃত্বা, পরান্ যাসি কচ্চিৎ। তান্ জেতুঞ্চ বিক্রমসে, ন পুনরুদাসীনস্তিষ্ঠসি কচ্চিৎ। জিত্বা চ পরিরক্ষসি, ন পুনর্বিনাশয়সি কচ্চিৎ ॥৬৩॥

কচ্চিদিতি। অষ্টাঙ্গৈঃ ধনরক্ষক-দ্রব্যসংগ্রাহক-চিকিৎসক-গুপ্তচর-পাচক-সেবক-লেখক-প্রহরিভিঃ সংযুক্তা, চতুর্বিধানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি বলানি যস্যাং সা তাদৃশী, তে তব, চমূঃ সেনা, বলমুখ্যৈঃ সেনাপত্যাদিভিঃ সুনীতা সতী, দ্বিষতাম্, প্রতিবাধিনী আলোড়িনী ভবতি কচ্চিৎ ॥৬৪॥

কচ্চিদিতি। হে পরন্তপ! মহারাজ! পররাষ্ট্রে, লবঞ্চ ধান্যাদিশস্যচ্ছেদনঞ্চ, মুষ্টিঞ্চ ফলশাতনঞ্চ, অবিহায় অপরিত্যজ্য তদ্দ্বয়মপি কৃত্বৈবেত্যর্থঃ, সমরে রিপূন্ নিহংসি কচ্চিৎ। "লবো লেশে বিনাশে চ চ্ছেদনে রামনন্দনে" "মুষ্টির্বদ্ধকরে ফলে" ইতি বিশ্বঃ ॥৬৫॥

ভারতভাবদীপঃ

সমাশ্রয়াঃ, বিধিবদগ্নিহোত্রাদিবিধিবদবশ্যানুষ্ঠেয়াঃ তদকরণে স্বরাষ্ট্রভঙ্গাদিনা জাতেন প্রজা-পীড়নেন রাজ্ঞাং দোষোৎপত্তিঃ ॥৬২॥ মূলং স্বরাজ্যং দৃঢ়প্রত্যয়িভিঃ শূরৈরধিষ্ঠিতং সৎ দৃঢ়ং পরানভিভাব্যং কৃত্বা ॥৬৩॥ অষ্টাঙ্গসংযুক্তা—"রথা নাগা হয়া যোধাঃ পত্তয়ঃ কর্ম্মকারকাঃ। চারা দৈশিকমুখ্যাশ্চ ধ্বজিন্যষ্টাঙ্গিকা মতাঃ॥" চতুর্ব্বিধবলা মৌলমৈত্রভৃত্যাটবিকৈর্বলৈর্যুক্তা। বলমুখ্যৈঃ সেনাপতিভিঃ প্রতিবর্দ্ধিনী প্রাতিকূল্যেন চ্ছেদিনী ॥৬৪॥ লবঃ শস্যচ্ছেদনকালঃ। মুষ্টিঃ শস্যানাং গোপনকালঃ দুর্ভিক্ষমিতি যাবৎ। 'লূঞ্ ছেদনে' 'মুষস্তেয়ে' আভ্যামধিকরণে অপ্ক্তিনৌ। পররাষ্ট্রে ক্ষেত্রস্থেষু শস্যেষু সুখলভ্যৈর্দুর্ভিক্ষে চ রাজকুললব্ধভক্তোপজীবিভি-

মহারাজ! আপনি নিজের রাজধানী সুরক্ষিত করিয়া শত্রুজয় করিতে যান ত? যাইয়া শত্রুদিগকে জয় করিবার জন্য বিক্রম প্রকাশ করেন ত? জয় করিয়া আবার তাহাদিগকে রক্ষা করেন ত? ॥৬৩॥

ধনরক্ষক, দ্রব্যসংগ্রাহক, চিকিৎসক, গুপ্তচর, পাচক, ভৃত্য, লেখক ও প্রহরী এই অষ্টাঙ্গযুক্ত এবং হস্তী, অশ্ব, রথ ও পদাতিসৈন্যে পরিপূর্ণ আপনার বাহিনী প্রধান প্রধান লোক দ্বারা পরিচালিত হইয়া যাইয়া শত্রুদিগকে আলোড়ন করে ত? ॥৬৪॥

মহারাজ! আপনি পররাজ্যে যাইয়া শস্য ও ফলের সহিতই শত্রুদিগকে বিনষ্ট করিয়া থাকেন ত? ॥৬৫॥

(৬৫) কচ্চিদ্বলঞ্চ পুষ্টিঞ্চ…বিহংসি…।

কচ্চিৎ স্বপররাষ্ট্রেষু বহবোঽধিকৃতাস্তব।
অর্থং সমনুপশ্যন্তি রক্ষন্তি চ পরস্পরম্ ॥৬৬॥
কচ্চিদভ্যবহার্য্যাণি গাত্রসংঘর্ষণানি চ।
ঘ্রেয়াণি চ মহারাজ! রক্ষন্ত্যনুমতাস্তব ॥৬৭॥
কচ্চিৎ কোষশ্চ কোষ্ঠঞ্চ বাহনং দ্বারমায়ুধম্।
আয়শ্চ কৃতকল্যাণৈস্তব ভক্তৈরনুষ্ঠিতঃ ॥৬৮॥
কচ্চিদাভ্যন্তরেভ্যশ্চ বাহ্যেভ্যশ্চ বিশাংপতে!।
রক্ষস্যাত্মানমেবাগ্রে তাংশ্চ স্বেভ্যো মিথশ্চ তান্ ॥৬৯॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। স্বপররাষ্ট্রেষু স্বকীয়পরকীয়রাজ্যেষু, বহব এবাধিকৃতা নিযুক্তাঃ পুরুষাঃ, তব অর্থং প্রয়োজনম্, পরস্পরম্, সমনুপশ্যন্তি রক্ষন্তি চ কচ্চিৎ ॥৬৬॥

কচ্চিদিতি। হে মহারাজ! তব অনুমতা বিশ্বস্তত্বেনানুজ্ঞাতা জনাঃ, তবৈব অভ্যবহার্য্যাণি খাদ্যানি, গাত্রসংঘর্ষণানি বস্ত্রাণি, ঘ্রেয়াণি সুরভিদ্রব্যাণি চ রক্ষন্তি কচ্চিৎ ॥৬৭॥

কচ্চিদিতি। কৃতকল্যাণৈঃ পূর্ব্বাবধ্যেব বিহিতমঙ্গলৈঃ, ভক্তৈরনুরক্তৈর্জনৈঃ, তব কোষো ধনভাণ্ডম্, কোষ্ঠং বাসস্থানম্, বাহনং রথাদি, দ্বারম্, আয়ুধম্, আয়শ্চকারাদ্ব্যয়শ্চ, অনুষ্ঠিতঃ পর্য্যবেক্ষিতঃ কচ্চিৎ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

নিরন্নতাক্রান্তাঃ শত্রবঃ সুখং জেয়া ইত্যর্থঃ ॥৬৫॥ স্বপররাষ্ট্রেষু স্বেতি দৃষ্টান্তার্থম্, স্বরাষ্ট্রে ইব পররাষ্ট্রে প্রবিষ্টা বহবোঽধিকৃতাঃ স্থানে স্থানে স্থিতাঃ স্থানপত্যাদয়ো অর্থান্ প্রয়োজনানি, প্রজাবশীকরণকরগ্রহণাদীনি রক্ষন্তি চ পরস্পরং সম্ভূয় পরকীয়মাগতং সেনাপত্যাদিকমভিভূয় রাষ্ট্রং স্বীয়াংশ্চ রক্ষন্তীত্যর্থঃ ॥৬৬॥ অভ্যবহার্য্যাণি ভক্ষ্যাণি। গাত্রসংস্পর্শনানি বস্ত্রাণি। সঙ্ঘর্ষণানীতি পাঠে চন্দনাগুরুকুঙ্কুমকস্তুরিকাদীনি। ঘ্রেয়াণি উত্তমধূপাদীনি। অনুমতাঃ বিশ্বস্তাঃ। তব স্বদর্থং রক্ষন্তি ন তু দেশান্তরোৎপন্নানি তানি স্বয়মেব স্বীকুর্ব্বন্তীত্যর্থঃ ॥৬৭॥

নিজের রাজ্যে ও পরের রাজ্যে স্থাপিত আপনার কর্ম্মচারীরা আপনার প্রয়োজনগুলি পরস্পর সম্যক্‌রূপে দেখিয়া থাকে ত? এবং রক্ষা করে ত? ॥৬৬॥

মহারাজ! আপনার বিশ্বস্ত লোকেরা আপনার খাদ্য, গাত্রধার্য্য এবং আঘ্রেয় দ্রব্যগুলি রক্ষা করিয়া থাকে ত? ॥৬৭॥

যাহারা চিরদিনই মঙ্গলসাধন করিয়া আসিতেছে, সেই রূপ অনুরক্ত লোকেরাই আপনার কোষাগার, বাসস্থান, বাহন, দ্বার, অস্ত্র, আয় ও ব্যয় পর্য্যবেক্ষণ করে ত? ॥৬৮॥

(৬৬)…অর্থান্ সমধিতিষ্ঠন্তি…।
(৬৭) কচ্চিদব্যবহার্য্যাণি গাত্রসংস্পর্শনানি চ। গৃহাণি চ…।

কচ্চিন্ন পানে দ্যূতে বা ক্রীড়াসু প্রমদাসু চ।
প্রতিজানন্তি পূর্ব্বাহ্ণে ব্যয়ং ব্যসনজং তব ॥৭০॥
কচ্চিদায়স্য চার্দ্ধেন চতুর্ভাগেন বা পুনঃ।
পাদভাগৈস্ত্রিভির্বাপি ব্যয়ঃ সংশোধ্যতে তব ॥৭১॥
কচ্চিজ্জ্ঞাতীন্ গুরূন্ বৃদ্ধান্ বণিজঃ শিল্পিনঃ শ্রিতান্।
অভীক্ষ্ণমনুগৃহ্ণাসি ধনধান্যেন দুর্গতান্ ॥৭২॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে বিশাংপতে! প্রজানাথ! অগ্রে, আভ্যন্তরেভ্যঃ পাচকাদিভ্যশ্চ, বাহ্যেভ্যঃ সেনাপতিপ্রভৃতিভ্যশ্চ, আত্মানমেব রক্ষসি কচ্চিৎ; পরঞ্চ তান্ সেনাপত্যাদীন্, স্বেভ্যঃ পুত্রাদিভ্যো রক্ষসি কচ্চিৎ; ততশ্চাপি তান্ পুত্রসেনাপত্যাদীন্, মিথঃ পরস্পরং রক্ষসি কচ্চিৎ ॥৬৯॥

কচ্চিদিতি। পূর্ব্বাহ্ণে কার্য্যান্তরসময়ীভূতে দিবাপূর্বার্দ্ধে, তব, পানে দ্যূতে, ক্রীড়াসু প্রমদাসু চ বা, ব্যসনজম্ আসক্তিনিবন্ধনং ব্যয়ম্, ন প্রতিজানন্তি লোকা নাববুধ্যন্তে কচ্চিৎ। দিবাপূর্ব্বার্দ্ধে পানাদীনি ন কার্য্যাণীতি ভাবঃ ॥৭০॥

কচ্চিদিতি। তব আয়স্য, অর্দ্ধেন, ত্রিভিঃ পাদভাগৈস্তৃতীয়ভাগেন বাপীত্যর্থঃ, চতুর্ভাগেন চতুর্থেন ভাগেন বা পুনঃ, ব্যয়ঃ, সংশোধ্যতে নির্ব্বাহ্যতে কচ্চিৎ ॥৭১॥

কচ্চিদিতি। ধনধান্যেন ধনধান্যাদিদানেন, শ্রিতান্ স্বমাশ্রিতান্, জ্ঞাতীন্ গুরূন্ বৃদ্ধান্ বণিজঃ শিল্পিনঃ দুর্গতাংশ্চ জনান্, অভীক্ষ্ণং সর্ব্বদা, অনুগৃহ্ণাসি কচ্চিৎ ॥৭২॥

ভারতভাবদীপঃ

কোষো ধনগৃহম্। কোষ্ঠং ধান্যস্থানম্ ॥৬৮॥ আভ্যন্তরেভ্যঃ সূদাদিভ্যঃ। বাহ্যেভ্যঃ সেনাপত্যাদিভ্যঃ। তানুভয়ান্ স্বেভ্যঃ পুত্রামাত্যাদিভ্যঃ। তানপি মিথঃ পুত্রমমাত্যাদমাত্যঞ্চ পুত্রাদ্রক্ষসি ॥৬৯॥ কচ্চিন্নেতি। পানাদিব্যসনজং ব্যয়ম্, তব পূর্ব্বাহ্ণে ধর্ম্মাচরণকালে ভৃত্যা ন প্রতিজানন্তি নাবেদয়ন্তি। আবেদনে হি তদানীমাগতাঃ শিষ্টাঃ পুরোহিতাদয়ঃ পানাদিদুর্ব্যসনাসক্তং ত্বাং জ্ঞাত্বা ত্যজেয়ুরিতি ভাবঃ ॥৭০॥ সুভিক্ষসাম্যদুর্ভিক্ষেষ্বায়স্য পাদেন পাদাভ্যাং ত্রিভিঃ পাদৈর্বা ব্যয়ঃ সংশুধ্যতে পূর্য্যতে? সর্ব্বথাপি কোষবৃদ্ধিঃ কার্য্যেতি ভাবঃ

মহারাজ! প্রথমে ভিতরের ও বাহিরের লোক হইতে নিজেকে রক্ষা করিয়া থাকেন ত? পরে তাহাদিগকে স্বজন হইতে, তৎপরে আবার তাহাদিগকে পরস্পর হইতে রক্ষা করেন ত? ॥৬৯॥

মদ্যপানে, দ্যূতক্রীড়ায়, অন্যান্য ক্রীড়ায় এবং স্ত্রীবিলাসে আসক্তিবশতঃ দিনের পূর্ব্বাহ্ণে আপনার ব্যয় হইয়া থাকে, ইহা লোকে জানে না ত? ॥৭০॥

আয়ের অর্দ্ধে, কিংবা তিন ভাগের এক ভাগে, অথবা চা'র ভাগের এক ভাগে আপনার ব্যয় নির্ব্বাহ হইয়া থাকে ত? ॥৭১॥

কচ্চিদায়ব্যয়ে যুক্তাঃ সর্ব্বে গণকলেখকাঃ।
অনুতিষ্ঠন্তি পূর্ব্বাহ্নে নিত্যমায়ব্যয়ং তব ॥৭৩॥
কচ্চিদর্থেষ্বসংমূঢ়ান্ হিতকামাননুপ্রিয়ান্।
নাপকর্ষসি কর্ম্মভ্যঃ পূর্ব্বমপ্রাপ্য কিল্বিষম্ ॥৭৪॥
কচ্চিদ্বিদিত্বা পুরুষান্ উত্তমাধমমধ্যমান্।
ত্বং কর্ম্মস্বনুরূপেষু নিযোজয়সি ভারত! ॥৭৫॥
কচ্চিন্ন লুব্ধাশ্চৌরা বা দ্বিষ্টা বাপি বিশাংপতে!।
অপ্রাপ্তব্যবহারা বা ত্বয়া কর্ম্মসু নিষ্ঠিতাঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। আয়ব্যয়ে যুক্তা ব্যাপারিতাঃ, সর্বে গণকলেখকা গণনকারিণো লেখনকারিণশ্চ, নিত্যং পূর্ব্বাহ্ণ এব, তব আয়ব্যয়ং তয়োর্গণনং লেখনঞ্চ, অনুতিষ্ঠন্তি কচ্চিৎ ॥৭৩॥

কচ্চিদিতি। পূর্ব্বং কিল্বিষমপরাধম্ অপ্রাপ্য, কেবলতদানীন্তনাপরাধাদেবেত্যর্থঃ, অর্থেষু কর্ত্তব্যবিষয়েষু, অসংমূঢ়ান্ বৈচিত্ত্যরহিতান্, হিতকামান্ অনুপ্রিয়াংশ্চ জনান্, কর্ম্মভ্যঃ, ন অপকর্ষসি ন প্রচ্যাবয়সি কচ্চিৎ। সকৃত্তঙ্গে প্রায়শ্চিত্তং নাস্তীতি ন্যায়াত্তদসঙ্গতমিতি ভাবঃ ॥৭৪॥

কচ্চিদিতি। হে ভারত! ত্বম্, উত্তমত্বাদিরূপেণ বিদিত্বৈব, উত্তমাধমমধ্যমান্ পুরুষান্, অনুরূপেষু যথাক্রমমুত্তমাধমমধ্যমেষু কর্ম্মসু নিযোজয়সি কচ্চিৎ। "কচ্চিন্মুখ্যা মহৎস্বেব" ইত্যাদিকং সামান্যভাবেন এতচ্চ বিশেষভাবেনোক্তমিতি ন পৌনরুক্ত্যম্ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

॥৭১॥ দুর্গতান্ দরিদ্রান্ ॥৭২॥ অনুতিষ্ঠন্তি নিবেদয়ন্তি ॥৭৩॥ অনুপ্রৌঢ়ত্বহিতকামত্বজ্ঞানানন্তরং প্রিয়ান্। কর্ম্মভ্যোঽপকর্ষোঽধিকারচ্যুতিঃ সা চ পূর্ব্বং কিল্বিষমপ্রাপ্য দোষমদৃষ্ট্বা।

আপনি ধন ও ধান্য প্রভৃতি দান করিয়া আশ্রিত জ্ঞাতি, গুরু, বৃদ্ধ, বণিক্, শিল্পী ও দরিদ্রদিগের প্রতি সর্ব্বদা অনুগ্রহ করিয়া থাকেন ত? ॥৭২॥

আয় ও ব্যয়ের দিকে নিযুক্ত সমস্ত কর্ম্মচারীরাই প্রত্যহ পূর্ব্বাহ্নে আপনার আয় ও ব্যয়ের হিসাব-নিকাশ পরিষ্কার করিয়া থাকে ত? ॥৭৩॥

যে সকল কর্ম্মচারী কার্য্যতৎপর, হিতৈষী ও প্রীতিভাজন, তাহাদের পূর্ব্বে কোন অপরাধ না পাইয়া, কেবল তৎকালীন অপরাধবশতই তাহাদিগকে কার্য্য হইতে বিচ্যুত করেন না ত? ॥৭৪॥

ভরতনন্দন! আপনি ভাল করিয়া জানিয়া, উত্তম, মধ্যম ও অধম লোকদিগকে তাহাদের অনুরূপ কার্য্যে নিযুক্ত করিয়া থাকেন ত? ॥৭৫॥

(৭৬)…বৈরিণো বা বিশাংপতে।…তব কর্ম্মস্বনিষ্ঠিতাঃ।

কচ্চিন্ন লুব্ধৈশ্চৌরৈর্ব্বা কুমারৈঃ স্ত্রীবলেন বা।
ত্বয়া বা পীড্যতে রাষ্ট্রং কচ্চিৎ পুষ্টাঃ কৃষীবলাঃ ॥৭৭॥
কচ্চিদ্রাষ্ট্রে তড়াগানি পূর্ণানি চ বৃহন্তি চ।
ভাগশো বিনিবিষ্টানি ন কৃষির্দ্দেবমাতৃকা ॥৭৮॥
কচ্চিন্ন বীজং ভক্তঞ্চ কর্ষকস্যাবসীদতি।
পাদিকঞ্চ শতং বৃদ্ধ্যা দদাস্যৃণমনুগ্রহম্ ॥৭৯॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে বিশাংপতে! ত্বয়া, লুব্ধাঃ, চৌরাঃ, দ্বিষ্টাঃ শত্রবো বা, অপ্রাপ্তব্যবহারা অষ্টাদশবর্ষাদর্ব্বাক্‌স্থিতা বালকা বা, কর্ম্মসু, ন নিষ্ঠিতা ন স্থাপিতাঃ কচ্চিৎ ॥৭৬॥

কচ্চিদিতি। লুব্ধৈঃ শঠৈঃ, চৌরৈর্ব্বা, কুমারৈর্ব্বালকৈর্বা, স্ত্রীণাং বলেন কামপ্রলোভনাদিনা বা, ত্বয়া বা, রাষ্ট্রং রাজ্যম্, ন পীড্যতে কচ্চিৎ; কৃষীবলাঃ কৃষকাশ্চ শস্যলাভেন পুষ্টাঃ কচ্চিৎ ॥৭৭॥

কচ্চিদিতি। রাষ্ট্রে রাজ্যে, ভাগশো ভাগে ভাগে, জলৈঃ পূর্ণানি চ বৃহন্তি চ, তড়াগানি জলাশয়বিশেষাঃ, বিনিবিষ্টানি স্থিতানি কচ্চিৎ। কিঞ্চ, কৃষিঃ শস্যম্, দেবো দেবনিষ্পাদ্যা বৃষ্টিঃ মাতা উৎপাদিকা যস্যাঃ সা তাদৃশী, ন বর্ত্ততে কচ্চিৎ। তথাত্বে বৃষ্ট্যভাবে শস্যহানিরিত্যাশয়ঃ ॥৭৮॥

কচ্চিদিতি। কর্ষকস্য কৃষীবলস্য, ধান্যাদীনাং বীজম্, ভক্তমন্নঞ্চ, ন অবসীদতি ন লুপ্যতে কচ্চিৎ। ত্বঞ্চ অনুগ্রহম্ অনুগ্রহপূর্ব্বকম্, বৃদ্ধ্যা পাদিকং পাদবৃদ্ধ্যাত্মকম্, শতং বহুলম্, ঋণম্, দদাসি কচ্চিৎ। ব্যাখ্যান্তরে তুঃসহৈব কষ্টসৃষ্টিরিত্যলম্ ॥৭৯॥

ভারতভাবদীপঃ

ন কর্ত্তব্যেত্যর্থঃ ॥৭৪—৭৫॥ অপ্রাপ্তব্যবহারা অপ্রৌঢ়াঃ ॥৭৬—৭৭॥ দেবমাতৃকা বৃষ্টিনিষ্পাদ্যশস্যা ॥৭৮॥ প্রত্যেকঞ্চ শতং প্রতিশতমেকবৃদ্ধ্যেতি সম্বন্ধঃ, এবৈকৈকঃ প্রতিমাসং বর্দ্ধনীয় ইত্যর্থঃ। "পাদিকঞ্চ শতং বৃদ্ধে"তি পাঠে তু বর্ষস্য শতচতুর্থাংশো বৃদ্ধিঃ, তথাচ কিঞ্চিদধিকাপ্যুত্তরবৃদ্ধিঃ। আদ্যে সম্বন্ধকে বৃদ্ধিরন্যত্র নির্ব্বন্ধকে ইতি বিভাগঃ। যত্তু "দ্বিকং ত্রিকং চতুষ্কঞ্চ পঞ্চকঞ্চ সমং শতম্। মাসস্য বৃদ্ধিং গৃহ্ণীয়া"দিতি ত্রিকাদিপক্ষ-

---

মহারাজ! আপনি লোভী, চোর, শত্রু বা বালকদিগকে কার্য্যে নিযুক্ত করেন না ত? ॥৭৬॥

শঠ, চোর, বালক, স্ত্রীলোক, কিংবা আপনি রাজ্যের কোন উৎপাত করেন না ত? এবং কৃষকেরা সমৃদ্ধিসম্পন্ন আছে ত? ॥৭৭॥

আপনার রাজ্যের স্থানে স্থানে জলপূর্ণ বৃহৎ বৃহৎ জলাশয় আছে ত? এবং কৃষিকার্য্য বৃষ্টির উপর নির্ভর করে না ত? ॥৭৮॥

---

(৭৭)···কচ্চিত্তুষ্টাঃ কৃষীবলাঃ। (৭৯)···প্রত্যেকঞ্চ শতং বৃদ্ধ্যা···।

কচ্চিৎ স্বনুষ্ঠিতা তাত ! বার্ত্তা তে সাধুভির্জ্জনৈঃ ।
বার্ত্তায়াং সংশ্রিতস্তাত ! লোকোঽয়ং সুখমেধতে ॥৮০॥
কচ্চিচ্ছূরাঃ কৃতপ্রজ্ঞাঃ পঞ্চ পঞ্চ স্বনুষ্ঠিতাঃ ।
ক্ষেমং কুর্ব্বন্তি সংহত্য রাজন্ ! জনপদে তব ॥৮১॥
কচ্চিন্নগরগুপ্ত্যর্থং গ্রামা নগরবৎ কৃতাঃ ।
গ্রামবচ্চ কৃতাঃ প্রান্তাস্তে চ সর্ব্বে ত্বদর্পণাঃ ॥৮২॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে তাত! বৎস! তে তব বার্ত্তা কৃষির্বাণিজ্যং পশুপালনং কুসীদঞ্চ, সাধুভির্জনৈঃ, স্বনুষ্ঠিতা সুষ্ঠু নিষ্পাদিতা কচ্চিৎ। হে তাত! অয়ং লোকঃ, বার্ত্তায়াং কৃষ্যাদৌ, সংশ্রিতো নিরুপদ্রবেণ নিবিষ্টঃ সন্, সুখং যথা স্যাত্তথা, এধতে বর্দ্ধতে। "বার্ত্তা তু বর্ত্তনে বাত্তিঙ্গনে কৃষ্যাদ্যুদন্তয়োঃ। নিঃসারারোগ্যয়োঃ ক্লীবং বৃত্তিমন্নীরুজোস্ত্রিষু" ইতি মেদিনী ॥৮০॥

কচ্চিদিতি। হে রাজন্! শূরা বীরাঃ, কৃতপ্রজ্ঞা যথাসম্ভবং শিক্ষিতাঃ, শোভনমনুষ্ঠিতমনুষ্ঠানং যেষাং তে, পঞ্চ পঞ্চ জনাঃ, সংহত্য মিলিত্বা, তব জনপদে রাজ্যে, ক্ষেমং বিবাদোপশমনাদিনা মঙ্গলম্, কুর্ব্বন্তি কচ্চিৎ ॥৮১॥

কচ্চিদিতি। নগরগুপ্ত্যর্থং গ্রামেষ্বেব নগরশ্রীরক্ষার্থম্, গ্রামা নগরবৎ কৃতাঃ; প্রান্তা গ্রামপ্রান্তাশ্চ চাণ্ডালপল্ল্যাদয়ঃ গ্রামবৎ কৃতাঃ, তে সর্ব্বে চ, ত্বয়ি অর্পণং সর্বভারসংস্থাপনং যেষাং তে তাদৃশা বর্ত্তন্তে কচ্চিৎ। নগরগ্রাময়োর্লক্ষণমুক্তং মার্কণ্ডেয়পুরাণে—"দেবতায়-

ভারতভাবদীপঃ

ত্বাধমর্ণিকব্যবসায়ানুসারেণেতি জ্ঞেয়ম্ ॥৭৯॥ বার্ত্তা কৃষির্ব্বাণিজ্যং পাশুপাল্যং কুসীদঞ্চেতি চতুর্বিধা ॥৮০॥ কচ্চিচ্ছূরা ইতি। প্রতিগ্রামং পঞ্চপঞ্চেতি। স্বনুষ্ঠিতাঃ শোভনমনুষ্ঠিতমনুষ্ঠানং যেষাং তে তথা। তে চ প্রশাস্তা সমাহর্ত্তা সংবিধাতা লেখকঃ সাক্ষী চেতি। সমাহর্ত্তা প্রজাভ্যো দ্রব্যমুদ্‌গৃহ্যৈকীকৃত্য রাজ্ঞেঽর্পয়িতা। সংবিধাতা প্রজাসমাহর্ত্রোরৈকবাক্যতাঘটকঃ। সংহত্য একীভূয় ॥৮১॥ নগরবদিত্যনেন বহুভিঃ শূরৈরধিষ্ঠিতা গ্রামাঃ।

কৃষকদের বীজ ও খাদ্য শূন্য হইয়া যায় না ত ? এবং আপনি অনুগ্রহপূর্ব্বক প্রজাবর্গকে সিকি সুদে ঋণ দিয়া থাকেন ত ? ॥৭৯॥

বৎস ! আপনার কৃষি, বাণিজ্য, পশুপালন ও সুদগ্রহণ এই কার্য্যগুলি ভাল লোক দ্বারা সম্পাদিত হয় ত ? কেন না, বৎস ! যাহারা নিরুপদ্রবে ঐ চারিটী কার্য্যের উপরে নির্ভর করিতে পারে, তাহারা অনায়াসে উন্নতি লাভ করিতে পারে ॥৮০॥

রাজা ! বীর, শিক্ষিত ও কার্য্যদক্ষ পাঁচ পাঁচটী লোক মিলিত হইয়া আপনার রাজ্যে বিবাদপ্রভৃতি মিটাইয়া মঙ্গলসম্পাদন করিয়া থাকে ত ? ॥৮১॥

(৮১)…ক্ষেমং কুর্ব্বন্তি সংহৃত্য…।

কচ্চিদ্বলেনানুগতাঃ সমানি বিষমাণি চ।
পুরাণি চৌরান্ নিঘ্নন্তশ্চরন্তি বিষয়ে তব ॥৮৩॥
কচ্চিৎ স্ত্রিয়ঃ সান্ত্বয়সি কচ্চিত্তাশ্চ সুরক্ষিতাঃ।
কচ্চিন্ন শ্রদ্দধাস্যাসাং কচ্চিদ্‌গুহ্যং ন ভাষসে ॥৮৪॥
কচ্চিদাত্যয়িকং শ্রুত্বা তদর্থমনুচিন্ত্য চ।
প্রিয়াণ্যনুভবন্ শেষে ন ত্বমন্তঃপুরে নৃপ! ॥৮৫॥

ভারতকৌমুদী

তনৈশ্চিত্রৈঃ প্রাসাদাপণবেশ্মভিঃ। নগরং দর্শয়েদ্বিদ্বান্ রাজমার্গৈশ্চ শোভনৈঃ॥" "তথা শূদ্রজনপ্রায়া সুসমৃদ্ধকৃষীবলা। ক্ষেত্রোপযোগিভূমধ্যে বসতির্গ্রামসংজ্ঞিকা" ॥৮২॥

কচ্চিদিতি। বলেন সৈন্যেন অনুগতা রক্ষিপুরুষাঃ, চৌরান্ নিঘ্নন্তো নিহন্তুং তাড়য়িতু-মিত্যর্থঃ, তব বিষয়ে রাজ্যে, সমানি বিষমাণি চ স্থানানি পুরাণি চ চরন্তি কচ্চিৎ ॥৮৩॥

কচ্চিদিতি। স্ত্রিয়ঃ, সান্ত্বয়সি মধুরয়া বাচা আলপসি কচ্চিৎ; তাশ্চ ত্বয়া সুরক্ষিতাঃ কচ্চিৎ; তাশ্চ ন শ্রদ্দধাসি বিশ্বসিষি কচ্চিৎ; আসাং সমীপে চ গুহ্যং গোপনীয়ং ন ভাষসে কচ্চিৎ। ভাবার্থাঃ স্পষ্টাঃ ॥৮৪॥

কচ্চিদিতি। হে নৃপ! ত্বম্, আত্যয়িকং মহাবিপদ্‌বৃত্তান্তং শ্রুত্বা, তদর্থং তদ্বিষয়ম্

ভারতভাবদীপঃ

বহুতরৈর্নগরাণি। বহুতমৈর্জনপদেশ্বরস্থানং পুরসংজ্ঞম্। গ্রামাঃ শূদ্রজনবহুলাঃ। আপণাদিযুক্তং নগরম্। প্রান্তাঃ সীমাস্থা আটবিকানাং গ্রামাঃ। তে চ সর্ব্বে ত্বদর্পণাঃ ত্বে প্রান্তগ্রামনগরপুরেশাস্ত্বয্যেব কৃতাকৃতস্য ধনস্য চার্পণং নিবেদনং যেষাং তে তথাভূতাঃ। প্রান্তাধিপো গ্রামাধিপতৌ সোঽপি নগরাধিপতৌ সোঽপি দেশাধিপতৌ সোঽপি সাক্ষাদ্রাজ্ঞি সর্ব্বং নিবেদয়তীত্যর্থঃ ॥৮২॥ বিষমাণি সদুর্গাণি নিঘ্নন্তো চৌরাশ্চরন্তি তান্। বলেন সহিতঃ পুরাধ্যক্ষোঽনুদ্রবেদিত্যার্থঃ। সমেষু বিষমেষ্বপীতি পাঠে বিষমেষু ঈতিকালেষু। অতিবৃষ্ট্যাদয় ঈতয়ঃ ॥৮৩॥ আসাং বচনং আসাং পুরশ্চ গুহ্যং ন ভাষসে ॥৮৪॥ আত্য-

---

রাজ্যের সমৃদ্ধি সম্পাদন করিবার জন্য গ্রামগুলিকে নগরের মত এবং গ্রাম-প্রান্তগুলিকে গ্রামের মত করিয়াছেন ত? আর তাহার লোকেরা আপনার উপরে সমস্ত ভার অর্পণ করিয়াছে ত? ॥৮২॥

রক্ষী পুরুষেরা সৈন্যদের সহিত মিলিত হইয়া চোর তাড়াইবার জন্য আপনার রাজ্যের সুগম ও দুর্গম স্থানে এবং গ্রাম ও নগরে বিচরণ করে ত? ॥৮৩॥

আপনি মধুরবাক্যে স্ত্রীলোকদের সহিত আলাপ করেন ত? তাহাদিগকে সুরক্ষিত করিয়া রাখেন ত? তাহাদিগকে বিশ্বাস করেন না ত? এবং তাহাদের নিকটে গোপনীয় বিষয় বলেন না ত? ॥৮৪॥

---

(৮৫)...নিশি কার্য্যং বিচার্য্য চ...।

কচ্চিদ্দ্বৌ মধ্যমৌ যামৌ রাত্রেঃ সুপ্ত্বা বিশাংপতে ! ।
সঞ্চিন্তয়সি ধর্ম্মার্থৌ যাম উত্থায় পশ্চিমে ॥৮৬॥
কচ্চিদ্দর্শয়সে নিত্যং মনুষ্যান্ সমলঙ্কৃতঃ ।
উত্থায় কালে কালজ্ঞৈঃ সহ পাণ্ডব ! মন্ত্রিভিঃ ॥৮৭॥
কচ্চিদ্রক্তাম্বরধরাঃ খড়্গহস্তাঃ স্বলঙ্কৃতাঃ ।
উপাসতে ত্বামভিতো রক্ষণার্থমরিন্দম ! ॥৮৮॥
কচ্চিদ্দণ্ড্যেষু যমবৎ পূজ্যেষু চ বিশাংপতে ! ।
পরীক্ষ্য বর্ত্তসে সম্যগপ্রিয়েষু প্রিয়েষু চ ॥৮৯॥

ভারতকৌমুদী

অনুচিন্ত্য চ, প্রিয়াণি স্রক্চন্দনবনিতাদীনি অনুভবন্ সন্, অন্তঃপুর এব, ন শেষে ন স্বপিষি কচ্চিৎ ; কিন্তু তৎপ্রতীকারার্থং চেষ্টস এব কিমিত্যর্থঃ ॥৮৫॥

কচ্চিদিতি। হে বিশাংপতে! ত্বম্, রাত্রের্মধ্যমৌ দ্বৌ যামৌ প্রহরৌ সুপ্ত্বা, পশ্চিমে শেষে যামে চোত্থায়, ধর্ম্মার্থৌ সঞ্চিন্তয়সি কচ্চিৎ। প্রথমযামস্য ভোজনাদিকালত্বা-ন্নাত্রোক্তিঃ ॥৮৬॥

কচ্চিদিতি। হে পাণ্ডব! ত্বম্, কালজ্ঞৈর্মন্ত্রিভিঃ সহ, নিত্যং প্রত্যহমেব, কালে রাত্রেঃ শেষযামার্দ্ধে, উত্থায়, সমলঙ্কৃতঃ সন্, মনুষ্যান্, দর্শয়সে কচ্চিৎ আত্মানমিতি শেষঃ ॥৮৭॥

কচ্চিদিতি। হে অরিন্দম! রক্তাম্বরধরাঃ খড়্গহস্তাঃ স্বলঙ্কৃতাশ্চ রক্ষিপুরুষাঃ, তব রক্ষণার্থম্, অভিতঃ তব সর্ব্বাসু দিক্ষু স্থিত্বা, ত্বামুপাসতে আরাধয়ন্তি কচ্চিৎ ॥৮৮॥

ভারতভাবদীপঃ

ঘ্নিকমকল্যাণম্ ॥৮৫॥ পশ্চিমে চতুর্থে তস্মাদেব দ্বৌ প্রথমৌ দ্বিতীয়তৃতীয়াবিত্যর্থঃ ॥৮৬—৮৮॥

রাজা! আপনি কোন গুরুতর বিপদের সংবাদ শুনিয়া এবং সে বিষয় চিন্তা করিয়া, পরে আবার প্রিয় বস্তু ভোগ করিতে থাকিয়া অন্তঃপুরেই শয়ন করিয়া থাকেন না ত? ॥৮৫॥

মহারাজ! আপনি রাত্রির মধ্যম দুই প্রহর নিদ্রা যাইয়া, শেষ প্রহরে উঠিয়া, ধর্ম্ম ও অর্থের বিষয় চিন্তা করিয়া থাকেন ত? ॥৮৬॥

হে পাণ্ডুনন্দন! আপনি কালজ্ঞ মন্ত্রিগণের সহিত প্রত্যহই যথাসময়ে গাত্রোত্থান করিয়া অলঙ্কৃত হইয়া, উপস্থিত লোকদিগকে দর্শন দান করিয়া থাকেন ত? ॥৮৭॥

হে শত্রুদমন! রক্তবস্ত্রধারী এবং সম্যক্ অলঙ্কৃত রক্ষী পুরুষেরা আপনাকে রক্ষা করিবার জন্য তরবারিহস্তে সকল দিকে থাকিয়া আপনার সেবা করে ত? ॥৮৮॥

(৮৬) কচ্চিদ্দ্বৌ প্রথমৌ যামৌ ।

কচ্চিচ্ছারীরমাবাধমৌষধৈর্নিয়মেন বা।
মানসং বৃদ্ধসেবাভিঃ সদা পার্থাপকর্ষসি ॥৯০॥
কচ্চিদ্বৈদ্যাশ্চিকিৎসায়ামষ্টাঙ্গায়াং বিশারদাঃ।
সুহৃদশ্চানুরক্তাশ্চ শরীরে তে হিতাঃ সদা ॥৯১॥
কচ্চিন্ন লোভান্মোহাদ্বা মানাদ্বাপি বিশাংপতে!।
অর্থিপ্রত্যর্থিনঃ প্রাপ্তান্ ন পশ্যসি কথঞ্চন ॥৯২॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে বিশাংপতে! ত্বং সম্যক্ পরীক্ষ্য প্রিয়াপ্রিয়তয়া পর্য্যালোচ্য, অপ্রিয়েষু অতএব দণ্ড্যেষু, প্রিয়েষু, অতএব পূজ্যেষু, যমবৎ নিষ্ঠুরঃ কোমলশ্চ বর্ত্তসে কচ্চিৎ ॥৮৯॥

কচ্চিদিতি। হে পার্থ! ত্বং সদৈব, ঔষধৈর্নিয়মেন ব্যবহারবিশেষাবলম্বনেন বা, শারীরং দৈহিকম্, আবাধং পীড়াম্, বৃদ্ধসেবাভিশ্চ মানসমাবাধম্, অপকর্ষসি নাশয়সি কচ্চিৎ ॥৯০॥

কচ্চিদিতি। অষ্টাঙ্গায়াং "নিদানং পূর্ব্বলিঙ্গানি রূপাণ্যুপশমস্তথা। সম্প্রাপ্তিরৌষধং রোগী পরিচারক এব চ" ইত্যষ্টাঙ্গযুক্তায়াং চিকিৎসায়াং বিশারদা বৈদ্যাঃ, সুহৃদশ্চ অনুরক্তাশ্চ জনাঃ, সদৈব তে শরীরে হিতা হিতানুষ্ঠানপরায়ণা বর্ত্তন্তে কচ্চিৎ ॥৯১॥

কচ্চিদিতি। হে বিশাংপতে! ত্বং লোভাৎ মোহাদ্বা মানাদপি বা প্রাপ্তান্ উপস্থিতান্ অর্থিপ্রত্যর্থিনো বাদিপ্রতিবাদিনো জনান্, কথঞ্চন ন পশ্যসি তেষাং বিবাদং ন পর্য্যালোচয়সি ইতি ন, অপি তু পশ্যস্যেব কচ্চিৎ। অন্যথা তবৌদাসীন্যং প্রতীতং স্যাদিতি ভাবঃ ॥৯২॥

ভারতভাবদীপঃ

যমবৎ স হি দণ্ড্যেষু ক্রূরঃ পূজ্যেষু বিনয়বাংশ্চেৎ ॥৮৯॥ আবাধং দুঃখম্, নিয়মেন পথ্যাশনাদিনা, মানসমাবাধম্ ॥৯০॥ অষ্টাঙ্গায়াং চিকিৎসায়াম্। "নিদানং পূর্ব্বলিঙ্গানি রূপাণ্যুপশমস্তথা। সম্প্রাপ্তিরৌষধো রোগী পরিচারক এব চে"ত্যষ্টাবঙ্গানি। অথবা রোগো রোগহেতুঃ, আরোগ্যমারোগ্যহেতুঃ তেষাং লক্ষণানি চ ॥৯১॥ অর্থিনো যাচকাঃ। প্রত্যর্থিনঃ

মহারাজ! আপনি যথার্থরূপে পরীক্ষা করিয়া, অপ্রিয় দণ্ডনীয় লোক এবং প্রিয় আদরণীয় লোকের প্রতি যমরাজের ন্যায় যথাক্রমে নিষ্ঠুর ও কোমল হইয়া থাকেন ত? ॥৮৯॥

হে পৃথানন্দন! আপনি ঔষধ বা কোন নিয়ম অবলম্বন করিয়া শারীরিক পীড়া এবং বৃদ্ধের উপদেশ নিয়া মানসিক পীড়া দূর করিয়া থাকেন ত? ॥৯০॥

অষ্টাঙ্গ চিকিৎসায় নিপুণ চিকিৎসক, বন্ধুবর্গ এবং অনুরক্ত লোকেরা সর্ব্বদা আপনার শরীরের হিতসাধনে প্রবৃত্ত থাকে ত? ॥৯১॥

মহারাজ! বাদী ও প্রতিবাদী উপস্থিত হইলে আপনি লোভ, মোহ বা অভিমানবশতঃ তাহাদের বিবাদের পর্য্যালোচনা করেন না, এমন হয় না ত? ॥৯২॥

কচ্চিন্ন লোভান্মোহাদ্বা বিশ্রম্ভাৎ প্রণয়েন বা।
আশ্রিতানাং মনুষ্যাণাং বৃত্তিং ত্বং সংরুণৎসি বৈ ॥৯৩॥
কচ্চিৎ পৌরা ন সহিতা যে চ তে রাষ্ট্রবাসিনঃ।
ত্বয়া সহ বিরুধ্যন্তে পরৈঃ ক্রীতাঃ কথঞ্চন ॥৯৪॥
কচ্চিন্ন দুর্ব্বলঃ শত্রুর্ব্বলেন পরিপীড়িতঃ।
মন্ত্রেণ বলবান্ কচ্চিদুভাভ্যাঞ্চ কথঞ্চন ॥৯৫॥
কচ্চিৎ সর্বেঽনুরক্তাস্ত্বাং ভূমিপালাঃ প্রধানতঃ।
কচ্চিৎ প্রাণাংস্ত্বদর্থেষু সংত্যজন্তি ত্বয়াদৃতাঃ ॥৯৬॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে রাজন্! ত্বম্, লোভান্মোহাদ্বা, বিশ্রম্ভাৎ অন্যস্য বাগ্বিশ্বাসাৎ, প্রণয়েন অন্যস্য প্রণয়ানুরোধেন বা, আশ্রিতানাং মনুষ্যাণাম্, বৃত্তিং দেয়বার্ষিকাদিধনম্, ন সংরুণৎসি কচ্চিৎ ॥৯৩॥

কচ্চিদিতি। পৌরাঃ, যে রাষ্ট্রবাসিনস্তে চ জনাঃ, পরৈঃ শত্রুভিঃ কথঞ্চন ক্রীতা ধনাদিনা আয়ত্তীকৃতাঃ, অতএব সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ, ত্বয়া সহ ন বিরুধ্যন্তে কচ্চিৎ ॥৯৪॥

কচ্চিদিতি। হে রাজন্! ত্বয়া বলেন দুর্বলঃ শত্রুর্ন পরিপীড়িতঃ কচ্চিৎ। তথাত্বে নির্দ্দয়তেতি ভাবঃ। কিঞ্চ, কেবলেন মন্ত্রেণ, উভাভ্যাং মন্ত্রবলাভ্যাং বা ত্বয়া কথঞ্চনাপি, বলবান্ শত্রুরপি ন পরিপীড়িতঃ কচ্চিৎ। তথাত্বে চাত্মন এব ধ্বংসাশঙ্কেত্যাশয়ঃ ॥৯৫॥

কচ্চিদিতি। প্রধানতঃ প্রধানাঃ সর্বে ভূমিপালাঃ, ত্বাং প্রতি, অনুরক্তাঃ কচ্চিৎ। কিঞ্চ ত্বয়া আদৃতাশ্চ তে ত্বদর্থেষু প্রাণান্ সংত্যজন্তি কচ্চিৎ ॥৯৬॥

ভারতভাবদীপঃ

পরম্পরাগতবৃত্তিপ্রতিবন্ধাৎ ক্ষুব্ধচিত্তাঃ। প্রত্যেত্য তদধিনঃ শত্রবো বা। নশব্দদ্বয়েন পক্ষেদেবেত্যুচ্যতে ॥৯২—৯৪॥ কচ্চিন্নেতি। যোঽরির্বলেন পুর্ব্বং পরিপীড়িত এব ন হতঃ স এব কালান্তরে মন্ত্রেণোভাভ্যাঞ্চ মন্ত্রবলাভ্যাং কচ্চিদ্বলবান্নেতি যোজনা। কচ্চিত্তে ইতি

রাজা! আপনি লোভ, মোহ, অন্যের কথায় বিশ্বাস বা অন্যের অনুরোধে আশ্রিত লোকদিগের বৃত্তি বন্ধ করেন না ত? ॥৯৩॥

পুরবাসীরা এবং রাজ্যবাসীরা কোন প্রকারে শত্রুর বশীভূত হইয়া সম্মিলিত-ভাবে আপনার সঙ্গে বিরোধ করে না ত? ॥৯৪॥

আপনি বলপূর্ব্বক দুর্ব্বল শত্রুকে উৎপীড়িত করেন না ত? কিংবা কেবল মন্ত্র দ্বারা, অথবা মন্ত্র ও বল উভয় দ্বারা প্রবল শত্রুকেও উৎপীড়িত করিবার চেষ্টা করেন না ত? ॥৯৫॥

(৯৩)…বিগ্রহাৎ প্রণয়েন বা…। (৯৫) কচ্চিত্তে দুর্বলঃ শত্রুর্বলিনা পরিপীড়িতঃ। মন্ত্রেণ বলবান্ কচ্চিদুভাভ্যাং বা যুধিষ্ঠির!। (৯৬)…ত্বয়া হৃতাঃ, ত্বয়া কৃতাঃ।

কচ্চিত্তে সর্ব্ববিদ্যাসু গুণতোঽর্চ্চা প্রবর্ত্ততে।
ব্রাহ্মণানাঞ্চ সাধূনাং তব নৈঃশ্রেয়সী শুভা ॥৯৭॥
কচ্চিদ্ধর্ম্মে ত্রয়ীমূলে পূর্ব্বৈরাচরিতে জনৈঃ।
যতমানস্তথা কর্ত্তুং তস্মিন্ কর্ম্মণি বর্ত্তসে ॥৯৮॥
কচ্চিত্তব গৃহেঽন্নানি স্বাদূন্যশ্নন্তি বৈ দ্বিজাঃ।
গুণবন্তি গুণোপেতা বিধিবদ্ভূরিদক্ষিণাঃ ॥৯৯॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। গুণতো গুণানুসারেণ, তে ত্বৎকর্ত্তৃকা, সর্ববিদ্যাসু, অর্চ্চা সম্মানকরণম্, কিঞ্চ, নৈঃশ্রেয়সী মোক্ষসাধিনী শুভা চ, তব ত্বৎকর্ত্তৃকা, ব্রাহ্মণানাং সাধূনাঞ্চ, অর্চ্চা প্রবর্ত্ততে কচ্চিৎ ॥৯৭॥

কচ্চিদিতি। ত্রয়ীমূলে বেদমূলকে, অতএব পূর্ব্বৈর্জনৈস্তব পূর্ব্বপুরুষৈঃ, আচরিতে ধর্ম্মে, যতমানস্ত্বম্, তথা পূর্ব্বপুরুষবদেব কর্ত্তুম্, তস্মিন্ কর্ম্মণি, বর্ত্তসে প্রবর্ত্তসে কচ্চিৎ ॥৯৮॥

কচ্চিদিতি। গুণোপেতা বিদ্যাদিগুণসম্পন্নাঃ, দ্বিজা ব্রাহ্মণাঃ, বিধিবৎ ভূরিঃ প্রচুরা দক্ষিণা যেষাং তে তাদৃশাঃ সন্তঃ, তব গৃহে স্বাদূনি গুণবন্তি তেজস্করাণি চ অন্নানি অশ্নন্তি কচ্চিৎ ॥৯৯॥

ভারতভাবদীপঃ

পাঠে তে তব বলে সৈন্যে যোঽরিঃ পূর্ব্বপীড়িত ইত্যাদি পূর্ব্ববৎ ॥৯৫॥ প্রধানতঃ প্রাধান্যেন, হৃতা দানমানাভ্যাং বশীকৃতাঃ। আদৃতা ইতি বা পাঠঃ ॥৯৬॥ বিদ্যাসু সাধূনাং ব্রাহ্মণানাং গুণতো গুণং দৃষ্ট্বাঽর্চ্চা পূজা প্রবর্ত্ততে ॥৯৭॥ তথাকর্ত্তুং পূর্ব্বৈরাচরিতবৎ কর্ত্তুং তস্মিংস্ত্রয়ীমূলে

মহারাজ! সমস্ত প্রধান রাজা আপনার প্রতি অনুরক্ত আছেন ত? এবং আপনার আদরে আপনার জন্য প্রাণ দিতে পারেন ত? ॥৯৬॥

আপনি গুণানুসারে সমস্ত বিদ্যার প্রতিই সম্মান করিয়া থাকেন ত? এবং যাহা হইতে মুক্তি ও মঙ্গল হইয়া থাকে, সেই রূপ সম্মান ব্রাহ্মণসম্বন্ধে ও সাধুসম্বন্ধে করিয়া থাকেন ত? ॥৯৭॥

আপনার পূর্ব্বপুরুষেরা যে ধর্ম্ম করিয়া গিয়াছেন, সেই বেদমূলক ধর্ম্মে যত্নবান্ থাকিয়া আপনিও সেই রূপ করিবার জন্য সেই সেই কার্য্যে প্রবৃত্ত হন ত? ॥৯৮॥

রাজা! আপনার ঘরে গুণবান্ ব্রাহ্মণেরা প্রচুর দক্ষিণা লাভ করিয়া সুস্বাদু ও তেজস্কর অন্ন ভোজন করিয়া থাকেন ত? ॥৯৯॥

(৯৮) দক্ষিণাস্তু দদাম্যেষাং নিত্যং স্বর্গাপবর্গয়োঃ ইতি পাদদ্বয়েন সহ ষট্‌পাদঃ কচিৎ।
(৯৯)...গুণোপেতাস্তবাধ্যক্ষং সদক্ষিণম্।

কচ্চিৎ ক্রতূনেকচিত্তো বাজপেয়াংশ্চ সর্ব্বশঃ।
পুণ্ডরীকাংশ্চ কাৎস্ন্যেন যতসে কর্ত্তুমাত্মবান্ ॥১০০॥
কচ্চিজ্জ্ঞাতীন্ গুরূন্ বৃদ্ধান্ দেবতাস্তাপসানপি।
চৈত্যাংশ্চ বৃক্ষান্ কল্যাণান্ ব্রাহ্মণাংশ্চ নমস্যসি ॥১০১॥
কচ্চিচ্ছোকো ন মন্যুর্বা ত্বয়া প্রোৎপাদ্যতেঽনঘ!।
অপি মঙ্গলহস্তশ্চ জনঃ পার্শ্বেঽনুতিষ্ঠতি ॥১০২॥
কচ্চিদেষা চ তে বুদ্ধির্বৃত্তিরেষা চ তেঽনঘ!।
আয়ুষ্যা চ যশস্যা চ ধর্ম্মকামার্থদর্শিনী ॥১০৩॥
এতয়া বর্ত্তমানস্য বুদ্ধ্যা রাষ্ট্রং ন সীদতি।
বিজিত্য চ মহীং রাজা সোঽত্যন্তং সুখমেধতে ॥১০৪॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে রাজন্! ত্বম্, একচিত্ত একাগ্রচিত্তঃ, আত্মবান্ যত্নবাংশ্চ সন্, বাজপেয়াংশ্চ পুণ্ডরীকাংশ্চ ক্রতূন্ তদাখ্যান্ যজ্ঞান্, সর্ব্বশঃ সর্ব্বদা, কাৎস্ন্যেন সাকল্যেন, কর্ত্তুং যতসে কচ্চিৎ ॥১০০॥

কচ্চিদিতি। কল্যাণান্ মঙ্গলকরান্, জ্যেষ্ঠান্ জ্ঞাতীন্, গুরূন্, বৃদ্ধান্, দেবতাঃ, তাপসানপি, চৈত্যান্ আয়তনস্থান্ দেবকল্পিতান্ বৃক্ষান্, ব্রাহ্মণাংশ্চ, নমস্যসি কচ্চিৎ ॥১০১॥

কচ্চিদিতি। হে অনঘ! ত্বয়া, কস্যচিদপি শোকঃ, মন্যুঃ ক্রোধো বা ন উৎপাদ্যতে কচ্চিৎ। অপি চ মঙ্গলহস্তো দূর্ব্বাদিপাণির্জনঃ, তব পার্শ্বে, অনুতিষ্ঠতি বর্ত্ততে কচ্চিৎ ॥১০২॥

কচ্চিদিতি। হে অনঘ! আয়ুষ্যা আয়ুষ্কারিণী, যশস্যা যশস্কারিণী, ধর্ম্মকামার্থদর্শিনী চ, এষা এতাদৃশী বুদ্ধিশ্চ তে, এষা এতাদৃশী, বৃত্তির্ব্যবহারশ্চ তে বর্ত্ততে কচ্চিৎ ॥১০৩॥

ভারতভাবদীপঃ

॥৯৮॥ তবাধ্যক্ষং ত্বৎসমক্ষং সদক্ষিণং সদক্ষিণালাভং যথা স্যাত্তথাঽশ্নন্তি ॥৯৯—১০০॥ চৈত্যান্ স্থণ্ডিলবতো গ্রামসূচকান্ বৃক্ষান্ ॥১০১॥ শোকো নীচানাম্। মন্যুঃ শ্রেষ্ঠানাম্। মঙ্গলহস্তো মঙ্গলপ্রদো মন্ত্রাদিবিৎ পুরোহিতাদিঃ। অনুতিষ্ঠতি স্বস্ত্যয়নং করোতি ॥১০২॥

আপনি একাগ্রচিত্ত ও যত্নবান্ হইয়া সর্ব্বদা সর্ব্বপ্রকারে বাজপেয় ও পুণ্ডরীকপ্রভৃতি যজ্ঞ করিবার জন্য চেষ্টা করিয়া থাকেন ত? ॥১০০॥

মঙ্গলজনক বয়োজ্যেষ্ঠ জ্ঞাতি, গুরু, বৃদ্ধ, দেবতা, তপস্বী, দেবতায়তনের বৃক্ষ এবং ব্রাহ্মণদিগকে আপনি নমস্কার করিয়া থাকেন ত? ॥১০১॥

আপনি কাহারও শোক বা ক্রোধ উৎপাদন করেন না ত? এবং মাঙ্গলিক দ্রব্য হাতে করিয়া কোন লোক সর্ব্বদা আপনার পার্শ্বে অবস্থান করে ত? ॥১০২॥

হে নিষ্পাপ রাজা। আয়ুষ্কর, যশস্কর এবং ধর্ম্ম, অর্থ ও কামজনক এইরূপ বুদ্ধি এবং এইরূপ ব্যবহার আপনার চলিতেছে ত? ॥১০৩॥

---

(১০২)···ত্বয়া প্রোৎসাহ্যতেঽনঘ!···। (১০৩)···ধর্ম্মকামার্থদর্শনী।

কচ্চিদার্য্যো বিশুদ্ধাত্মা ক্ষারিতশ্চৌরকর্ম্মণি।
অদৃষ্টশাস্ত্রকুশলৈর্ন লোভাদ্বধ্যতে শুচিঃ ॥১০৫॥
দুষ্টো গৃহীতস্তৎকারী তজ্জ্ঞৈর্দৃষ্টঃ সকারণঃ।
কচ্চিন্ন মুচ্যতে স্তেনো দ্রব্যলোভান্নরর্ষভ! ॥১০৬॥
উৎপন্নান্ কচ্চিদাঢ্যস্য দরিদ্রস্য চ ভারত!।
অর্থান্ ন মিথ্যা পশ্যন্তি তবামাত্যা হৃতা ধনৈঃ ॥১০৭॥

ভারতকৌমুদী

এতয়েতি। এতয়া বুদ্ধ্যা বর্ত্তমানস্য রাজ্ঞো রাষ্ট্রং রাজ্যম্, ন সীদতি হস্তান্ন স্খলতি। কিঞ্চ স রাজা মহীং বিজিত্য, অত্যন্তং সুখং যথা স্যাত্তথা এধতে বর্দ্ধতে ॥১০৪॥

কচ্চিদিতি। ন দৃষ্টং শাস্ত্রং যৈস্তে চ তে কুশলা রাজকার্য্যে নিপুণাশ্চেতি তৈস্তব কর্ম্মচারিভিঃ, চৌরকর্ম্মণি ক্ষারিতঃ অপোদিতশুদ্ধিদ্বেষিভির্লোকৈঃ প্রচারান্মিথ্যাচৌর্য্যাপবাদগ্রস্ত ইত্যর্থঃ, আর্য্যঃ সৎকুলোৎপন্নঃ, বিশুদ্ধাত্মা নির্ম্মলচিত্তঃ, শুচিঃ পবিত্রকার্য্যকারী চ জনঃ, তদ্বিদ্বেষিলোকেভ্য উৎকোচস্য লোভাৎ, ন বধ্যতে কচ্চিৎ ॥১০৫॥

দুষ্ট ইতি। হে নরর্ষভ! দুষ্টো নিন্দিতস্বভাবঃ, তৎকারী চৌর্য্যকারী, অতএব কারণেন চোরিতদ্রব্যেণ সহ ইতি সকারণ এব দৃষ্টঃ, অতএব গৃহীতো দণ্ডার্থং ধৃতঃ, স্তেনশ্চৌরঃ, তজ্জ্ঞৈস্তব কর্ম্মচারিভিঃ, দ্রব্যলোভাৎ চৌরাদেব ধনলাভলোভাৎ, ন মুচ্যতে কচ্চিৎ ॥১০৬॥

উৎপন্নানিতি। হে ভারত! ধনৈর্হৃতা আঢ্যেনৈবায়ত্তীকৃতাঃ, তব অমাত্যাঃ প্রাড়্-

ভারতভাবদীপঃ

যা এষা ইদানীং বৃত্তিরস্তি সৈব সার্ব্বদিকী কচ্চিদস্তীত্যর্থঃ ॥১০৩—১০৪॥ কচ্চিদার্য্য ইতি। আর্য্যো বিশুদ্ধাত্মা চ সন্নপি কস্মিংশ্চিন্নিন্দ্যে কর্ম্মণি নিমিত্তে ক্ষারিতো ধনধান্যাদিনা রিক্তঃ কৃতঃ। "রাজভিঃ কৃতদণ্ডাস্তু শুধ্যন্তি মলিনা জনা" ইত্যাদিশাস্ত্রপ্রামাণ্যাচ্ছুচিরপি সন্নদৃষ্টশাস্ত্রকুশলৈরনুপাসিতপণ্ডিতৈর্মূর্খৈরমাত্যৈঃ কচ্চিন্ন বধ্যতে হন্যতেঽধিকধনলোভাৎ। অদৃষ্ট ইতি সবিসর্গপাঠে তু শাস্ত্রকুশলৈরমাত্যৈরজ্ঞাত ইত্যর্থঃ ॥১০৫॥ দুষ্টঃ স্বভাবতস্তৎকারী দুষ্টকর্ম্মকারী তজ্জ্ঞৈশ্চোরান্বেষিভিঃ কোষ্ঠপালৈর্দৃষ্টঃ, সকারণশ্চোরিতদ্রব্যসহিতো গৃহীতো বিধৃতশ্চেতি যোজনা ॥১০৬॥ উৎপন্নানিতি। চো বার্থে। আঢ্যস্য দরিদ্রস্য বাঽর্থানুৎপন্নান্

যে রাজা এইরূপ বুদ্ধি অনুসারে চলেন, তাঁহার রাজ্য হস্তচ্যুত হয় না এবং তিনি পৃথিবী জয় করিয়া অত্যন্ত সুখে উন্নতিলাভ করিতে পারেন ॥১০৪॥

সৎকুলোৎপন্ন, নির্ম্মলস্বভাব এবং সৎকার্য্যপরায়ণ লোক চৌর্য্যাপবাদগ্রস্ত হইলে, আপনার মূর্খ কর্ম্মচারীরা লোভবশতঃ তাহাকে হত্যা করে না ত? ॥১০৫॥

হে নরশ্রেষ্ঠ! যে দুষ্ট লোক চুরি করিয়াছে, তাহাকে সেই চুরি করা জিনিষের সহিতই দেখিয়া ধরিয়া আনিয়াছে; এমন অবস্থায় আপনার কর্ম্মচারী ঘুষের লোভে সেই চোরকে ছাড়িয়া দেয় না ত? ॥১০৬॥

(১০৫)···অদৃষ্টঃ শাস্ত্রকুশলৈঃ···।

নাস্তিক্যমনৃতং ক্রোধং প্রমাদং দীর্ঘসূত্রতাম্ ।
অদর্শনং জ্ঞানবতামালস্যং ক্ষিপ্তচিত্ততাম্ ।
একচিন্তনমর্থানামনর্থজ্ঞৈশ্চ চিন্তনম্ ॥১০৮॥
নিশ্চিতানামনারম্ভং মন্ত্রস্যাপরিরক্ষণম্ ।
অমঙ্গল্যপ্রয়োগঞ্চ প্রসঙ্গং বিষয়েষু চ ॥১০৯॥
কচ্চিত্ত্বং বর্জয়স্যেতান্ রাজদোষাংশ্চতুর্দ্দশ ।
প্রায়শো যৈর্বিনশ্যন্তি কৃতমূলাপি পার্থিবাঃ ॥১১০॥ (বিশেষকম্)
কচ্চিত্তে সফলা বেদাঃ কচ্চিত্তে সফলং ধনম্ ।
কচ্চিত্তে সফলা দারাঃ কচ্চিত্তে সফলং শ্রুতম্ ॥১১১॥

ভারতকৌমুদী

বিবাকাদিকর্ম্মচারিণঃ, আঢ্যস্ত ধনিনঃ, দরিদ্রস্ত চ, উৎপন্নান্ প্রাগ্‌জাতান্, অর্থান্ বিবাদান্, মিথ্যা ন পশ্যন্তি পর্য্যালোচয়ন্তি কচ্চিৎ ॥১০৭॥

নাস্তিক্যমিতি। নাস্তিক্যম্, অনৃতং মিথ্যা, ক্রোধম্, প্রমাদম্ অনবধানতাম্, দীর্ঘসূত্রতাং স্নানাদাবধিককালক্ষেপম্, জ্ঞানবতামদর্শনং পণ্ডিতাসেবনম্, আলস্যম্, ক্ষিপ্তচিত্ততাম্, অস্থির-মনস্কতাম্, অর্থানাং বিষয়াণাম্ একচিন্তনম্ একান্তচিন্তাম্, অনর্থজ্ঞৈস্তত্তৎকার্য্যানভিজ্ঞৈঃ সহ অর্থানামেব চিন্তনম্, নিশ্চিতানাং কার্য্যাণামনারম্ভম্, মন্ত্রস্য অপরিরক্ষণম্ অসংবরণম্, অমঙ্গল্যপ্রয়োগং বিদ্বিষ্টেষু বিষাদিপ্রয়োগম্, বিষয়েষু প্রসঙ্গম্ একান্তাসক্তিঞ্চ, এতান্ চতুর্দ্দশ রাজদোষান্, ত্বং বর্জয়সি কচ্চিৎ। কৃতমূলাপি লব্ধপ্রতিষ্ঠা অপি, প্রায়শ এব পার্থিবাঃ, যৈ রাজদোষৈঃ করণৈঃ, বিনশ্যন্তি। অষ্টাধিকশততমং পদ্যং ষট্‌পাদম্। কৃতমূলাপীতি পুনঃ সন্ধিরার্ষঃ ॥১০৮—১১০॥

ভারতভাবদীপঃ

বীজকণিশন্যায়েন স্বল্পকালেনৈব বহুগুণাং বৃদ্ধিং প্রাপ্তান্ তবামাত্যা মিথ্যা অনৃতান্ চৌর্য্যা-দিনাঽন্যায়েনার্জিতানিতি কচ্চিন্ন পশ্যন্তি। ভ্রনৈঃ পিশুনৈঃ। হৃতা হৃতবিবেকাঃ। পাঠান্তরে ধনৈর্হৃতা বশীকৃতা। লুব্ধো হি লিপ্সুঃ পরত্রাসং তমপি দোষমারোপ্য তদ্বিত্তং জিহীর্ষ-

---

ধনী ও দরিদ্রের বিবাদ উপস্থিত হইলে, উৎকোচ দ্বারা বশীকৃত আপনার কর্ম্মচারীরা মিথ্যাভাবে সেই বিবাদের পর্য্যালোচনা করে না ত? ॥১০৭॥

নাস্তিকতা, মিথ্যা ব্যবহার, ক্রোধ, অনবধানতা, দীর্ঘসূত্রতা, জ্ঞানীর সাক্ষাৎ না করা, আলস্য, অস্থিরচিত্ততা, কেবলই অর্থের চিন্তা, অনভিজ্ঞের সহিত পরামর্শ করা, নিশ্চিত কার্য্য আরম্ভ না করা, মন্ত্রণা প্রকাশ করা, শত্রুর প্রতি বিষপ্রয়োগপ্রভৃতি করা এবং বিষয়ে অত্যন্ত আসক্ত হওয়া, রাজার এই চৌদ্দটা দোষ আপনি পরিত্যাগ করিয়া চলেন ত? যে দোষ দ্বারা লব্ধপ্রতিষ্ঠ রাজারাও প্রায়শঃ বিনষ্ট হইয়া থাকেন ॥১০৮—১১০॥

যুধিষ্ঠির উবাচ।

কথং বৈ সফলা বেদাঃ কথং বৈ সফলং ধনম্।
কথং বৈ সফলা দারাঃ কথং বৈ সফলং শ্রুতম্ ॥১১২॥

নারদ উবাচ।

অগ্নিহোত্রফলা বেদা দত্তভুক্তফলং ধনম্।
রতিপুত্রফলা দারাঃ শীলবৃত্তফলং শ্রুতম্ ॥১১৩॥

বৈশম্পায়ন উবাচ।

এতদাখ্যায় স মুনির্নারদঃ সুমহাতপাঃ।
পপ্রচ্ছানন্তরমিদং ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্ ॥১১৪॥

নারদ উবাচ।

কচ্চিদভ্যাগতা দূরাদ্বণিজো লাভকারণাৎ।
যথোক্তমবহার্য্যন্তে শুল্কং শুল্কোপজীবিভিঃ ॥১১৫॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। ফলমত্র তত্তজ্জন্যোপকারঃ। শ্রুতং শাস্ত্রাধ্যয়নম্ ॥১১১॥

কথমিতি। বেদাঃ কথং কেন প্রকারেণ সফলা ভবন্তি। এবং সর্ব্বত্র ॥১১২॥

অগ্নীতি। বেদাঃ, অগ্নিহোত্রং তদাখ্যঃ প্রাত্যহিকো যাগ এব ফলং যেষাং তে। ধনম্, দত্তং দানং ভুক্তং ভোগ এব চ ফলং যস্য তৎ। দারা ভার্য্যা, রতী রমণসুখং পুত্রশ্চ ফলং যেষাং তে। শ্রুতং শাস্ত্রাধ্যয়নঞ্চ, শীলং সচ্চরিত্রং বৃত্তং সদ্ব্যবহারশ্চ ফলং যস্য তৎ ॥১১৩॥

এতদিতি। অত্র পপ্রচ্ছেত্যভিধানাৎ কচ্চিৎপদস্য প্রশ্ন এবার্থ ইত্যবধেয়ম্ ॥১১৪॥

কচ্চিদিতি। শুল্কোপজীবিভিঃ শুল্কাদানাধিকারে নিযুক্তৈস্তব কর্ম্মচারিভিঃ, লাভকারণাৎ দূরাদভ্যাগতা বণিজঃ, যথোক্তং শুল্কম্, অবহার্য্যন্তে ত্বয়ি দাপ্যন্তে কচ্চিৎ ॥১১৫॥

মহারাজ! আপনার বেদাধ্যয়ন সফল হইয়াছে ত? ধন সফল হইয়াছে ত? ভার্য্যা সফল হইয়াছে ত? এবং অন্যান্য শাস্ত্রাধ্যয়ন সফল হইয়াছে ত?' ॥১১১॥

যুধিষ্ঠির বলিলেন—'বেদাধ্যয়ন সফল হয় কি প্রকারে? ধন সফল হয় কি প্রকারে? ভার্য্যা সফল হয় কি প্রকারে? এবং অন্যান্য শাস্ত্রাধ্যয়নই বা সফল হয় কি প্রকারে?' ॥১১২॥

নারদ কহিলেন—'বেদাধ্যয়নের ফল অগ্নিহোত্র করা, ধনের ফল দান ও ভোগ করা, ভার্য্যার ফল রতিসুখ ও পুত্র উৎপাদন করা এবং অন্যান্য শাস্ত্রাধ্যয়নের ফল সচ্চরিত্র ও সদ্ব্যবহার হওয়া' ॥১১৩॥

বৈশম্পায়ন বলিলেন—মহাতপা নারদমুনি এই কথা বলিয়া, তাহার পরে আবার ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরের নিকট এই সকল প্রশ্ন করিতে লাগিলেন ॥১১৪॥

কচ্চিত্তে পুরুষা রাজন্ ! পুরে রাষ্ট্রে চ মানিতাঃ ।
উপানয়ন্তি পণ্যানি উপধাভিরবঞ্চিতাঃ ॥১১৬॥
কচ্চিচ্ছৃণোষি বৃদ্ধানাং ধর্ম্মার্থসহিতা গিরঃ ।
নিত্যমর্থবিদাং তাত ! তথা ধর্ম্মার্থদর্শিনাম্ ॥১১৭॥
কচ্চিত্তে কৃষিতন্ত্রেষু গোষু পুষ্পফলেষু চ ।
ধর্ম্মার্থঞ্চ দ্বিজাতিভ্যো দীয়তে মধুসর্পিষী ॥১১৮॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে রাজন্ ! উপধাভিস্তব কর্ম্মচারিণাং ছলৈঃ, অবঞ্চিতা অপ্রতারিতাঃ, কিন্তু মানিতা এব, পুরুষা বণিজঃ, তে তব পুরে রাষ্ট্রে চ, পণ্যানি বিক্রেয়দ্রব্যাণি, উপানয়ন্তি কচ্চিৎ ॥১১৬॥

কচ্চিদিতি। হে তাত ! অর্থবিদাং কার্য্যজ্ঞানাম্, তথা ধর্ম এবার্থো বিষয়স্তদ্দর্শিনাং ধর্ম্মজ্ঞানাঞ্চ বৃদ্ধানাম্, ধর্ম্মার্থসহিতা গির উপদেশবাক্যানি, নিত্যমেব শৃণোষি কচ্চিৎ ॥১১৭॥

কচ্চিদিতি। তে ত্বয়া, কৃষিতন্ত্রেষু কৃষিশ্রেষ্ঠেষু ধান্যাদিষু, গোষু গোবৎসেষু, পুষ্পফলেষু চ উৎপন্নেষু সৎস্বিতি শেষঃ, ধর্ম্মার্থঞ্চ, দ্বিজাতিভ্যো ব্রাহ্মণেভ্যঃ মধুসর্পিষী, দীয়েতে মধুঘৃতযুক্তান্যন্নানি দীয়ন্তে ব্রাহ্মণভোজনং ক্রিয়তে কচ্চিৎ ॥১১৮॥

ভারতভাবদীপঃ

তীতি প্রসিদ্ধম্ ॥১০৭॥ "নাস্তিক্য"মিত্যাদিসার্দ্ধশ্লোকত্রয়ং ব্যাখ্যাতম্ ॥১০৮—১১৪॥ কচ্চিদভ্যাগতা ইতি। অবহার্য্যন্তে দাপ্যন্তে শুল্কং রাজগ্রাহ্যং করম্ ॥১১৫॥ পণ্যানি বিক্রেয়দ্রব্যাণি, উপধাভিশ্ছলৈঃ ॥১১৬—১১৭॥ কৃষিতন্ত্রেষু কৃষ্যুৎপাদ্যেষু পুষ্পফলেষার্দ্রশুষ্কধান্যেষু। তথা গোষু জাতেষু পুষ্পফলেষু দুগ্ধঘৃতরূপেষূৎপন্নেষু সৎসু মধুসর্পিষী। "অন্নং বৈ মধু" ইতি শ্রুতের্ধান্যাদিকমন্নং ঘৃতঞ্চ, "ঘল্লোকে ব্রহ্মোত্তর"মিত্যুচ্যতে ॥১১৮॥ দ্রব্যং শিল্পিনাং বেতনম্, উপ-

নারদ কহিলেন—'মহারাজ ! আপনার শুল্ক আদায়কারী কর্ম্মচারীরা লাভের উদ্দেশে দূরদেশ হইতে আগত বণিক্‌দিগের নিকট হইতে যথোক্ত শুল্ক আদায় করিয়া থাকে ত ? ॥১১৫॥

আপনার কর্ম্মচারিগণকর্ত্তৃক ছলপূর্ব্বক প্রতারিত না হইয়া, প্রত্যুত সম্মানিত হইয়া বণিক্ পুরুষেরা আপনার পুরে ও রাজ্যে বিক্রেয় দ্রব্য আনয়ন করিতে পারে ত ? ॥১১৬॥

রাজা ! কার্য্যজ্ঞ ও ধর্ম্মজ্ঞ বৃদ্ধদিগের নিকটে ধর্ম্ম ও অর্থবিষয়ের উপদেশবাক্য আপনি সর্ব্বদাই শুনিয়া থাকেন ত ? ॥১১৭॥

ধান্যপ্রভৃতি প্রধান প্রধান শস্য, গোবৎস, পুষ্প ও ফল জন্মিলে পর কিংবা ধর্ম্মের জন্য আপনি ব্রাহ্মণদিগকে ঘৃত ও মধুযুক্ত অন্ন ভোজন করাইয়া থাকেন ত ? ॥১১৮॥

দ্রব্যোপকরণং কচ্চিৎ সর্ব্বদা সর্ব্বশিল্পিনাম্।
চাতুর্ম্মাস্যাবরং সম্যঙ্‌নিয়তং সম্প্রয়চ্ছসি ॥১১৯॥
কচ্চিৎ কৃতং বিজানীষে কর্ত্তারঞ্চ প্রশংসসি।
সতাং মধ্যে মহারাজ! সৎকরোষি চ পূজয়ন্ ॥১২০॥
কচ্চিৎ সূত্রাণি সর্ব্বাণি গৃহ্লাসি ভরতর্ষভ!।
হস্তিসূত্রাশ্বসূত্রাণি রথসূত্রাণি বা বিভো! ॥১২১॥

ভারতকৌমুদী

দ্রব্যেতি। কারুপ্রভৃতীনাং সর্বশিল্পিনাম্, দ্রব্যোপকরণং পর্য্যঙ্কাদিনির্ম্মাণোপযোগি-কাষ্ঠাদ্যুপকরণম্, সম্যঙ্‌নিয়তং দশবিংশত্যাদিনা পূর্ব্বং নির্দ্ধারিতম্, চাতুর্মাস্যাবরং চতুর্ম্মাস-বেতনতঃ কিঞ্চিন্ন্যূনমগ্রিমং বেতনম্, সম্প্রয়চ্ছসি দদাসি কচ্চিৎ। অন্যথা দরিদ্রাস্তে উপকরণ-দ্রব্যাভাবাৎ পরিবারপোষণাসম্ভবাচ্চ শিল্পং কর্ত্তুং ন শক্নুয়ুরিতি ভাবঃ ॥১১৯॥

কচ্চিদিতি। হে মহারাজ! তৈঃ শিল্পিভিঃ কৃতং পর্য্যঙ্কাদিকম্, বিজানীষে স্বয়মবগচ্ছসি কচ্চিৎ; বিজ্ঞায় চ তৎকর্ত্তারম্, পূজয়ন্ সম্মানয়ন্, সতাং মধ্যে, প্রশংসসি, পারিতোষিকদানেন সৎকরোষি চ কচ্চিৎ। এবং কৃতে তে তুষ্টা অনুরক্তাশ্চ ভবেয়ুরিতি ভাবঃ ॥১২০॥

কচ্চিদিতি। সূত্রমত্র মূলীভূতং সংক্ষিপ্তবাক্যম্। তন্ত্রাদ্যাদিগ্রহণঞ্চ শতকার্য্যব্যাপৃতস্য রাজ্ঞোঽসম্ভবমিতি সূত্রমাত্রোপাদানম্। এবঞ্চ হে বিভো! ভরতর্ষভ! হস্তিসূত্রাণি হস্তিশাস্ত্রীয়সূত্রাণি চ অশ্বসূত্রাণি অশ্বশাস্ত্রীয়সূত্রাণি চ তানি, রথসূত্রাণি বা রথশাস্ত্রীয়সূত্রাণি চ, তদাদীনি সর্ব্বাণি সূত্রাণি, গৃহ্লাসি অন্তরান্তরা স্মরসি কচ্চিৎ। অন্যথা তদ্বিস্মরণে তত্তদ্বিষয়-জ্ঞানলোপসম্ভাবনেতি ভাবঃ ॥১২১॥

ভারতভাবদীপঃ

করণং স্বকার্য্যসাধনসামগ্রী। যথা চিত্রোৎপাদনে রঞ্জকদ্রব্যাদি। চাতুর্ম্মাস্যাবরং মাসচতুষ্টয়-পর্য্যাপ্তানধিকম্ ॥১১৯—১২০॥ সূত্রং সংক্ষেপবাক্যং ব্যবস্থা বা। হস্ত্যাদীনাং লক্ষণপরীক্ষা-চিকিৎসৌষধৌদ্দীপনোন্মাদনাদিপ্রকারপ্রতিপাদকগ্রন্থসিদ্ধান্তমাত্রসংক্ষেপযুক্তান্ গৃহ্লাসি তত্ত-

---

শিল্পিগণকে শিল্পের উপকরণ এবং চারি মাসের বেতনের কিছু কম পূর্ব্ব নিয়মিত ধন সর্বদা দিয়া থাকেন ত? ॥১১৯॥

মহারাজ! সেই শিল্পীদের তৈয়ারি জিনিষ নিজে দেখিয়া থাকেন ত? এবং দেখিয়া পর সেই শিল্পীদিগকে সম্মানিত করিবার জন্য সজ্জনের মধ্যে প্রশংসা ও পারিতোষিক দিয়া সন্তুষ্ট করিয়া থাকেন ত? ॥১২০॥

রাজা! আপনি হস্তিশাস্ত্রের সূত্র, অশ্বশাস্ত্রের সূত্র এবং রথশাস্ত্রের সূত্র-প্রভৃতি সমস্ত সূত্রগুলি মধ্যে মধ্যে স্মরণ করেন ত? ॥১২১॥

---

(১১৯) দ্রব্যোপকরণং কিঞ্চিৎ...।

কচ্চিদভ্যস্যতে সম্যগ্ গৃহে তে ভরতর্ষভ ! ।
ধনুর্বেদস্য সূত্রং বৈ যন্ত্রসূত্রঞ্চ নাগরম্ ॥১২২॥
কচ্চিদস্ত্রাণি সর্ব্বাণি ব্রহ্মদণ্ডশ্চ তেঽনঘ ! ।
বিষযোগাস্তথা সর্ব্বে বিদিতাঃ শক্রতাপনাঃ ॥১২৩॥
কচ্চিদগ্নিভয়াচ্চৈব সর্বং ব্যালভয়াত্তথা ।
রোগরক্ষোভয়াচ্চৈব রাষ্ট্রং স্বং পরিরক্ষসি ॥১২৪॥
কচ্চিদন্ধাংশ্চ মূকাংশ্চ পঙ্গূন্ ব্যঙ্গানবান্ধবান্ ।
পিতেব পাসি ধর্ম্মজ্ঞ ! তথা প্রব্রজিতানপি ॥১২৫॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে ভরতর্ষভ ! তে তব গৃহে, কুমারৈঃ পূর্ব্বোক্তপ্রকারং ধনুর্বেদস্য সূত্রং নাগরং নগরসম্বন্ধি উৎকৃষ্টমিত্যর্থঃ, রথাদিযন্ত্রসূত্রঞ্চ, সম্যগভ্যস্যতে কচ্চিৎ ॥১২২॥

কচ্চিদিতি। হে অনঘ ! সর্বাণি অস্ত্রাণি, ব্রহ্মভির্ব্রাহ্মণৈরনুষ্ঠেয়ো দণ্ডো ব্রহ্মদণ্ডঃ অভিচারব্যাপারঃ, তথা শক্রতাপনাঃ সর্ব্বে বিষযোগা বিষপ্রয়োগকৌশলানি, তে বিদিতাঃ সন্তি কচ্চিৎ ॥১২৩॥

কচ্চিদিতি। অগ্নিভয়াৎ, ব্যালভয়াৎ ব্যাঘ্রাদিহিংস্রজন্তুভয়াৎ, তথা রোগরক্ষোভয়াচ্চ, স্বং স্বকীয়ং সর্বং রাষ্ট্রং রাজ্যম্, পরিরক্ষসি কচ্চিৎ ॥১২৪॥

কচ্চিদিতি। হে ধর্ম্মজ্ঞ ! অন্ধান্, মূকান্, পঙ্গূন্, ব্যঙ্গান্ অন্যবিধবিকলাঙ্গান্, অবান্ধবান্ বান্ধবরহিতান্ বালকাদীন্, তথা প্রব্রজিতানপি জনান্, পিতেব, পাসি রক্ষসি কচ্চিৎ ॥১২৫॥

ভারতভাবদীপঃ

দাচার্য্যেভ্যঃ ? ॥১২১॥ যন্ত্রাণ্যাগ্নেয়ৌষধবলেন সীসকাংস্যদৃষদ্গোলপ্রক্ষেপকাণি লোহময়ানি, ভাষায়াং নালশব্দাভিধেয়ানি, তেষাং সূত্রং সূচকং শাস্ত্রম্, নাগরং নগরহিতম্ ॥১২২॥ অস্ত্রাণি মন্ত্রপ্রযুক্তানি, শস্ত্রাণি ব্রহ্মদণ্ড আভিচারিকবিদ্যা ॥১২৩॥ ব্যালঃ সর্পঃ, ব্যাঘ্রাদেরপ্যেতদ্রূপ-

হে ভরতশ্রেষ্ঠ ! আপনার ঘরে কুমারেরা ধনুর্ব্বেদের সূত্র এবং নাগরিক যন্ত্রসূত্র ভাল করিয়া অভ্যাস করে ত ? ॥১২২॥

রাজা ! সর্বপ্রকার অস্ত্র, অভিচারক্রিয়া এবং শক্রনাশক সর্ব্বপ্রকার বিষপ্রয়োগকৌশল আপনার জানা আছে ত ? ॥১২৩॥

অগ্নির ভয়, হিংস্রজন্তুর ভয়, রোগের ভয় ও রাক্ষসের ভয় হইতে আপনি আপনার সমস্ত রাজ্য রক্ষা করিয়া থাকেন ত ? ॥১২৪॥

হে ধর্ম্মজ্ঞ ! আপনি অন্ধ, মূক, পঙ্গু, বিকলাঙ্গ, বান্ধবশূন্য এবং প্রব্রজিত লোকদিগকে পিতার ন্যায় পালন করেন ত ? ॥১২৫॥

(১২২)···মন্ত্রসূত্রঞ্চ নাগরম্। (১২৪)···অপি সর্পভয়াত্তথা··· ।

ষড়নর্থা মহারাজ! কচ্চিত্তে পৃষ্ঠতঃ কৃতাঃ।
নিদ্রালস্যং ভয়ং ক্রোধো মার্দ্দবং দীর্ঘসূত্রতা ॥১২৬॥

বৈশম্পায়ন উবাচ।

এতাঃ কুরূণামৃষভো মহাত্মা শ্রুত্বা গিরো ব্রাহ্মণসত্তমস্য।
প্রণম্য পাদাবভিবাদ্য তুষ্টো রাজাব্রবীন্নারদং দেবরূপম্ ॥১২৭॥
এবং করিষ্যামি যথা ত্বয়োক্তং প্রজ্ঞা হি মে ভূয় এবাভিবৃদ্ধা।
উক্ত্বা তথা চৈব চকার রাজা লেভে মহীং সাগরমেখলাঞ্চ ॥১২৮॥

নারদ উবাচ।

এবং যো বর্ত্ততে রাজা চাতুর্বর্ণ্যস্য রক্ষণে।
স বিহৃত্যেহ সুসুখী শক্রস্যৈতি সলোকতাম্ ॥১২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি সভাক্রিয়ায়াং নারদপ্রশ্নমুখেন রাজধর্ম্মানুশাসনে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ষড়িতি। হে মহারাজ! তে ত্বয়া, নিদ্রা, আলস্যম্, ভয়ম্, ক্রোধঃ, মার্দ্দবং তীক্ষ্ণেষপি মৃদুতা দীর্ঘসূত্রতা চ, এতে ষট্ অনর্থা দোষাঃ, পৃষ্ঠতঃ কৃতা দূরীকৃতাঃ কচ্চিৎ ॥১২৬॥

এতা ইতি। কুরূণামৃষভঃ শ্রেষ্ঠঃ। ব্রাহ্মণসত্তমস্য নারদস্য। প্রণম্য অবনতীভূয় ॥১২৭॥

এবমিতি। প্রজ্ঞা বুদ্ধিঃ, অভিবৃদ্ধা, অস্মাদেব তবোপদেশাদিতি ভাবঃ ॥১২৮॥

ভারতভাবদীপঃ

লক্ষণম্ ॥১২৪॥ প্রব্রজিতান্ জাতিবহিষ্কৃতানন্নমাত্রার্থিনো দীনান্ ॥১২৫—১২৮॥ উপসংহরতি এবং যো বর্ত্তত ইতি ॥১২৯॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫॥

মহারাজ! আপনি নিদ্রা, আলস্য, ভয়, ক্রোধ, মৃদুতা ও দীর্ঘসূত্রতা এই ছয়টা দোষকে দূর করিয়াছেন ত?' ॥১২৬॥

বৈশম্পায়ন বলিলেন—কুরুশ্রেষ্ঠ মহাত্মা যুধিষ্ঠির নারদের এই কথাগুলি শুনিয়া আনন্দিতচিত্তে ভূতলে লুণ্ঠিত হইয়া নমস্কার করিয়া দেবর্ষি নারদকে কহিলেন—॥১২৭॥

'আপনি যেমন বলিলেন, আমি তেমনই করিব। আপনার এই উপদেশে আমার বুদ্ধি অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে।' যুধিষ্ঠির এইরূপ বলিয়া নারদের উপদেশানুরূপ কার্য্য করিয়াছিলেন; তাহাতেই তিনি সমুদ্রবেষ্টিত সমস্ত পৃথিবী লাভ করিয়াছিলেন ॥১২৮॥

---

(১২৭) শ্লোকাৎ পরম্ 'যুধিষ্ঠির উবাচ' ইতি কতিপয়পুস্তকে পাঠঃ।

ষষ্ঠোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

সম্পূজ্যাথাভ্যনুজ্ঞাতো ব্রহ্মর্ষের্ব্বচনাৎ পরন্।
প্রত্যুবাচানুপূর্ব্ব্যেণ ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥১॥
ভগবন্! ন্যায্যমাহৈতং যথাবদ্ধর্ম্মনিশ্চয়ম্।
যথাশক্তি যথান্যায়ং ক্রিয়তেঽয়ং বিধির্ময়া ॥২॥
রাজভির্যদ্যথা কার্য্যং কৃতং তত্তু ন সংশয়ঃ।
যথান্যায়োপনীতার্থং কৃতং হেতুমদর্থবৎ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। সমানো লোকঃ সলোকস্তস্য ভাবঃ সলোকতা তাং সারূপ্যমিত্যর্থঃ ॥১২৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি সভাক্রিয়ায়াং পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫॥

সম্পূজ্যেতি। অভ্যনুজ্ঞাতো ব্রহ্মর্ষিণৈব বক্তুমনুমতঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ ॥১॥

ভগবন্নিতি। ধর্ম্মনিশ্চয়ং রাজধর্ম্মনিরূপণম্, আহ ভবান্ ব্রবীতি স্ম ॥২॥

রাজভিরিতি। প্রাচীনৈ রাজভিঃ, যৎ কার্য্যং যথা কৃতম্, তৎ, যথান্যায়মুপনীতঃ সম্পাদিতঃ অর্থঃ প্রয়োজনং যেন তৎ তথোক্তম্, হেতুমৎ কারণযুক্তম্, অর্থবৎ প্রয়োজনযুক্তমেব চ কৃতম্; তত্র সংশয়ো নাস্তি ॥৩॥

নারদ বলিলেন—'যে রাজা এই ভাবে চতুর্বর্ণরক্ষায় প্রবৃত্ত হন, তিনি এই জগতে অত্যন্ত সুখে বিহার করিয়া ইন্দ্রের তুল্য হইতে পারেন' ॥১২৯॥

বৈশম্পায়ন বলিলেন—ধর্ম্মরাজ যুধিষ্ঠির নারদকে পূজা করিয়া তাঁহার বাক্যের পরে তাঁহারই অনুমতিক্রমে ক্রমশঃ বলিতে লাগিলেন ॥১॥

'ভগবন্! আপনি এই রাজধর্ম্ম সকল ন্যায়সঙ্গতভাবে এবং যথাযথভাবেই বলিয়াছেন; আমিও এগুলি শক্তি অনুসারে এবং ক্ষেত্র অনুসারে পালন করিয়া থাকি ॥২॥

প্রাচীন রাজারা যে কার্য্য যে ভাবে করিয়া গিয়াছেন, তাহা তাঁহারা কারণবশতঃ ও প্রয়োজনবশতঃ যথানিয়মে ফলসম্পাদকভাবেই করিয়া গিয়াছেন; সে বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩॥

---

(৩)···পুরা বৈ তন্ন সংশয়ঃ।

বয়ন্তু সৎপথং তেষাং যাতুমিচ্ছামহে প্রভো ! ।
ন তু শক্যং তথা গন্তুং যথা তৈর্নিয়তাত্মভিঃ ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স ধর্ম্মাত্মা বাক্যং তদভিপূজ্য চ।
মুহূর্ত্তাৎ প্রাপ্তকালঞ্চ দৃষ্ট্বা লোকচরং মুনিম্ ॥৫॥
নারদং সুখমাসীনমুপাসীনো যুধিষ্ঠিরঃ।
অপৃচ্ছৎ পাণ্ডবস্তত্র রাজমধ্যে মহাদ্যুতিঃ ॥৬॥ (যুগ্মকম্)

যুধিষ্ঠির উবাচ।

ভবাংশ্চরতি বৈ লোকান্ সদা নানাবিধান্ বহূন্।
ব্রহ্মণা নির্ম্মিতং পূর্ব্বং প্রেক্ষমাণো মনোজবঃ ॥৭॥

ভারতকৌমুদী

বয়মিতি। নিয়তাত্মভিঃ সংযতচিত্তৈঃ, তৈঃ প্রাচীনৈ রাজভিঃ, গতমিতি শেষঃ ॥৪॥

এবমিতি। তৎ নারদোক্তং বাক্যম্, অভিপূজ্য প্রশস্য। কালে প্রাপ্ত ইতি প্রাপ্তকালস্তং যথাসময়মুপস্থিতমিত্যর্থঃ। লোকচরং সর্ব্বলোকবিচরণশীলম্। মুহূর্ত্তাৎ পরমপৃচ্ছৎ ॥৫—৬॥

ভবানিতি। পূর্ব্বং ব্রহ্মণা নির্ম্মিতং সর্ব্বং প্রেক্ষমাণঃ, মনস ইব জবো বেগো যস্য সঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

সম্পূজ্যাথাভ্যনুজ্ঞাত ইতি ॥১—৬॥ দিব্যসভালাভাদ্গর্ব্বিতো যুধিষ্ঠির উবাচ ভবানিতি। সঞ্চরতে "সমোগম্যৃচ্ছী"তি সূত্রে গমের্গত্যর্থমাত্রোপলক্ষণপরত্বাচ্চরেরপি তঙ্, কর্ম্মব্যতিহারে বা তঙ্। ত্বং হি লোকেষু সঞ্চরসি লোকাশ্চ হার্দ্দাকাশনিষ্ঠে ত্বয়ি সঞ্চরন্তীতি বাঽর্থঃ।

তবে আমরাও তাঁহাদের সেই সৎপথে চলিতে ইচ্ছা করি বটে, কিন্তু তাঁহারা জিতেন্দ্রিয় ছিলেন বলিয়া যে ভাবে চলিয়া গিয়াছেন, সে ভাবে চলিতে পারি না' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া ধর্ম্মাত্মা ও মহাতেজা যুধিষ্ঠির নারদের সেই উক্তিগুলির প্রশংসা করিয়া এবং যথাসময়েই সর্ব্বলোকগামী নারদকে উপস্থিত ও সুখে উপবিষ্ট দেখিয়া, কিছু কাল পরে রাজাদের মধ্যেই সবিনয়ে বলিলেন—॥৫—৬॥

যুধিষ্ঠির বলিলেন—'ব্রহ্মার নির্ম্মিত বস্তু সকল দেখিতে থাকিয়া, মনের ন্যায় বেগবান্ হইয়া আপনি সর্ব্বদাই নানাবিধ বহুলোকে বিচরণ করিয়া থাকেন ॥৭॥

---

(৬) নারদং সুস্থমাসীনম্…।

ঈদৃশী ভবতা কাচিদদৃষ্টপূর্ব্বা সভা কচিৎ।
ইতো বা শ্রেয়সী ব্রহ্মন্! তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা নারদস্তস্য ধর্ম্মরাজস্য ভাষিতম্।
পাণ্ডবং প্রত্যুবাচেদং স্মেরো মধুরয়া গিরা ॥৯॥

নারদ উবাচ।

মানুষেষু ন মে তাত! দৃষ্টপূর্ব্বা ন চ শ্রুতা।
সভা মণিময়ী রাজন্! যথেয়ং তব ভারত! ॥১০॥
সভাঞ্চ পিতৃরাজস্য বরুণস্য চ ধীমতঃ।
কথয়িষ্যে তথেন্দ্রস্য কৈলাসনিলয়স্য চ ॥১১॥
ব্রহ্মণশ্চ সভাং দিব্যাং কথয়িষ্যেঽগ্রতঃ ক্রমাৎ।
দিব্যাং দিব্যৈরভিপ্রায়ৈরুপেতাং বিশ্বরূপিণীম্ ॥১২॥

ভারতকৌমুদী

ঈদৃশীতি। শ্রেয়সী উত্তমা। পৃচ্ছতো মম সমীপে, তদাচক্ষ্ব ব্রূহি ॥৮॥
তদিতি। স্মেরো মৃদুহাসশীলঃ, যুধিষ্ঠিরস্য গর্ব্বদর্শনাদিতি ভাবঃ ॥৯॥
মানুষেষ্বিতি। মে ময়া। শ্রুতা শ্রুতপূর্ব্বা। মণিময়ী মণিপ্রচুরা ॥১০॥
সভামিতি। পিতৃরাজস্য যমস্য। কথয়িষ্যে বর্ণয়িষ্যামি। কৈলাসনিলয়স্য কুবেরস্য ॥১১॥

ভারতভাবদীপঃ

ত্তেন সর্ব্বজ্ঞত্বমুক্তং পূর্ব্বং মনুষ্যসৃষ্টেঃ প্রাঙ্নির্ম্মিতান্ দেবলোকানিত্যর্থঃ ॥৭॥ কচিদিতি। দেবলোকাপেক্ষয়া মনুষ্যলোকে কচিৎ কালে বা ভবিতা ভবিত্রী অনাগতদর্শিত্বাত্তব তদপি বিদিতমেবেত্যর্থঃ ॥৮॥ স্ময়ন্ যুধিষ্ঠিরস্যাপি গর্ব্বোঽভূদ্দেবতামহাভাগ্যজ্ঞানঞ্চেতি বিস্ময়ং প্রাপ্নুবন্ ॥৯॥ মানুষেষু ন দৃষ্টা ন শ্রুতেতি অগ্রেঽপি ন দ্রক্ষ্যতে ন শ্রোষ্যতে পূর্ব্বকল্পসমান-রূপত্বাদুত্তরস্যাপীত্যর্থঃ ॥১০॥ কৈলাসেতি কুবেরস্যেত্যর্থঃ ॥১১॥ প্লুতক্রমাং বিষ্ণ্বাদিক্লৈশে-

দেবর্ষি! আপনি এই সভার মত বা ইহা অপেক্ষা উৎকৃষ্ট কোন সভা কখনও দেখিয়াছেন কি না, তাহা আমার নিকট বলুন' ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—নারদ যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া ঈষৎ হাস্য করিয়া মধুর বাক্যে তাঁহাকে বলিলেন—॥৯॥

নারদ কহিলেন—'রাজা! আপনার এই সভাটী যেমন, এরূপ মণিময়ী সভা আমি পূর্ব্বে মনুষ্যলোকে দেখিও নাই, শুনিও নাই ॥১০॥

তবে আমি যম, বরুণ, ইন্দ্র ও কুবেরের সভার বিষয় বর্ণনা করিব ॥১১॥

(৮) ঈদৃশী ভবিতা কাচিৎ…। (৯)…স্ময়ন্ মধুরয়া গিরা। (১২)…কথয়িষ্যে গত-ক্রমাম্…।

দেবৈঃ পিতৃগণৈঃ সাধ্যৈর্যতিভিশ্চ যতাত্মভিঃ।
জুষ্টাং মুনিগণৈঃ সিদ্ধৈঃ সহ যজ্ঞৈঃ সদক্ষিণৈঃ।
যদি তে শ্রবণে বুদ্ধির্বর্ত্ততে ভরতর্ষভ! ॥১৩॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

নারদেনৈবমুক্তস্তু ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
প্রাঞ্জলির্ভ্রাতৃভিঃ সার্দ্ধং তৈশ্চ সর্বৈর্দ্বিজোত্তমৈঃ ॥১৪॥
নারদং প্রত্যুবাচেদং ধর্ম্মরাজো মহামনাঃ।
সভাঃ কথয় তাঃ সর্বাঃ শ্রোতুমিচ্ছামহে বয়ম্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ব্রহ্মণ ইতি। দিব্যাং স্বর্গীয়াম্। দিব্যামুত্তমাম্। অভিপ্রায়ৈরভিপ্রায়সিদ্ধৈঃ প্রকারৈঃ। বিশ্বরূপিণীং সর্ব্বপ্রকারসৌন্দর্য্যশালিনীম্। সদক্ষিণৈর্যজ্ঞৈঃ সহ বিদ্যমানৈঃ, অণিমাদিষু সিদ্ধৈর্মুনিগণৈর্জুষ্টাং সেবিতাম্। ত্রয়োদশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১২—১৩॥

নারদেনেতি। পরন্তু যতো ধর্ম্মরাজঃ, অতো মহামনা ইতি ধর্ম্মরাজপদস্যাপৌনরুক্ত্যম্ ॥১৪—১৫॥

ভারতভাবদীপঃ

বর্জ্জিতাং তেন পূর্ব্বাসু তৎসত্ত্বং জ্ঞায়তে দিব্যা দিব্যা। দিব্যৈরিতি দিবি ভবা রস্তোর্ব্বশ্যাদয়ঃ। অদিব্যাস্তদন্যে মানুষাঃ পিত্রাদয়ঃ। "স যদি পিতৃলোককামো ভবতি, সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি, তেন স পিতৃলোকেন সম্পন্নো মহীয়ত" ইতি ব্রহ্মলোকে তৎসত্ত্বস্যাপি শ্রবণাৎ। অভিপ্রেয়ন্তে সঙ্কল্প্যন্তে ইত্যভিপ্রায়া বিষয়াস্তৈঃ। বিশ্বরূপিণীং ভাবকসঙ্কল্পানুসারিনানারূপবতীং মানসীমিত্যর্থঃ ॥১২॥ জুষ্টাং সেবিতাং যদি শ্রবণে বুদ্ধির্বর্ত্ততে তর্হি কথয়িষ্যে ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥১৩—১৯॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

এবং আপনার যদি শুনিবার ইচ্ছা থাকে, তাহা হইলে পরে ক্রমশঃ আমি স্বর্গীয় ব্রহ্মসভারও বর্ণনা করিব, সেই সর্ব্বোৎকৃষ্ট সভায় সর্ব্বপ্রকার সৌন্দর্য্য, এবং স্বর্গীয় অভিপ্রায়সিদ্ধ নানাবিধ আকার-প্রকার আছে; আর তাহাতে দেবগণ, পিতৃগণ, সাধ্যগণ, সংযতচিত্ত যতিগণ এবং দক্ষিণাযুক্ত যজ্ঞের সহিত অণিমাদিসিদ্ধ মুনিগণ সর্ব্বদা অবস্থান করেন' ॥১২—১৩॥

বৈশম্পায়ন বলিলেন—নারদ এইরূপ বলিলে, মহামনা ধর্ম্মরাজ যুধিষ্ঠির কৃতাঞ্জলি হইয়া ভ্রাতৃগণ ও সেই সকল ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া নারদের নিকট এই কথা বলিলেন—'দেবর্ষি! আপনি সেই সকল সভার বর্ণনা করুন, আমরা শুনিতে ইচ্ছা করি ॥১৪—১৫॥

(১৩)…জুষ্টাং মুনিগণৈঃ শান্তৈঃ…।

কিংদ্রব্যাস্তাঃ সভা ব্রহ্মন্ ! কিংবিস্তারাঃ কিমায়তাঃ ।
পিতামহঞ্চ কে তস্যাং সভায়াং পর্য্যুপাসতে ॥১৬॥
বাসবং দেবরাজঞ্চ যমং বৈবস্বতঞ্চ কে ।
বরুণঞ্চ কুবেরঞ্চ সভায়াং পর্য্যুপাসতে ॥১৭॥
এতৎ সর্ব্বং যথান্যায়ং দেবর্ষে ! বদতস্তব ।
শ্রোতুমিচ্ছাম সহিতাঃ পরং কৌতূহলং হি নঃ ॥১৮॥
এবমুক্তঃ পাণ্ডবেন নারদঃ প্রত্যভাষত ।
ক্রমেণ রাজন্ ! দিব্যাস্তাঃ শৃণু মত্তঃ শুভাঃ সভাঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি সভাক্রিয়ায়াং সভাজিজ্ঞাসা নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতকৌমুদী

কিমিতি। কানি দ্রব্যাণি যাসু তাঃ। এবমন্যয়োরপি বিগ্রহঃ কার্য্যঃ ॥১৬॥

বাসবমিতি। বাসবমিন্দ্রম্। বিবস্বতঃ সূর্য্যস্যাপত্যমিতি বৈবস্বতস্তম্ ॥১৭॥

এতদিতি। সহিতা সম্মিলিতাঃ সন্তো বয়ম্। পরম্ অত্যন্তম্। নঃ অস্মাকম্ ॥১৮॥

এবমিতি। দিব্যাঃ স্বর্গীয়াঃ। মত্তো মম সকাশাৎ। শুভাঃ শুভকারিণীঃ ॥১৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি সভাক্রিয়ায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

দেবর্ষি ! সেই সভাগুলিতে কি কি দ্রব্য আছে এবং সে গুলির বিস্তার কত খানি, দৈর্ঘ্যই বা কত খানি ? আর ব্রহ্মার সভায় কাঁহারাই বা ব্রহ্মার উপাসনা করেন ? ॥১৬॥

আর দেবরাজ ইন্দ্র, বৈবস্বত যম, কুবের ও বরুণকেই বা তাঁহাদের সভায় কাঁহারা উপাসনা করিয়া থাকেন ? ॥১৭॥

দেবর্ষি ! আপনি যথানিয়মে এই সমস্ত বলিতে লাগিলে, আমরা মিলিত হইয়া তাহা শুনিব ; কারণ, আমাদের অত্যন্ত কৌতূহল জন্মিয়াছে' ॥১৮॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, নারদ বলিলেন—'মহারাজ ! আপনি আমার নিকটে সেই মঙ্গলময়ী স্বর্গীয় সভাগুলির বিষয় ক্রমশঃ শ্রবণ করুন' ॥১৯॥

———:*:———

(১৮)···দেবর্ষে ! বদ তত্ত্বতঃ··· । (১৯)···দিব্যাস্তাঃ শ্রূয়স্তামিহ নঃ সভাঃ ।

সপ্তমোঽধ্যায়ঃ

নারদ উবাচ।

শক্রস্য তু সভা দিব্যা ভাস্বরা কর্ম্মভির্জিতা।
স্বয়ং শক্রেণ কৌরব্য! নির্ম্মিতার্কসমপ্রভা ॥১॥
বিস্তীর্ণা যোজনশতং শতমধ্যর্দ্ধমায়তা।
বৈহায়সী কামগমা পঞ্চযোজনমুচ্ছ্রিতা ॥২॥
জরাশোকক্লমাপেতা নিরাতঙ্কা শিবা শুভা।
বেশ্মাসনবতী রম্যা দিব্যপাদপশোভিতা ॥৩॥
তস্যাং দেবেশ্বরঃ পার্থ! সভায়াং পরমাসনে।
আস্তে শচ্যা সহেন্দ্রাণ্যা শ্রিয়া লক্ষ্ম্যা চ ভারত! ॥৪॥

ভারতকৌমুদী

রাজসভান্বেন পূর্ব্বদিগাদ্যধিপতিক্রমেণ চ প্রথমমিন্দ্রসভামেব বর্ণয়তি শক্রস্যেতি। দিব্যা অত্যুত্তমা, ভাস্বরা দীপ্তিমতী, প্রাক্তনৈঃ কর্ম্মভিঃ শুভাদৃষ্টৈর্জিতা লব্ধা। অর্কসমপ্রভা সূর্য্যতুল্যোজ্জ্বলা ॥১॥

বিস্তীর্ণেতি। অধ্যর্দ্ধং সার্দ্ধং যোজনানাং শতং যাবৎ আয়তা দীর্ঘা।। বৈহায়সী ইন্দ্রপ্রভাবাদেব আকাশচরী, কামগমা গন্তুরিচ্ছানুসারাদ্‌গন্ত্রী চ। পঞ্চযোজনং যাবৎ, উচ্ছ্রিতা উচ্চা ॥২॥

জরেতি। শিবা শান্তা, শুভা শুভদা। বেশ্মাসনবতী উৎকৃষ্টগৃহাসনশালিনী ॥৩॥

তস্যামিতি। শ্রিয়া শোভাভিমানিন্যা দেবতয়া, লক্ষ্ম্যা সম্পদভিমানিন্যা দেবতয়া চ

ভারতভাবদীপঃ

বলং ভীম! জরাসন্ধে দর্শয়াশু তদদ্য বৈ ॥৪॥
এবমুক্তস্তদা ভীমো জরাসন্ধমরিন্দমঃ।
উৎক্ষিপ্য ভ্রাময়ামাস বলবন্তং মহাবলঃ ॥৫॥
ভ্রাময়িত্বা শতগুণং বাহুভ্যাং ভরতর্ষভ!।
বভঞ্জ পৃষ্ঠং সংক্ষিপ্য নিষ্পিষ্য বিননাদ চ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। হে যদুশার্দ্দূল! কৃষ্ণ! প্রায়েণ বাহুল্যেন, তব বান্ধবক্ষয়কৃৎ, অতএব পাপঃ অয়ং জরাসন্ধঃ, ময়া অনুরোধিতুং প্রাণরক্ষণেনানুগ্রহীতুং ন যুক্তঃ স্যাৎ ॥২॥

এবমিতি। জরাসন্ধবধং প্রতি ত্বরয়ন্ বৃকোদরমেব সত্বরং কুর্ব্বন্ ॥৩॥

যদিতি। হে ভীম! তে তব, যৎ দৈবং দৈববশাৎ প্রাপ্তং নাগলোকে রসায়নপান-জনিতমিত্যর্থঃ, পরমুৎকৃষ্টম্, সত্ত্বং বলম্, মাতরিশ্বনো নিজপিতুর্ব্বায়োঃ সকাশাদ্যৎ সত্ত্বং বলম্, ঔরসভাবেন লব্ধমিত্যর্থঃ, অদ্য আশু শীঘ্রমেব, তৎ বলম্, জরাসন্ধে দর্শয় ॥৪॥

এবমিতি। উৎক্ষিপ্য উত্তোল্য, ভ্রাময়ামাস উপরি ঘূর্ণয়ামাস ॥৫॥

ভ্রাময়িত্বেতি। শতগুণং শতবারম্। সংক্ষিপ্য গলজানুধারণেন সংকোচ্য ॥৬॥

'যদুশ্রেষ্ঠ কৃষ্ণ! এই জরাসন্ধ তোমার বন্ধুবর্গের মধ্যে অনেককেই বিনষ্ট করিয়াছে, সুতরাং এই পাপাত্মার প্রতি অনুগ্রহ করা আমার সঙ্গত নহে' ॥২॥

ভীমসেন এইরূপ বলিলে, পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ জরাসন্ধকে বধ করিবার বিষয়ে ভীমসেনকে ত্বরান্বিত করিতে থাকিয়া প্রত্যুত্তর করিলেন—॥৩॥

'মধ্যম পাণ্ডব! আপনি দৈববশতঃ যে উত্তম বল লাভ করিয়াছেন এবং নিজের পিতা বায়ু হইতে যে বল পাইয়াছেন, আজ সত্বরই জরাসন্ধের প্রতি সেই বল দেখান' ॥৪॥

কৃষ্ণ এইরূপ বলিলে, শত্রুহন্তা মহাবল ভীম, বলবান্ জরাসন্ধকে তুলিয়া লইয়া ঘুরাইতে লাগিলেন ॥৫॥

হে ভরতশ্রেষ্ঠ! ভীমসেন বাহুযুগল দ্বারা জরাসন্ধকে শতবার ঘূর্ণিত করিয়া, ভূতলে নিক্ষেপ করিলেন এবং তথায় নিষ্পেষণ করিয়া সঙ্কুচিত করতঃ পৃষ্ঠদেশ ভাঙ্গিয়া ফেলিলেন এবং গর্জ্জন করিতে লাগিলেন ॥৬॥

(৩)···জরাসন্ধবধেপ্সয়া। (৪)···যচ্চ তে মাতরিশ্বনঃ···।

(৬) শ্লোকাৎ পরম্ 'করে গৃহীত্বা চরণং দ্বেধা চক্রে মহাবলঃ' ইত্যর্দ্ধমধিকং কচিৎ।

তস্য নিষ্পিষ্যমাণস্য পাণ্ডবস্য চ গর্জ্জতঃ।
অভবত্তুমুলো নাদঃ সর্ব্বপ্রাণিভয়ঙ্করঃ ॥৭॥
বিত্রেসুর্ম্মাগধাঃ সর্ব্বে স্ত্রীণাং গর্ভাশ্চ সুস্রুবুঃ।
ভীমসেনস্য নাদেন জরাসন্ধস্য চৈব হ ॥৮॥
কিন্নু স্যাদ্ধিমবান্ ভিন্নঃ কিন্নু স্বিদ্দীর্য্যতে মহী।
ইতি স্ম মাগধা জজ্ঞুর্ভীমসেনস্য নিস্বনাৎ ॥৯॥
ততো রাজকুলদ্বারি প্রসুপ্তমিব তং নৃপম্।
রাত্রৌ গতাসুমুৎসৃজ্য নিশ্চক্রমুররিন্দমাঃ ॥১০॥
জরাসন্ধরথং কৃষ্ণো যোজয়িত্বা পতাকিনম্।
আরোপ্য ভ্রাতরৌ চৈব মোক্ষয়ামাস বান্ধবান্ ॥১১॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য জরাসন্ধস্য। পাণ্ডবস্য ভীমস্য। তুমুলো বিকটঃ ॥৭॥
বিত্রেসুরিতি। বিত্রেসুর্বিত্রস্তা ভীতা বভূবুঃ। সুস্রুবুঃ পতিতবন্তঃ ॥৮॥
কিন্নিতি। ভিন্নো বিদীর্ণঃ। জজ্ঞুর্জ্ঞাতবন্তঃ সম্ভাবিতবন্ত ইত্যর্থঃ ॥৯॥
তত ইতি। রাজ্ঞঃ কুলদ্বারি গৃহদ্বারে। গতাসুং নির্গতপ্রাণম্। জীবতি জরাসন্ধে অধর্ম্মভিয়া তন্নিষেধাৎ মৃতে চ তস্মিন্ ভয়াকুলত্বাৎ জরাসন্ধপক্ষা ভীমাদীন্ নাক্রান্তবন্তঃ। অতএব পরত্র ভয়ার্ত্তপ্রাঞ্জলিপ্রণতভাবেনৈব জরাসন্ধপুত্রস্য সহদেবস্য কৃষ্ণান্তিকোপস্থিতিং বক্ষ্যতি। ততশ্চ মহত্ত্বেব কাপুরুষতা সহদেবাদীনামিতি দিক্ ॥১০॥

ভারতভাবদীপঃ

ভীমসেন ইতি ॥১॥ অনুরোধিতুং নিরোদ্ধুম্, প্রাণেন বলেন ॥২—৫॥ জানুভ্যাং ধনুর্যষ্টিবৎ, পৃষ্ঠং সংক্ষিপ্য বিনাম্য ॥৬—৯॥ কুলদ্বারি গৃহদ্বারি ॥১০॥ ভ্রাতরৌ ভীমার্জ্জুনৌ,

নিষ্পেষণ করিবার সময়ে জরাসন্ধের আর্ত্তনাদে এবং ভীমের গর্জ্জনে সমস্ত প্রাণীর ভয়জনক তুমুল শব্দ হইতে লাগিল ॥৭॥

ভীম ও জরাসন্ধের সেই শব্দ শুনিয়া মগধবাসীরা সকলেই অত্যন্তভীত হইল এবং স্ত্রীলোকদেরও গর্ভপাত হইল ॥৮॥

ভীমসেনের সেই গর্জ্জন শুনিয়া মগধবাসীরা এইরূপ ধারণা করিল যে, হিমালয়পর্ব্বত কি বিদীর্ণ হইল? পৃথিবী কি ফাটিয়া গেল? ॥৯॥

তাহার পর কৃষ্ণ, ভীম ও অর্জ্জুন সেই রাত্রিতেই প্রাণহীন জরাসন্ধরাজাকে নিদ্রিতের ন্যায় রাজভবনদ্বারে পরিত্যাগ করিয়া নির্গত হইয়া আসিলেন ॥১০॥

তৎপরে কৃষ্ণ জরাসন্ধের পতাকাযুক্ত রথ খানাকে অশ্বযুক্ত করিয়া, তাহাতে ভীম ও অর্জ্জুনকে আরোহণ করাইয়া যাইয়া, কারারুদ্ধ বন্ধুনৃপতিগণকে মুক্ত করিয়া দিলেন ॥১১॥

তে বৈ রত্নভুজং কৃষ্ণং রত্নার্হং পৃথিবীশ্বরাঃ।
রাজানশ্চক্রুরাসাদ্য মোক্ষিতা মহতো ভয়াৎ ॥১২॥
অক্ষতঃ শস্ত্রসম্পন্নো জিতারিঃ সহ রাজভিঃ।
রথমাস্থায় তং দিব্যং নির্জ্জগাম গিরিব্রজাৎ ॥১৩॥
যঃ স সোদর্য্যবান্ নাম দ্বিযোধী কৃষ্ণসারথিঃ।
অভ্যাসঘাতী সংদৃশ্যো দুর্জ্জয়ঃ সর্ব্বধন্বিভিঃ ॥১৪॥
শক্রবিষ্ণূ হি সংগ্রামে চেরতুস্তারকাময়ে।
রথেন তেন বৈ কৃষ্ণ উপারুহ্য যযৌ তদা ॥১৫॥

ভারতকৌমুদী

জরেতি। ভ্রাতরৌ ভীমার্জ্জুনৌ। বান্ধবান্ জরাসন্ধাবরুদ্ধান্ ভূপতীন্ ॥১১॥

ত ইতি। মহতো ভয়ান্মোক্ষিতা মোচিতাঃ পৃথিবীশ্বরাস্তে রাজানঃ, আসাদ্য কৃষ্ণমেব প্রাপ্য, রত্নার্হং কৃষ্ণং রত্নভুজং চক্রুঃ নানাবিধানি রত্নানি উপজহ্রুরিত্যর্থঃ ॥১২॥

অক্ষত ইতি। অক্ষতঃ অক্ষতদেহঃ। নির্জ্জগাম কৃষ্ণ ইতি শেষঃ ॥১৩॥

য ইতি। যঃ, সোদর্য্যবান্ ভীমরূপসহোদরযুক্তঃ, দ্বাভ্যাং হস্তাভ্যাং যুধ্যত ইতি দ্বিযোধী, কৃষ্ণঃ সারথির্যস্য স কৃষ্ণসারথিঃ, অভ্যাসেন পৌনঃপুন্যেন শত্রূন্ হন্তুং শীলমস্যেতি অভ্যাস-ঘাতী, সংদৃশ্যঃ সুদৃশ্যাকৃতিঃ, সর্ব্বধন্বিভির্দুর্জ্জয়শ্চ, সোঽর্জ্জুনোঽপি গিরিব্রজান্নির্জ্জগামেতি পূর্ব্বানুকর্ষঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

বান্ধবান্ জরাসন্ধবদ্ধান্ নৃপান্ ॥১১॥ তে কৃষ্ণং রত্নভুজং চক্রুরিত্যন্বয়ঃ ॥১২—১৩॥ সোদর্য্য-বান্ ভীমযুক্তঃ। দ্বিযোধী দ্বাভ্যাং হস্তাভ্যাং শরাণাং প্রক্ষেপাৎ। অভ্যাসঘাতী পুনঃপুন-রাবৃত্তিরভ্যাসস্তং পরকীয়ং হন্তুং শীলমস্য ধনুর্ব্বিদ্যায়াং পরোৎকর্ষজেতা সংদৃশ্যো রমণীয়াঙ্গঃ ॥১৪॥ শক্রবিষ্ণূ ইতি হি শব্দ ইবার্থে। তারকাময়ে তারকা তারা বৃহস্পতিভার্য্যা, সৈব

তখন সেই রাজারা গুরুতর ভয় হইতে মুক্তিলাভ করিয়া কৃষ্ণের নিকট যাইয়া রত্নেরই যোগ্য কৃষ্ণকে নানাবিধ রত্ন উপহার দিলেন ॥১২॥

তাহার পর অক্ষতদেহ, অস্ত্রধারী ও শত্রুবিজয়ী কৃষ্ণ রাজাদের সহিত সেই দিব্য রথে আরোহণ করিয়া গিরিব্রজনগর হইতে নির্গত হইলেন ॥১৩॥

সমস্ত রাজগণের অজেয়, মনোহরমূর্ত্তি, চির শত্রুহন্তা এবং সব্যসাচী অর্জ্জুনও ভীমের সহিত মিলিত হইয়া কৃষ্ণচালিত রথে গিরিব্রজনগর হইতে নির্গত হইলেন ॥১৪॥

(১৪) যঃ সংসৌন্দর্য্যবান্ নাম দ্বিযোধঃ···দুর্জ্জয়ে সর্ব্বরাজভিঃ। ইতঃ পরম্ "ভীমার্জ্জুনাভ্যাং যোধাভ্যামান্বিতঃ কৃষ্ণসারথিঃ। শুশুভে রথবর্য্যোঽসৌ দুর্জ্জয়ঃ সর্ব্বধন্বিভিঃ॥" অয়ং শ্লোকঃ কচিদধিকো দৃশ্যতে।

তপ্তচামীকরাভেন কিঙ্কিণীজালমালিনা।
মেঘনির্ঘোষনাদেন জৈত্রেণামিত্রঘাতিনা ॥১৬॥ (যুগ্মকম্)
যেন শক্রো দানবানাং জঘান নবতীর্নব।
তং প্রাপ্য সমহৃষ্যন্ত রথং তে পুরুষর্ষভাঃ ॥১৭॥
ততঃ কৃষ্ণং মহাবাহুং ভ্রাতৃভ্যাং সহিতং তদা।
রথস্থং মাগধা দৃষ্ট্বা সমপদ্যন্ত বিস্ময়ম্ ॥১৮॥
হয়ৈর্দিব্যৈঃ সমাযুক্তো রথো বায়ুসমো জবে।
অধিষ্ঠিতঃ স শুশুভে কৃষ্ণেনাতীব ভারত! ॥১৯॥
অসঙ্গী দেববিহিতস্তস্মিন্ রথবরে ধ্বজঃ।
যোজনাদ্দদৃশে শ্রীমানিন্দ্রায়ুধসমপ্রভঃ ॥২০॥

ভারতকৌমুদী

শক্রেতি। শক্রবিষ্ণু ইন্দ্রনারায়ণৌ, তারকাময়ে নক্ষত্রাকারপ্রচুরহীরকখণ্ডখচিতে যস্মিন্ রথে আরুহ্যেতি শেষঃ, সংগ্রামে চেরতুঃ পুরা বিচরিতবন্তঃ; কৃষ্ণ উপারুহ্য আরুহ্য, তপ্তচামীকরাভেন উত্তপ্তস্বর্ণবদুজ্জ্বলেন, কিঙ্কিণীজালমেব মালা অস্যাস্তীতি তেন, মেঘনির্ঘোষবৎ নাদঃ শব্দো যস্য তেন, জৈত্রেণ জয়শীলেন, অমিত্রঘাতিনা শত্রুনাশিনা চ, তেন রথেন, তদা যযৌ ॥১৫—১৬॥

যেনেতি। দানবানাং নবতীঃ নব চ দানবান্। সমহৃষ্যন্ত আনন্দন্ত ॥১৭॥

তত ইতি। ভ্রাতৃভ্যাং ভীমার্জ্জুনাভ্যাম্। সমপদ্যন্ত প্রাপ্নুবন্ত ॥১৮॥

হয়ৈরিতি। হয়ৈরশ্বৈঃ। জবে বেগে। স রথ ইতি সম্বন্ধঃ ॥১৯।

পূর্ব্বকালে ইন্দ্র ও নারায়ণ যে রথে আরোহণ করিয়া যুদ্ধে বিচরণ করিতেন; যে রথে নক্ষত্রাকার প্রচুর হীরকখণ্ড সন্নিবেশিত ছিল, যাহার বর্ণ তপ্ত সুবর্ণের ন্যায় উজ্জ্বল ছিল, যাহাতে কিঙ্কিণীর মালা ঝুলিতেছিল এবং যাহার শব্দ মেঘনির্ঘোষের ন্যায় গম্ভীর ছিল, শত্রুনাশক সেই বিজয়ী রথে আরোহণ করিয়া কৃষ্ণ তখন গমন করিতে লাগিলেন ॥১৫—১৬॥

এবং ইন্দ্র যে রথে আরোহণ করিয়া নিরানব্বই জন দানবকে বধ করিয়াছিলেন, সেই রথ খানা পাইয়া তাঁহারা অত্যন্ত আনন্দিত হইলেন ॥১৭॥

তাহার পর ভীম ও অর্জ্জুনের সহিত মহাবাহু কৃষ্ণকে সেই রথে আরূঢ় দেখিয়া মগধবাসীরা বিস্ময়াপন্ন হইল ॥১৮॥

দিব্য-অশ্ব-যুক্ত ও বায়ুর তুল্য বেগবান্ সেই রথ খানা কৃষ্ণের অধিষ্ঠানে অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১৯॥

---

[১৮]…সমপদ্যন্ত বিস্মিতাঃ। [২০] অসঙ্গো দেববিহিতঃ…।

চিন্তয়ামাস কৃষ্ণোঽথ গরুত্মন্তং স চাভ্যগাৎ।
ক্ষণে তস্মিন্ স তেনাসীচ্চৈত্যবৃক্ষ ইবোখিতঃ ॥২১॥
ব্যাদিতাস্যো মহানাদঃ সহ ভূতৈর্ধ্বজালয়ৈঃ।
তস্থৌ রথবরে তস্মিন্ গরুত্মান্ পন্নগাসনঃ ॥২২॥
দুর্নিরীক্ষ্যো হি ভূতানাং তেজসাভ্যধিকো বভৌ।
আদিত্য ইব মধ্যাহ্নে সহস্রকিরণাবৃতঃ ॥২৩॥
ন স সজ্জতি বৃক্ষেষু শস্ত্রৈশ্চাপি ন বিধ্যতে।
দিব্যো ধ্বজবরো রাজন্! দৃশ্যতে চেহ মানুষৈঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অসঙ্গীতি। অসঙ্গী নির্ম্মাণনৈপুণ্যাৎ রথে অসংলগ্ন ইব স্থিতঃ ॥২০॥

চিন্তয়ামাসেতি। স ধ্বজঃ, তেন আরূঢ়েন গরুত্মতা। চৈত্যবৃক্ষ আয়তনতরুঃ ॥২১॥

ব্যাদিতেতি। ব্যাদিতাস্যো বিবৃতবদনঃ, মহানাদঃ, পন্নগাসনঃ সর্পভোজী, গরুত্মান্ স গরুড়ঃ, ধ্বজালয়ৈর্ধ্বজবাসযোগ্যৈঃ, ভূতৈঃ প্রাণিভিঃ সহ, তস্মিন্ রথবরে তস্থৌ ॥২২॥

দুরিতি। তেজসা অভ্যধিকঃ, অতএব ভূতানামপরেষাং প্রাণিনাং দুর্নিরীক্ষ্যো গরুড়ঃ, মধ্যাহ্নে সহস্রকিরণাবৃত আদিত্য ইব বভৌ ॥২৩॥

নেতি। হে রাজন্! স দিব্যো ধ্বজবরঃ, বৃক্ষেষু ন সজ্জতি ন লগতি স্ম, শস্ত্রৈশ্চাপি ন বিধ্যতে স্ম; অথ চ মানুষৈরুত্থিত এব দৃশ্যতে স্ম; সর্ব্বত্র নির্ম্মাণনৈপুণ্যাদিতি ভাবঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

আময়বদ্বিনাশহেতুর্যস্মিন্, আময়ো রোগঃ ॥১৫—১৯॥ অসঙ্গো রথস্পর্শহীনঃ ॥২০॥ চৈত্য-

সেই উত্তম রথ খানাতে দেবনির্ম্মিত একটী ধ্বজ ছিল, তাহা যেন রথের সহিত অসংলগ্ন ছিল বলিয়া বোধ হইত এবং ইন্দ্রধনুর ন্যায় সৌন্দর্য্যশালী সেই ধ্বজটী এক যোজনের পথ হইতে দেখা যাইত ॥২০॥

তাহার পর কৃষ্ণ গরুড়কে স্মরণ করিলেন, গরুড়ও আসিয়া সেই ধ্বজের উপরে বসিলেন; তাহাতে আয়তনস্থ বৃক্ষের ন্যায় সেই ধ্বজটী দেখা যাইতে লাগিল ॥২১॥

বিবৃতবদন, ভীষণশব্দকারী ও সর্পভোজী গরুড় ধ্বজবাসের যোগ্য অন্যান্য প্রাণিগণের সহিত মিলিত হইয়া সেই উৎকৃষ্ট রথে যাইয়া অবস্থান করিলেন ॥২২॥

তখন অত্যন্ত তেজস্বী বলিয়া সমস্ত প্রাণীর দুর্নিরীক্ষ্য গরুড়, মধ্যাহ্নকালীন সহস্রকিরণাবৃত সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতে লাগিলেন ॥২৩॥

সেই ধ্বজটী কোন বৃক্ষে সংলগ্ন হইত না, কোন অস্ত্র দ্বারাও বিদ্ধ হইত না, অথ চ মানুষেরা উত্তোলিত অবস্থাতেই দেখিতে পাইত ॥২৪॥

[২১]…চৈত্যযূপ ইবোচ্ছ্রিতঃ। (২২) ব্যাদিতাস্যৈর্মহানাদৈঃ…।

তমাস্থায় রথং দিব্যং পর্জ্জন্যসমনিস্বনম্ ।
নির্যযৌ পুরুষব্যাঘ্রঃ পাণ্ডবাভ্যাং সহাচ্যুতঃ ॥২৫॥
যং লেভে বাসবাদ্রাজা বসুস্তস্মাদ্বৃহদ্রথঃ ।
বৃহদ্রথাৎ ক্রমেণৈব প্রাপ্তো বার্হদ্রথো রথম্ ॥২৬॥
স নির্যায় মহাবাহুঃ পুণ্ডরীকেক্ষণস্ততঃ ।
গিরিব্রজাদ্বহিস্তস্থৌ সমে দেশে মহাযশাঃ ॥২৭॥
তত্রৈনং নাগরাঃ সর্ব্বে সৎকারেণাভ্যয়ুস্তদা ।
ব্রাহ্মণপ্রমুখা রাজন্ ! বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥২৮॥
বন্ধনাদ্বিপ্রমুক্তাশ্চ রাজানো মধুসূদনম্ ।
পূজয়ামাসুরূচুশ্চ স্তুতিপূর্ব্বমিদং বচঃ ॥২৯॥

ভারতকৌমুদী

তমিতি। পুরুষব্যাঘ্রঃ অচ্যুতঃ কৃষ্ণঃ, পাণ্ডবাভ্যাং ভীমার্জ্জুনাভ্যাং সহ, পর্জ্জন্যসমনিস্বনং মেঘবদ্গম্ভীরনাদম্, তং দিব্যং রথম্, আস্থায় আরুহ্য নির্যযৌ ॥২৫॥

অথ জরাসন্ধস্তং রথং কুতঃ প্রাপ্ত ইত্যাহ যমিতি। বসুরুপরিচরো রাজা, যং রথম্, বাসবাদিন্দ্রাৎ লেভে, তস্মাচ্চ বৃহদ্রথঃ প্রাপ্তঃ, বৃহদ্রথাচ্চ ক্রমেণ বার্হদ্রথো জরাসন্ধঃ প্রাপ্তঃ ॥২৬॥

স ইতি। মহাবাহুর্মহাযশাশ্চ স পুণ্ডরীকেক্ষণঃ পদ্মনয়নঃ কৃষ্ণঃ, নির্যায় নির্গত্য, ততস্তস্মাৎ গিরিব্রজান্নগরাদ্বহিঃ, সমে সমতলে দেশে তস্থৌ ॥২৭॥

তত্রেতি। হে রাজন্ ! তদা ব্রাহ্মণপ্রমুখাঃ সর্বে নাগরা নগরবাসিনো জনাঃ, তত্র সমে দেশে, বিধিদৃষ্টেন সৎকারেণ কর্ম্মণা স্তুতিবাদেন তৎপূর্ব্বকমিত্যর্থঃ, এনং কৃষ্ণমভ্যয়ুঃ ॥২৮॥

পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ভীম ও অর্জ্জুনের সহিত, মেঘের ন্যায় গম্ভীরশব্দকারী সেই উৎকৃষ্ট রথে আরোহণ করিয়া নির্গত হইলেন ॥২৫॥

রাজা উপরিচরবসু ইন্দ্রের নিকট হইতে যে রথখানি প্রথমে পাইয়াছিলেন, তাঁহার নিকট হইতে বৃহদ্রথ পান, আবার সেই বৃহদ্রথ হইতে জরাসন্ধ পাইয়াছিলেন ॥২৬॥

মহাবাহু ও মহাযশা কৃষ্ণ নির্গত হইয়া সেই গিরিব্রজনগরের বাহিরে সমতল ভূমিতে অবস্থান করিতে লাগিলেন ॥২৭॥

তখন ব্রাহ্মণপ্রভৃতি সমস্ত নগরবাসী লোকেরা শাস্ত্রোক্ত স্তুতিবাদ করিতে করিতে যাইয়া সেই খানে কৃষ্ণের নিকট উপস্থিত হইলেন ॥২৮॥

কারাগার হইতে বিমুক্ত রাজারা কৃষ্ণের পূজা করিলেন এবং স্তুতিপূর্ব্বক এই কথা বলিলেন—॥২৯॥

(২৬)···প্রাপ্তো বার্হদ্রথং রথম্ ।

নৈতচ্চিত্রং মহাবাহো ! দেবকীনন্দন ! ত্বয়ি।
ভীমার্জ্জুনবলোপেতে ধর্ম্মস্য প্রতিপালনম্ ॥৩০॥
জরাসন্ধহ্রদে ঘোরে দুঃখপঙ্কে নিমজ্জতাম্।
রাজ্ঞামুদ্ধরণং দেব ! যদিদং কৃতবানসি ॥৩১॥
বিষ্ণো ! সমবসন্নানাং গিরিদুর্গে সুদারুণে।
দিষ্ট্যা মোক্ষাদ্ যশো দীপ্তমাপ্তং তে যদুনন্দন ! ॥৩২॥
কিং কুর্ম্মঃ পুরুষব্যাঘ্র ! শাধি নঃ প্রণতিস্থিতান্।
কৃতমিত্যেব তদ্বিদ্ধি নরৈর্যদ্যপি দুষ্করম্ ॥৩৩॥
তানুবাচ হৃষীকেশঃ সমাশ্বাস্য মহামনাঃ।
যুধিষ্ঠিরো রাজসূয়ং ক্রতুমাহর্ত্তুমিচ্ছতি ॥৩৪॥

ভারতকৌমুদী

বন্ধনাদিতি। বিপ্রমুক্তা মুক্তিং প্রাপ্তাঃ। মধুসূদনং কৃষ্ণম্ ॥২৯॥
নেতি। এতদ্ধর্ম্মস্য প্রতিপালনং রক্ষণম্, চিত্রমাশ্চর্য্যং ন, সম্ভবত্বাৎ ॥৩০॥
জরেতি। জরাসন্ধ এব হ্রদস্তস্মিন্, দুঃখমেব পঙ্কঃ কর্দ্দমো যত্র তস্মিন্ ॥৩১॥
বিষ্ণো ইতি। দিষ্ট্যা ভাগ্যেন, সমবসন্নানাং যাতনয়া জড়ীভূতানামস্মাকম্ ॥৩২॥
কিমিতি। প্রণতৌ স্থিতান্ প্রণতানিত্যর্থঃ, নঃ অস্মান্, শাধি উপদিশ ॥৩৩॥
তানিতি। ক্রতুং যজ্ঞম্, আহর্ত্তুমনুষ্ঠাতুম্ ॥৩৪॥

'হে মহাবাহো দেবকীনন্দন! আপনি ভীম ও অর্জ্জুনের শক্তিসম্পন্ন; সুতরাং এই ধর্ম্মরক্ষা করা আপনাতে আশ্চর্য্য হয় নাই ॥৩০॥

জরাসন্ধ একটা ভয়ঙ্কর হ্রদ ছিল, দুঃখ তাহার কর্দ্দম ছিল; রাজারা সেই হ্রদে নিমগ্ন হইয়াছিলেন; আপনি তাঁহাদের যে এই উদ্ধার করিলেন (তাহা সঙ্গতই হইয়াছে) ॥৩১॥

হে যদুনন্দন কৃষ্ণ! রাজারা অতিদারুণ গিরিদুর্গে অবসন্ন হইয়া পড়িয়াছিলেন; ভাগ্যবশতঃ তাঁহাদিগকে মুক্ত করায় আপনি উজ্জ্বল যশ লাভ করিয়াছেন ॥৩২॥

হে পুরুষশ্রেষ্ঠ! আমরা আপনার নিকট অবনত; সুতরাং আমরা কি করিব, সে বিষয় আপনি উপদেশ দিন্; তাহা যদি মানুষের পক্ষে দুষ্করও হয়, তথাপি আমরা তাহা করিয়াছি ইহা আপনি মনে করুন' ॥৩৩॥

মহামনা কৃষ্ণ তাঁহাদিগকে আশ্বস্ত করিয়া বলিলেন—'যুধিষ্ঠির রাজসূয়যজ্ঞ করিতে ইচ্ছা করিতেছেন ॥৩৪॥

(৩০)...ত্বয়ি দেবকিনন্দনে...। (৩১)...রাজ্ঞাং সমভ্যুদ্ধরণং যদিদং কৃতমস্ত বৈ।
(৩৩)...নৃপৈর্যদ্যপি দুষ্করম্।

তস্য ধর্ম্মপ্রবৃত্তস্য পার্থিবত্বং চিকীর্ষতঃ।
সর্ব্বৈর্ভবদ্ভির্বিজ্ঞায় সাহায্যং ক্রিয়তামিতি ॥৩৫॥
ততস্তে প্রীতমনসো নৃপা বৈ ভরতর্ষভ!।
তথেবাস্ত্বব্রুবন্ সর্ব্বে প্রতিগৃহ্যাস্য তদ্বচঃ ॥৩৬॥
রত্নভাজঞ্চ দাশার্হং চক্রুস্তে পৃথিবীশ্বরাঃ।
কৃচ্ছ্রাজ্জগ্রাহ দাশার্হস্তেষাং তদনুকম্পয়া ॥৩৭॥
জরাসন্ধাত্মজশ্চৈব সহদেবো মহামনাঃ।
নির্যযৌ সজনামাত্যঃ পুরস্কৃত্য পুরোহিতম্ ॥৩৮॥
প্রাঞ্জলিঃ প্রণতো ভূত্বা বহুরত্নসমন্বিতঃ।
সহদেবো নৃণাং দেবং বাসুদেবমুপস্থিতঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। পার্থিবত্বং সাম্রাজ্যম্, চিকীর্ষতঃ কর্ত্তুমিচ্ছতঃ ॥৩৫॥
তত ইতি। তথৈবাস্তু ইতি অব্রুবন্। প্রতিগৃহ্য স্বীকৃত্য, অস্য কৃষ্ণস্য ॥৩৬॥
রত্নেতি। দাশার্হং কৃষ্ণম্, রত্নভাজম্ উপহারদানেন। কৃচ্ছ্রাৎ তেষাং নির্বন্ধেন কষ্টাৎ ॥৩৭॥
জরেতি। জনৈঃ পরিজনৈরমাত্যৈশ্চ সহেতি সজনামাত্যঃ ॥৩৮॥
প্রাঞ্জলিরিতি। বহুরত্নসমন্বিতঃ, উপহারদানার্থমিতি ভাবঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

বৃক্ষো গ্রামাদিচিহ্নভূতো বৃক্ষঃ ॥২১—২৩॥ রিষ্যতে হিংস্যতে, বিধ্যতে ইত্যপি পাঠঃ ॥২৪—৩৪॥ পার্থিবত্বং সাম্রাজ্যম্ ॥৩৫—৩৬॥ কৃচ্ছ্রান্মোচিতেভ্যো ধনগ্রহণং যশোহানিকর

এবং সেই ধার্ম্মিক রাজা সাম্রাজ্য করিবারও ইচ্ছা করিয়াছেন। ইহা জানিয়া আপনারা সকলে তাঁহার সাহায্য করুন' ॥৩৫॥

হে ভরতশ্রেষ্ঠ! তাহার পর সেই রাজারা সকলেই আনন্দিত হইয়া, কৃষ্ণের সেই কথা স্বীকার করিয়া বলিলেন—'তাহাই হইবে' ॥৩৬॥

তৎপরে সেই রাজারা কৃষ্ণকে বহুতর রত্ন উপহার দিলেন; কৃষ্ণও তাঁহাদের প্রতি দয়া করিয়া অতিকষ্টে সেই সমস্ত গ্রহণ করিলেন ॥৩৭॥

এদিকে জরাসন্ধের পুত্র প্রখরবুদ্ধি সহদেব পরিজনবর্গ ও মন্ত্রিবর্গের সহিত মিলিত হইয়া, পুরোহিতকে অগ্রবর্ত্তী করিয়া রাজধানী হইতে নির্গত হইলেন ॥৩৮॥

এবং তিনি প্রচুর রত্ন লইয়া কৃতাঞ্জলিপুটে ও প্রণতভাবে নরদেব বাসুদেবের নিকট উপস্থিত হইলেন ॥৩৯॥

(৩৬) ততঃ সুপ্রীতমনসস্তে নৃপা নৃপসত্তম!। তথেত্যেবাব্রুবন্ সর্ব্বে প্রতিগৃহ্যাস্য তাং গিরম্। (৩৭)…কৃচ্ছ্রাজ্জগ্রাহ গোবিন্দঃ…।

ভয়ার্ত্তায় ততস্তস্মৈ কৃষ্ণো দত্ত্বাঽভয়ং তদা।
আদদেঽস্য মহার্হাণি রত্নানি পুরুষোত্তমঃ ॥৪০॥
অভ্যষিঞ্চচ্চ তত্রৈব জরাসন্ধাত্মজং নৃপম্।
গত্বৈকত্বং স কৃষ্ণেন পার্থাভ্যাঞ্চৈব সৎকৃতঃ ॥৪১॥
বিবেশ রাজা দ্যুতিমান্ বার্হদ্রথপুরং পুনঃ।
অভিষিক্তো মহাবাহুর্জারাসন্ধির্মহাত্মভিঃ ॥৪২॥
কৃষ্ণস্তু সহ পার্থাভ্যাং শ্রিয়া পরময়া জ্বলন্।
রত্নান্যাদায় ভূরীণি প্রযযৌ পুষ্করেক্ষণঃ ॥৪৩॥
ইন্দ্রপ্রস্থং সমাসাদ্য পাণ্ডবাভ্যাং সহাচ্যুতঃ।
সমেত্য ধর্ম্মরাজস্তু প্রীয়মাণোঽভ্যভাষত ॥৪৪॥
দিষ্ট্যা ভীমেন বলবান্ জরাসন্ধো নিপাতিতঃ।
রাজানো মোক্ষিতাশ্চৈব বন্ধনান্নৃপসত্তম! ॥৪৫॥

ভারতকৌমুদী

ভয়েতি। তস্মৈ সহদেবায়। অস্য সহদেবস্য সকাশাৎ। মহার্হাণি মহামূল্যানি ॥৪০॥
অভ্যষিঞ্চদিতি। তত্রৈব পৈতৃকরাজ্য এব। একত্বম্ অভিন্নহৃদয়ত্বং সখিত্বমিত্যর্থঃ ॥৪১॥
বিবেশেতি। দ্যুতিমান্ অভিষেকেণোজ্জ্বলঃ। বার্হদ্রথস্য জরাসন্ধস্য পুরম্ ॥৪২॥
কৃষ্ণ ইতি। পুষ্করেক্ষণো জয়লাভানন্দাৎ পদ্মবৎ প্রফুল্লনয়নঃ ॥৪৩॥
ইন্দ্রেতি। পাণ্ডবাভ্যাং ভীমার্জ্জুনাভ্যাম্। ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৪৪॥

তদনন্তর পুরুষোত্তম কৃষ্ণ ভয়ার্ত্ত সহদেবকে অভয় দান করিয়া, তাঁহার নিকট হইতে সেই সকল মহামূল্য রত্ন গ্রহণ করিলেন ॥৪০॥

এবং জরাসন্ধপুত্র সহদেবকে তাঁহার পৈতৃক রাজ্যেই অভিষিক্ত করিলেন। এই কারণে সহদেব কৃষ্ণের সখা হইলেন এবং ভীম ও অর্জ্জুন তাঁহার আদর করিলেন ॥৪১॥

জরাসন্ধপুত্র মহাবাহু সহদেব কৃষ্ণপ্রভৃতিকর্ত্তৃক অভিষিক্ত হইয়া, উজ্জ্বল বেশে পুনরায় জরাসন্ধের রাজধানীতে যাইয়া প্রবেশ করিলেন ॥৪২॥

এদিকে পদ্মনয়ন কৃষ্ণও প্রচুর রত্ন লইয়া স্বকীয় মহাসৌন্দর্য্যে দীপ্তিমান্ হইয়া ভীম ও অর্জ্জুনের সহিত প্রস্থান করিলেন ॥৪৩॥

তাহার পর কৃষ্ণ, ভীম ও অর্জ্জুনের সহিত ইন্দ্রপ্রস্থে উপস্থিত হইয়া, যুধিষ্ঠিরের নিকট যাইয়া আনন্দিত চিত্তে বলিতে লাগিলেন—॥৪৪॥

(৪২) বিবেশ রাজাঽপ্রতিমম্...। (৪৩)...শ্রিয়া পরময়া যুতঃ...প্রযযৌ পুরুষর্ষভঃ।
(৪৪) ইন্দ্রপ্রস্থমুপাগম্য...সমেত্য ধর্ম্মরাজানম্...।

দিষ্ট্যা কুশলিনৌ চেমৌ ভীমসেনধনঞ্জয়ৌ।
পুনঃ স্বনগরং প্রাপ্তাবক্ষতাবিতি ভারত ! ॥৪৬॥
ততো যুধিষ্ঠিরঃ কৃষ্ণং পূজয়িত্বা যথার্হতঃ।
ভীমসেনার্জ্জুনৌ চৈব প্রহৃষ্টঃ পরিষস্বজে ॥৪৭॥
ততঃ ক্ষীণে জরাসন্ধে ভ্রাতৃভ্যাং বিহিতং জয়ম্।
অজাতশত্রুরাসাদ্য মুমুদে ভ্রাতৃভিঃ সহ ॥৪৮॥
যথাবয়ঃ সমাগম্য ভ্রাতৃভিঃ সহ পাণ্ডবঃ।
সৎকৃত্য পূজয়িত্বা চ বিসসর্জ্জ নরাধিপান্ ॥৪৯॥
যুধিষ্ঠিরাভ্যনুজ্ঞাতাস্তে নৃপা হৃষ্টমানসাঃ।
জগ্মুঃ স্বদেশাংস্ত্বরিতা যানৈরুচ্চাবচৈস্ততঃ ॥৫০॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। রাজানো জরাসন্ধেনৈব বদ্ধা নৃপতয়ঃ ॥৪৫॥
দিষ্ট্যেতি। স্বনগরমিন্দ্রপ্রস্থম্। অক্ষতৌ অক্ষতশরীরৌ ॥৪৬॥
তত ইতি। যথার্হতো যোগ্যতানুসারেণ। পরিষস্বজে আলিলিঙ্গ ॥৪৭॥
তত ইতি। ভ্রাতৃভ্যাং ভীমার্জ্জুনাভ্যাম্, জয়ং বিজয়ম্। আসাদ্য প্রাপ্য ॥৪৮॥
যথেতি। যথাবয়ো বয়োঽনুসারেণ। কনিষ্ঠান্ আলিঙ্গনাদিনা সৎকৃত্য আদৃত্য, জ্যেষ্ঠাংশ্চ প্রণামাদিনা পূজয়িত্বেত্যর্থঃ। নরাধিপান্ জরাসন্ধেন বদ্ধপূর্ব্বান্ নৃপান্ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

মিতি সঙ্কটাৎ ॥৩৭—৪০॥ একত্বং সখ্যম্ ॥৪১—৪৮॥ যথাবয়ো জ্যেষ্ঠানুক্রমেণ প্রথমং ভীমেন, ততঃ কৃষ্ণেন, ততোঽর্জ্জুনেন ॥৪৯—৫৮॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

'হে রাজশ্রেষ্ঠ! ভাগ্যবশতঃ ভীম, বলবান্ জরাসন্ধকে নিপাত করিয়াছেন এবং রাজগণকে কারাগার হইতে মুক্ত করিয়াছেন ॥৪৫॥

এবং ভাগ্যবশতই ভীম ও অর্জ্জুন কুশলী অবস্থায় অক্ষত শরীরে পুনরায় আপন রাজধানীতে এই উপস্থিত হইয়াছেন ॥৪৬॥

তাহার পর যুধিষ্ঠির আনন্দিত হইয়া যোগ্যতানুসারে কৃষ্ণের পূজা করিয়া, ভীম ও অর্জ্জুনকে আলিঙ্গন করিলেন ॥৪৭॥

জরাসন্ধ নিহত হইয়াছেন এবং ভ্রাতারা জয় লাভ করিয়াছেন এই কারণে যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া আমোদ করিতে লাগিলেন ॥৪৮॥

যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত যাইয়া বয়স অনুসারে আদর ও সম্মান করিয়া রাজগণকে বিদায় দিলেন ॥৪৯॥

(৪৬) শ্লোকাৎ পরমস্মৎপিতামহলিখিতপুস্তকে ২৩ অধ্যায়সমাপ্তিদৃশ্যতে।

এবং পুরুষশার্দ্দূলো মহাবুদ্ধির্জ্জনার্দ্দনঃ।
পাণ্ডবৈর্ঘাতয়ামাস জরাসন্ধমরিং তদা ॥৫১॥
ঘাতয়িত্বা জরাসন্ধং বুদ্ধিপূর্ব্বমরিন্দমঃ।
ধর্ম্মরাজমনুজ্ঞাপ্য পৃথাং কৃষ্ণাঞ্চ ভারত ! ॥৫২॥
সুভদ্রাং ভীমসেনঞ্চ ফাল্গুনং যমজৌ তথা।
ধৌম্যং নমস্কৃত্য তদা প্রযযৌ স্বপুরীং প্রতি ॥৫৩॥
তেনৈব রথমুখ্যেন মনসস্তুল্যগামিনা।
ধর্ম্মরাজবিসৃষ্টেন দিব্যেন নাদয়ন্ দিশঃ ॥৫৪॥ (বিশেষকম্)
ততো যুধিষ্ঠিরমুখাঃ পাণ্ডবা ভরতর্ষভ ! ।
প্রদক্ষিণমকুর্ব্বন্ত কৃষ্ণমক্লিষ্টকারিণম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

যুধীতি। উচ্চাবচৈর্নানাবিধৈঃ। "উচ্চাবচং নৈকবিধম্" ইত্যমরঃ ॥৫০॥

এবমিতি। এবমিত্থম্। যুধিষ্ঠিরাদীনামনুমোদনাৎ পাণ্ডবৈরিতি বহুবচনম্ ॥৫১॥

ঘাতয়িত্বেতি। অরিন্দমঃ কৃষ্ণঃ। পৃথাং কুন্তীম্, কৃষ্ণাং দ্রৌপদীম্। ফাল্গুনমর্জ্জুনম্, যমজৌ নকুলসহদেবৌ। তেনৈব জরাসন্ধং হত্বা তত আনীতেন। ধর্ম্মরাজেন যুধিষ্ঠিরেণ বিসৃষ্টো দত্তস্তেন, দিব্যেন মনোহরেণ ॥৫২—৫৪॥

তত ইতি। যুধিষ্ঠিরমুখা যুধিষ্ঠিরপ্রভৃতয়ঃ। অক্লিষ্টকারিণম্ অনায়াসেন কার্য্যসাধকম্ ॥৫৫॥

তাহার পর সেই রাজারা আনন্দিত হইয়া, যুধিষ্ঠিরের অনুমতি লইয়া, নানাবিধ যানে আরোহণ করিয়া সত্বর আপন আপন দেশে চলিয়া গেলেন ॥৫০॥

এই ভাবে পুরুষশ্রেষ্ঠ ও তীক্ষ্ণবুদ্ধি কৃষ্ণ তখন পাণ্ডবগণ দ্বারা শত্রু জরাসন্ধকে বধ করাইয়াছিলেন ॥৫১॥

হে ভরতনন্দন জনমেজয়! শত্রুহন্তা কৃষ্ণ বুদ্ধিবলে জরাসন্ধবধ করাইয়া, যুধিষ্ঠির, কুন্তী, দ্রৌপদী, সুভদ্রা, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের অনুমতি লইয়া এবং ধৌম্যপুরোহিতকে নমস্কার করিয়া, মনের তুল্য দ্রুতগামী যুধিষ্ঠিরদত্ত সেই দিব্য রথখানিতে আরোহণপূর্ব্বক সমস্ত দিক্ নিনাদিত করিয়া স্বকীয় দ্বারকানগরীর দিকে চলিয়া গেলেন ॥৫২—৫৪॥

হে ভরতশ্রেষ্ঠ! তাহার পর যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবগণ, অনায়াসে কার্য্যসম্পাদক কৃষ্ণকে প্রদক্ষিণ করিলেন ॥৫৫॥

(৫৩)…ধৌম্যামামন্ত্রয়িত্বা চ প্রযযৌ স্বাং পুরীং প্রতি।
(৫৪) তেনৈব রথমুখ্যেন তরুণাদিত্যবর্চ্চসা। ধর্ম্মরাজাভিসৃষ্টেন…।

ততো গতে ভগবতি কৃষ্ণে দেবকিনন্দনে।
জয়ং লব্ধ্বা সুবিপুলং রাজ্ঞাং দত্ত্বাঽভয়ং তদা ॥৫৬॥
সংবর্দ্ধিতং যশো ভূয়ঃ কর্ম্মণা তেন ভারত!।
দ্রৌপদ্যাঃ পাণ্ডবা রাজন্! পরাং প্রীতিমবর্দ্ধয়ন্ ॥৫৭॥ (যুগ্মকম্)
তস্মিন্ কালে তু যদ্‌যুক্তং ধর্ম্মকামার্থসংযুতম্।
তদ্রাজা ধর্ম্মতশ্চক্রে প্রজাপালনকীর্ত্তনম্ ॥৫৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
জরাসন্ধবধে জরাসন্ধবধো নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—————:*:—————

ভারতকৌমুদী

তত ইতি। রাজ্ঞাং জরাসন্ধাবদ্ধানাং নৃপতীনাম্, অভয়ং দত্ত্বা গতে সতি। তেন তদ্বভয়েন কর্ম্মণা, পাণ্ডবানামপি যশো ভূয়ঃ প্রচুরং সংবর্দ্ধিতম্। তথা তেন কর্ম্মণা পাণ্ডবা দ্রৌপদ্যা অপি পরাং প্রীতিমবর্দ্ধয়ন্ ॥৫৬—৫৭॥

তস্মিন্নিতি। প্রজানাং পালনং কীর্ত্তনং তাভ্য উপদেশঞ্চ চক্রে ॥৫৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি জরাসন্ধবধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—————:*:—————

রাজা জনমেজয়! অসাধারণ জয় লাভ এবং রাজগণকে অভয়দান করিয়া দেবকীনন্দন ভগবান্ কৃষ্ণ প্রস্থান করিলে, সেই কার্য্যে পাণ্ডবগণেরও প্রচুর যশ বর্দ্ধিত হইল এবং পাণ্ডবগণও সেই কার্য্য দ্বারা দ্রৌপদীর অত্যন্ত আনন্দ বর্দ্ধন করিলেন ॥৫৬—৫৭॥

সেই সময়ে যুধিষ্ঠির ন্যায় ও ধর্ম্ম অনুসারে প্রজাপালন করিতে লাগিলেন এবং ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ে প্রজাবর্গকে উপদেশ দিতে থাকিলেন ॥৫৮॥

———:০:———

(৫৭)···পরাং প্রীতিং প্রচক্রিরে। (৫৮)···ধর্ম্মকামার্থসংহিতম্···।
'···চতুর্বিংশোঽধ্যায়ঃ' '···পঞ্চবিংশোঽধ্যায়ঃ'।

চতুর্বিংশোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

পার্থঃ প্রাপ্য ধনুঃ শ্রেষ্ঠমক্ষয্যৌ চ মহেষুধী।
রথং ধ্বজং সভাঞ্চৈব যুধিষ্ঠিরমভাষত ॥১॥

অর্জ্জুন উবাচ।

ধনুঃ শস্ত্রং শরা বীর্য্যং পক্ষো ভূমির্যশো বলম্।
প্রাপ্তমেতন্ময়া রাজন্! দুষ্প্রাপং যদভীপ্সিতম্ ॥২॥
তত্র কৃত্যমহং মন্যে কোষস্য পরিবর্দ্ধনম্।
করমাহারয়িষ্যামি রাজ্ঞঃ সর্ব্বান্ নৃপোত্তম! ॥৩॥
বিজয়ায় প্রযাস্যামি দিশং ধনদপালিতাম্।
তিথৌ হ্যস্মিন্ মুহূর্ত্তে চ নক্ষত্রে চ তথা শুভে ॥৪॥

ভারতকৌমুদী

অর্জ্জুনস্য দিগ্বিজয়যোগ্যতাং জ্ঞাপয়িতুং পুনরাহ পার্থ ইতি। প্রাগ্ব্যাখ্যাতমিদম্ ॥১॥

অর্জ্জুনোঽপ্যাত্মনো দিগ্বিজয়যোগ্যতাং জ্ঞাপয়িতুং পুনরাহ ধনুরিতি। ব্যাখ্যাতপূর্ব্বমিদম্ ॥২॥

তত্রেতি। কৃত্যং কর্ত্তব্যম্। রাজ্ঞ ইতি "বা কৃহ্রোঃ" ইতি প্রযোজ্যকর্ত্তুঃ কর্ম্মত্বম্ ॥৩॥

বিজয়ায়েতি। ধনদপালিতাং কুবেররক্ষিতাম্ উত্তরামিত্যর্থঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

ক্ষত্রিয়স্য শত্রুজয়েন ধনার্জ্জনং ধর্ম্ম ইতি শিষ্টাচারেণ দর্শয়িতুং পাণ্ডবানাং দিগ্বিজয়মুপক্রামতি সপ্তভিরধ্যায়ৈঃ পার্থঃ প্রাপ্য ধনুঃ শ্রেষ্ঠমিত্যাদিনা ॥১॥ পক্ষো বাসুদেবঃ, ভূমির্দুর্গম্

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন উৎকৃষ্ট ধনু, অক্ষয় ও বিশাল দুইটী তূণ, রথ, ধ্বজ ও সভা পাইয়া (সাহস হওয়ায়) যুধিষ্ঠিরকে বলিলেন—॥১॥

অর্জ্জুন কহিলেন—'মহারাজ! মানুষের পক্ষে যে সকল দুর্লভ এবং অভীষ্ট, আমি সে সমস্তই পাইয়াছি। আমি ধনু, বাণ, উৎসাহ, সহায়, ক্ষেত্র, যশ ও বল পাইয়াছি ॥২॥

অতএব আমি কোষবৃদ্ধি করাই কর্ত্তব্য মনে করি। সুতরাং হে রাজশ্রেষ্ঠ! আমি সমস্ত রাজাদের নিকট হইতেই কর আদায় করিব ॥৩॥

[১]···অক্ষয্যে চ মহেষুধী···। [২] ধনুরস্ত্রং মহাবীর্য্যম্···।
[৩]···কোষস্যাস্য বিবর্দ্ধনম্···। [৪]···তিথাবথ মুহূর্ত্তে চ নক্ষত্রে চাভিপূজিতে।

বৈশম্পায়ন উবাচ।

ধনঞ্জয়বচঃ শ্রুত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
স্নিগ্ধগম্ভীরনাদিন্যা তং গিরা প্রত্যভাষত ॥৫॥
স্বস্তি বাচ্যার্হতো বিপ্রান্ প্রযাহি পুরুষর্ষভ !।
দুর্হৃদামপ্রহর্ষায় সুহৃদাং নন্দনায় চ।
বিজয়স্তে ধ্রুবং পার্থ! প্রিয়ং কামমবাপ্স্যসি ॥৬॥
ইত্যুক্তঃ প্রযযৌ পার্থঃ সৈন্যেন মহতাবৃতঃ।
অগ্নিদত্তেন দিব্যেন রথেনাদ্ভুতকর্ম্মণা ॥৭॥
তথৈব ভীমসেনোঽপি যমৌ চ পুরুষর্ষভৌ।
সসৈন্যাঃ প্রযযুঃ সর্ব্বে ধর্ম্মরাজাভিপূজিতাঃ ॥৮॥
দিশং ধনপতেরিষ্টামজয়ৎ পাকশাসনিঃ।
ভীমসেনস্তথা প্রাচীং সহদেবস্তু দক্ষিণাম্।
প্রতীচীং নকুলো রাজন্! দিশং ব্যজয়তাস্ত্রবিৎ ॥৯॥

ভারতকৌমুদী

ধনেতি। স্নিগ্ধমকর্কশং গম্ভীরঞ্চ নদিতুং শীলমস্যা ইতি তয়া স্নিগ্ধগম্ভীরস্বরয়া ॥৫॥
স্বস্তীতি। বাচ্য বাচয়িত্বা, অর্হতঃ প্রশস্তান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
ইতীতি। দ্রুতগমনাদিনা অদ্ভুতং কর্ম্ম যস্য তেন ॥৭॥
তথেতি। যমৌ নকুলসহদেবৌ। ধর্ম্মরাজেন অভিপূজিতাঃ সম্মানিতাঃ ॥৮॥

সেই জন্য এই শুভ তিথি, শুভ নক্ষত্র ও শুভ মুহূর্ত্তেই আমি উত্তরদিক্ জয় করিবার জন্য যাত্রা করিতে ইচ্ছা করি' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ধর্ম্মরাজ যুধিষ্ঠির অর্জ্জুনের কথা শুনিয়া স্নিগ্ধ-গম্ভীর স্বরে তাঁহাকে বলিলেন—॥৫॥

'অর্জ্জুন! তুমি প্রশস্ত ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া শত্রুগণের দুঃখের জন্য এবং বন্ধুগণের আনন্দের জন্য দিগ্বিজয়ে যাত্রা কর; নিশ্চয়ই তোমার জয় হইবে এবং প্রীতিজনক অভীষ্ট লাভ করিবে' ॥৬॥

যুধিষ্ঠির এই কথা বলিলে, অর্জ্জুন বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া, অগ্নিদত্ত অদ্ভুতকার্য্যকারী দিব্য রথে আরোহণ করিয়া প্রস্থান করিলেন ॥৭॥

সেইরূপ ভীম, নকুল এবং সহদেব ইঁহারা সকলেও যুধিষ্ঠিরকর্ত্তৃক সম্মানিত হইয়া সসৈন্যে যাত্রা করিলেন ॥৮॥

(৬)…প্রয়াহি ভরতর্ষভ!…। (৭)…প্রিয়ান্ কামানবাপ্স হি…।
(৮)…ধর্ম্মরাজেন পূজিতাঃ।

খাণ্ডবপ্রস্থমধ্যস্থো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
আসীৎ পরময়া লক্ষ্ম্যা সুহৃদ্‌গণবৃতঃ প্রভুঃ ॥১০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
দিগ্বিজয়ে দিগ্বিজয়সংক্ষেপকথনে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

পঞ্চবিংশোঽধ্যায়ঃ

———০:❀:০———

জনমেজয় উবাচ।

দিশামভিজয়ং ব্রহ্মন্! বিস্তরেণ তু কীর্ত্তয়।
নহি তৃপ্যামি পূর্ব্বেষাং শৃণ্বংশ্চরিতমুত্তমম্ ॥১॥

ভারতকৌমুদী

দিশমিতি। ধনপতেরিষ্টামুত্তরাম্। পাকশাসনিরর্জ্জুনঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৯॥
খাণ্ডবেতি। পরময়া, লক্ষ্ম্যা রাজলক্ষ্ম্যা বিশিষ্ট ইতি শেষঃ ॥১০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

দিশামিতি। পূর্ব্বেষাং পূর্ব্বপুরুষাণাং ভীমাদীনাম্। চরিতমাচরণম্ ॥১॥

ভারতভাবদীপঃ

॥২—৯॥ খাণ্ডবপ্রস্থং খাণ্ডবদাহেন খ্যাপিতং স্থানম্ ॥১০॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪॥

———:*:———

দিশামভিজয়মিতি ॥১—১৬॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥২৫॥

তাহার পর, অর্জ্জুন উত্তরদিক্, ভীম পূর্ব্বদিক্, সহদেব দক্ষিণদিক্ এবং অস্ত্রজ্ঞ নকুল পশ্চিমদিক্ জয় করিলেন ॥৯॥

তৎকালে ধর্ম্মরাজ যুধিষ্ঠির ইন্দ্রপ্রস্থনগরের মধ্যস্থানে বন্ধুগণে পরিবেষ্টিত থাকিয়া বিশাল রাজলক্ষ্মীর সম্ভোগসুখ অনুভব করিতেছিলেন ॥১০॥

———:⊙:———

জনমেজয় বলিলেন—'মহর্ষি! আপনি পাণ্ডবগণের দিগ্বিজয়ের ঘটনাগুলি

---

(১০)···আস্তে পরময়া লক্ষ্ম্যা···। * '···পঞ্চবিংশোঽধ্যায়ঃ' '···ষড়্‌বিংশোঽধ্যায়ঃ'।

(১)···বিস্তরেণানুকীর্ত্তয়···শৃণ্বানশ্চরিতং মহৎ।

বৈশম্পায়ন উবাচ।

ধনঞ্জয়স্য বক্ষ্যামি বিজয়ং পূর্ব্বমেব তে।
যৌগপদ্যেন পার্থৈর্হি নির্জ্জিতেয়ং বসুন্ধরা ॥২॥
পূর্ব্বং কুলিন্দবিষয়ে বশে চক্রে মহীপতীন্।
ধনঞ্জয়ো মহাবাহুর্নাতিতীব্রেণ কর্ম্মণা ॥৩॥
আনর্ত্তান্ কালকূটাংশ্চ কুলিন্দাংশ্চ বিজিত্য সঃ।
সুমণ্ডলঞ্চাবজিতং কৃতবান্ সহসৈনিকম্ ॥৪॥
স তেন সহিতো রাজন্! সব্যসাচী পরন্তপঃ।
বিজিগ্যে শাকলং দ্বীপং প্রতিবিন্ধ্যঞ্চ পার্থিবম্ ॥৫॥
শাকলদ্বীপবাসাশ্চ সপ্তদ্বীপেষু যে নৃপাঃ।
অর্জ্জুনস্য সসৈন্যৈস্তৈর্বিগ্রহস্তুমুলোঽভবৎ ॥৬॥

ভারতকৌমুদী

ধনেতি। যৌগপদ্যেন এককালীনত্বেন, পার্থৈঃ পাণ্ডবৈঃ। যৌগপদ্যেন দিগ্বিজয়েঽপি প্রথমমর্জ্জুনেন তৎপ্রস্তাবাত্তদ্দিগ্বিজয়মেব প্রথমং বক্ষ্যামীতি ভাবঃ ॥২॥

পূর্ব্বমিতি। কুলিন্দবিষয়ে কুলিন্দদেশে। নাতিতীব্রেণ কর্ম্মণা সামান্যযুদ্ধেন ॥৩॥

আনর্ত্তানিতি। আনর্ত্তাদয়ো দেশাঃ। স ধনঞ্জয়ঃ। সুমণ্ডলঞ্চ দেশম্ ॥৪॥

স ইতি। তেন বিজিতেন সুমণ্ডলাধিপতিনা। প্রতিবিন্ধ্যং তদাখ্যম্ ॥৫॥

শাকলেতি। সপ্তদ্বীপেষু মধ্যে বিখ্যাতা ইত্যর্থঃ। বিগ্রহো যুদ্ধম্ ॥৬॥

বিস্তরক্রমে বলুন। কেন না, আমি তাঁহাদের উত্তম চরিত্র শুনিতে থাকিয়া তৃপ্তিলাভ করিতেছি না ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবেরা এক সময়েই এই পৃথিবী জয় করিয়াছিলেন; তথাপি অর্জ্জুনের দিগ্বিজয়ের বৃত্তান্তই আপনার নিকট প্রথম বলিব ॥২॥

মহাবাহু অর্জ্জুন প্রথমে সামান্য যুদ্ধ করিয়াই কুলিন্দদেশের রাজগণকে বশীভূত করিয়াছিলেন ॥৩॥

তৎপরে তিনি আনর্ত্ত, কালকূট এবং অপর কুলিন্দদেশ জয় করিয়া সৈন্যগণের সহিত সুমণ্ডলদেশের রাজাকে জয় করেন ॥৪॥

তাহার পর সব্যসাচী অর্জ্জুন সেই সুমণ্ডলরাজের সহিত যাইয়া শাকলদ্বীপ এবং প্রতিবিন্ধ্য রাজাকে জয় করেন ॥৫॥

সপ্তদ্বীপবিখ্যাত যে রাজারা শাকলদ্বীপে বাস করিতেন, সৈন্য-সামন্তসম্পন্ন সেই রাজাদের সহিত অর্জ্জুনের তুমুল যুদ্ধ হইয়াছিল ॥৬॥

(৬)···অর্জ্জুনস্য চ সৈন্যৈস্তৈঃ···।

স তানপি মহেষ্বাসো বিজিত্য পুরুষর্ষভ ! ।
তৈরেব সহিতঃ সর্ব্বৈঃ প্রাগ্‌জ্যোতিষমুপাদ্রবৎ ॥৭॥
তত্র রাজা মহানাসীদ্ভগদত্তো বিশাংপতে ! ।
তেনাসীৎ সুমহদ্‌যুদ্ধং পাণ্ডবস্য মহাত্মনঃ ॥৮॥
স কিরাতৈশ্চ চীনৈশ্চ বৃতঃ প্রাগ্‌জ্যোতিষোঽভবৎ ।
অন্যৈশ্চ বহুভির্যোধৈঃ সাগরানূপবাসিভিঃ ॥৯॥
ততঃ স দিবসানষ্টৌ যোধয়িত্বা ধনঞ্জয়ম্ ।
প্রহসন্নব্রবীদ্রাজা সংগ্রামে বিগতক্লমম্ ॥১০॥
উপপন্নং মহাবাহো ! ত্বয়ি কৌরবনন্দন ! ।
পাকশাসনদায়াদে বীর্য্যমাহবশোভিনি ॥১১॥
অহং সখা সুরেন্দ্রস্য শক্রাদনবরো রণে ।
ন চ শক্নোমি তে তাত ! স্থাতুং প্রমুখতো যুধি ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। তানপি শাকলদ্বীপবাসানপি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥৭॥
তত্রেতি। তত্র প্রাগ্‌জ্যোতিষাখ্যে পুরে। ভগদত্তো নাম। পাণ্ডবস্যার্জ্জুনস্য ॥৮॥
স ইতি। সাগরস্য অনূপবাসিভির্জলপ্রায়দেশবাসিভিঃ। "জলপ্রায়মনূপং স্যাৎ" ইত্যমরঃ ॥৯॥
তত ইতি। স ভগদত্তঃ। বিগতক্লমং মহাবীরত্বাচ্চিরাভ্যাসাচ্চ অপরিশ্রান্তম্ ॥১০॥
উপেতি। উপপন্নং যুক্তম্। পাকশাসনদায়াদে ইন্দ্রপুত্রে। আহবশোভিনি যুদ্ধশোভাকরে ॥১১॥

মহাধনুর্দ্ধর অর্জ্জুন তাঁহাদিগকে জয় করিয়া, তাঁহাদের সহিতই মিলিত হইয়া, প্রাগ্‌জ্যোতিষপুরে গমন করেন ॥৭॥

মহারাজ ! সেই প্রাগ্‌জ্যোতিষপুরে ভগদত্তনামে এক প্রধান রাজা ছিলেন ; তাঁহার সহিত অর্জ্জুনের ঘোরতর যুদ্ধ হইয়াছিল ॥৮॥

প্রাগ্‌জ্যোতিষাধিপতি ভগদত্ত রাজা কিরাত, চীন এবং সমুদ্রতীরবাসী অন্যান্য বহুতর সৈন্যে পরিবেষ্টিত হইয়া যুদ্ধ করিয়াছিলেন ॥৯॥

তাহার পর, ভগদত্ত রাজা আট দিন যাবৎ অর্জ্জুনের সহিত যুদ্ধ করিয়া, তাঁহাকে অপরিশ্রান্ত দেখিয়া হাসিতে হাসিতে বলিলেন ॥১০॥

'মহাবাহু অর্জ্জুন ! তুমি ইন্দ্রের পুত্র, যুদ্ধক্ষেত্রের অলঙ্কার। সুতরাং তোমাতে এইরূপ বল থাকা সঙ্গতই বটে ॥১১॥

(৭) স তানপি মহেষ্বাসান্ বিজিগ্যে ভরতর্ষভ ! ।
(১০)...সংগ্রামে বিগতক্লমঃ। (১২) অহং সখা মহেন্দ্রস্য...।

ত্বমীপ্সিতং পাণ্ডবেয় ! ব্রূহি কিং করবাণি তে ।
যদ্বক্ষ্যসি মহাবাহো ! তৎ করিষ্যামি পুত্রক ! ॥১৩॥

অর্জ্জুন উবাচ ।

কুরূণামৃষভো রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
ধর্ম্মজ্ঞঃ সত্যসন্ধশ্চ যজ্বা বিপুলদক্ষিণঃ ॥১৪॥
তস্য পার্থিবতামীপ্সে করস্তস্মৈ প্রদীয়তাম্ ।
ভবান্ পিতৃসখা দেব ! প্রীয়মাণো ময়াপি চ ।
ততো নাজ্ঞাপয়ামি ত্বাং প্রীতিপূর্ব্বং প্রদীয়তাম্ ॥১৫॥

ভগদত্ত উবাচ ।

কুন্তীমাতর্যথা মে ত্বং তথা রাজা যুধিষ্ঠিরঃ ।
সর্ব্বমেতৎ করিষ্যামি কিঞ্চান্যৎ করবাণি তে ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে ভগদত্তজয়ে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অহমিতি। শক্রাত্তস্মাৎ সুরেন্দ্রাৎ, অনবরঃ অন্যূনঃ। প্রমুখতঃ সম্মুখে ॥১২॥
ত্বমিতি। সখ্যুরিন্দ্রস্য পুত্রত্বাদেব পুত্রকেতি সম্বোধনম্ ॥১৩॥
কুরূণামিতি। ঋষভঃ শ্রেষ্ঠঃ। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ, যজ্বা বিধিনা কৃতযজ্ঞঃ ॥১৪॥
তস্যেতি। পার্থিবতাং সাম্রাজ্যম্, ঈপ্সে ইচ্ছামি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

বৎস ! আমি ইন্দ্রের সখা এবং যুদ্ধে ইন্দ্র হইতে ন্যূন নহি ; তথাপি আমি যুদ্ধে তোমার সম্মুখে থাকিতে সমর্থ হইতেছি না ! ॥১২॥

অতএব পুত্র ! আমি তোমার কি অভীষ্ট সম্পাদন করিব, তাহা বল ; তুমি যাহা বলিবে, আমি তাহাই করিব' ॥১৩॥

অর্জ্জুন বলিলেন—'রাজা যুধিষ্ঠির কুরুকুলের শ্রেষ্ঠ, ধর্ম্মের পুত্র, ধর্ম্মজ্ঞ, সত্যপ্রতিজ্ঞ এবং বিপুল দক্ষিণা সহকারে অনেক যজ্ঞ করিয়াছেন ॥১৪॥

তিনি সম্রাট্ হন ইহাই আমি ইচ্ছা করি ; অতএব আপনি তাঁহাকে কর দিন। দেব ! আপনি আমার পিতার সখা এবং আমা দ্বারা সন্তুষ্ট হইয়াছেন। সুতরাং আমি আপনাকে আদেশ করিতেছি না ; আপনি প্রীতিপূর্ব্বক কর দিন' ॥১৫॥

ভগদত্ত বলিলেন—'অর্জ্জুন ! আমার নিকটে তুমিও যেমন, রাজা যুধিষ্ঠির ও তেমন। সুতরাং আমি এ সমস্তই করিব ; তোমার আর কি করিব বল' ॥১৬॥

---

* '…ষড়্‌বিংশোঽধ্যায়ঃ'।

ষড়্বিংশোঽধ্যায়ঃ

—————:*:—————

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ প্রত্যুবাচ ভগদত্তং ধনঞ্জয়ঃ।
অনেনৈব কৃতং সর্ব্বমনুজানীহি যাম্যহম্ ॥১॥
তং বিজিত্য মহাবাহুঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
প্রযযাবুত্তরাং তস্মাদ্দিশং ধনদপালিতাম্ ॥২॥
অন্তর্গিরিঞ্চ কৌন্তেয়স্তথৈব চ বহির্গিরিম্।
তথৈবোপগিরিঞ্চৈব বিজিগ্যে ভরতর্ষভঃ ॥৩॥
বিজিত্য পর্ব্বতান্ সর্ব্বান্ যে চ তত্র নরাধিপাঃ।
তান্ বশে স্থাপয়িত্বা স ধনান্যাদায় সর্ব্বশঃ ॥৪॥
তৈরেব সহিতঃ সর্বৈরনুরজ্য চ তান্ নৃপান্।
উলূকবাসিনং রাজন্! বৃহন্তমুপজগ্মিবান্ ॥৫॥

ভারতকৌমুদী

কুন্তীতি। কুন্তী মাতা যস্যেতি তৎসম্বোধনম্। কুন্ত্যা ব্যভিচারাবগতেঃ পুত্রত্বত্যাভাবাৎ "মাতৃকস্য স্বাদাদেরং পুত্রত্বতৌ সম্বন্ধৌ" ইতি ন অং, আর্ষত্বাচ্চ ন কপ্রত্যয়ঃ ॥১৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—————:*:—————

এবমিতি। অনেনৈব ঈদৃক্‌করণেচ্ছাপ্রকাশেনৈব। অনুজানীহি যাতুং মাম্ ॥১॥
তমিতি। তস্মাৎ প্রাগ্‌জ্যোতিষপুরাৎ। ধনদপালিতাং কুবেররক্ষিতাম্ ॥২॥
অন্তরিতি। অন্তর্গিরিপ্রভৃতয়ো দেশাঃ। বিজিগ্যে বিজিতবান্ ॥৩॥
তানিতি। সোঽর্জ্জুনঃ, ধনানি কররূপাণি। অনুরজ্য সদ্ব্যবহারেণানুরক্তো ভূত্বা।

বৈশম্পায়ন বলিলেন—ভগদত্ত রাজা এইরূপ বলিলে, অর্জ্জুন উত্তর করিলেন—'আপনি এইরূপ কথা দ্বারাই সমস্ত করিয়াছেন; এখন অনুমতি করুন, আমি যাই' ॥১॥

এই ভাবে মহাবাহু অর্জ্জুন ভগদত্ত রাজাকে জয় করিয়া সেই প্রাগ্‌জ্যোতিষ-নগর হইতে কুবেররক্ষিত উত্তরদিকে চলিয়া গেলেন ॥২॥

সে দিকে যাইয়া তিনি অন্তর্গিরি, বহির্গিরি ও উপগিরিদেশ জয় করিলেন ॥৩॥

অর্জ্জুন সেই সকল পর্ব্বত ও তত্রত্য রাজগণকে জয় করিয়া, তাঁহাদিগকে

[১]…সর্ব্বং ভবিষ্যত্যনুজানতা। [৫]…অনুযুজ্য চ তন্‌া নৃপান্…।

মৃদঙ্গবরনাদেন রথনেমিস্বনেন চ।
হস্তিনাঞ্চ নিনাদেন কম্পয়ন্ বসুধামিমাম্ ॥৬॥ (বিশেষকম্)
ততো বৃহন্তস্ত্বরিতো বলেন চতুরঙ্গিণা।
নিষ্ক্রম্য নগরাত্তস্মাদ্ যোধয়ামাস ফাল্গুনম্ ॥৭॥
সুমহান্ সন্নিপাতোঽভূদ্ধনঞ্জয়বৃহন্তয়োঃ।
ন শশাক বৃহন্তস্তু সোঢ়ুং পাণ্ডববিক্রমম্ ॥৮॥
সোঽবিষহ্যতমং মত্বা কৌন্তেয়ং পর্ব্বতেশ্বরঃ।
উপাবর্ত্তত দুর্দ্ধর্ষো ধনান্যাদায় সর্ব্বশঃ ॥৯॥
স তদ্রাজ্যমবস্থাপ্য উলূকসহিতো যযৌ।
সেনাবিন্দুমথো রাজন্! রাজ্যাদাশু সমাক্ষিপৎ ॥১০॥

ভারতকৌমুদী

উলূকবাসিনং তদাখ্যদেশবাসিনম্, বৃহন্তং নাম রাজানম্। মৃদঙ্গবরাণাং মৃদঙ্গাখ্যশ্রেষ্ঠবাদ্যানাং নাদেন, রথনেমীনাং রথচক্রপ্রান্তানাং স্বনেন শব্দেন ॥৪—৬॥

তত ইতি। বৃহন্তো নাম রাজা। চতুরঙ্গিণা হস্ত্যশ্বরথপদাতিরূপেণ ॥৭॥

সুমহানিতি। সন্নিপাতো যুদ্ধসংঘর্ষঃ। ন শশাক পরাজিতো বভূবেত্যর্থঃ ॥৮॥

স ইতি। অবিষহ্যতমম্ অতীবাসহ্যম্। উপাবর্ত্তত অর্জ্জুনান্তিকমাগতঃ ॥৯॥

স ইতি। তদ্রাজ্যং তস্মিন্ বৃহন্ত এবাবস্থাপ্য। সমাক্ষিপৎ রাজ্যাৎ প্রচ্যাবয়ৎ ॥১০॥

বশে আনিয়া এবং তাঁহাদের নিকট হইতে কর গ্রহণ করিয়া, অনুরক্তভাবে তাঁহাদের সহিত মিলিত হইয়া, মৃদঙ্গের শব্দ, রথচক্রের শব্দ এবং হস্তীর শব্দে এই পৃথিবীকে কম্পিত করিতে থাকিয়া, উলূকদেশবাসী বৃহন্তরাজাকে লক্ষ্য করিয়া উপস্থিত হইলেন ॥৪ ৬॥

তাহার পর বৃহন্তরাজা চতুরঙ্গ সৈন্যের সহিত রাজধানী হইতে সত্বর নির্গত হইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৭॥

অর্জ্জুন ও বৃহন্তরাজার গুরুতর যুদ্ধ হইল; কিন্তু পরিশেষে বৃহন্তরাজা অর্জ্জুনের বিক্রম সহ্য করিতে পারিলেন না ॥৮॥

তাহার পর, পর্ব্বতাধিপতি দুর্দ্ধর্ষ বৃহন্তরাজা অর্জ্জুনকে অত্যন্ত অসহ্য মনে করিয়া সর্ব্বপ্রকার ধন লইয়া অর্জ্জুনের নিকট উপস্থিত হইলেন ॥৯॥

তখন অর্জ্জুন বৃহন্তের রাজ্য বৃহন্তের হাতেই রাখিয়া উলূকরাজের সহিত তথা হইতে প্রস্থান করিলেন এবং সত্বর যাইয়া সেনাবিন্দুনামক রাজাকে তাঁহার রাজ্য হইতে বিচ্যুত করিলেন ॥১০॥

(৯)…উপাবর্ত্তত দুর্মেধা রত্নান্যাদায় সর্বশঃ।

মহারথো বামদেবং সুদামানং সুসঙ্কুলম্।
উলূকানুত্তরাংশ্চৈব তাংশ্চ রাজ্ঞঃ সমানয়ৎ ॥১১॥
তত্রস্থঃ পুরুষৈরেব ধর্ম্মরাজস্য শাসনাৎ।
কিরীটী জিতবান্ রাজন্! দেশান্ পঞ্চগণাংস্ততঃ ॥১২॥
স দেবপ্রস্থমাসাদ্য সেনাবিন্দোঃ পুরং প্রতি।
বলেন চতুরঙ্গেণ নিবেশমকরোৎ প্রভুঃ ॥১৩॥
স তৈঃ পরিবৃতঃ সর্ব্বৈর্বিশ্বগশ্বং নরাধিপম্।
অভ্যগচ্ছন্মহাতেজাঃ পৌরবং পুরুষর্ষভম্ ॥১৪॥
বিজিত্য চাহবে শূরান্ পার্ব্বতীয়ান্ মহারথান্।
জিগায় সেনয়া রাজন্! পুরং পৌরবরক্ষিতম্ ॥১৫॥
পৌরবং যুধি নির্জ্জিত্য দস্যূন্ পর্ব্বতবাসিনঃ।
গণানুৎসবসঙ্কেতানজয়ৎ সপ্ত পাণ্ডবঃ ॥১৬॥

ভারতকৌমুদী

মহেতি। মহারথোঽর্জ্জুনঃ, বামদেবং সুদামানং সুসঙ্কুলঞ্চ নাম দেশম্, উলূকাৎ উলূক-দেশাৎ উত্তরান্ দেশাংশ্চ, তান্ তত্তদ্রাজ্যগতান্ রাজ্ঞশ্চ, সমানয়ৎ বশীকৃতবান্ ॥১১॥

তত্রেতি। পুরুষৈঃ স্বসৈন্যৈরেব। শাসনাদাদেশাৎ। পঞ্চগণান্ তদাখ্যান্ ॥১২॥

স ইতি। দেবপ্রস্থং পুরং প্রতি দেবপ্রস্থনামকনগরে। নিবেশং শিবিরম্ ॥১৩॥

স ইতি। তৈর্দেবপ্রস্থনগরবাসিভিঃ। বিশ্বগশ্বং নাম। পৌরবং পুরুবংশীয়ম্ ॥১৪॥

বিজিত্যেতি। আহবে যুদ্ধে। সেনয়া সেনামাত্রেণৈব ন তু স্বয়ম্ ॥১৫॥

পৌরবমিতি। উৎসবে রমণামোদে সঙ্কেতো হস্তভঙ্গ্যাদিভিঃ সংজ্ঞা যেষাং তান্ ॥১৬॥

তৎপরে অর্জ্জুন বামদেব, সুদামা ও সুসঙ্কুলনামক রাজ্য এবং উত্তর উলূকদেশ, আর সেই সকলদেশের রাজগণকে বশে আনয়ন করিলেন ॥১১॥

রাজা! তাহার পর অর্জ্জুন যুধিষ্ঠিরের আদেশ অনুসারে আপন সৈন্যগণ দ্বারাই পঞ্চগণনামক দেশগুলিকে জয় করিলেন ॥১২॥

তৎপরে অর্জ্জুন সেনাবিন্দুরাজার দেবপ্রস্থনগরে যাইয়া চতুরঙ্গ সৈন্য দ্বারা শিবির স্থাপন করিলেন ॥১৩॥

তাহার পর তিনি তত্রত্য সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া পুরুবংশীয় পুরুষশ্রেষ্ঠ বিশ্বগশ্বরাজাকে আক্রমণ করিবার জন্য গমন করিলেন ॥১৪॥

ক্রমে অর্জ্জুন পার্ব্বত্য মহারথ বীরগণকে যুদ্ধে জয় করিয়া সৈন্য দ্বারাই বিশ্বগশ্বের রাজধানী জয় করিলেন ॥১৫॥

(১১) মোদাপুরং বামদেবম্···উলূকানুত্তরাংশ্চৈব···। (১৩)···সেনাবিন্দোঃ পুরং মহৎ।

ততঃ কাশ্মীরকান্ বীরান্ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ।
ব্যজয়ল্লোহিতাংশ্চৈব মণ্ডলৈর্দশভিঃ সহ ॥১৭॥
ততস্ত্রিগর্ত্তাঃ কৌন্তেয়ং দার্বাঃ কোকনদাস্তথা।
ক্ষত্রিয়া বহবো রাজন্! উপাবর্ত্তন্ত সর্ব্বশঃ ॥১৮॥
অভিসারীং ততো রম্যাং বিজিগ্যে কুরুনন্দনঃ।
উরগাবাসিনঞ্চৈব রোচমানং রণেঽজয়ৎ ॥১৯॥
ততঃ সিংহপুরং রম্যং চিত্রায়ুধসুরক্ষিতম্।
প্রাধমদ্বলমাস্থায় পাকশাসনিরাহবে ॥২০॥
ততঃ সুহ্মাংশ্চ চোলাংশ্চ কিরীটী পাণ্ডবর্ষভঃ।
সহিতঃ সর্ব্বসৈন্যেন প্রামথৎ কুরুনন্দনঃ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। লোহিতান্ তদাখ্যান্ দেশান্। মণ্ডলৈরপরৈঃ ক্ষুদ্ররাজ্যৈঃ ॥১৭॥

তত ইতি। কৌন্তেয়মর্জ্জুনম্, উপাবর্ত্তন্ত বিজিতাঃ সন্তঃ সমাগতাঃ ॥১৮॥

অভীতি। অভিসারীং তদাখ্যাং পুরীম্। উরগাবাসিনম্ উরগাখ্যনগরীস্থিতম্, রোচমানং বীরশ্রিয়া দীপ্যমানং বীরগণমিতি শেষঃ ॥১৯॥

তত ইতি। চিত্রায়ুধেন তদাখ্যেন রাজ্ঞা সুরক্ষিতম্। প্রাধমন্মথিতবান্ ॥২০॥

তত ইতি। সুহ্মান্ চোলাংশ্চ দেশান্। প্রামথৎ আলোড়িতবান্ ॥২১॥

ভারতভাবদীপঃ

এবমিতি। অনেনৈব করদানেনৈব। অনুজ্ঞানতা অনুজ্ঞাং দত্তবতা ॥১—৭॥ সন্নিপাতঃ সংঘর্ষঃ ॥৮—১৫॥ উৎসবসঙ্কেতান্ স্ত্রীপুংসয়োঃ পরস্পরপ্রীতিরেব রত্যর্থং সঙ্কেতঃ, ন তু দাম্পত্যব্যবস্থা পশূনামিব যত্রাস্তীত্যর্থঃ ॥১৬॥ মণ্ডলৈঃ ক্ষুদ্ররাজ্যৈঃ ॥১৭—১৮॥ অভিসারীং

অর্জ্জুন পূরুবংশীয় বিশ্বগশ্বকে যুদ্ধে জয় করিয়া, পার্ব্বত্য দস্যুদিগকে এবং 'উৎসবসঙ্কেত'—নামক সাতটী দলকে জয় করিলেন ॥১৬॥

তাহার পর, ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জ্জুন দশটী ক্ষুদ্ররাজার সহিত কাশ্মীর ও লোহিতদেশবাসী বীর ক্ষত্রিয়গণকে জয় করিলেন ॥১৭॥

রাজা! তৎপরে সকল দিক্ হইতে ত্রিগর্ত্ত, দার্ব্ব ও কোকনদদেশবাসী বহুতর ক্ষত্রিয় পরাজিত হইয়া অর্জ্জুনের নিকট উপস্থিত হইলেন ॥১৮॥

তদনন্তর অর্জ্জুন মনোহর অভিসারী নগরী জয় করিলেন, তৎপরে আবার উরগানগরবাসী বীরশোভায় শোভমান বীরগণকে যুদ্ধে পরাভূত করিলেন ॥১৯॥

তাহার পর, ইন্দ্রনন্দন অর্জ্জুন সৈন্য লইয়া যাইয়া সুরক্ষিত ও মনোহর চিত্রায়ুধ রাজার সিংহপুর জয় করিতে লাগিলেন ॥২০॥

---

(২১) ততঃ সুহ্মং সুমালাংশ্চ···।

ততঃ পরমবিক্রান্তো বাহ্লীকান্ পাকশাসনিঃ।
মহতা পরিমর্দ্দেন বশে চক্রে দুরাসদান্ ॥২২॥
গৃহীত্বা তু বলং সারং ফাল্গুনঃ পাণ্ডুনন্দনঃ।
দরদান্ সহ কাম্বোজৈরজয়ৎ পাকশাসনিঃ ॥২৩॥
প্রাগুত্তরাং দিশং যে চ বসন্ত্যাশ্রিত্য দস্যবঃ।
নিবসন্তি বনে যে চ তান্ সর্ব্বানজয়ৎ প্রভুঃ ॥২৪॥
লোহান্ পরমকাম্বোজানৃষিকানুত্তরানপি।
সহিতাংস্তান্ মহারাজ! ব্যজয়ৎ পাকশাসনিঃ ॥২৫॥
ঋষিকেষ্বপি সংগ্রামো বভূবাতিভয়ঙ্করঃ।
তারকাময়সঙ্কাশঃ পরস্ত্বৃষিকপার্থয়োঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পাকশাসনিরর্জ্জুনঃ। পরিমর্দ্দেন যুদ্ধসংঘর্ষেণ ॥২২॥

গৃহীত্বেতি। সারং শ্রেষ্ঠম্, ফাল্গুনোঽর্জ্জুনঃ। দরদকাম্বোজাখ্যৌ দেশৌ ॥২৩॥

প্রাগিতি। প্রাগুত্তরাং দিশম্ ঈশানকোণম্। প্রভুঃ প্রভাবশালী অর্জ্জুনঃ ॥২৪॥

লোহানিতি। লোহাদয়ো দেশাঃ, অত্র তু তদ্বাসিনো লক্ষ্যন্তে। সহিতান্ মিলিতান্ ॥২৫॥

ঋষিকেষ্বিতি। ঋষিকেষ্বপি তদাখ্যে দেশেঽপি, ঋষিকপার্থয়োঃ ঋষিকরাজার্জ্জুনয়োঃ, তারকাময়ং নক্ষত্রময়মাকাশং তৎসঙ্কাশঃ তত্তুল্যঃ, নক্ষত্রবদুজ্জ্বলাগ্নিময়াস্ত্রব্যাপ্তত্বাদিতি ভাবঃ, পরো মহান্ অতিভয়ঙ্করশ্চ সংগ্রামো বভূব ॥২৬॥

তদনন্তর অর্জ্জুন সমস্ত সৈন্যের সহিত যাইয়া সুহ্মদেশ ও চোলদেশ মন্থন করিলেন ॥২১॥

তৎপরে মহাবিক্রমশালী অর্জ্জুন গুরুতর যুদ্ধ করিয়া দুর্দ্ধর্ষ বাহ্লীকদেশবাসিগণকে বশীভূত করিলেন ॥২২॥

তাহার পর অর্জ্জুন শ্রেষ্ঠ সৈন্য লইয়া যাইয়া কাম্বোজদেশবাসিগণের সহিত দরদদেশবাসিগণকে জয় করিলেন ॥২৩॥

যে সকল দস্যুরা ঈশানকোণে বাস করে এবং যাহারা বনে থাকে, অর্জ্জুন তাহাদের সকলকেও জয় করিলেন ॥২৪॥

মহারাজ! তাহার পর ইন্দ্রনন্দন অর্জ্জুন লোহ, পরমকাম্বোজ এবং উত্তর ঋষিকদেশবাসী লোকদিগকে সম্মিলিত অবস্থায় জয় করিলেন ॥২৫॥

ঋষিকদেশেও অর্জ্জুনের সহিত ঋষিকরাজের অতিভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল। কেন না, অনবরত উজ্জ্বল আগ্নেয় অস্ত্র চলিতে থাকায় সে যুদ্ধস্থানটা নক্ষত্রময় আকাশের ন্যায় হইয়া পড়িয়াছিল ॥২৬॥

স বিজিত্য ততো রাজন্ ! ঋষিকান্ রণমূর্দ্ধনি ।
শুকোদরসমাংস্তত্র হয়ানষ্টৌ সমানয়ৎ ॥২৭॥
ময়ূরসদৃশানন্যানুত্তরানপরানপি ।
জবনানাশুগাংশ্চৈব করার্থং সমুপানয়ৎ ॥২৮॥
স বিনির্জ্জিত্য সংগ্রামে হিমবন্তং সনিষ্কুটম্ ।
শ্বেতপর্ব্বতমাসাদ্য প্রাবিশৎ পুরুষর্ষভঃ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে নানাদেশজয়ে ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

স ইতি। শুকস্য পক্ষিণ উদরসমান্ উদরতুল্যবর্ণান্, হয়ান্ অশ্বান্ ॥২৭॥

ময়ূরেতি। অন্যান্ ময়ূরস্য সদৃশান্ সমানবর্ণান্, অপরান্ অন্যবর্ণানপি, উত্তরান্ উৎকৃষ্টান্, আশুগান্ বাণানিব, জবনান্ বেগবতঃ, হয়ানিত্যনুবৃত্তিঃ, করার্থং করত্বেন সমুপানয়ৎ। "উপর্য্যুদীচ্যশ্রেষ্ঠেষ্বপ্যুত্তরঃ" "পৃষৎকবাণবিশিখা অজিহ্মগখগাশুগাঃ" ইত্যমরঃ। "জবনো দেশবেগিনোঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥২৮॥

স ইতি। সনিষ্কুটং নিষ্কুটাখ্যপর্ব্বতসহিতম্। শ্বেতপর্ব্বতং কৈলাসম্ ॥২৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

নগরীম্ ॥১৯—২৩॥ প্রাগুত্তরামৈশানীম্ ॥২৪—২৭॥ জবনান্ ধাবনে শীঘ্রান্, আশুগান্ যদৃচ্ছয়া চলনসমর্থান্ ॥২৮॥ নিষ্কুটং শৈলবিশেষম্ ॥২৯॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥২৬॥

———:*:———

রাজা! তাহার পর অর্জ্জুন যুদ্ধে ঋষিকগণকে জয় করিয়া শুকপক্ষীর উদরের তুল্যবর্ণ আটটী অশ্ব আনয়ন করেন ॥২৭॥

আর কতকগুলি ময়ূরের তুল্যবর্ণ এবং অপর কতকগুলি অতি উৎকৃষ্ট বাণের ন্যায় বেগগামী অশ্ব কররূপে আনয়ন করেন ॥২৮॥

তাহার পর, পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন হিমালয় ও নিষ্কুটপর্ব্বত জয় করিয়া কৈলাসপর্ব্বতে যাইয়া প্রবেশ করেন ॥২৯॥

———:০:———

(২৯)…স্থবিশৎ পুরুষর্ষভঃ। * '…সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ' '…অষ্টাবিংশোঽধ্যায়ঃ'।

সপ্তবিংশোঽধ্যায়ঃ

—— :*: ——

বৈশম্পায়ন উবাচ।

স শ্বেতপর্বতং বীরঃ সমতিক্রম্য বীর্য্যবান্।
দেশং কিম্পুরুষাবাসং দ্রুমপুত্রেণ রক্ষিতম্ ॥১॥
মহতা সন্নিপাতেন ক্ষত্রিয়ান্তকরেণ হ।
অজয়ৎ পাণ্ডবশ্রেষ্ঠঃ করে চৈনং ন্যবেশয়ৎ ॥২॥ (যুগ্মকম্)
তং জিত্বা হাটকং নাম দেশং গুহ্যকরক্ষিতম্।
পাকশাসনিরব্যগ্রঃ সহ সৈন্যৈঃ সমাসদৎ ॥৩॥
তাংস্তু সান্ত্বেন নির্জ্জিত্য মানসং সর উত্তমম্।
ঋষিকুল্যাস্তথা সর্বা দদর্শ কুরুনন্দনঃ ॥৪॥
সরো মানসমাসাদ্য হাটকানভিতঃ প্রভুঃ।
গন্ধর্ব্বরক্ষিতং দেশমজয়ৎ পাণ্ডবস্ততঃ ॥৫॥
তত্র তিত্তিরি-কল্মাষান্ মাণ্ডূকাক্ষান্ হয়োত্তমান্।
লেভে স করমত্যন্তং গন্ধর্ব্বনগরাত্তদা ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। বীর উৎসাহী, বীর্য্যবান্ দৈহিকবলশালী। সন্নিপাতেন যুদ্ধসংঘর্ষেণ। করে করগ্রহণযোগ্যতায়াম্, এনং কিম্পুষদেশম্, ন্যবেশয়ৎ স্থাপিতবান্ ॥১—২॥

তমিতি। গুহ্যকরক্ষিতং যক্ষপালিতম্। পাকশাসনিরিন্দ্রপুত্রঃ, অব্যগ্রঃ অনাকুলঃ ॥৩॥

তানিতি। সান্ত্বেন সামবাদেন। ঋষিকুল্যা ঋষিনির্ম্মিতাঃ কৃত্রিমাঃ ক্ষুদ্রসরিতঃ ॥৪॥

সর ইতি। হাটকান্ অভিতো হাটকদেশসন্নিহিতম্, প্রভুঃ প্রভাবশালী ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—উৎসাহী ও দৈহিকবলশালী পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন কৈলাসপর্ব্বত অতিক্রমপূর্ব্বক ক্ষত্রিয়নাশক গুরুতর যুদ্ধ করিয়া দ্রুমপুত্ররক্ষিত কিন্নরদেশ জয় করিলেন এবং তথা হইতে কর গ্রহণ করিলেন ॥১ ২॥

ইন্দ্রনন্দন অর্জ্জুন কিন্নরদেশ জয় করিয়া সৈন্যগণের সহিত সুস্থভাবে যক্ষরক্ষিত হাটকদেশে যাইয়া উপস্থিত হইলেন ॥৩॥

তিনি শান্তবাক্যে সেই দেশীয় লোকগুলিকে বশীভূত করিয়া উত্তম মানসসরোবর এবং ঋষিগণের কৃত্রিম ক্ষুদ্র ক্ষুদ্র নদীগুলি দর্শন করিলেন ॥৪॥

তাহার পর, অর্জ্জুন মানসসরোবর অতিক্রম করিয়া হাটকদেশের নিকটবর্ত্তী গন্ধর্ব্বদেশ জয় করিলেন ॥৫॥

(৩)···সহসৈন্যঃ সমাসদৎ। (৫)···ব্যজয়ৎ পাণ্ডুনন্দনঃ। (৬)···মণ্ডূকাখ্যান্। করমত্যর্থম্···।

উত্তরে হরিবর্ষস্তু স সমাসাদ্য পাণ্ডবঃ।
ইয়েষ জেতুং তং দেশং পাকশাসননন্দনঃ ॥৭॥
তত এনং মহাবীর্য্যা মহাকায়া মহাবলাঃ।
দ্বারপালাঃ সমাসাদ্য হৃষ্টা বচনমব্রুবন্ ॥৮॥
পার্থ! নেদং ত্বয়া শক্যং পুরং জেতুং কথঞ্চন।
উপাবর্ত্তস্ব কল্যাণ! পর্য্যাপ্তমিদমচ্যুত! ॥৯॥
ইদং পুরং যঃ প্রবিশেদ্‌ধ্রুবং ন স ভবেন্নরঃ।
প্রীয়ামহে ত্বয়া বীর! পর্য্যাপ্তো বিজয়স্তব ॥১০॥
ন চাপি কিঞ্চিজ্জেতব্যমর্জ্জুনাত্র প্রদৃশ্যতে।
উত্তরাঃ কুরবো হ্যেতে নাত্র যুদ্ধং প্রবর্ত্ততে ॥১১॥

ভারতকৌমুদী

তত্রেতি। তিত্তিরিকল্মাষান্ তিত্তিরিপক্ষিবর্ণান্ কর্ব্বুরবর্ণাংশ্চ, মাণ্ডূকাক্ষান্ ভেকতুল্য-নয়নান্, হয়োত্তমান্ অশ্বশ্রেষ্ঠান্, করং কররূপান্ লেভে ॥৬॥

উত্তর ইতি। উত্তরে গন্ধর্ব্বদেশাদুত্তরস্যাং দিশি স্থিতম্। সমাসাদ্য প্রাপ্য ॥৭॥

তত ইতি। হৃষ্টাঃ, ন পুনর্বিদ্বিষ্টাঃ, অর্জ্জুনেন কিমপি কর্ত্তুমশক্যত্বাদিতি ভাবঃ ॥৮॥

পার্থেতি। উপাবর্ত্তস্ব ইত এব নিবর্ত্তস্ব। ইদম্ এতৎপর্য্যন্তাগমনমেব, পর্য্যাপ্তং যথেষ্টং জাতম্। হে অচ্যুত! স্বধর্ম্মাদভ্রষ্ট! ॥৯॥

ইদমিতি। ন ভবেৎ ন জীবিতস্তিষ্ঠেৎ। পর্য্যাপ্তো যথেষ্টং জাতঃ ॥১০॥

নেতি। জেতব্যং ন দৃশ্যতে, তেজোময়ত্বেনামূর্ত্তত্বাদিত্যাশয়ঃ ॥১১॥

সেখানে থাকিয়া তখন তিনি গন্ধর্ব্বরাজধানী হইতে তিত্তিরিপক্ষিবর্ণ, কর্ব্বুর-বর্ণ এবং ভেকসদৃশনয়ন উৎকৃষ্ট অশ্ব সকল কররূপে লাভ করিলেন ॥৬॥

তাহার পর, ইন্দ্রপুত্র অর্জ্জুন গন্ধর্ব্বদেশের উত্তরবর্ত্তী হরিবর্ষে উপস্থিত হইয়া সেই দেশ জয় করিবার ইচ্ছা করিলেন ॥৭॥

তাহার পর, মহাবীর, বিশালশরীর এবং অত্যন্ত বলবান্ কতকগুলি দ্বার-পাল আসিয়া সন্তুষ্টভাবে অর্জ্জুনকে বলিল—॥৮॥

'কল্যাণভাজন অর্জ্জুন! তুমি কোন প্রকারেই এই নগর জয় করিতে সমর্থ হইবে না। অতএব নিবৃত্ত হও, এই পর্য্যন্তই তোমার পক্ষে যথেষ্ট হইয়াছে ॥৯॥

যে মানুষ এই নগরে প্রবেশ করে, সে জীবিত থাকে না। বীর! তোমা দ্বারা আমরা সন্তুষ্ট হইয়াছি, তোমার জয়লাভ যথেষ্ট হইয়াছে ॥১০॥

---

(১০)·· দ্বারং স লভতে ন চ···।

প্রবিষ্টোঽপি হি কৌন্তেয়! নেহ দ্রক্ষ্যসি কিঞ্চন।
নহি মানুষদেহেন শক্যমত্রাভিবীক্ষিতুম্ ॥১২॥
অথেহ পুরুষব্যাঘ্র! কিঞ্চিদন্যচ্চিকীর্ষসি।
তম্মে ব্রূহি করিষ্যামো বচনাত্তব ভারত! ॥১৩॥
ততস্তানব্রবীদ্রাজন্! অর্জ্জুনঃ প্রহসন্নিব।
পার্থিবত্বং চিকীর্ষামি ধর্ম্মরাজস্য ধীমতঃ ॥১৪॥
ন প্রবেক্ষ্যামি বো দেশং বিরুদ্ধং যদি মানুষৈঃ।
যুধিষ্ঠিরায় যৎ কিঞ্চিৎ করপণ্যং প্রদীয়তাম্ ॥১৫॥
ততো দিব্যানি বস্ত্রাণি দিব্যান্যাভরণানি চ।
ক্ষৌমাজিনানি দিব্যানি তস্য তে প্রদদুঃ করম্ ॥১৬॥

ভারতকৌমুদী

প্রবিষ্ট ইতি। দেবদেহেন তু অভিবীক্ষিতুং শক্যমেবেত্যভিপ্রায়ঃ ॥১২॥
অথেতি। অন্যদ্‌যুদ্ধাদিতরৎ, চিকীর্ষসি কর্ত্তুমিচ্ছসি। বচনাদাদেশাৎ ॥১৩॥
তত ইতি। পার্থিবত্বং সম্রাট্ত্বম্। ধর্ম্মরাজস্য যুধিষ্ঠিরস্য ॥১৪॥
নেতি। বো যুষ্মাকম্। কররূপং পণ্যং বিনিময়দ্রব্যং করপণ্যম্ ॥১৫॥
তত ইতি। দিব্যানি উৎকৃষ্টানি। ক্ষৌমাণি পট্টবসনানি অজিনানি চর্ম্মাণি চ ॥১৬॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—৯॥ ন স ভবেৎ ম্রিয়েতেত্যর্থঃ ॥১০—১৫॥ ক্ষুমা অতসীবিশেষঃ। "ক্ষুমাতসী-নীলিকয়োঃ"রিতি মেদিনী। তত্তন্তুনির্ম্মিতানি ক্ষৌমাণ্যজিনানি চ ॥১৬—২১॥
ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥২৭॥

অর্জ্জুন! এই নগরে তোমার জেতব্য কিছুই দেখিতেছি না; এটা উত্তর-কুরুদেশ, এখানে যুদ্ধ হয় না ॥১১॥

কুন্তীনন্দন! তুমি এখানে প্রবেশ করিয়াও কিছুই দেখিতে পাইবে না। কারণ, কেহই মানুষশরীরে এখানে দেখিতে পায় না ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ! তুমি যদি যুদ্ধ ভিন্ন অন্য কিছু করিতে ইচ্ছা কর, তবে আমাকে বল, আমরা তোমার আদেশে তাহা করিব' ॥১৩॥

রাজা! তাহার পর, অর্জ্জুন সহাস্যবদনে তাহাদিগকে বলিলেন—'আমি এই পৃথিবীতে ধীমান্ যুধিষ্ঠিরের সাম্রাজ্য স্থাপন করিতে ইচ্ছা করি ॥১৪॥

মানুষের পক্ষে যদি বিরুদ্ধ হয়, তবে আমি আপনাদের দেশের ভিতরে প্রবেশ করিব না; আপনারা যুধিষ্ঠিরকে যাহা কিছু কর দান করুন' ॥১৫॥

(১৩)…তৎ প্রব্রূহি করিষ্যামঃ…। (১৬)…মুক্তাজিনানি দিব্যানি…।

এবং স পুরুষব্যাঘ্রো বিজিগ্যে দিশমুত্তরাম্ ।
সংগ্রামান্ সুবহূন্ কৃত্বা ক্ষত্রিয়ৈর্দস্যুভিঃ সহ ॥১৭॥
স বিনির্জ্জিত্য রাজ্ঞস্তান্ করে চ বিনিবেশ্য তু ।
ধনান্যাদায় সর্ব্বেভ্যো রত্নানি বিবিধানি চ ॥১৮॥
হয়াংস্তিত্তিরিকল্মাষান্ শুকপত্রনিভানপি ।
ময়ূরসদৃশানন্যান্ সর্ব্বাননিলরংহসঃ ॥১৯॥
বৃতঃ স মহতা রাজন্ ! বলেন চতুরঙ্গিণা ।
আজগাম পুনর্বীরঃ শক্রপ্রস্থং পুরোত্তমম্ ॥২০॥ (বিশেষকম্)
ধর্ম্মরাজায় তৎ পার্থো ধনং সর্ব্বং সবাহনম্ ।
ন্যবেদয়দনুজ্ঞাতস্তেন রাজ্ঞা গৃহান্ যযৌ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে অর্জ্জুনোত্তরদিগ্বিজয়ো নাম সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। এবমিত্থম্, স পুরুষব্যাঘ্রোঽর্জ্জুনঃ। ক্ষত্রিয়ৈর্দস্যুভিশ্চ সহ ॥১৭॥

স ইতি। করে করগ্রহণযোগ্যতায়াম্। তিত্তিরিকল্মাষান্ তিত্তিরিপক্ষিবর্ণান্ কর্বুরবর্ণাংশ্চ, শুকপত্রনিভান্ শুকপক্ষিপক্ষসদৃশবর্ণান্, অন্যান্ ময়ূরসদৃশান্ ময়ূরতুল্যবর্ণান্, সর্বানেব অনিলরংহসো বায়ুবেগান্। শক্রপ্রস্থমিন্দ্রপ্রস্থম্ ॥১৮—২০॥

ধর্ম্মেতি। তেন রাজ্ঞা ধর্ম্মরাজেনৈব, অনুজ্ঞাতো গৃহান্ যাতুমনুমতঃ ॥২১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর সেই দ্বারপালেরা দিব্য বস্ত্র, দিব্য অলঙ্কার, দিব্য পট্টবস্ত্র এবং দিব্য চর্ম্ম সকল করস্বরূপে অর্জ্জুনের হস্তে সমর্পণ করিল ॥১৬॥

এই ভাবে পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন ক্ষত্রিয়গণ ও দস্যুগণের সহিত বহুতর যুদ্ধ করিয়া উত্তরদিক্ জয় করিয়াছিলেন ॥১৭॥

অর্জ্জুন সেই সকল দেশের রাজগণকে জয় করিয়া এবং করদানে সম্মত করাইয়া, তাঁহাদের নিকট হইতে নানাবিধ ধন, রত্ন এবং তিত্তিরিপক্ষীর তুল্যবর্ণ, কর্বুরবর্ণ, শুকপক্ষীর পক্ষের তুল্যবর্ণ, অপরগুলি ময়ূরবর্ণ, আর সকলগুলিই বায়ুর ন্যায় বেগগামী অশ্বসমূহ লইয়া, বিশাল চতুরঙ্গ সৈন্যে পরিবেষ্টিত হইয়া পুনরায় পুরশ্রেষ্ঠ ইন্দ্রপ্রস্থে আগমন করিলেন ॥১৮—২০॥

অর্জ্জুন ইন্দ্রপ্রস্থে আসিয়া বাহনের সহিত সেই সমস্ত ধনই যুধিষ্ঠিরের নিকট নিবেদন করিলেন এবং তাঁহার অনুমতিক্রমে গৃহে গমন করিলেন ॥২১॥

---

(১৭)…ক্ষত্রিয়ৈর্দস্যুভিস্তথা। * '…অষ্টাবিংশোঽধ্যায়ঃ' '…একোনত্রিংশোঽধ্যায়ঃ'।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

এতস্মিন্নেব কালে তু ভীমসেনোঽপি বীর্য্যবান্।
ধর্ম্মরাজমনুজ্ঞাপ্য যযৌ প্রাচীং দিশং প্রতি ॥১॥
মহতা বলচক্রেণ পররাষ্ট্রাবমর্দ্দিনা।
হস্ত্যশ্বরথপূর্ণেন দংশিতেন প্রতাপবান্।
বৃতো ভরতশার্দ্দূলো দ্বিষচ্ছোকবিবর্দ্ধনঃ ॥২॥ (যুগ্মকম্)
স গত্বা নরশার্দ্দূলঃ পাঞ্চালানাং পুরং মহৎ।
পাঞ্চালান্ বিবিধোপায়ৈঃ সান্ত্বয়ামাস পাণ্ডবঃ ॥৩॥
ততঃ স গণ্ডকীয়াংশ্চ বিদেহাংশ্চ নরর্ষভ!।
বিজিত্যাল্পেন কালেন দশার্ণানজয়ৎ প্রভুঃ ॥৪॥
তত্র দাশার্ণকো রাজা সুধর্ম্মা লোমহর্ষণম্।
কৃতবান্ কর্ম্ম ভীমেন সহ যুদ্ধে দৃঢ়ায়ুধঃ ॥৫॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। এতস্মিন্ কাল এব অর্জ্জুনস্যোত্তরদিগ্বিজয়ায় গমনারম্ভকাল এব, অন্যথা "যৌগপদ্যেন পার্থৈর্হি নির্জিতেয়ং বসুন্ধরা" ইতি প্রাগুক্তবিরোধাপত্তিঃ। বলচক্রেণ সৈন্যসমূহেন। দংশিতেন যুদ্ধায় সজ্জিতেন। দ্বিতীয়ঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥১—২॥

স ইতি। সান্ত্বয়ামাস সান্ত্ববাদেন বশীকৃত্য তেভ্যঃ করং জগ্রাহেত্যর্থঃ ॥৩॥

তত ইতি। গণ্ডকীয়বিদেহদশার্ণা দেশাঃ। প্রভুঃ প্রভাববান্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন যখন উত্তরদিকে যাত্রা করেন, সেই সময়েই হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ, পররাজ্যবিজয়ী, সুসজ্জিত ও বিশাল সৈন্যসমূহে পরিবেষ্টিত হইয়া ভরতশ্রেষ্ঠ, শত্রুগণের শোকবর্দ্ধক, প্রতাপশালী ও বলবান্ ভীমসেনও যুধিষ্ঠিরের অনুমতি লইয়া পূর্ব্বদিকে গমন করিলেন ॥১—২॥

নরশ্রেষ্ঠ ভীমসেন বিশাল পাঞ্চালরাজধানীতে যাইয়া নানাবিধ উপায়ে পাঞ্চালগণকে বশীভূত করিয়া কর গ্রহণ করিলেন ॥৩॥

তাহার পর তিনি অল্প কালের মধ্যেই গণ্ডকীয়দেশ এবং বিদেহদেশ জয় করিয়া দশার্ণদেশ জয় করিলেন ॥৪॥

সেই দশার্ণদেশ জয় করিবার সময়ে দৃঢ়শস্ত্রধারী দশার্ণদেশের রাজা সুধর্ম্মা ভীমের সহিত যুদ্ধে লোমহর্ষণ কার্য্য করিয়াছিলেন ॥৫॥

(৪) ততঃ স গণ্ডকান্ শূরঃ···। (৫)···কৃতবান্ ভীমসেনেন মহদ্‌যুদ্ধং নিরায়ুধম্।

ভীমসেনস্তু তদ্দৃষ্ট্বা তস্য কর্ম্ম মহাত্মনঃ।
অধিসেনাপতিং চক্রে সুধর্ম্মাণং মহাবলম্ ॥৬॥
ততঃ প্রাচীং দিশং ভীমো যযৌ ভীমপরাক্রমঃ।
সৈন্যেন মহতা রাজন্! কম্পয়ন্নিব মেদিনীম্ ॥৭॥
সোঽশ্বমেধেশ্বরং রাজন্! রোচমানং সহানুগম্।
জিগায় সমরে বীরো বলেন বলিনাং বরঃ ॥৮॥
স তং নির্জ্জিত্য কৌন্তেয়ো নাতিতীব্রেণ কর্ম্মণা।
পূর্ব্বদেশং মহাবীর্য্যো বিজিগ্যে কুরুনন্দনঃ ॥৯॥
ততো দক্ষিণমাগম্য পুলিন্দনগরং মহৎ।
সুকুমারং বশে চক্রে সুমিত্রঞ্চ নরাধিপম্ ॥১০॥
ততস্তু ধর্ম্মরাজস্য শাসনাত্তরতর্ষভঃ।
শিশুপালং মহাবীর্য্যমভ্যগাজ্জনমেজয়! ॥১১॥

ভারতকৌমুদী

তত্রেতি। দাশার্ণকো দশার্ণাধিপতিঃ, সুধর্ম্মা নাম রাজা ॥৫॥
ভীমেতি। অধি আত্মনঃ সেনাধিকারে সেনাপতিং চক্রে ॥৬॥
তত ইতি। আদৌ প্রাচীযানমুদ্দেশেন, ইদানীন্তু কার্য্যেণেতি ন পৌনরুক্ত্যম্ ॥৭॥
স ইতি। অশ্বমেধো নাম দেশস্তস্যেশ্বরম্, রোচমানং নাম ॥৮॥
স ইতি। নাতিতীব্রেণ কর্ম্মণা সাধারণযুদ্ধেনেত্যর্থঃ ॥৯॥
তত ইতি। উত্তরং পুলিন্দনগরমর্জ্জুনেন জিতমিতি দক্ষিণপুলিন্দনগরোক্তিঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১॥ বলচক্রেণ সেনাসমূহেন, দংশিতেন সন্নদ্ধেন ॥২—৪॥ দশার্ণান্ দেশান্, নিরায়ুধং বাহুযুদ্ধম্ ॥৫॥ অধিচক্রে ইতি সম্বন্ধঃ। জিত্বা তস্য বলং জ্ঞাত্বা সৈনাপত্যং তস্মৈ

ভীম মহাত্মা সুধর্ম্মার সেই রণনৈপুণ্য দেখিয়া তাঁহাকে নিজের সেনাপতি করিলেন ॥৬॥

তাহার পর, ভয়ঙ্করপরাক্রমশালী ভীমসেন বিশাল সৈন্য দ্বারা পৃথিবীকে কম্পিত করিতে থাকিয়াই যেন পূর্ব্বদিকে যাইতে লাগিলেন ॥৭॥

তৎপরে বলিশ্রেষ্ঠ বীর ভীমসেন যুদ্ধে অনুচরবর্গের সহিত অশ্বমেধদেশের রাজা রোচমানকে জয় করিলেন ॥৮॥

মহাবীর ভীমসেন সামান্য যুদ্ধেই রোচমানকে জয় করিয়া ক্রমশঃ পূর্ব্বদেশ জয় করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর ভীম বিশাল দক্ষিণপুলিন্দনগরে যাইয়া সুকুমার ও সুমিত্র রাজাকে বশীভূত করিলেন ॥১০॥

চেদিরাজোঽপি তচ্ছ্রুত্বা পাণ্ডবস্য চিকীর্ষিতম্।
উপনিষ্ক্রম্য নগরাৎ প্রত্যগৃহ্লাৎ পরন্তপঃ ॥১২॥
তৌ সমেত্য মহারাজ! কুরুচেদিবৃষৌ তদা।
উভয়োরাত্মকুলয়োঃ কৌশল্যং পর্য্যপৃচ্ছতাম্ ॥১৩॥
ততো নিবেদ্য তদ্রাজ্যং চেদিরাজো বিশাংপতে!।
উবাচ ভীমং প্রহসন্ কিমিদং কুরুষেঽনঘ! ॥১৪॥
তস্য ভীমস্তদাচখ্যৌ ধর্ম্মরাজচিকীর্ষিতম্।
স চ তৎ প্রতিগৃহ্যৈব তথা চক্রে নরাধিপঃ ॥১৫॥
ততো ভীমস্তত্র রাজন্! উষিত্বা ত্রিদশ ক্ষপাঃ।
সৎকৃতঃ শিশুপালেন যযৌ সবলবাহনঃ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে ভীমদিগ্বিজয়ে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। শাসনাদ্‌গৃহীতপূর্ব্বাদাদেশাৎ। ভরতর্ষভো ভীমসেনঃ ॥১১॥

চেদীতি। চেদিরাজঃ শিশুপালোঽপি। প্রত্যগৃহ্লাৎ সান্ত্বভাবেন ভীমমিতি শেষঃ ॥১২॥

তাবিতি। সমেত্য মিলিত্বা। কুরুচেদ্যোর্বৃষৌ শ্রেষ্ঠৌ ভীমশিশুপালৌ। কৌশল্যং শুভম্ ॥১৩॥

তত ইতি। নিবেদ্য নিবেদনায়োদ্‌যুজ্য। ইদং যুদ্ধায়োদ্যমনম্ ॥১৪॥

তস্যেতি। তদা ভীমং তস্য চেদিরাজস্যান্তিকে, ধর্ম্মরাজেন যুধিষ্ঠিরেণ চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং রাজসূয়ম্, আচখ্যৌ উক্তবান্। স নরাধিপঃ শিশুপালশ্চ, তৎ ভীমবচনম্, প্রতিগৃহ্যৈব শ্রুত্বৈব, তথা রাজসূয়সাহায্যরূপং করদানং চক্রে, মাতৃষ্বস্রেয়ত্বাৎ ॥১৫॥

তৎপরে তিনি পূর্ব্বগৃহীত যুধিষ্ঠিরের আদেশ অনুসারে মহাবীর শিশুপালকে লক্ষ্য করিয়া চেদিদেশে গমন করিলেন ॥১১॥

শিশুপালও ভীমের অভীষ্ট বিষয় শুনিয়া রাজধানী হইতে নির্গত হইয়া ভীমকে আদরের সহিত গ্রহণ করিলেন ॥১২॥

মহারাজ! তখন কুরুশ্রেষ্ঠ ভীমসেন এবং চেদিশ্রেষ্ঠ শিশুপাল উভয়ে সম্মিলিত হইয়া উভয় বংশের মঙ্গল জিজ্ঞাসা করিলেন ॥১৩॥

নরনাথ! তাহার পর শিশুপাল নিজের চেদিদেশ নিবেদন করিবার উদ্যম করিয়া হাসিতে হাসিতে ভীমকে বলিলেন – 'হে অনঘ! এ কি করিতেছ?' ॥১৪॥

তখন ভীম শিশুপালের নিকটে যুধিষ্ঠিরের অভীষ্ট বিষয় বলিলেন; শিশুপাল তাহা শুনিয়াই করদান করিলেন ॥১৫॥

*'…একোনত্রিংশোঽধ্যায়ঃ' '…ত্রিংশোঽধ্যায়ঃ'।

ঊনত্রিংশোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কুমারবিষয়ে শ্রেণিমন্তমথাজয়ৎ।
কোশলাধিপতিঞ্চৈব বৃহদ্বলমরিন্দমঃ ॥১॥
অযোধ্যায়াস্তু ধর্ম্মজ্ঞং দীর্ঘপ্রজ্ঞং মহাবলম্।
অজয়ৎ পাণ্ডবশ্রেষ্ঠো নাতিতীব্রেণ কর্ম্মণা ॥২॥
ততো গোপালকচ্ছঞ্চ সোত্তরানপি সোমকান্।
মল্লানামধিপঞ্চৈব পার্থিবঞ্চাজয়ৎ প্রভুঃ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ত্রিশ্চ দশ চেতি ত্রিদশ ত্রয়োদশ, ক্ষপা রাত্রীঃ ॥১৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। কুমারবিষয়ে কুমারাখ্যদেশে, শ্রেণিমন্তং নাম রাজানম্ ॥১॥
অযোধ্যায়ামিতি। দীর্ঘপ্রজ্ঞং নাম। নাতিতীব্রেণ কর্ম্মণা সামান্যযুদ্ধেনেত্যর্থঃ ॥২॥
তত ইতি। স উত্তরানিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। প্রভুঃ প্রভাববান্ ভীমঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

দত্তবানিত্যর্থঃ। অধিসেনাপতিং সেনাপতিত্বধিকং মুখ্যং চক্রে ইতি বার্থঃ ॥৬—১২॥ বৃষৌ শ্রেষ্ঠৌ ॥১৩—১৫॥ ত্রিদশাঃ ত্র্যধিকা দশ ত্রয়োদশ ॥১৬॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥২৮॥

রাজা। তাহার পর, ভীম সে খানে তের দিন থাকিয়া, শিশুপালের আদর পাইয়া বল ও বাহনের সহিত চলিয়া গেলেন ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, শত্রুদমনকারী ভীমসেন কুমারদেশের রাজা শ্রেণিমান্‌কে এবং কোশলানগরীর রাজা বৃহদ্বলকে জয় করিলেন ॥১॥

তৎপরে ভীম সামান্য যুদ্ধ করিয়াই অযোধ্যার রাজা ধর্ম্মজ্ঞ ও মহাবল দীর্ঘপ্রজ্ঞকে জয় করিলেন ॥২॥

তদনন্তর প্রভাবশালী ভীমসেন গোপালকচ্ছ, উত্তর সোমক এবং মল্লদেশের রাজাকে জয় করিলেন ॥৩॥

[২]…দীর্ঘযজ্ঞং মহাবলম্…। [৩] ততো গোপালকক্ষঞ্চ…সোত্তরানপি কোশলান্…।

ততো হিমবতঃ পার্শ্বং সমভ্যেত্য জলোদ্ভবম্।
সর্ব্বমল্পেন কালেন দেশং চক্রে বশং বলী।
এবং বহুবিধান্ দেশান্ বিজিগ্যে ভরতর্ষভঃ ॥৪॥
ভল্লাটমভিতো জিগ্যে শুক্তিমন্তঞ্চ পর্ব্বতম্।
পাণ্ডবঃ সুমহাবীর্য্যো বলেন বলিনাং বরঃ ॥৫॥
স কাশিরাজং সমরে সুবাহুমনিবর্ত্তিনম্।
বশে চক্রে মহাবাহুর্ভীমো ভীমপরাক্রমঃ ॥৬॥
ততঃ সুপার্শ্বমভিতস্তথা রাজপতিং ক্রথম্।
যুধ্যমানং বলাৎ সংখ্যে বিজিগ্যে পুরুষর্ষভঃ ॥৭॥
ততো মৎস্যান্ মহাতেজা দরদাংশ্চ মহাবলান্।
অনবদ্যান্ হয়াংশ্চৈব পশুভূমিঞ্চ সর্ব্বশঃ ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। জলোদ্ভবং নাম সর্ব্বং দেশম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

ভল্লাটমিতি। ভল্লাটং নাম দেশম্, অভিতস্তৎসন্নিহিতম্। ভল্লাটমিতি "তসোভয়াভি-পরিসর্ব্বৈঃ" ইতি দ্বিতীয়া। শুক্তিমন্তং শুক্তিমদাখ্যম্ ॥৫॥

স ইতি। অনিবর্ত্তিনং চিরাদেবাপরাঙ্মুখম্, সুবাহুং নাম ॥৬॥

তত ইতি। সুপার্শ্বং দেশম্ অভিতস্তৎসন্নিহিতম্। পূর্ব্ববদ্দ্বিতীয়া। সংখ্যে যুদ্ধে ॥৭॥

তত ইতি। মৎস্যদরদা দেশবিশেষাঃ। অনবদ্যান্ অনিন্দনীয়ান্, হয়ান্ অশ্বান্,

তাহার পর বলবান্ ভীমসেন হিমালয়ের পার্শ্বে যাইয়া অল্পকালের মধ্যেই জলোদ্ভবনামক সমস্ত দেশটাকে বশীভূত করিলেন। এই ভাবে তিনি অনেক দেশ জয় করিলেন ॥৪॥

ক্রমে, বলিশ্রেষ্ঠ মহাবীর ভীমসেন ভল্লাটদেশের নিকটবর্ত্তী শুক্তিমান্ পর্ব্বত জয় করিলেন ॥৫॥

তাহার পর, মহাবাহু ও ভয়ঙ্কর-পরাক্রমশালী ভীমসেন যুদ্ধে অপরাঙ্মুখ কাশিরাজ সুবাহুকে বশীভূত করিলেন ॥৬॥

তৎপরে পুরুষশ্রেষ্ঠ ভীমসেন সুপার্শ্বদেশের নিকটবর্ত্তী রাজশ্রেষ্ঠ ক্রথকে যুধ্যমান অবস্থায় বলপূর্ব্বক জয় করিলেন ॥৭॥

তদনন্তর মহাবাহু ভীমসেন মহাবল মৎস্যদেশীয় ও দরদদেশীয় বীরগণকে জয় করিয়া উৎকৃষ্ট অশ্ব ও সমস্ত পশুভূমি লইলেন; তাহার পর ফিরিয়া

[৮] ততো মৎস্যান্ মহাতেজা মলদাংশ্চ মহাবলান্। অনঘানভয়াংশ্চৈব পশুভূমিঞ্চ সর্ব্বশঃ। নিবৃত্য চ মহাবাহুর্মদধারং মহীধরম্। সোমধেয়াংশ্চ নির্জ্জিত্য প্রত্যযাদুত্তরামুখঃ ॥

বিবৃত্য চ মহাবাহুর্মহাবীরং মহীধরম্।
সোপদেশং বিনির্জিত্য প্রযযাবুত্তরামুখঃ ॥৯॥ (যুগ্মকম্)
বৎসভূমিঞ্চ কৌন্তেয়ো বিজিগ্যে বলবান্ বলাৎ।
ভর্গাণামধিপঞ্চৈব নিষাদাধিপতিং তথা।
বিজিগ্যে ভূমিপালাংশ্চ মণিমৎপ্রমুখান্ বহূন্ ॥১০॥
ততো দক্ষিণমল্লাংশ্চ ভোগবন্তঞ্চ পর্ব্বতম্।
তরসৈবাজয়দ্ভীমো নাতিতীব্রেণ কর্ম্মণা ॥১১॥
শর্ম্মকান্ বর্ম্মকাংশ্চৈব ব্যজয়ৎ সান্ত্বপূর্ব্বকম্।
বৈদেহঞ্চৈব রাজানং জনকং জগতীপতিম্।
বিজিগ্যে পুরুষব্যাঘ্রো নাতিতীব্রেণ কর্ম্মণা ॥১২॥
বিদেহস্থশ্চ কৌন্তেয় ইন্দ্রপর্ব্বতমন্তিকাৎ।
কিরাতানামধিপতীনজয়ৎ সপ্ত পাণ্ডবঃ ॥১৩॥

ভারতকৌমুদী

জয়তের্দ্বিকর্ম্মকত্বাৎ কর্ম্মত্বম্। বিবৃত্য পরিবৃত্য। উপদেশেন সহেতি সোপদেশম্ উপদেশদ্বারৈবেত্যর্থঃ, বিনির্জিত্য বশীকৃত্য ॥৮—৯॥

বৎসেতি। ভর্গাণাং তদাখ্যানাং দেশানাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

তত ইতি। তরসা বেগেন শীঘ্রমেবেত্যর্থঃ। নাতিতীব্রেণ কর্ম্মণা সামান্যযুদ্ধেনৈব ॥১১॥

শর্ম্মকানিতি। সান্ত্বপূর্ব্বকং সান্ত্ববাদেনেত্যর্থঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

বিদেহস্থ ইতি। অন্তিকাৎ অন্তিকমাশ্রিত্য স্থিতমিতি ল্যব্লোপে পঞ্চমী ॥১৩॥

আসিয়া উপদেশ দ্বারাই মহাবীর মহীধর রাজাকে বশীভূত করিয়া উত্তরমুখে প্রস্থান করিলেন ॥৮—৯॥

তৎপরে বলবান্ ভীম বলপূর্ব্বক বৎসভূমি জয় করিলেন; তাহার পর ভর্গদেশের রাজাকে, নিষাদগণের রাজাকে এবং মণিমৎপ্রভৃতি বহুতর রাজাকে পরাভূত করিলেন ॥১০॥

তদনন্তর তিনি সামান্য যুদ্ধ করিয়াই দক্ষিণমল্লদেশ ও ভোগবান্ পর্ব্বত জয় করিলেন ॥১১॥

তৎপরে পুরুষশ্রেষ্ঠ ভীমসেন সান্ত্ববাক্য দ্বারাই শর্ম্মক ও বর্ম্মকগণকে জয় করিয়া সামান্য যুদ্ধ দ্বারাই বিদেহরাজ জনককে বশীভূত করিলেন ॥১২॥

তাহার পর ভীম বিদেহরাজ্যে থাকিয়াই নিকটবর্ত্তী ইন্দ্রপর্ব্বত এবং সাত জন কিরাতরাজকে জয় করিলেন ॥১৩॥

[১২] শ্লোকাৎ পরম্ 'শকাংশ্চ বর্ব্বরাংশ্চৈব অজয়চ্ছদ্মপূর্ব্বকম্' ইতি পাঠঃ কচিৎ।

ততঃ সুহ্মান্ প্রসুহ্মাংশ্চ সপক্ষানপি বীর্য্যবান্।
বিজিগ্যে যুধি কৌন্তেয়ো মাগধানভ্যয়াদ্বলী ॥১৪॥
দণ্ডঞ্চ দণ্ডধারঞ্চ বিজিত্য পৃথিবীপতিম্।
তৈরেব সহিতঃ সর্ব্বৈর্গিরিব্রজমুপাদ্রবৎ ॥১৫॥
জারাসন্ধিং সান্ত্বয়িত্বা করে চ বিনিবেশ্য হ।
তৈরেব সহিতঃ সর্বৈঃ কর্ণমভ্যদ্রবদ্বলী ॥১৬॥
স কম্পয়ন্নিব মহীং বলেন চতুরঙ্গিণা।
যুযুধে পাণ্ডবশ্রেষ্ঠঃ কর্ণেনামিত্রঘাতিনা ॥১৭॥
স কর্ণং যুধি নির্জ্জিত্য বশে কৃত্বা চ ভারত!।
ততো বিজিগ্যে বলবান্ রাজ্ঞঃ পর্ব্বতবাসিনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। সপক্ষানপি সসহায়ানপি। মাগধান্ মগধদেশীয়ান্ ॥১৪॥
দণ্ডমিতি। দণ্ডং দণ্ডধারঞ্চ নাম। গিরিব্রজং তদাখ্যাং জরাসন্ধরাজধানীম্ ॥১৫॥
জারেতি। জারাসন্ধিং জরাসন্ধপুত্রং সহদেবম্। করে করদানে ॥১৬॥
স ইতি। স পাণ্ডবশ্রেষ্ঠো ভীমসেনঃ। অমিত্রঘাতিনা শত্রুহন্ত্রা ॥১৭॥
স ইতি। স ভীমসেনঃ, কর্ণম্ অঙ্গরাজম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৪॥ সুহ্মাঃ রাঢ়াঃ। মাগধানভ্যধাদ্বলী করং প্রযচ্ছতেত্যুক্তবান্, পূর্ব্বমেব পরাক্রান্তত্বাৎ ॥১৫—২৮॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥২৯॥

তৎপরে উৎসাহী ও বলবান্ ভীমসেন সহায়সম্পন্ন সুহ্মগণ ও প্রসুহ্মগণকে জয় করিয়া মগধরাজ্যের দিকে ধাবিত হইলেন ॥১৪॥

সেখানে যাইয়া দণ্ড ও দণ্ডধার রাজাকে জয় করিয়া তাঁহাদের সহিত মিলিত হইয়াই গিরিব্রজরাজধানীর দিকে ধাবিত হইলেন ॥১৫॥

তথায় উপস্থিত হইয়া সান্ত্বাক্যে জরাসন্ধের পুত্র সহদেবকে বশীভূত করিয়া, তাঁহার নিকট হইতে করগ্রহণপূর্ব্বক তাঁহাদের সহিত মিলিত হইয়া অঙ্গদেশাধিপতি কর্ণের প্রতি ধাবিত হইলেন ॥১৬॥

তাহার পর পাণ্ডবশ্রেষ্ঠ ভীমসেন স্বকীয় চতুরঙ্গ সৈন্য দ্বারা পৃথিবীকে কম্পিত করিতে থাকিয়াই যেন শত্রুহন্তা কর্ণের সহিত যুদ্ধ করিলেন ॥১৭॥

হে ভরতনন্দন! তৎপরে ভীমসেন যুদ্ধে কর্ণকে পরাভূত ও বশীভূত করিয়া পর্ব্বতবাসী রাজগণকেও জয় করিলেন ॥১৮॥

[১৫]…তৈরেব সহিতৈঃ সর্ব্বৈঃ। [১৬]…তৈরেব সহিতৈঃ সবৈঃ…।

অথ মোদাগিরৌ চৈব রাজানং বলবত্তরম্ ।
পাণ্ডবো বাহুবীর্য্যেণ নিজঘান মহামৃধে ॥১৯॥
ততঃ পুণ্ড্রাধিপং বীরং বাসুদেবং মহাবলম্ ।
কৌশিকীকচ্ছনিলয়ং রাজানঞ্চ মহৌজসম্ ॥২০॥
উভৌ বলভৃতৌ বীরাবুভৌ তীব্রপরাক্রমৌ ।
নির্জ্জিত্যাজৌ মহারাজ ! বঙ্গরাজমুপাদ্রবৎ ॥২১॥ (যুগ্মকম্)
সমুদ্রসেনং নির্জ্জিত্য চন্দ্রসেনঞ্চ পার্থিবম্ ।
তাম্রলিপ্তঞ্চ রাজানং কর্ব্বটাধিপতিং তথা ॥২২॥
সুহ্মানামধিপঞ্চৈব যে চ সাগরবাসিনঃ ।
পূর্ব্বান্ ম্লেচ্ছগণাংশ্চৈব বিজিগ্যে ভরতর্ষভঃ ॥২৩॥ (যুগ্মকম্)
এবং বহুবিধান্ দেশান্ বিজিত্য পবনাত্মজঃ ।
বসু তেভ্য উপাদায় লৌহিত্যমগমদ্বলী ॥২৪॥
স সর্ব্বান্ ম্লেচ্ছনৃপতীন্ সাগরানূপবাসিনঃ ।
করমাহারয়ামাস রত্নানি বিবিধানি চ ॥২৫॥

ভারতকৌমুদী

অথেতি। পাণ্ডবো ভীমসেনঃ। মহামৃধে মহাযুদ্ধে ॥১৯॥

তত ইতি। কৌশিক্যা নদ্যাঃ কচ্ছো জলপ্রায়দেশো নিলয়ো যস্য তং কৌশিকীনদীতীর-বাসিনমিত্যর্থঃ। আজৌ যুদ্ধে। উপাদ্রবৎ অভ্যধাবৎ, ভীম ইতি শেষঃ ॥২০—২১॥

সমুদ্রেতি। তাম্রলিপ্তস্যায়ং তাম্রলিপ্তস্তম্। সাগরবাসিনঃ সাগরতীরস্থাঃ ॥২২—২৩॥

এবমিতি। পবনাত্মজো ভীমঃ। বসু কররূপং ধনম্। লৌহিত্যং ব্রহ্মপুত্রনদম্ ॥২৪॥

তাহার পর তিনি নিজের বাহুবলেই মহাযুদ্ধে মোদাগিরির বলবান্ রাজাকে বধ করিলেন ॥১৯॥

মহারাজ ! তাহার পর ভীম, পুণ্ড্রদেশের রাজা মহাবীর বাসুদেবকে এবং কৌশিকীনদীর তীরবাসী মহাতেজা রাজাকে জয় করিয়া, বঙ্গদেশের দিকে ধাবিত হইলেন। ঐ দুই জন রাজাই সৈন্যসামন্তশালী ; উৎসাহী ও মহা-পরাক্রমযুক্ত ছিলেন ॥২০—২১॥

ভরতশ্রেষ্ঠ ভীমসেন, সমুদ্রসেন ও চন্দ্রসেন রাজাকে, তাম্রলিপ্তের রাজাকে, কর্ব্বটের রাজাকে এবং সুহ্মের রাজাকে জয় করিয়া, যে সকল ম্লেচ্ছ পূর্ব্বসমুদ্রের তীরে বাস করিত, তাহাদিগকেও জয় করিলেন ॥২২—২৩॥

বলবান্ ভীম এইভাবে বহু দেশ জয় করিয়া তাহা হইতে করগ্রহণপূর্ব্বক ব্রহ্মপুত্রনদসন্নিহিত দেশে গমন করিলেন ॥২৪॥

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

—————:✽:—————

সভাপর্ব্ব

———:✽:———

তৃতীয়খণ্ডম্

———:✽:———

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

শব্দাচার্য্য-পুরাণশাস্ত্রি-সাংখ্যরত্ন-ব্যাকরণতীর্থ-কাব্যতীর্থ-

স্মৃতিতীর্থোপাধিমতা মহোপদেশকেন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

—————:✽:—————

কলিকাতা ৪১ সংখ্যকস্থূরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৩৮ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

চন্দনাগুরুবস্ত্রাণি মণিমৌক্তিককম্বলম্।
কাঞ্চনং রজতঞ্চৈব বিদ্রুমঞ্চ মহাধনম্ ॥২৬॥ (যুগ্মকম্)
তে কোটিশতসংখ্যেন কৌন্তেয়ং মহতা তদা।
অভ্যবর্ষন্ মহাত্মানং ধনবর্ষেণ পাণ্ডবম্ ॥২৭॥
ইন্দ্রপ্রস্থমুপাগম্য ভীমো ভীমপরাক্রমঃ।
নিবেদয়ামাস তদা ধর্ম্মরাজায় তদ্ধনম্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে ভীমপূর্ব্বদিগ্বিজয়ো নাম ঊনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

স ইতি। সাগরানূপবাসিনঃ সাগরস্য জলপ্রায়দেশবাসিনঃ, "জলপ্রায়মনূপং স্যাৎ পুংসি কচ্ছঃ" ইত্যমরঃ। বিদ্রুমং প্রবালম্। আহারয়ামাস প্রদাপয়ামাস ॥২৫—২৬॥

ত ইতি। ধনবর্ষেণ অভ্যবর্ষন্ করগ্রাহিরূপেণ সম্বর্দ্ধীকৃতবন্ত ইত্যর্থঃ ॥২৭॥

ইন্দ্রেতি। ধর্ম্মরাজায় যুধিষ্ঠিরায়, তদ্ধনং নিবেদয়ামাস দদাবিত্যর্থঃ ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে ঊনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

তাহার পর তিনি সমুদ্রতীরবাসী সমস্ত ম্লেচ্ছরাজগণের নিকট হইতে নানাবিধ রত্ন, চন্দন, অগুরু, বস্ত্র, মণি, মুক্তা, কম্বল, স্বর্ণ, রৌপ্য, প্রবাল এবং প্রচুর ধন কররূপে গ্রহণ করিলেন ॥২৫—২৬॥

তাহার পরেও তাহারা শতকোটি ধন মহাত্মা ভীমসেনকে কররূপে দান করিল ॥২৭॥

তাহার পর, ভয়ঙ্কর-পরাক্রমশালী ভীমসেন ইন্দ্রপ্রস্থে যাইয়া সেই সমস্ত ধনই যুধিষ্ঠিরকে নিবেদন করিলেন ॥২৮॥

———:০:———

[২৬]···কাঞ্চনঞ্চৈব রত্নঞ্চ···। * '···ত্রিংশোঽধ্যায়ঃ' '···একত্রিংশোঽধ্যায়ঃ'।

ত্রিংশোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

তথৈব সহদেবোঽপি ধর্ম্মরাজেন পূজিতঃ।
মহত্যা সেনয়া সার্দ্ধং প্রযযৌ দক্ষিণাং দিশম্ ॥১॥
স শূরসেনান্ কাৎস্ন্যেন পূর্ব্বমেবাজয়ৎ প্রভুঃ।
মৎস্যরাজঞ্চ কৌরব্যো বশে চক্রে বলাদ্বলী ॥২॥
যুধি রাজাধিপঞ্চৈব দন্তবক্রং মহাবলম্।
জিগায় করদঞ্চৈব কৃত্বা রাজ্যে ন্যবেশয়ৎ ॥৩॥
সুকুমারং বশে চক্রে সুমিত্রঞ্চ নরাধিপম্।
তথৈবাপরমৎস্যাংশ্চ ব্যজেষ্ট স পটচ্চরান্ ॥৪॥
নিষাদভূমিং গোশৃঙ্গং পর্ব্বতপ্রবরং তথা।
তরসৈবাজয়দ্ধীমান্ শ্রেণিমন্তঞ্চ পার্থিবম্ ॥৫॥

ভারতকৌমুদী

তথেতি। পূজিতঃ দুষ্করদিগ্বিজয়করণোদ্যমাৎ পুষ্পমাল্যার্পণাদিনা সম্মানিতঃ ॥১॥
স ইতি। কাৎস্ন্যেন সাকল্যেন। প্রভুঃ প্রভাবশালী ॥২॥
যুধীতি। রাজাধিপং রাজশ্রেষ্ঠম্, দন্তবক্রং নাম। ন্যবেশয়ৎ পুনরস্থাপয়ৎ ॥৩॥
সুকুমারমিতি। স সহদেবঃ, পটচ্চরান্ তদাখ্যং দেশম্ ॥৪॥
নিষাদেতি। গোশৃঙ্গং নাম পর্ব্বতপ্রবরম্। তরসৈব বলেনৈব ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির ভীম ও অর্জ্জুনের ন্যায় সহদেবকেও সম্মানিত করিলে, তিনি বিশাল সৈন্যের সহিত দক্ষিণদিকে যাত্রা করিলেন ॥১॥

প্রভাবশালী ও বলবান্ সহদেব প্রথমেই সমস্ত শূরসেনদেশ জয় করিলেন এবং বলপূর্ব্বক মৎস্যরাজকে বশীভূত করিলেন ॥২॥

তাহার পর, রাজশ্রেষ্ঠ ও মহাবল দন্তবক্রকে যুদ্ধে জয় করিলেন এবং করদাতা করিয়া পুনরায় রাজ্যে স্থাপন করিলেন ॥৩॥

তৎপরে সহদেব সুকুমার ও সুমিত্র রাজাকে বশীভূত করিলেন এবং অপর মৎস্যদেশ ও পটচ্চরদেশ জয় করিলেন ॥৪॥

তাহার পর বলপূর্ব্বক নিষাদদেশ, পর্ব্বতশ্রেষ্ঠ গোশৃঙ্গ এবং শ্রেণিমান্ রাজাকে জয় করিলেন ॥৫॥

(১)…মহত্যা সেনয়া রাজন্!…। (৩) অধিরাজাধিপঞ্চৈব…। (৪)…ব্যজয়ৎ স পটচ্চরান্।

ত্রিংশোঽধ্যায়ঃ।

নররাষ্ট্রঞ্চ নির্জিত্য কুন্তিভোজমুপাদ্রবৎ।
প্রীতিপূর্ব্বঞ্চ তস্যাসৌ প্রতিজগ্রাহ শাসনম্ ॥৬॥
ততশ্চর্ম্মণ্বতীতীরে জম্ভকস্যাত্মজং নৃপম্।
দদর্শ বাসুদেবেন শেষিতং পূর্ব্ববৈরিণা ॥৭॥
চক্রে তেন স সংগ্রামং সহদেবেন ভারত!।
স তমাজৌ বিনির্জ্জিত্য দক্ষিণাভিমুখো যযৌ ॥৮॥
সেকানপরসেকাংশ্চ ব্যজয়ৎ স মহাবলঃ।
করং তেভ্য উপাদায় রত্নানি বিবিধানি চ।
ততস্তৈরেব সহিতো নর্ম্মদামভিতো যযৌ ॥৯॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ সৈন্যেন মহতা বৃতৌ।
জিগায় সমরে বীরাবাশ্বিনেয়ঃ প্রতাপবান্ ॥১০॥

ভারতকৌমুদী

নরেতি। অসৌ কুন্তিভোজশ্চ, তস্য সহদেবস্য, শাসনমাদেশম্, প্রীতিপূর্ব্বং প্রতিজগ্রাহ, নিজভগিন্যাঃ কুন্ত্যাঃ সপত্নীপুত্রস্য সহদেবস্য ভাগিনেয়স্থানপাতিত্বাদিতি ভাবঃ ॥৬॥

তত ইতি। পূর্ব্ববৈরিণা বাসুদেবেন কৃষ্ণেন, শেষিতম্ অবশিষ্টভাবেন রক্ষিতম্ ॥৭॥

চক্র ইতি। স জম্ভকাত্মজঃ। স সহদেবঃ, তং জম্ভকাত্মজম্, আজৌ যুদ্ধে ॥৮॥

সেকানিতি। সেকা অপরসেকাশ্চ তত্তদাখ্যৌ দেশৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। আশ্বিনেয়ঃ অশ্বিনীকুমারপুত্রঃ সহদেবঃ ॥১০॥

তদনন্তর সহদেব নররাষ্ট্র জয় করিয়া কুন্তিভোজ রাজার দিকে ধাবিত হইলেন; তৎপরে কুন্তিভোজ রাজা প্রীতিনিবন্ধনই সহদেবের আদেশ স্বীকার করিলেন ॥৬॥

তাহার পর, সহদেব চর্ম্মণ্বতীনদীর তীরে যাইয়া রাজা জম্ভকের পুত্রকে দেখিতে পাইলেন; পূর্ব্বশত্রু কৃষ্ণ তাঁহাকে অবশিষ্ট রাখিয়াছিলেন ॥৭॥

হে ভরতনন্দন! জম্ভকের পুত্র সহদেবের সহিত যুদ্ধ করিলেন; তৎপরে সহদেব তাঁহাকে যুদ্ধে জয় করিয়া দক্ষিণাভিমুখে যাইতে লাগিলেন ॥৮॥

ক্রমে মহাবল সহদেব সেক ও অপরসেকদেশীয় রাজগণকে জয় করিলেন, তাহার পর তাঁহাদের নিকট হইতে নানাবিধ রত্ন কর লইয়া তাঁহাদেরই সহিত নর্ম্মদানদীর দিকে চলিয়া গেলেন ॥৯॥

সে দিকে যাইয়া প্রতাপশালী সহদেব, বিশাল সৈন্যে পরিবেষ্টিত অবন্তিদেশীয় বীর বিন্দ ও অনুবিন্দকে যুদ্ধে জয় করিলেন ॥১০॥

(৮)···সহ ভোজেন ভারত!···। (৯)···ততস্তেনৈব সহিতঃ···।

তত রত্নান্যুপাদায় পুরং ভোজকটং যযৌ।
তত্র যুদ্ধমভূদ্রাজন্! দিবসদ্বয়মচ্যুত! ॥১১॥
স বিজিত্য দুরাধর্ষং ভীষ্মকং মাদ্রিনন্দনঃ।
কোশলাধিপতিঞ্চৈব তথা বেণ্বাতটাধিপম্ ॥১২॥
কান্তারকাংশ্চ সমরে তথা প্রাকোটকান্ নৃপান্।
নাটকেয়াংশ্চ সমরে তথা হেরম্বকান্ যুধি ॥১৩॥
মারুধঞ্চ বিনির্জিত্য রম্যগ্রামমথো বলাৎ।
নাচীনানর্বুকাংশ্চৈব রাজ্ঞশ্চৈব মহাবলঃ।
তাংস্তানাটবিকান্ সর্ব্বানজয়ৎ পাণ্ডুনন্দনঃ ॥১৪॥ (বিশেষকম্)
বাতাধিপঞ্চ নৃপতিং বশে চক্রে মহাবলঃ।
পুলিন্দাংশ্চ রণে জিত্বা যযৌ দক্ষিণতঃ পুনঃ ॥১৫॥
যুযুধে পাণ্ড্যরাজেন দিবসং নকুলানুজঃ।
তং জিত্বা স মহাবাহুঃ প্রযযৌ দক্ষিণাপথম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। ততস্তাভ্যাং বিন্দানুবিন্দাভ্যাং সকাশাৎ। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! জনমেজয়! ॥১১॥

স ইতি। মদ্রস্যাপত্যং স্ত্রী মাদ্রিঃ "ইতশ্চ ক্তিবর্জিতাদ্বা" ইতি বৈকল্পিকত্বান্নেপ্রত্যয়ঃ, তস্যা নন্দনঃ সহদেবঃ। বেণ্বা নাম নদী তস্যাস্তটাধিপম্। কান্তারকাদয়ো দেশাঃ। আটবিকান্ বনাধিপতীন্। চতুর্দ্দশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১২—১৪॥

বাতেতি। বাতাধিপং বাতনামকদেশাধিপতিম্। মহাবলঃ সহদেবঃ ॥১৫॥

যুযুধ ইতি। পাণ্ড্যরাজেন পাণ্ড্যদেশাধিপতিনা। নকুলানুজঃ সহদেবঃ ॥১৬॥

তাঁহাদের নিকট হইতে নানাবিধ রত্ন কর লইয়া ভোজকটপুরে গমন করিলেন; হে ধার্ম্মিক মহারাজ! সেখানে দুই দিন যাবৎ যুদ্ধ হইল ॥১১॥

তাহার পর, সহদেব দুর্দ্ধর্ষ ভীষ্মকরাজাকে জয় করিয়া, কোশলার রাজাকে এবং বেণ্বাতীরের রাজাকে জয় করিলেন; তৎপরে কান্তারক, প্রাকোটক, নাটকেয়, হেরম্বক ও মারুধদেশীয় রাজগণকে যুদ্ধে জয় করিয়া, রম্যগ্রাম, নাচীন ও অর্বুকপ্রভৃতি সমস্ত বন্য নরপতিগণকে জয় করিলেন ॥১২—১৪॥

মহাবল সহদেব বাতদেশের রাজাকে বশীভূত করিলেন এবং পুলিন্দগণকে যুদ্ধে জয় করিয়া পুনরায় দক্ষিণদিকে যাইতে লাগিলেন ॥১৫॥

তাহার পর, পাণ্ড্যরাজের সহিত এক দিন যুদ্ধ করিলেন, পরে তাঁহাকে জয় করিয়া ক্রমিক দক্ষিণদিকে গমন করিতে থাকিলেন ॥১৬॥

(১২)···তথা বেণাতটাধিপম্।

গুহামাসাদয়ামাস কিষ্কিন্ধ্যাং লোকবিশ্রুতাম্।
তত্র বানররাজাভ্যাং মৈন্দেন দ্বিবিদেন চ।
যুযুধে দিবসান্ সপ্ত ন চ তৌ বিকৃতিং গতৌ ॥১৭॥
ততস্তুষ্টৌ মহাত্মানৌ সহদেবায় বানরৌ।
ঊচতুশ্চৈব সংহৃষ্টৌ প্রীতিপূর্ব্বমিদং বচঃ ॥১৮॥
গচ্ছ পাণ্ডবশার্দ্দূল! রত্নান্যাদায় সর্ব্বশঃ।
অবিঘ্নমস্তু কার্য্যায় ধর্ম্মরাজায় ধীমতে ॥১৯॥
ততো রত্নান্যুপাদায় পুরীং মাহিষ্মতীং যযৌ।
তত্র নীলেন রাজ্ঞা স চক্রে যুদ্ধং নরর্ষভঃ ॥২০॥
পাণ্ডবঃ পরবীরঘ্নঃ সহদেবঃ প্রতাপবান্।
ততোঽস্য সুমহদ্যুদ্ধমাসীদ্ভীরুভয়ঙ্করম্ ॥২১॥
সৈন্যক্ষয়করঞ্চৈব প্রাণানাং সংশয়াবহম্।
চক্রে তস্য হি সাহায্যং ভগবান্ হব্যবাহনঃ ॥২২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

গুহামিতি। বিকৃতিং ক্লান্তিরূপং বিকারম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

তত ইতি। তত্র পূর্ব্বপরার্দ্ধয়োর্ব্বাক্যদ্বয়মিতি তুষ্টৌ সংহৃষ্টাবিতি ন পৌনরুক্ত্যম্ ॥১৮॥

গচ্ছেতি। বিঘ্নস্যাভাবঃ অবিঘ্নম্, অভাবার্থেঽব্যয়ীভাবঃ। কার্য্যায় রাজসূয়ায় ॥১৯॥

তত ইতি। নীলেন তদাখ্যেন। ভীরূণাং ভয়শীলানামেব ভয়ঙ্করম্। তস্য নীলস্য রাজ্ঞঃ। হব্যবাহনঃ অগ্নিদেবঃ ॥২০—২২॥

তাহার পরে জগদ্বিখ্যাত কিষ্কিন্ধ্যাগুহায় উপস্থিত হইলেন; সেখানে সহদেব বানররাজ মৈন্দ ও দ্বিবিদের সহিত সপ্তাহ যাবৎ যুদ্ধ করিলেন; কিন্তু তাহাতেও তাঁহারা ক্লান্ত হইলেন না ॥১৭॥

তদনন্তর মহাত্মা মৈন্দ ও দ্বিবিদ সহদেবের প্রতি সন্তুষ্ট হইলেন এবং সন্তুষ্ট অবস্থাতেই প্রীতিপূর্ব্বক এই কথা বলিলেন- ॥১৮॥

'হে পাণ্ডবশ্রেষ্ঠ! আপনি সর্ব্বপ্রকার রত্ন লইয়া চলিয়া যান। বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের বা তাঁহার রাজসূয়যজ্ঞের যেন কোন বিঘ্ন হয় না' ॥১৯॥

তাহার পর, পরবীরহন্তা প্রতাপশালী নরশ্রেষ্ঠ সহদেব নানাবিধ রত্ন কর লইয়া মাহিষ্মতীপুরীতে গমন করিলেন এবং সেখানে নীলরাজার সহিত যুদ্ধ করিতে লাগিলেন। সেই গুরুতর যুদ্ধ ভীরুজনের ভয়, সৈন্যগণের ক্ষয়, এমন কি সহদেবের প্রাণসংশয়পর্য্যন্ত জন্মাইল। কারণ, ভগবান্ অগ্নিদেব স্বয়ং নীলরাজার সাহায্য করিতেছিলেন ॥২০—২২॥

তত রথা হয়া নাগাঃ পুরুষাঃ কবচানি চ।
প্রদীপ্তানি ব্যদৃশ্যন্ত সহদেববলে তদা ॥২৩॥
ততঃ সুসম্ভ্রান্তমনা বভূব কুরুনন্দনঃ।
নোত্তরং প্রতিবক্তুঞ্চ শক্তোঽভূজ্জনমেজয় ! ॥২৪॥

জনমেজয় উবাচ।

কিমর্থং ভগবান্ বহ্নিঃ প্রত্যমিত্রোঽভবদ্‌যুধি।
সহদেবস্য যজ্ঞার্থং ঘটমানস্য বৈ দ্বিজ ! ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

তত্র মাহিষ্মতীবাসী ভগবান্ হব্যবাহনঃ।
শ্রূয়তে হি গৃহীতোঽসৌ পুরস্তাৎ পারদারিকঃ ॥২৬॥
নীলস্য রাজ্ঞো দুহিতা রূপেণাপ্রতিমা ভুবি।
অগ্নিহোত্রমুপাতিষ্ঠদ্বোধনায় পিতুঃ সদা ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। হয়া অশ্বাঃ, নাগা হস্তিনঃ, পুরুষাঃ সৈনিকাঃ। প্রদীপ্তানি প্রজ্জলিতানি ॥২৩॥
তত ইতি। সুসম্ভ্রান্তমনা অতীবব্যস্তচিত্তঃ। উত্তরং পরকর্তব্যম্ ॥২৪॥
কিমর্থমিতি। হে দ্বিজ ! ভগবান্ বহ্নিঃ, যুধি, যজ্ঞার্থং বহ্নেঃ প্রীতিকরমেব রাজসূয়যজ্ঞং সম্পাদয়িতুম্, ঘটমানস্য প্রবর্ত্তমানস্য সহদেবস্য, কিমর্থং প্রত্যমিত্রঃ শত্রুরভবৎ ॥২৫॥
তত্রেতি। তত্র তদানীম্। পুরস্তাৎ পূর্বম্, পারদারিকঃ, গৃহীতো লোকৈরবগতঃ ॥২৬॥
নীলস্যেতি। বোধনায় অগ্নিপ্রজ্জলনায়, অগ্নিহোত্রং তৎস্থানম্, উপাতিষ্ঠদুপস্থিতা ॥২৭॥

ভারতভাবদীপঃ

তথৈবেতি ॥১—৩॥ পটচ্চরান্ চোরদেশান্ ॥৪—২৩॥ প্রত্যমিত্রঃ শত্রুঃ ॥২৫॥ পার

তাহাতে তখন সহদেবের সৈন্যসমূহের মধ্যে হস্তী, অশ্ব, রথ, সৈনিক এবং তাহাদের কবচ এই গুলি জ্বলিতে দেখা যাইতে লাগিল ॥২৩॥

মহারাজ ! তাহাতে সহদেব এতদূর ব্যস্ত হইয়া পড়িলেন যে, পরে কি করিবেন তাহা বলিতে পর্য্যন্ত সমর্থ হইলেন না ॥২৪॥

জনমেজয় জিজ্ঞাসা করিলেন—'মহর্ষি ! সহদেব অগ্নির প্রীতিজনক যজ্ঞ সম্পাদন করিবার জন্যই প্রবৃত্ত হইয়াছিলেন, তথাপি ভগবান্ অগ্নিদেব যুদ্ধে তাঁহার শত্রু হইয়াছিলেন কেন ?' ॥২৫॥

বৈশম্পায়ন বলিলেন—শুনা যায় যে, ঐ ঘটনার পূর্ব্ব হইতেই মাহিষ্মতী-নগরের সকলেই ভগবান্ অগ্নিদেবকে পারদারিক বলিয়া জানিত ॥২৬॥

(২৭) নীলস্য রাজ্ঞো দুহিতা বভূবাতীব শোভনা…।

বীজ্যমানোঽপি স তদা নৈব প্রজ্বলতি স্ম হ।
যাবচ্চারুপুটৌষ্ঠেন বায়ুনা ন সমীরিতঃ ॥২৮॥
ততঃ স ভগবান্ বহ্নিশ্চকমে তাং সুদর্শনাম্।
নীলস্য রাজ্ঞঃ সর্ব্বেষামুপনীতশ্চ সোঽভবৎ ॥২৯॥
ততো ব্রাহ্মণরূপেণ রমমাণং যদৃচ্ছয়া।
তং তু রাজা যথাশাস্ত্রমশাসদ্ধার্ম্মিকস্তদা ॥৩০॥
প্রজজ্বাল ততঃ কোপাদ্ভগবান্ হব্যবাহনঃ।
তং দৃষ্ট্বা বিস্মিতো রাজা জগাম শিরসাঽবনিম্ ॥৩১॥

ভারতকৌমুদী

বীজ্যমান ইতি। নীলরাজদুহিত্রা ব্যজনৈর্বীজ্যমানোঽপি স বহ্নিঃ, তদা তাবৎ নৈব প্রজ্বলতি স্ম; যাবৎ, চারু পুটং যয়োস্তৌ তাদৃশৌ যৌ ওষ্ঠৌ তয়োরয়ং তেন বায়ুনা, ন সমীরিতঃ ন সন্ধুক্ষিতঃ; তৎকন্যায়াশ্চুম্বনপ্রকারপ্রাপ্ত্যভিলাষাদিতি ভাবঃ ॥২৮॥

তত ইতি। সর্ব্বেষাং জনানাঞ্চ, উপনীতো রাজকন্যাকামিত্বেন জ্ঞাতঃ, স বহ্নিঃ ॥২৯॥

তত ইতি। যদৃচ্ছয়া স্বেচ্ছয়া, যথাশাস্ত্রং রতিশাস্ত্রানুসারেণ, রমমাণং তং বহ্নিম্ ॥৩০॥

প্রেতি। প্রজজ্বাল রাজভবনাদাবিতি শেষঃ। কোপাৎ রমণনিবারণজনিতাৎ ॥৩১॥

ভারতভাবদীপঃ

দারিকা স্বেনানূঢ়ায়া অপি পরকীয়ত্বাৎ পরদারাসক্তো গৃহীতঃ বিবশঃ ॥২৬—২৮॥ চকমে মানুষস্বরূপেণ শব্দতঃ কাময়ামাস। এবং সর্ব্বেষামপি গৃহে ইত্যুক্তং সর্ব্বেষামিতি। তয়া চ সঃ

জগতে অতুলনীয় সুন্দরী নীলরাজার একটি কন্যা ছিল, সে সর্ব্বদাই পিতার অগ্নিহোত্রের অগ্নি প্রজ্বলিত করিয়া দিবার জন্য অগ্নিহোত্রস্থানে উপস্থিত থাকিত ॥২৭॥

সেই কন্যাটী যে পর্য্যন্ত মনোহর ওষ্ঠপুট দ্বারা ফুৎকার না করিত, সে পর্য্যন্ত শত ব্যজন করিলেও অগ্নি প্রজ্বলিত হইতেন না ॥২৮॥

তৎপরে ক্রমশঃ ভগবান্ অগ্নিদেব সেই সুন্দরী কন্যাটীতে আসক্ত হইয়া পড়িলেন; সেই ঘটনা স্বয়ং নীলরাজা এবং অন্যান্য সকলে জানিয়া ফেলিল ॥২৯॥

তাহার পর একদিন অগ্নিদেব ব্রাহ্মণরূপে আসিয়া রতিশাস্ত্র ও ইচ্ছানুসারে রমণ করিতেছিলেন, এমন সময়ে ধার্ম্মিক রাজা আসিয়া তাঁহাকে শাসন করিলেন ॥৩০॥

তাহাতে ক্রুদ্ধ হইয়া ভগবান্ অগ্নিদেব রাজভবনে জ্বলিয়া উঠিলেন; তাহা দেখিয়া রাজা বিস্মিত হইয়া অগ্নিদেবকে প্রণাম করিলেন ॥৩১॥

(২৮) ব্যজনৈর্ধূয়মানোঽপি তাবৎ প্রজ্বলতে ন সঃ। যাবচ্চারুপুটৌষ্ঠেন বায়ুনা ন বিধূয়তে। (৩০)...অশ্বশাদ্ধার্ম্মিকস্তদা।

ততঃ কালেন তাং কন্যাং তথৈব হি তদা নৃপঃ।
প্রদদৌ বিপ্ররূপায় বহ্নয়ে শিরসা নতঃ ॥৩২॥
প্রতিগৃহ্য চ তাং কন্যাং নীলরাজ্ঞঃ সুতাং তদা।
চক্রে প্রসাদং ভগবাংস্তস্য রাজ্ঞো বিভাবসুঃ ॥৩৩॥
বরেণ চ্ছন্দয়ামাস তং নৃপং স্বিষ্টকৃত্তমঃ।
অভয়ঞ্চ স জগ্রাহ স্বসৈন্যে বৈ মহীপতিঃ ॥৩৪॥
ততঃ প্রভৃতি যে কেচিদজ্ঞানাত্তাং পুরীং নৃপাঃ।
জিগীষন্তি বলাদ্রাজন্! তে দহ্যন্তে স্ম বহ্নিনা ॥৩৫॥
তস্যাং পুর্য্যাং তদা চৈব মাহিষ্মত্যাং কুরূদ্বহ!।
বভূবুর্ন প্রতিগ্রাহ্যাঃ স্বৈরিণ্যো যোষিতঃ কিল ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। কালেন শুভসময়েন। তথৈব শাস্ত্রাচারানুসারেণৈব ॥৩২॥

প্রতীতি। নীলরাজ্ঞ ইতি অদভাব আর্ষঃ। প্রসাদমনুগ্রহম্। বিভাবসুরগ্নিঃ ॥৩৩॥

বরেণেতি। স্বিষ্টং শুভাভীষ্টং কুর্ব্বন্তীতি স্বিষ্টকৃতস্তেষু প্রকৃষ্ট ইতি স্বিষ্টকৃত্তমো বহ্নিঃ, বরেণ বরগ্রহণানুরোধেন, তং নৃপম্, ছন্দয়ামাস সন্তোষয়ামাস। স মহীপতিশ্চ, স্বেন আত্মনা যুক্তং সৈন্যমিতি স্বসৈন্যং তস্মিন্, অভয়ং বরং জগ্রাহ ॥৩৪॥

তত ইতি। জিগীষন্তি জেতুমিচ্ছন্তি। তে নৃপা বহ্নিনা দহ্যন্তে স্ম ॥৩৫॥

ভারতভাবদীপঃ

উপনীতঃ স্বীকৃতঃ, নীলস্য রাজ্ঞোঽবিদিত ইতি শেষঃ ॥২৯—৩৩॥ শোভনং সুতরাং বা ইষ্টকৃৎ প্রিয়কৃৎ অতিশয়েন স্বিষ্টকৃত্তমঃ, ছন্দয়ামাস প্রীণিতবান্ ॥৩৪—৩৫॥ ছন্দত ইচ্ছাতঃ, অনতিগ্রাহ্যাঃ অত্যন্তং সুগ্রহাঃ ন বভূবুঃ, সর্বাসাম্ অগ্নিনা পরিগৃহীতত্বাৎ ॥৩৬॥ অপ্রতি-

তাহার পর, রাজা অবনত হইয়া শুভদিনে শাস্ত্রানুসারে ব্রাহ্মণরূপী অগ্নিকে সেই কন্যাটী দান করিলেন ॥৩২॥

তখন ভগবান্ অগ্নিদেব নীলরাজার সেই কন্যাটীকে গ্রহণ করিয়া সেই রাজার প্রতি অনুগ্রহ করিবার ইচ্ছা করিলেন ॥৩৩॥

তৎপরে অভীষ্টকারিশ্রেষ্ঠ অগ্নিদেব বর গ্রহণ করিবার জন্য অনুরোধ করিয়া সেই রাজাকে সন্তুষ্ট করিলেন; রাজাও নিজের ও নিজসৈন্যগণের অভয়বর গ্রহণ করিলেন ॥৩৪॥

মহারাজ! তদবধি যে কোন রাজা উক্ত ঘটনা না জানিয়া বলপূর্ব্বক মাহিষ্মতীপুরী জয় করিতে ইচ্ছা করেন, তিনিই অগ্নিকর্তৃক দগ্ধ হইয়া থাকেন ॥৩৫॥

(৩৫)…দহ্যন্তে তেন বহ্নিনা। (৩৬)…বভূবুরনতিগ্রাহ্যা যোষিতশ্ছন্দতঃ কিল।

এবমগ্নির্বরং প্রাদাৎ স্ত্রীণামপ্রতিবারণে।
স্বৈরিণ্যস্তত্র নার্য্যো হি যথেষ্টং বিচরন্ত্যুত ॥৩৭॥
বর্জয়ন্তি চ রাজানস্তৎ পুরং ভরতর্ষভ ! ।
ভয়াদগ্নের্মহারাজ ! তদাপ্রভৃতি সর্বদা ॥৩৮॥
সহদেবস্তু ধর্ম্মাত্মা সৈন্যং দৃষ্ট্বা ভয়ার্দ্দিতম্।
পরীতমগ্নিনা রাজন্ ! নাকম্পত যথা গিরিঃ।
উপস্পৃশ্য শুচির্ভূত্বা সোঽব্রবীৎ পাবকং ততঃ ॥৩৯॥

সহদেব উবাচ।

ত্বদর্থোঽয়ং সমারম্ভঃ কৃষ্ণবর্ত্মন্ ! নমোঽস্তু তে।
মুখং ত্বমসি দেবানাং যজ্ঞস্ত্বমসি পাবক ! ॥৪০॥

ভারতকৌমুদী

তস্যামিতি। স্বৈরিণ্যঃ স্বেচ্ছাচারিণ্যো যোষিতঃ, প্রতিগ্রাহ্যাঃ পতিভিঃ পরপুরুষ-সংসর্গান্নিবার্য্যাঃ, ন বভূবুঃ। কিমেতৈদিতিহে ॥৩৬॥

কিং তত্র কারণমিত্যাহ এবমিতি। এবং বরং 'যূয়ং স্বৈরিণ্যো ভবত' ইত্যেবম্ ॥৩৭॥

বর্জয়ন্তীতি। রাজানো বিজিগীষব ইত্যর্থঃ। তৎপুরং মাহিষ্মতীনগরীম্ ॥৩৮॥

সহেতি। পরীতং ব্যাপ্তম্। উপস্পৃশ্য আচম্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

বারণে প্রাতিকূল্যেন স্ত্রীণাং বারণং কর্ত্তুং ন শক্তঃ কশ্চিদ্ভবিষ্যতীতি বরঃ, তদেবাহ স্বৈরিণ্য ইতি। ভর্ত্তুরন্যস্য বা শরীরে প্রবিশ্যাগ্নিরেবাস্মাকং ভোগং করোতীতি নিশ্চয়াদিত্যর্থঃ

হে কুরুকুলশ্রেষ্ঠ ! তৎকালে মাহিষ্মতীনগরীতে রমণীরা স্বেচ্ছাচারিণী হইয়াছিল; কিন্তু পুরুষেরা তাহাদিগকে বারণ করিয়া রাখিতে পারিত না ॥৩৬॥

রমণীগণের অনিবার্য্যতাবিষয়ে অগ্নিই এইরূপ বর দিয়াছিলেন। তাই তখন রমণীরা স্বেচ্ছাচারিণী হইয়া ইচ্ছানুসারে বিচরণ করিত ॥৩৭॥

হে ভরতশ্রেষ্ঠ মহারাজ ! তদবধি সর্ব্বদাই জিগীষু রাজারাও অগ্নির ভয়েই সেই মাহিষ্মতীনগরী বর্জন করিয়া আসিতেছেন ॥৩৮॥

রাজা ! ধর্ম্মাত্মা সহদেব কিন্তু আপন সৈন্যগণকে অগ্নিব্যাপ্ত ও ভয়ার্ত্ত দেখিয়াও পর্ব্বতের ন্যায় অচল রহিলেন এবং আচমন করিয়া পবিত্র হইয়া অগ্নিকে বলিতে লাগিলেন— ॥৩৯॥

সহদেব বলিলেন—'হে অগ্নিদেব ! আপনার জন্যই এই যুদ্ধ; আপনাকে নমস্কার করি। আপনি দেবগণের মুখ এবং আপনিই যজ্ঞ ॥৪০॥

[৩৭]…স্বৈরিণ্যো যত্র নার্য্যো হি যথেষ্টং প্রচরন্ত্যুত।

[৩৮] বর্জয়ন্তি চ তদ্রাজ্যং রাজানঃ পুরুষোত্তম !…।

পাবনাৎ পাবকশ্চাসি বহনাদ্ধব্যবাহনঃ।
বেদাস্ত্বদর্থং জাতা বৈ জাতবেদাস্ততো হ্যসি ॥৪১॥
চিত্রভানুঃ সুরেশশ্চ অনলস্ত্বং বিভাবসো!।
স্বর্গদ্বারস্পৃশশ্চাসি হুতাশো জ্বলনঃ শিখী ॥৪২॥
বৈশ্বানরস্ত্বং পিঙ্গেশঃ প্লবঙ্গো ভূরিতেজসঃ।
কুমারসূস্ত্বং ভগবান্ রুদ্রগর্ভো হিরণ্যকৃৎ ॥৪৩॥
অগ্নির্দাতু মে তেজো বায়ুঃ প্রাণং দদাতু মে।
পৃথিবী চ বলং দদ্যাচ্ছিবঞ্চাপো দিশন্তু মে ॥৪৪॥
অপাং গর্ভ! মহাতেজঃ! জাতবেদঃ! সুরেশ্বর!।
দেবানাং মুখমগ্নে! ত্বং সত্যেন বিপুনীহি মাম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

ত্বদর্থ ইতি। ত্বদর্থো রাজসূয়যজ্ঞার্থত্বাৎ। সমারম্ভো যুদ্ধম, কৃষ্ণবর্ত্মন্! অগ্নে! ॥৪০॥

পাবনাদিতি। পাবনাৎ পবিত্রীকরণাৎ। বহনাৎ হবির্ধারণাৎ ॥৪১॥

চিত্রেতি। স্বর্গদ্বারস্পৃশঃ, প্রচুরতরঘৃতগ্রহণেন অতীবোর্দ্ধদেশস্পর্শাদিতি ভাবঃ ॥৪২॥

বৈশ্বেতি। বিশ্বেষু নরেষু জঠরাগ্নিরূপেণ তিষ্ঠতীতি বৈশ্বানরঃ, পিঙ্গানাং পিঙ্গলবর্ণানাং দ্রব্যাণাম্ ঈশঃ শ্রেষ্ঠঃ, বনাদৌ বানরাদিবৎ প্লবেন গচ্ছতীতি প্লবঙ্গঃ, ভূরিতেজস ইতি আর্ষত্বাদৎ বহুবচনং বা, কুমারং কার্ত্তিকেয়ং সূত ইতি কুমারসূঃ, রুদ্রো রুদ্রশক্তির্গর্ভে যস্য সঃ, সংহারকত্বাৎ, হিরণ্যকৃৎ স্বর্ণোৎপাদকশ্চ ॥৪৩॥

অগ্নিরিতি। তেজ উৎসাহম্, প্রাণং মানসিকবলম্, বলং দৈহিকশক্তিম্, শিবং মঙ্গলঞ্চ, আপো জলম্, দিশন্তু দদতু। ভূতত্রয়াগ্নেঃ সংসর্গাদেব বায্বাদিষ্বপি প্রার্থনা ॥৪৪॥

অপামিতি। অপাং গর্ভ! জলপুত্র! "অদ্ভ্যস্তেজাংসি" ইতি শ্রুতেঃ। ত্বং দেবানাং মুখম্, ত্বয়ৈব তৈর্ভোজনাদিতি ভাবঃ। সত্যেন ত্বদীয়েন সত্যজ্যোতিষা ॥৪৫॥

আপনি পবিত্র করেন বলিয়া পাবক এবং হবি বহন করেন বলিয়া হব্যবাহন; আর বেদ সকল আপনার জন্য জন্মিয়াছিল বলিয়া আপনি জাতবেদা ॥৪১॥

হে অগ্নিদেব! আপনি চিত্রভানু, সুরেশ, অনল, স্বর্গদ্বারস্পর্শী, হুতাশন, জ্বলন ও শিখী ॥৪২॥

দেব! আপনি বৈশ্বানর, পিঙ্গেশ, প্লবঙ্গ, ভূরিতেজা, কার্ত্তিকেয়ের জনক, মাহাত্ম্যশালী, রুদ্রশক্তিসম্পন্ন এবং সুবর্ণোৎপাদক (টীকা দ্রষ্টব্য) ॥৪৩॥

অগ্নি আমার তেজ, বায়ু আমার মানসিক বল, পৃথিবী আমার দৈহিক বল এবং জল আমার মঙ্গল দান করুন ॥৪৪॥

অগ্নিদেব! আপনি জলসম্ভূত, মহাতেজা, জাতবেদা, দেবগণের ঈশ্বর এবং দেবগণের মুখ; আপনি সত্য জ্যোতির্দ্বারা আমাকে পবিত্র করুন ॥৪৫॥

ঋষিভির্ব্রাহ্মণৈশ্চৈব দৈবতৈরসুরৈরপি।
নিত্যং সুহুত! যজ্ঞেষু সত্যেন বিপুনীহি মাম্ ॥৪৬॥
ধূমকেতুঃ শিখী চ ত্বং পাপহাঽনিলসম্ভবঃ।
সর্ব্বপ্রাণিষু নিত্যস্থঃ সত্যেন বিপুনীহি মাম্ ॥৪৭॥
এবং স্তুতোঽসি ভগবন্! প্রীতেন শুচিনা ময়া।
তুষ্টিং পুষ্টিং শ্রুতিঞ্চাগ্নে! প্রীতিঞ্চৈব প্রযচ্ছ মে ॥৪৮॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যেবং মন্ত্রমাগ্নেয়ং পঠন্ যো জুহুয়াদ্বিভুম্।
শুদ্ধিমান্ সততং দান্তঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৪৯॥

সহদেব উবাচ।

যজ্ঞবিঘ্নমিমং কর্ত্তুং নার্হস্ত্বং হব্যবাহন!।
এবমুক্ত্বা তু মাদ্রেয়ঃ কুশৈরাস্তীর্য্য মেদিনীম্ ॥৫০॥
বিধিবৎ পুরুষব্যাঘ্রঃ পাবকং প্রত্যুপাবিশৎ।
প্রমুখে সর্বসৈন্যস্য ভীতোদ্বিগ্নস্য ভারত! ॥৫১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ঋষিভিরিতি। যজ্ঞেষু সুহুত! হবিঃপ্রক্ষেপাস্পদীকৃত! ॥৪৬॥

ধূমেতি। অনিলাৎ সম্ভবতি বাহুল্যেনোৎপদ্যত ইতি সঃ। নিত্যস্থো জাঠরাগ্নিরূপেণ ॥৪৭॥

এবমিতি। শ্রুতিং জ্ঞানম্। প্রীতিং নীলরাজাৎ করগ্রহণানন্দম্ ॥৪৮॥

ইতীতি। বিভুং ব্যাপিনমগ্নিম্। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ ॥৪৯॥

যজ্ঞেতি। নার্হো ন যোগ্যঃ, যজ্ঞস্য ত্বদুদ্দেশ্যকত্বাদিতি ভাবঃ। আস্তীর্য্য আবৃত্য। পাবকমগ্নিং প্রতি লক্ষ্যীকৃত্য। প্রমুখে সম্মুখে ॥৫০—৫১॥

ঋষিগণ, ব্রাহ্মণগণ, দেবগণ এবং অসুরগণ সর্ব্বদাই যজ্ঞে আপনাতে হোম করিয়া থাকেন; আপনি সত্য জ্যোতি দ্বারা আমাকে পবিত্র করুন ॥৪৬॥

দেব! আপনি ধূমকেতু, শিখী, পাপনাশক, বায়ুসম্ভব এবং সর্ব্বদা সর্ব্ব প্রাণীতে অবস্থিত; আপনি সত্য জ্যোতি দ্বারা আমাকে পবিত্র করুন ॥৪৭॥

ভগবন্ অগ্নিদেব! আমি প্রীত ও পবিত্র হইয়া এইরূপ আপনার স্তব করিলাম; আপনি আমাকে তুষ্টি, পুষ্টি, জ্ঞান ও প্রীতি দান করুন ॥৪৮॥

বৈশম্পায়ন বলিলেন—যে ব্যক্তি শুদ্ধ ও ইন্দ্রিয়সংযত হইয়া এইরূপ আগ্নেয় মন্ত্র পাঠ করতঃ হোম করিবেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইবেন ॥৪৯॥

সহদেব বলিলেন—'হব্যবাহন! আপনি এই যজ্ঞের বিঘ্ন করিতে পারেন না'। এই কথা বলিয়া পুরুষশ্রেষ্ঠ সহদেব ভীত ও উদ্বিগ্ন সমস্ত সৈন্যের

ন চৈনমত্যগাদ্বহ্নির্বেলামিব মহোদধিঃ।
তমভ্যেত্য শনৈর্বহ্নিরুবাচ কুরুনন্দনম্ ॥৫২॥
সহদেবং নৃণাং দেবং সান্ত্বপূর্ব্বমিদং বচঃ।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ কৌরব্য ! জিজ্ঞাসেয়ং ময়া কৃতা ॥৫৩॥ (যুগ্মকম্)
বেদ্মি সর্ব্বমভিপ্রায়ং তব ধর্ম্মসুতস্য চ।
ময়া তু রক্ষিতব্যেয়ং পুরী ভরতসত্তম ! ॥৫৪॥
যাবদ্রাজ্ঞো হি নীলস্য কুলে বংশধরা ইতি।
ঈপ্সিতং তু করিষ্যামি মনসস্তব পাণ্ডব ! ॥৫৫॥
তত উত্থায় হৃষ্টাত্মা প্রাঞ্জলিঃ শিরসা নতঃ।
পূজয়ামাস মাদ্রেয়ঃ পাবকং পুরুষর্ষভঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

নেতি। ন অত্যগাৎ অতিক্রম্য তৎসৈন্যেষু ন লগ্নবান্। দেবং তদ্বৎ প্রভাববন্তম্। জিজ্ঞাসাতব ধৈর্য্যপরীক্ষার্থমেবৈতৎ কৃতমিত্যর্থঃ ॥৫২—৫৩॥

বেদ্মীতি। ধর্ম্মসুতস্য যুধিষ্ঠিরস্য চ। তর্হি পুরীমিমাং ত্যজেত্যাহ ময়েতি ॥৫৪॥

অথ কিয়ন্তং কালং যাবদ্রক্ষিতব্যেত্যাহ যাবদিতি। মনস ঈপ্সিতমিতি সম্বন্ধঃ ॥৫৫॥

তত ইতি। মাদ্রেয়ো মাদ্রীপুত্রঃ সহদেবঃ, পাবকমগ্নিম্ ॥৫৬॥

ভারতভাবদীপঃ

॥৩৭—৪৭॥ তুষ্টিং অলম্বুদ্ধিম্। প্রীতিং সুখম্ ॥৪৮॥ আগ্নেয়ং মন্ত্রং শ্লোকরূপং মন্ত্রাষ্টকং জুহুয়াৎ পায়সাদিনা স্বাহান্তৈর্মন্ত্রৈর্হোমং কুর্য্যাৎ ॥৪৯—৫১॥ অত্যগাৎ এনম্ অতিক্রম্য সৈন্যং ন দদাহেত্যর্থঃ ॥৫২—৭৬॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

সম্মুখে ভূতলে কুশ আস্তীর্ণ করিয়া অগ্নির প্রতি দৃষ্টিপাত করিতে থাকিয়া, যথাবিধানে উপবেশন করিলেন ॥৫০—৫১॥

সমুদ্র যেমন তীর অতিক্রম করে না, সেইরূপ অগ্নি সহদেবকে অতিক্রম করিলেন না; পরন্তু তিনি মনুষ্যশ্রেষ্ঠ সহদেবের নিকটে যাইয়া শান্তভাবে ধীরে ধীরে এই কথা বলিলেন—'হে কুরুনন্দন! উঠুন উঠুন; আমি এটা আপনার ধৈর্য্যপরীক্ষা করিয়াছি ॥৫২—৫৩॥

আমি আপনার ও যুধিষ্ঠিরের সমস্ত অভিপ্রায়ই জানি; কিন্তু হে ভরতশ্রেষ্ঠ! এই পুরীটী আমার রক্ষা করিতেই হইবে ॥৫৪॥

নীলরাজার বংশে যে পর্য্যন্ত বংশধর থাকিবে, সে পর্য্যন্ত রক্ষা করিব, আবার আপনার মনের অভীষ্ট সম্পাদনও করিব' ॥৫৫॥

(৫৪)…ময়া পু রক্ষিতব্যেয়ং সদা ভরতসত্তম !, ময়া তু রক্ষিতব্যা পুরিয়ং ভরতসত্তম !।

পাবকে বিনিবৃত্তে তু নীলো রাজাঽভ্যয়াত্তদা।
পাবকস্যাজ্ঞয়া চৈনমর্চ্চয়ামাস পার্থিবঃ।
সৎকারেণ নরব্যাঘ্রং সহদেবং যুধাং পতিম্ ॥৫৭॥
স প্রগৃহ্য চ তাং পূজাং করে চ বিনিবেশ্য তম্।
মাদ্রীসুতস্ততঃ প্রায়াদ্বিজয়ী দক্ষিণাং দিশম্ ॥৫৮॥
ত্রৈপুরং স বশে কৃত্বা রাজানমমিতৌজসম্।
নিজগ্রাহ মহাবাহুস্তরসা পৌরবেশ্বরম্ ॥৫৯॥
আকৃতিং কৌশিকাচার্য্যং যত্নেন মহতা ততঃ।
বশে চক্রে মহাবাহুঃ সুরাষ্ট্রাধিপতিং তথা ॥৬০॥
সুরাষ্ট্রবিষয়স্থশ্চ প্রেষয়ামাস রুক্মিণে।
রাজ্ঞে ভোজকটস্থায় মহামাত্রায় ধীমতে।
ভীষ্মকায় স ধর্ম্মাত্মা সাক্ষাদিন্দ্রসখায় বৈ ॥৬১॥

ভারতকৌমুদী

পাবক ইতি। অভ্যয়াদ্যুদ্ধস্থানমাগাৎ। যুধাং যোধানাম্। ষট্‌পদমিদং পদ্যম্ ॥৫৭॥
স ইতি। করে করগ্রহণাধিকারে, তং নীলরাজম্, বিনিবেশ্য সংস্থাপ্য ॥৫৮॥
ত্রৈপুরমিতি। ত্রৈপুরং ত্রিপুরাধীশ্বরম্। নিজগ্রাহ বিজিগ্যে। তরসা বলেন ॥৫৯॥
আকৃতিমিতি। আকৃতিং নাম, কৌশিকানামাচার্য্যমস্ত্রগুরুম্ ॥৬০॥
সুরাষ্ট্রেতি। সুরাষ্ট্রবিষয়স্থশ্চ সুরাষ্ট্রদেশস্থিত এব প্রেষয়ামাস দূতমিতি শেষঃ। রুক্মিণে তদাখ্যায়। ভোজকটস্থায় ভোজকটনগরগতায়, মহামাত্রায় মহাপরিমাণায় বিশালরাজ্যেশ্বরায়েত্যর্থঃ। ভীষ্মকায় তদাখ্যায় রুক্মিপিত্রে চ। ইদমপি ষট্‌পদং পদ্য ॥৬১॥

তাহার পর, পুরুষশ্রেষ্ঠ সহদেব গাত্রোত্থান করিয়া হৃষ্ট চিত্তে কৃতাঞ্জলি ও অবনতমস্তক হইয়া অগ্নিদেবের পূজা করিলেন ॥৫৬॥

অগ্নিদেব ফিরিয়া গেলে, তখনই নীলরাজা যুদ্ধস্থানে উপস্থিত হইলেন এবং তিনি অগ্নির আদেশক্রমে নরশ্রেষ্ঠ ও সেনাপতি সহদেবের পূজা করিলেন ॥৫৭॥

সহদেব সেই পূজা গ্রহণ করিয়া এবং নীলরাজার নিকট হইতে কর লইয়া ক্রমশঃ দক্ষিণদিকে যাইতে লাগিলেন ॥৫৮॥

তাহার পর তিনি অসাধারণ তেজস্বী ত্রিপুররাজকে বশীভূত করিয়া, বলপূর্ব্বক পৌরবরাজকেও জয় করিলেন ॥৫৯॥

তৎপরে মহাবাহু সহদেব কৌশিকাচার্য্য আকৃতিকে এবং সুরাষ্ট্রদেশের রাজাকে বশীভূত করিলেন ॥৬০॥

স চাস্য প্রতিজগ্রাহ সসুতঃ শাসনং তদা।
প্রীতিপূর্ব্বং মহারাজ! বাসুদেবমবেক্ষ্য চ ॥৬২॥
ততঃ স রত্নান্যাদায় পুনঃ প্রায়াদ্‌যুধাং পতিঃ।
ততঃ শূর্পারকঞ্চৈব তালীকটমথাপি চ ॥৬৩॥
বশে চক্রে মহাতেজা দণ্ডকাংশ্চ মহাবলঃ।
সাগরদ্বীপবাসাংশ্চ নৃপতীন্ ম্লেচ্ছযোনিজান্ ॥৬৪॥ (যুগ্মকম্)
নিষাদান্ পুরুষাদাংশ্চ কর্ণপ্রাবরণানপি।
যে চ কালমুখা নাম নররাক্ষসযোনয়ঃ ॥৬৫॥
কৃৎস্নং কোলগিরিঞ্চৈব সুরভীপট্টনং তথা।
দ্বীপং তাম্রাহ্বয়ঞ্চৈব পর্ব্বতং রামকং তথা ॥৬৬॥

ভারতকৌমুদী

স ইতি। শাসনমাদেশম্। বাসুদেবং কৃষ্ণম্, অবেক্ষ্য পর্য্যালোচ্য। রুক্মিণীপতিঃ কৃষ্ণো ভীষ্মকস্য জামাতা রুক্মিণশ্চ ভগিনীপতিঃ, স চ যুধিষ্ঠিরস্য পক্ষগত ইতি সহদেবেন সহ বিরোধো ন কর্ত্তব্য ইত্যালোচ্যেতি ভাবঃ ॥৬২॥

তত ইতি। ততো ভীষ্মকাৎ, রত্নানি কররূপাণি। শূর্পারকং তালীকটঞ্চ নগরম্। দণ্ডকান্ তদাখ্যং দেশম্। সাগরদ্বীপে বাসো যেষাং তান্ ॥৬৩—৬৪॥

নিষাদানিতি। পুরুষাদান্ নরভোজিনো রাক্ষসানিতি যাবৎ, কর্ণপ্রাবরণান্ চর্ম্মণৈব প্রাবৃতকর্ণান্ নরবিশেষান্। যে চ কালমুখা নাম নররাক্ষসযোনয়ো নররাক্ষসোভয়সংযোগ-

---

তদনন্তর ধর্ম্মাত্মা সহদেব সুরাষ্ট্রদেশে থাকিয়াই রুক্মীর নিকট এবং বিশাল রাজ্যের অধিপতি, বুদ্ধিমান্ ও সাক্ষাৎ ইন্দ্রের সখা ভোজকটনগরস্থিত রাজা ভীষ্মকের নিকট দূত প্রেরণ করিলেন ॥৬১॥

মহারাজ! তখন ভীষ্মকরাজা পুত্র রুক্মীর সহিত মিলিত হইয়া, কৃষ্ণের সহিত যুধিষ্ঠিরের সম্বন্ধ পর্য্যালোচনা করিয়া, প্রীতিপূর্ব্বক সহদেবের আদেশ গ্রহণ করিলেন ॥৬২॥

তাহার পর সেনাপতি সহদেব ভীষ্মকরাজার নিকট হইতে নানাবিধ রত্ন কর লইয়া পুনরায় গমন করিতে লাগিলেন; তৎপরে শূর্পারক ও তালীকট-নগরের রাজাকে, দণ্ডকদেশের রাজাকে এবং সাগরদ্বীপবাসী ম্লেচ্ছরাজগণকে বশীভূত করিলেন ॥৬৩—৬৪॥

মহামতি সহদেব নিষাদগণ, রাক্ষসগণ, কর্ণপ্রাবরণগণ, নররাক্ষসোভয়জাত কালমুখগণ, সমগ্র কোলগিরি, সুরভীপট্টন, তাম্রদ্বীপ, রামপর্ব্বত এবং তিমি-

---

[৬৫]·· নরা রাক্ষসযোনয়ঃ। [৬৬] কৃৎস্নং কোলগিরিঞ্চৈবমুরচীপত্তনং তথা।

তিমিঙ্গিলঞ্চ স নৃপং বশে কৃত্বা মহামতিঃ।
একপাদাংশ্চ পুরুষান্ কেরলান্ বনবাসিনঃ ॥৬৭॥
নগরীং সঞ্জয়ন্তীঞ্চ পাষণ্ডং করহাটকম্।
দূতৈরেব বশে চক্রে করঞ্চৈনানদাপয়ৎ ॥৬৮॥ (কলাপকম্)
পাণ্ড্যাংশ্চ দ্রবিড়াংশ্চৈব সহিতাংশ্চোড্রকেরলৈঃ।
অন্ধ্রাংস্তালবনাংশ্চৈব কলিঙ্গানুষ্ট্রকর্ণিকান্ ॥৬৯॥
আটবীঞ্চ পুরীং রম্যাং যবনানাং পুরং তথা।
দূতৈরেব বশে চক্রে করঞ্চৈনানদাপয়ৎ ॥৭০॥ (যুগ্মকম্)
ততঃ কচ্ছগতো ধীমান্ দূতান্ মাদ্রবতীসুতঃ।
প্রেষয়ামাস রাজেন্দ্র! পৌলস্ত্যায় মহাত্মনে।
বিভীষণায় ধর্ম্মাত্মা প্রীতিপূর্ব্বমরিন্দমঃ ॥৭১॥
স চাস্য প্রতিজগ্রাহ শাসনং প্রীতিপূর্ব্বকম্।
তচ্চ কালকৃতং ধীমানভ্যমন্যত স প্রভুঃ ॥৭২॥

ভারতকৌমুদী

জাতাস্তানপি। কৃৎস্নং সর্ব্বম্। তিমিঙ্গিলং নাম। কেরলান্ বনবাসিন ইতি সামানাধিকরণ্যম্, পরত্রাপি কেরলাভিধানাৎ। পাষণ্ডং করহাটঞ্চ তদাখ্যম্ ॥৬৫—৬৮॥

পাণ্ড্যানিতি। উড্রকেরলাখ্যৌ দেশৌ। আটবীং বনস্থাম্ ॥৬৯—৭০॥

তত ইতি। কচ্ছগতঃ সমুদ্রস্য জলপ্রায়দেশস্থিতঃ, "জলপ্রায়মনূপং স্যাৎ পুংসি কচ্ছঃ" ইত্যমরঃ। প্রীতিপূর্ব্বং ন পুনর্বীরত্বগর্ব্বেণৌদ্ধত্যপূর্ব্বং পরাজয়াশঙ্কাবশাদিতি ভাবঃ। বিভীষণস্য চিরজীবিত্বাত্তদানীমপি স্থিতির্নানুপপন্না। তথ চোক্তম্—"অশ্বত্থামা বলির্ব্যাসো হনূমাংশ্চ বিভীষণঃ। কৃপঃ পরশুরামশ্চ সপ্তৈতে চিরজীবিনঃ ॥" ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭১॥

ঙ্গিল রাজাকে বশীভূত করিয়া, কেবল দূত পাঠাইয়াই একপাদ পুরুষদিগকে, বনবাসী কেরলগণকে, সঞ্জয়ন্তীনগরী, পাষণ্ডগণ এবং করহাটকগণকে বশীভূত করিলেন এবং তাহাদের নিকট হইতে কর আদায় করিলেন ॥৬৫—৬৮॥

সেইরূপ কেবল দূত পাঠাইয়াই তিনি পাণ্ড্যদেশ, দ্রবিড়দেশ, উড্রদেশ, কেরলদেশ, অন্ধ্রদেশ, তালবনদেশ, কলিঙ্গদেশ, উষ্ট্রকর্ণিকদেশ, মনোহর আটবী পুরী এবং যবনপুরী বশীভূত করিলেন এবং তাহাদের নিকট হইতে কর গ্রহণ করিলেন ॥৬৯—৭০॥

তাহার পর, বুদ্ধিমান্ ও ধর্ম্মাত্মা সহদেব সমুদ্রের তীরে থাকিয়াই প্রীতিপূর্ব্বক মহাত্মা বিভীষণের নিকট কতকগুলি দূত পাঠাইয়া দিলেন ॥৭১॥

[৬৮]...পৌণ্ড্যাকং করহাটকম্...। [৭০] দ্বিতীয়ার্দ্ধং কচিন্নাস্তি।

ততঃ স প্রেষয়ামাস রত্নানি বিবিধানি চ।
চন্দনাগুরুকাষ্ঠানি দিব্যান্যাভরণানি চ ॥৭৩॥
বাসাংসি চ মহার্হাণি মণীংশ্চৈব মহাধনান্।
ন্যবর্ত্তত ততো ধীমান্ সহদেবো মহামনাঃ ॥৭৪॥ (যুগ্মকম্)
এবং নির্জ্জিত্য তরসা সান্ত্বেন বিজয়েন চ।
করদান্ পার্থিবান্ কৃত্বা প্রত্যাগচ্ছদরিন্দমঃ ॥৭৫॥
ধর্ম্মরাজায় তৎ সর্ব্বং নিবেদ্য ভরতর্ষভ !।
কৃতকর্ম্মা সুখং রাজন্নুবাস জনমেজয় ! ॥৭৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে সহদেবদক্ষিণদিগ্বিজয়ো নাম ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। স বিভীষণঃ। শাসনমাদেশম্। তচ্চ মানুষশাসনম্, কালকৃতং যুগধর্ম্মেণৈব কৃতম্, ত্রেতায়াং মহাপ্রভাবশালিন আত্মনো দ্বাপরান্তে নিতরাং স্থবিরতয়া শক্তিক্ষয়াৎ। অতএব চ তৎ শাসনং প্রতিজগ্রাহেতি ভাবঃ ॥৭২॥

তত ইতি। স বিভীষণঃ। মহার্হাণি মহামূল্যানি। মহাধনান্ মহামূল্যান্ ॥৭৩—৭৪॥

এবমিতি। তরসা বলেন, সান্ত্বেন সামপ্রয়োগেণ, বিজয়েন কূটকৌশলকৃতজয়েন চ। প্রত্যাগচ্ছৎ ইন্দ্রপ্রস্থমিতি শেষঃ, অরিন্দমঃ সহদেবঃ ॥৭৫॥

বিভীষণও প্রীতিপূর্ব্বকই সহদেবের আদেশ গ্রহণ করিলেন। কারণ, বুদ্ধিমান্ বিভীষণ সেই মানুষের আদেশ কালেই করিয়াছে বলিয়া মনে করিয়াছিলেন ॥৭২॥

তৎপরে বিভীষণ নানাবিধ রত্ন, চন্দন ও অগুরুকাষ্ঠ, দিব্য অলঙ্কার, মহামূল্য বস্ত্র এবং মহামূল্য মণি এই সকল দ্রব্য করস্বরূপে পাঠাইয়া দিলেন; বুদ্ধিমান্ ও মহামনা সহদেব সেই সমস্ত লইয়া সেখান হইতেই ফিরিলেন ॥৭৩—৭৪॥

এই ভাবে শত্রুহন্তা সহদেব বল, সামব্যবহার ও কূটকৌশলপ্রয়োগে সমস্ত রাজাকেই বশে আনয়নপূর্ব্বক করদ করিয়া ইন্দ্রপ্রস্থে ফিরিয়া আসিলেন ॥৭৫॥

হে ভরতশ্রেষ্ঠ রাজা জনমেজয়! সহদেব কৃতকার্য্য হইয়া ফিরিয়া

(৭৩)···চন্দনাগুরুমুখ্যানি দিব্যানি শয়নানি চ। (৭৪)···সহদেবঃ প্রতাপবান্।

* '···একত্রিংশোঽধ্যায়ঃ,' 'দ্বাত্রিংশোঽধ্যায়ঃ'। ইতঃ পরং দাক্ষিণাত্যপুস্তকে দ্বাবধ্যায়াবধিকৌ দৃশ্যেতে।

একত্রিংশোঽধ্যায়ঃ

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

নকুলস্য তু বক্ষ্যামি কর্ম্মাণি বিজয়ং তথা।
বাসুদেবজিতামাশাং যথাঽসাবজয়ৎ প্রভুঃ ॥১॥
নির্যায় খাণ্ডবপ্রস্থাৎ প্রতীচীমভিতো দিশম্।
উদ্দিশ্য মতিমান্ প্রায়াম্মহত্যা সেনয়া যুতঃ ॥২॥
সিংহনাদেন মহতা যোধানাং গর্জ্জিতেন চ।
রথনেমিনিনাদৈশ্চ কম্পয়ন্ বসুধামিমাম্ ॥৩॥ (যুগ্মকম্)
ততো বহুবিধং রম্যং গবাশ্বধনধান্যবৎ।
কার্ত্তিকেয়স্য দয়িতং রোহীতকমুপাদ্রবৎ।
তত্র যুদ্ধং মহচ্চাসীচ্ছূরৈর্মত্তময়ূরকৈঃ ॥৪॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। তৎ সর্ব্বং দক্ষিণদিগ্বিজয়লব্ধং ধনম্। উবাস সহদেব ইতি শেষঃ ॥৭৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

নকুলস্যেতি। বাসুদেবজিতামিত্যনেন তদ্বিজয়সৌকর্য্যং সংক্ষেপেণ তৎ কথনঞ্চ সূচিতম্ ॥১॥

নির্যায়েতি। প্রতীচীং দিশম্ অভিতঃ প্রতি। উদ্দিশ্য বিজয়মিতি শেষঃ। যোধানাং ভটানাম্। রথানাং যা নেময়শ্চক্রপ্রান্তাস্তাসাং নিনাদৈশ্চ ॥২—৩॥

আসিয়া সেই সমস্ত ধনই যুধিষ্ঠিরকে নিবেদন করিয়া দিয়া সুখে বাস করিতে লাগিলেন ॥৭৬॥

———:০:———

বৈশম্পায়ন বলিলেন—প্রভাবশালী নকুল যে ভাবে কৃষ্ণকর্ত্তৃক বিজিত পশ্চিমদিক্ জয় করিয়াছিলেন, সেই ঘটনা এবং তাহার আনুষঙ্গিক ঘটনা আমি বলিব ॥১॥

বুদ্ধিমান্ নকুল বিশাল সৈন্যের সহিত ইন্দ্রপ্রস্থ হইতে নির্গত হইয়া ভীষণ সিংহনাদ, যোদ্ধাদিগের গর্জ্জন এবং রথচক্রের শব্দে এই পৃথিবীকে কম্পিত করতঃ, জয় লক্ষ্য করিয়া পশ্চিমদিকে যাত্রা করিলেন ॥২—৩॥

---

(১)…যথাবদজয়ৎ প্রভুঃ। (২)…মহত্যা সেনয়া সহ। (৪) ততো বহুধনং রম্যং গবাঢ্যং ধনধান্যবৎ…।

ততঃ স প্রেষয়ামাস রত্নানি বিবিধানি চ।
চন্দনাগুরুকাষ্ঠানি দিব্যান্যাভরণানি চ ॥৭৩॥
বাসাংসি চ মহার্হাণি মণীংশ্চৈব মহাধনান্।
ন্যবর্ত্তত ততো ধীমান্ সহদেবো মহামনাঃ ॥৭৪॥ (যুগ্মকম্)
এবং নির্জ্জিত্য তরসা সান্ত্বেন বিজয়েন চ।
করদান্ পার্থিবান্ কৃত্বা প্রত্যাগচ্ছদরিন্দমঃ ॥৭৫॥
ধর্ম্মরাজায় তৎ সর্ব্বং নিবেদ্য ভরতর্ষভ!।
কৃতকর্ম্মা সুখং রাজন্নুবাস জনমেজয়! ॥৭৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে সহদেবদক্ষিণদিগ্বিজয়ো নাম ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। স বিভীষণঃ। শাসনমাদেশম্। তচ্চ মানুষশাসনম্, কালকৃতং যুগধর্ম্মেণৈব কৃতম্, ত্রেতায়াং মহাপ্রভাবশালিন আত্মনো দ্বাপরান্তে নিতরাং স্থবিরতয়া শক্তিক্ষয়াৎ। অতএব চ তৎ শাসনং প্রতিজগ্রাহেতি ভাবঃ ॥৭২॥

তত ইতি। স বিভীষণঃ। মহার্হাণি মহামূল্যানি। মহাধনান্ মহামূল্যান্ ॥৭৩—৭৪॥

এবমিতি। তরসা বলেন, সান্ত্বেন সামপ্রয়োগেণ, বিজয়েন কূটকৌশলকৃতজয়েন চ। প্রত্যাগচ্ছৎ ইন্দ্রপ্রস্থমিতি শেষঃ, অরিন্দমঃ সহদেবঃ ॥৭৫॥

বিভীষণও প্রীতিপূর্ব্বকই সহদেবের আদেশ গ্রহণ করিলেন। কারণ, বুদ্ধিমান্ বিভীষণ সেই মানুষের আদেশ কালেই করিয়াছে বলিয়া মনে করিয়াছিলেন ॥৭২॥

তৎপরে বিভীষণ নানাবিধ রত্ন, চন্দন ও অগুরুকাষ্ঠ, দিব্য অলঙ্কার, মহামূল্য বস্ত্র এবং মহামূল্য মণি এই সকল দ্রব্য করস্বরূপে পাঠাইয়া দিলেন; বুদ্ধিমান্ ও মহামনা সহদেব সেই সমস্ত লইয়া সেখান হইতেই ফিরিলেন ॥৭৩—৭৪॥

এই ভাবে শত্রুহন্তা সহদেব বল, সামব্যবহার ও কূটকৌশলপ্রয়োগে সমস্ত রাজাকেই বশে আনয়নপূর্ব্বক করদ করিয়া ইন্দ্রপ্রস্থে ফিরিয়া আসিলেন ॥৭৫॥

হে ভরতশ্রেষ্ঠ রাজা জনমেজয়! সহদেব কৃতকার্য্য হইয়া ফিরিয়া

---

(৭৩)···চন্দনাগুরুমুখ্যানি দিব্যানি শয়নানি চ। (৭৪)···সহদেবঃ প্রতাপবান্।

* '···একত্রিংশোঽধ্যায়ঃ,' 'দ্বাত্রিংশোঽধ্যায়ঃ'। ইতঃ পরং দাক্ষিণাত্যপুস্তকে দ্বাবধ্যায়াবধিকৌ দৃশ্যেতে।

একত্রিংশোঽধ্যায়ঃ

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

নকুলস্য তু বক্ষ্যামি কর্ম্মাণি বিজয়ং তথা।
বাসুদেবজিতামাশাং যথাঽসাবজয়ৎ প্রভুঃ ॥১॥
নির্যায় খাণ্ডবপ্রস্থাৎ প্রতীচীমভিতো দিশম্।
উদ্দিশ্য মতিমান্ প্রায়ান্মহত্যা সেনয়া যুতঃ ॥২॥
সিংহনাদেন মহতা যোধানাং গর্জ্জিতেন চ।
রথনেমিনিনাদৈশ্চ কম্পয়ন্ বসুধামিমাম্ ॥৩॥ (যুগ্মকম্)
ততো বহুবিধং রম্যং গবাশ্বধনধান্যবৎ।
কার্ত্তিকেয়স্য দয়িতং রোহীতকমুপাদ্রবৎ।
তত্র যুদ্ধং মহচ্চাসীচ্ছূরৈর্মত্তময়ূরকৈঃ ॥৪॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। তৎ সর্ব্বং দক্ষিণদিগ্বিজয়লব্ধং ধনম্। উবাস সহদেব ইতি শেষঃ ॥৭৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

নকুলস্যেতি। বাসুদেবজিতামিত্যনেন তদ্বিজয়সৌকর্য্যং সংক্ষেপেণ তৎ কথনঞ্চ সূচিতম্ ॥১॥

নির্যায়েতি। প্রতীচীং দিশম্ অভিতঃ প্রতি। উদ্দিশ্য বিজয়মিতি শেষঃ। যোধানাং ভটানাম্। রথানাং যা নেময়শ্চক্রপ্রান্তাস্তাসাং নিনাদৈশ্চ ॥২—৩॥

আসিয়া সেই সমস্ত ধনই যুধিষ্ঠিরকে নিবেদন করিয়া দিয়া সুখে বাস করিতে লাগিলেন ॥৭৬॥

———:*:———

বৈশম্পায়ন বলিলেন—প্রভাবশালী নকুল যে ভাবে কৃষ্ণকর্তৃক বিজিত পশ্চিমদিক্ জয় করিয়াছিলেন, সেই ঘটনা এবং তাহার আনুষঙ্গিক ঘটনা আমি বলিব ॥১॥

বুদ্ধিমান্ নকুল বিশাল সৈন্যের সহিত ইন্দ্রপ্রস্থ হইতে নির্গত হইয়া ভীষণ সিংহনাদ, যোদ্ধাদিগের গর্জ্জন এবং রথচক্রের শব্দে এই পৃথিবীকে কম্পিত করতঃ, জয় লক্ষ্য করিয়া পশ্চিমদিকে যাত্রা করিলেন ॥২—৩॥

---

(১)…যথাবদজয়ৎ প্রভুঃ। (২)…মহত্যা সেনয়া সহ। (৪) ততো বহুধনং রম্যং গবাঢ্যং ধনধান্যবৎ…।

মরুভূমিং স কাৎ´স্ন্যেন তথৈব বহুধান্যকম্ ।
শৈরীষকং মহোত্থঞ্চ বশে চক্রে মহাদ্যুতিঃ ॥৫॥
আক্রোধঞ্চৈব রাজর্ষিং তেন যুদ্ধমভূন্মহৎ ।
তান্ দশার্ণান্ স জিত্বাথ প্রতস্থে পাণ্ডুনন্দনঃ ॥৬॥ (যুগ্মকম্)
শিবীংস্ত্রিগর্ত্তানম্বষ্ঠান্ মালবান্ পঞ্চ কর্ব্বটান্ ।
তথা মাধ্যমিকাংশ্চৈব বাটধানান্ দ্বিজানথ ॥৭॥
পুনশ্চ পরিবৃত্যাথ পুষ্করারণ্যবাসিনঃ ।
গণানুৎসবসঙ্কেতানজয়ৎ পুরুষর্ষভঃ ॥৮॥ (যুগ্মকম্)
সিন্ধুকূলাশ্রিতা যে চ গ্রামণীয়া মহাবলাঃ ।
শূদ্রাভীরগণাশ্চৈব যে চাশ্রিত্য সরস্বতীম্ ।
বর্ত্তয়ন্তি চ যে মৎস্যৈর্যে চ পর্ব্বতবাসিনঃ ॥৯॥

ভারতকৌমুদী

তত ইতি। রোহীতকং পর্ব্বতম্। মত্তময়ূরকৈস্তদাখ্যৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

মর্বিতি। শৈরীষকং মহোত্থঞ্চ দেশম্। আক্রোধং নাম রাজর্ষিঞ্চ বশে চক্রে ইতি সম্বন্ধঃ। দশার্ণান্ তদাখ্যং দেশম্। প্রতস্থে প্রতীচীমেব ॥৫—৬॥

শিবীনিতি। শিবিপ্রভৃতয়ো দেশাঃ। দ্বিজান্ ক্ষত্রিয়ান্। উৎসবে রমণামোদে সঙ্কেতঃ স্ত্রীষু হস্তাদিসংজ্ঞা যেষাং তান্। এতে তু দিগন্তরেঽপি স্থিতাঃ পূর্ব্বং জ্ঞাতাঃ ॥৭—৮॥

সিন্ধিতি। গ্রামণীয়া গ্রামাধিপবংশোদ্ভবাঃ, "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাধিপে ত্রিষু" ইত্যমরঃ। আভীরা গোপাঃ। সরস্বতীং নদীম্। বর্ত্তয়ন্তি জীবিকাং নির্ব্বাহয়ন্তি ধীবরা ইত্যর্থঃ। এতান্ সর্ব্বানপ্যজয়দিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

তাহার পর তিনি রোহীতকপর্ব্বতে উপস্থিত হইলেন; সে পর্ব্বতটীর আকার–প্রকার বড়ই সুন্দর ছিল এবং সে খানে গরু, ঘোড়া, ধন ও ধান্য প্রচুর ছিল; তাহাতেই সেই পর্ব্বতটী কার্ত্তিকের প্রিয় ছিল। সে খানে মত্তময়ূর-নামক বীরগণের সহিত নকুলের গুরুতর যুদ্ধ হইল ॥৪॥

তৎপরে অসাধারণ তেজস্বী নকুল সমস্ত মরুভূমি, প্রচুর-ধান্যপূর্ণ শৈরীষক-দেশ ও মহোত্থদেশ এবং সেই দেশীয় রাজা আক্রোধকে বশীভূত করিলেন; কিন্তু তাঁহার সহিত নকুলের গুরুতর যুদ্ধ হইয়াছিল। তাহার পর নকুল দশার্ণদেশ জয় করিয়া আবার পশ্চিমদিকে যাইতে লাগিলেন ॥৫—৬॥

শিবি, ত্রিগর্ত্ত, অম্বষ্ঠ, মালব, পঞ্চ কর্বট, মাধ্যমিক ও বাটধানদেশীয় ক্ষত্রিয়-গণকে জয় করিয়া, আবার তথা হইতে ফিরিয়া আসিয়া পুষ্করারণ্যবাসী উৎসবসঙ্কেতনামক বীরগণকে জয় করিলেন ॥৭—৮॥

(৭)···পঞ্চ কর্পটান্···তথা মধ্যমকেয়াংশ্চ··· ।

কৃৎস্নং পঞ্চনদঞ্চৈব তথা চামরকণ্টকম্।
উত্তরজ্যোতিষঞ্চৈব তথা দিব্যকটং পুরম্।
দ্বারপালঞ্চ তরসা বশে চক্রে মহাদ্যুতিঃ ॥১০॥
রামঠান্ হার-হূণাংশ্চ প্রতীচ্যাশ্চৈব যে নৃপাঃ।
তান্ সর্ব্বান্ স বশে চক্রে শাসনাদেব পাণ্ডবঃ ॥১১॥
তত্রস্থঃ প্রেষয়ামাস বাসুদেবায় ভারত !।
স চাপি যাদবৈঃ সার্দ্ধং প্রতিজগ্রাহ শাসনম্ ॥১২॥
ততঃ শাকলমভ্যেত্য মদ্রাণাং পুটভেদনম্।
মাতুলং প্রীতিপূর্ব্বেণ শল্যং চক্রে বশে বলী ॥১৩॥
স তেন সৎকৃতো রাজ্ঞা সৎকারার্হো বিশাংপতে !।
রত্নান্যাদায় ভূরীণি সম্প্রতস্থে যুধাং পতিঃ ॥১৪॥

ভারতকৌমুদী

কৃৎস্নমিতি। দ্বারপালং তদাখ্যং পুরম্। তরসা বলেন। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১০॥
রামঠানিতি। শাসনাদেব দূতদ্বারা আদেশাদেব। পাণ্ডবো নকুলঃ ॥১১॥
তত্রস্থ ইতি। প্রেষয়ামাস দূতমিতি শেষঃ। শাসনং নকুলস্য করদানাদেশম্ ॥১২॥
তত ইতি। শাকলং নাম, পুটভেদনং পুরম্ "পূঃ স্ত্রী পুরীনগর্য্যৌ বা পত্তনং পুটভেদনম্" ইত্যমরঃ। প্রীতিপূর্ব্বেণ দূতদ্বারকাদেশেন। বলী নকুলঃ ॥১৩॥
স ইতি। সৎকৃতঃ করগ্রহণরত্নাদিদানেন সম্মানিতঃ। যুধাং পতির্নকুলঃ ॥১৪॥

যে সকল গ্রামাধ্যক্ষবংশীয় মহাবীর সমুদ্রতীরে বাস করিত, যে সকল শূদ্র ও গোপ সরস্বতীনদীর তীরে থাকিত, যাহারা মৎস্য দ্বারা জীবিকানির্ব্বাহ করিত এবং যাহারা পর্ব্বতবাসী ছিল, নকুল তাহাদিগকেও জয় করিলেন ॥৯॥

তৎপরে মহাতেজা নকুল সমস্ত পঞ্চনদদেশ, অমরকণ্টকদেশ, উত্তরজ্যোতিষদেশ, দিব্যকটপুর ও দ্বারপালপুর বলপূর্ব্বক বশীভূত করিলেন ॥১০॥

তাহার পর, নকুল দূত দ্বারা আদেশ পাঠাইয়াই রামঠ, হার, হূণ এবং পশ্চিম দিকের রাজগণকে আয়ত্ত করিলেন ॥১১॥

হে ভরতনন্দন! তদনন্তর নকুল সেখানে থাকিয়াই কৃষ্ণের নিকট দূত পাঠাইলেন; কৃষ্ণও যাদবগণের সহিত মিলিত হইয়া নকুলের আদেশ গ্রহণ করিলেন ॥১২॥

তাহার পর, বলবান্ নকুল মদ্রদেশীয়গণের রাজধানী শাকলে যাইয়া প্রীতিপূর্ব্বক দূত পাঠাইয়া মাতুল শল্যকে বশীভূত করিলেন ॥১৩॥

(১০)…তথৈবামরপর্ব্বতম্…। (১৪) স তস্মিন্ সৎকৃতো রাজ্ঞা…।

ততঃ সাগরকুক্ষিস্থান্ ম্লেচ্ছান্ পরমদারুণান্।
পহ্নবান্ বর্ব্বরাংশ্চৈব তান্ সর্ব্বাননয়দ্বশম্ ॥১৫॥
ততো রত্নান্যুপাদায় বশে কৃত্বা চ পার্থিবান্।
ন্যবর্ত্তত নরশ্রেষ্ঠো নকুলশ্চিত্রমার্গবিৎ ॥১৬॥
করভাণাং সহস্রাণি কোষং তস্য মহাত্মনঃ।
ঊহুর্দশ মহারাজ! কৃচ্ছ্রাদিব মহাধনম্ ॥১৭॥
ইন্দ্রপ্রস্থগতং বীরঃ সমভ্যেত্য যুধিষ্ঠিরম্।
ততো মাদ্রীসুতঃ শ্রীমান্ ধনং তস্মৈ ন্যবেদয়ৎ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। সাগরকুক্ষিস্থান্ পশ্চিমসমুদ্রতীরগতান্। ম্লেচ্ছলক্ষণমুক্তং দেবলেন—"গো-মাংসখাদকো যশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে" ॥১৫॥

তত ইতি। চিত্রমার্গবিৎ যুদ্ধস্য আশ্চর্য্যকৌশলাভিজ্ঞঃ ॥১৬॥

করভাণামিতি। হে মহারাজ! করভাণামুষ্ট্রাণাং দশ সহস্রাণি, তস্য মহাত্মনো নকুলস্য, মহান্তি প্রচুরাণি ধনানি যত্র তাদৃশম্, কোষং ভাণ্ডম্, কৃচ্ছ্রাদ্ভারবাহুল্যেন কষ্টাদিব, ঊহুঃ ঊঢ়বন্তঃ। "করভো মণিবন্ধাদিকনিষ্ঠান্তোষ্ট্রতৎসুতে" ইতি মেদিনী ॥১৭॥

ইন্দ্রেতি। শ্রীমান্ কান্তিসম্পন্নঃ। তস্মৈ যুধিষ্ঠিরায় ॥১৮॥

ভারতভাবদীপঃ

নকুলস্যেতি ॥১—৩॥ রোহীতকং গিরিম্। মত্তময়ূরসংজ্ঞৈঃ ক্ষত্রিয়ৈঃ ॥৪—১২॥ পুট ভেদনং পত্তনম্। "পত্তনং পুটভেদন"মিত্যমরঃ ॥১৩—১৬॥ করভাণাম্ উষ্ট্রাণাম্ ॥১৭—১৯॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩১॥

———:০:———

তৎপরে শল্যরাজা সম্মানযোগ্য নকুলকে প্রচুর রত্ন কর দান করিয়া সম্মানিত করিলেন। নকুল সেই প্রচুর রত্ন লইয়া প্রস্থান করিলেন ॥১৪॥

তাহার পর, নকুল পশ্চিমসমুদ্রের তীরস্থিত অত্যন্তভয়ঙ্কর সেই সকল ম্লেচ্ছ, পহ্লব ও বর্ব্বরগণকে বশে আনয়ন করিলেন ॥১৫॥

তৎপরে যুদ্ধের আশ্চর্য্য-কৌশলাভিজ্ঞ নরশ্রেষ্ঠ নকুল সমস্ত রাজাকেই বশীভূত করিয়া তাঁহাদের নিকট হইতে প্রচুর রত্ন কর লইয়া নিবৃত্ত হইলেন ॥১৬॥

মহারাজ! তাহার পর দশ হাজার উট মহাত্মা নকুলের প্রচুরধনপূর্ণ ভাণ্ডসকল অতিকষ্টেই যেন বহন করিয়া লইয়া চলিল ॥১৭॥

তদনন্তর মনোহরমূর্ত্তি মহাবীর নকুল ইন্দ্রপ্রস্থরাজধানীতে যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইয়া সেই সমস্ত ধনই তাঁহাকে নিবেদন করিলেন ॥১৮॥

(১৫)…পহ্নবান্ বর্ব্বরাংশ্চৈব কিরাতান্ যবনান্ শকান্। (১৭)…সুবর্ণস্য মহাত্মনঃ…।

এবং প্রতীচীং নকুলো দিশং বরুণপালিতাম্।
বিজিগ্যে বাসুদেবেন বিজিতাং পুরুষর্ষভঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে নকুলপশ্চিমদিগ্বিজয়ো নামৈকত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥ *

———— :*: ————

(৫। রাজসূয়িকপর্ব্ব।)

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ

———— :*: ————

বৈশম্পায়ন উবাচ। †

স্বকোষ্ঠস্য পরীমাণং কোষস্য চ মহীপতিঃ।
বিজ্ঞায় রাজা কৌন্তেয়ো যজ্ঞায়ৈব মনো দধে ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। বাসুদেবেন বিজিতামিত্যনেন নকুলস্য তদ্বিজয়সৌকর্য্যং সূচিতম্ ॥১৯॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দিগ্বিজয়ে একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

———— :*: ————

স্বেতি। "রাজা প্রকৃতিরঞ্জনাৎ" ইতি রঘুবংশোক্তেঃ রাজা প্রকৃতিরঞ্জকো মহীপতিঃ

ভারতভাবদীপঃ

(পাঠান্তরে) রক্ষণাদিতি। রক্ষণাৎ শত্রূণাং দস্যূনাম্ ॥১॥ বলীনাং করাণাম্।

এই ভাবে পুরুষশ্রেষ্ঠ নকুল বরুণরক্ষিত এবং কৃষ্ণকর্ত্তৃক বিজিত পশ্চিম দিক্ জয় করিয়াছিলেন ॥১৯॥

(১৯) এবং বিজিত্য নকুলঃ···প্রতীচীং বাসুদেবেন নির্জ্জিতাং ভরতর্ষভ!।

* '·দ্বাত্রিংশোঽধ্যায়ঃ', 'পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ'।

† রক্ষণাদ্ধর্ম্মরাজস্য সত্যস্য পরিপালনাৎ। শত্রূণাং ক্ষপণাচ্চৈব স্বধর্ম্মনিরতাঃ প্রজাঃ ॥১॥
বলীনাং সম্যগাদানাদ্ধর্ম্মতশ্চানুশাসনাৎ। নিকামবর্ষী পর্জ্জন্যঃ স্ফীতো জনপদোঽভবৎ ॥২॥
সর্ব্বারম্ভাঃ সুপ্রবৃত্তা গোরক্ষা কর্ষণং বণিক্। বিশেষাৎ সর্ব্বমেবৈতৎ সংজজ্ঞে রাজকর্ম্মণঃ ॥৩॥
দস্যুভ্যো বঞ্চকেভ্যো বা রাজন্! প্রতি পরস্পরম্। রাজবল্লভতশ্চৈব নাশ্রূয়ন্ত মৃষা গিরঃ ॥৪॥
অবর্ষঞ্চাতিবর্ষঞ্চ ব্যাধিপাবকমূর্চ্ছনম্। সর্বমেতত্তদা নাসীদ্ধর্ম্মনিত্যে যুধিষ্ঠিরে ॥৫॥
প্রিয়ং কর্ত্তুমুপস্থাতুং বলিকর্ম্ম স্বভাবজম্। অভিহর্ত্তুং নৃপা জগ্মুর্নান্যৈঃ কার্য্যৈঃ কথঞ্চন ॥৬॥
ধর্ম্ম্যৈর্ধনাগমৈস্তস্য ববৃধে নিচয়ো মহান্। কর্ত্তুং যস্য ন শক্যেত ক্ষয়ো বর্ষশতৈরপি ॥৭॥

অমী সপ্ত শ্লোকাঃ পুস্তকান্তরে সন্নিবিষ্টা দৃশ্যন্তে। কিন্ত্বমীষামর্থাঃ সর্ব্ব এব পূর্ব্বং ত্রয়োদশাধ্যায়ে স্পষ্টমুক্তা ইত্যেতেঽত্র পুনরুক্তা অপ্রাসঙ্গিকাশ্চেতি প্রক্ষেপজ্ঞানাৎ পরিহৃতাঃ। এষাং টীকাপি প্রক্ষেপাৎ পরমেব নীলকণ্ঠেন লিখিতেতি প্রতীয়তে।

সুহৃদশ্চৈব যে সর্ব্বে পৃথক্ চ সহ চাব্রুবন্ ।
যজ্ঞকালস্তব বিভো ! ক্রিয়তামত্র সাম্প্রতম্ ॥২॥
অথৈবং ব্রুবতামেব তেষামভ্যাযযৌ হরিঃ ।
ঋষিঃ পুরাণো বেদাত্মা দৃশ্যশ্চৈব বিজানতাম্ ॥৩॥
জগতস্তস্থুষাং শ্রেষ্ঠঃ প্রভবশ্চাপ্যয়শ্চ হ ।
ভূতভব্যভবন্নাথঃ কেশবঃ কেশিসূদনঃ ॥৪॥

ভারতকৌমুদী

কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ, স্বকোষ্ঠস্য স্বকীয়স্য রাজ্যস্য, কোষস্য ধনস্য চ, পরীমাণং বিজ্ঞায় যজ্ঞায়ৈব মনো দধে। অর্জ্জুনাদিভির্দিগ্বিজয়েন রাজ্যধনয়োর্বৃদ্ধৌ সাম্রাজ্যম্ অক্ষয়ং ধনঞ্চ সঞ্চিতমিতি বিজ্ঞায় অয়মেব রাজসূয়ারম্ভকাল ইতি তদর্থমুদ্যুক্ত ইতি ভাবঃ ॥১॥

সুহৃদ ইতি। যে চ সুহৃদ্ আসন্, তে সর্ব্বে, পৃথক্ পৃথক্ চ, সহ যুগপচ্চ অব্রুবন্। হে বিভো! অয়ং তব যজ্ঞকালঃ, অত্র যৎ সাম্প্রতং যুক্তম্, তৎ ক্রিয়তাম্। "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ ॥২॥

অথেতি। অথ এবম্ উক্তপ্রকারং ব্রুবতাং তেষাং সুহৃদাং সমক্ষে হরিরভ্যাযযৌ হরিং বিশিনষ্টি ঋষিরিতি। নারায়ণো নাম পুরাণ ঋষিঃ বেদাত্মা জ্ঞানময়ঃ "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, বিজানতাং বিশেষজ্ঞানিনাম্, দৃশ্যো জ্ঞেয়ঃ, "ব্রহ্মবিদাপ্নোতি পরম্" ইতি

ভারতভাবদীপঃ

নিকামং যথেষ্টং বর্ষতীতি নিকামবর্ষী, স্ফীতঃ সমৃদ্ধঃ ॥২॥ সুপ্রবৃত্তাঃ স্বস্থা পরেষাঞ্চ হিতাবহাঃ ন তু ক্রূরাঃ, রাজকর্ম্মণঃ রাজ্ঞঃ পুণ্যাৎ ॥৩॥ দস্যুভ্যঃ চোরেভ্যঃ, বঞ্চকেভ্যঃ ধূর্ত্তেভ্যঃ, রাজ্ঞো রাজবল্লভতো বা মৃষাগিরো বা, নাশ্রূয়ন্ত সর্ব্বেঽপি সত্যবাদিনঃ রাজবদিত্যর্থঃ। দস্যবোঽপি পরস্পরং ন বঞ্চয়ন্তি নাপ্যন্যানেবম্ অন্যত্র। এতে জাতিতঃ খলা অপি ন তৎকর্ম্ম কুর্ব্বন্তীত্যর্থঃ ॥৪॥ মূর্চ্ছনং প্রদীপনম্ ॥৫॥ জগ্মুঃ রাজানং প্রতীতি শেষঃ। নান্যৈঃ জিগীষাদিভিঃ ॥৬॥ নিচয়ো ভাণ্ডাগারম্ ॥৭॥ কোষো ধনম্, কোষ্ঠং বস্ত্রধান্যাদি তয়োঃ পরীমাণম্ ॥১—২॥ ঋষির্নারায়ণঃ, অদৃশ্য ইতি চ্ছেদঃ। বিজানতাং বিদুষাম্ অদৃশ্যঃ প্রত্যগাত্মত্বাৎ, অবিজানতাং তু কার্য্যকারণরূপেণ দৃশ্যঃ। তথাচ শ্রুতিঃ—"অবিজ্ঞাতং বিজানতাং

বৈশম্পায়ন বলিলেন—প্রজারঞ্জক রাজা যুধিষ্ঠির আপন রাজ্যের ও ধনের পরিমাণ জানিয়া রাজসূয়যজ্ঞেই মনোনিবেশ করিলেন ॥১॥

তাঁহার যাঁহারা বন্ধু ছিলেন, তাঁহারা সকলেও পৃথক্ পৃথক্ ভাবে এবং সম্মিলিত ভাবে বলিলেন—'রাজা! এ-ই আপনার রাজসূয়যজ্ঞ করিবার সময়; সুতরাং এখন যাহা সঙ্গত হয়, তাহা করুন' ॥২॥

বন্ধুবর্গ এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে কৃষ্ণ আসিয়া উপস্থিত হইলেন; যিনি পুরাতন নারায়ণ ঋষি, যিনি জ্ঞানময়, যিনি বিশেষজ্ঞানিগণের জ্ঞেয়, যিনি

প্রাকারঃ সর্ব্ববৃষ্ণীনামাপৎস্বভয়দোঽরিহা।
বলাধিকারে নিক্ষিপ্য সম্যগানকদুন্দুভিম্ ॥৫॥
উচ্চাবচমুপাদায় ধর্ম্মরাজায় মাধবঃ।
ধনৌঘং পুরুষব্যাঘ্রো বলেন মহতা বৃতঃ ॥৬॥ (কলাপকম্)
তং ধনৌঘমপর্য্যন্তং রত্নসাগরমক্ষয়ম্।
নাদয়ন্ রথঘোষেণ প্রবিবেশ পুরোত্তমম্।
পূর্ণমাপূরয়ংস্তেষাং দ্বিষচ্ছোকাবহোঽভবৎ ॥৭॥
অসূর্য্যমিব সূর্য্যেণ নিবাতমিব বায়ুনা।
কৃষ্ণেন সমুপেতেন জহৃষে ভারতং পুরম্ ॥৮॥

ভারতকৌমুদী

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি অর্ঘাভিহরণে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

ভারতভাবদীপঃ

দেহাদিপ্রত্যয়েনাসঙ্কীর্ণা। মহাবিদেহেতি ধারণায়া নাম ॥২৯—৩১॥ অবক্ষিপৎ দূষিতবান্ ॥৩২॥
ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৫॥

———:*:———

তা'র পর, সূর্য্য যেমন অন্ধকারময় স্থানকে আলোকিত করেন এবং বায়ু যেমন বায়ুশূন্য স্থানকে আহ্লাদিত করেন, তেমন এক কৃষ্ণই আমাদের এই সভাটীকে আলোকিত ও আহ্লাদিত করিয়াছেন' ॥২৯॥

তাহার পর, প্রতাপশালী সহদেব ভীষ্মের অনুমতিক্রমে যথাবিধানে সেই কৃষ্ণকেই উত্তম অর্ঘ দান করিলেন ॥৩০॥

কৃষ্ণও শাস্ত্রদৃষ্ট কর্ম্ম অনুসারে সেই অর্ঘ গ্রহণ করিলেন। কিন্তু শিশুপাল কৃষ্ণের সে পূজা সহ্য করিতে পারিলেন না ॥৩১॥

সুতরাং মহাবল শিশুপাল ভীষ্ম ও যুধিষ্ঠিরকে তিরস্কার করিয়া কৃষ্ণকে তিরস্কার করিতে লাগিলেন ॥৩২॥

———:০:———

'…ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ…', '…একোনচত্বারিংশোঽধ্যায়ঃ…'।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ

শিশুপাল উবাচ।

নায়মর্হতি বার্ষ্ণেয়স্তিষ্ঠৎস্বিহ মহাত্মসু।
মহীপতিষু কৌরব্য! রাজবৎ পার্থিবার্হণম্ ॥১॥
নায়ং যুক্তঃ সমাচারঃ পাণ্ডবানাং মহাত্মনাম্।
যৎ কামাৎ পুণ্ডরীকাক্ষং পাণ্ডবার্চ্চিতবানসি ॥২॥
বালা যূয়ং ন জানীধ্বং ধর্ম্মঃ সূক্ষ্মো হি পাণ্ডবাঃ!।
অয়ঞ্চ স্মৃত্যতিক্রান্তো হ্যাপগেয়োঽল্পদর্শনঃ ॥৩॥
ত্বাদৃশোঽধর্ম্মযুক্তো হি কুর্ব্বাণঃ প্রিয়কাম্যয়া।
ভবত্যভ্যধিকং ভীষ্ম! লোকেষ্ববমতঃ সতাম্ ॥৪॥

ভারতকৌমুদী

প্রথমং যুধিষ্ঠিরং প্রত্যাহ ত্রিভিঃ নেতি। হে কৌরব্য! যুধিষ্ঠির! ইহ মহাত্মসু মহীপতিষু তিষ্ঠৎসু সৎসু, অয়ং বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ, রাজবৎ রাজেব, পার্থিবস্য রাজ্ঞ এব তব অর্হণং পূজনম্, নার্হতি প্রাপ্তুং ন যোগ্যো ভবতি ॥১॥

নেতি। হে পাণ্ডব! মহাত্মনাং পাণ্ডবানাং যুষ্মাকম্, অয়ং সমাচারো ব্যবহারো ন যুক্তঃ। যৎ কামাদিচ্ছামাত্রাদেব, পুণ্ডরীকাক্ষং কৃষ্ণম্, অর্চ্চিতবানসি ॥২॥

বালা ইতি। হে পাণ্ডবাঃ! বালা মূর্খা যূয়ম্, অতএব ন জানীধ্বম্; যৎ ধর্ম্মঃ সূক্ষ্মো হি সূক্ষ্ম এব। অয়ম্ অল্পদর্শনঃ অল্পজ্ঞঃ, আপগায়া নদ্যা অপত্যমিত্যাপগেয়ো ভীষ্মঃ, স্মৃত্যতিক্রান্তো বৃদ্ধত্বাল্লুপ্তবুদ্ধিকঃ। অতোঽয়মপি ন জানাতীতি ভাবঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

কর্ত্তৃত্বাদিকং কৃষ্ণে বাস্তবমেব, ন তু মায়িকমাবিদ্যকং বা, শরীরমাত্রস্য কর্ম্মজন্যত্বনিয়মাৎ। মিথ্যাভূতস্যাপি বাস্তবার্থক্রিয়াকারিত্বে শুক্তিরজতাদেরপি স্বজতোচিত-দ্রবীভাবাদে- শ্চেত্যভিসন্ধধানো জৈমিনিমতানুসারী শিশুপালঃ বর্ণাশ্রমবয়স্তপোবিদ্যাদিভিরেব পুংসাং শ্রৈষ্ঠ্যাশ্রৈষ্ঠ্যবিভাগং বহু মন্যমানো নৃপান্তরসাধারণ্যেন কৃষ্ণমপূজ্যং করোতি নায়মিতি। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশপ্রসূত ইতি পূর্ব্বোক্তং স্বয়ম্ভূত্বং নিরাকৃতম, তদ্ধি আত্মনঃ সর্ব্বসাধারণং দেহস্য

শিশুপাল বলিলেন—'যুধিষ্ঠির! এই সভায় মহাত্মা রাজারা উপস্থিত থাকিতে এই কৃষ্ণ রাজার ন্যায় রাজারই পূজা পাইবার যোগ্য নহে ॥১॥

হে পাণ্ডব! মহাত্মা পাণ্ডবগণের এই ব্যবহার সঙ্গত হয় নাই যে, কেবল ইচ্ছা করিয়াই তুমি কৃষ্ণকে পূজা করিয়াছ ॥২॥

পাণ্ডবগণ! তোমরা বালক, তাই জান না; ধর্ম্ম অতিসূক্ষ্ম পদার্থ; আর এই অল্পজ্ঞ ভীষ্মও অত্যন্ত বৃদ্ধ হইয়াছে বলিয়া উহার বুদ্ধি লোপ পাইয়াছে ॥৩॥

কথং হ্যরাজা দাশার্হো মধ্যে সর্ব্বমহীক্ষিতাম্।
অর্হণামর্হতি তথা যথা যুষ্মাভিরর্চ্চিতঃ ॥৫॥
অথবা মন্যসে কৃষ্ণং স্থবিরং কুরুপুঙ্গব!।
বসুদেবে স্থিতে বৃদ্ধে কথমর্হতি তৎসুতঃ ॥৬॥
অথবা বাসুদেবোঽপি প্রিয়কামোঽনুবৃত্তিমান্।
দ্রুপদে তিষ্ঠতি কথং মাধবোঽর্হতি পূজনম্ ॥৭॥
আচার্য্যং মন্যসে কৃষ্ণমথবা কুরুপুঙ্গব!।
দ্রোণে তিষ্ঠতি বার্ষ্ণেয়ং কথমর্চ্চিতবানসি ॥৮॥

ভারতকৌমুদী

ভীষ্মং প্রত্যাহ যট্ ত্বাদৃশ ইতি। হে ভীষ্ম! ত্বাদৃশঃ অধর্ম্মযুক্তো জনঃ, প্রিয়কাম্যয়া প্রীতিকরকার্য্যমাত্রকরণেচ্ছয়া, যত্তৎ কার্য্যং কুর্ব্বাণঃ সন্, লোকেষু অত্যধিকমেব সতাম্ অবমন্তা ভবতি ॥৪॥

কথমিতি। অরাজা দাশার্হঃ কৃষ্ণঃ, সর্ব্বমহীক্ষিতাং সর্ব্বেষাং রাজ্ঞাং মধ্যে, কথং হি তথা তাদৃশীম্, অর্হণাং পূজামর্হতি, যথা যাদৃক্, যুষ্মাভিরর্চ্চিতঃ ॥৫॥

অথবেতি। অথবা কুরুষু পুমান্ গৌরিবেতি কুরুপুঙ্গবঃ ইতি গোতুল্যতয়া ব্যঙ্গ্যং ভীষ্মসম্বোধনম্। কৃষ্ণং স্থবিরং বৃদ্ধং মন্যসে, তন্মননাদেব পূজিতবানসীত্যর্থঃ, তদা বৃদ্ধে বসুদেবে স্থিতে সতি, তৎসুতঃ কথং পূজামর্হতি। বৃদ্ধবুদ্ধ্যা পূজনমপ্যযুক্তমিতি ভাবঃ ॥৬॥

অথবেতি। অথবা, বাসুদেবো যুষ্মাকং প্রিয়কামঃ অনুবৃত্তিমান্ আনুগত্যকারী চাপি ইতি মন্যসে ইত্যনুবৃত্তিঃ; তদাপি দ্রুপদে তিষ্ঠতি, কথং মাধবঃ কৃষ্ণঃ, পূজনমর্হতি। কৃষ্ণ-

ভারতভাবদীপঃ

তু অস্মদাদিবদ্দেবক্যাং জাতত্বাৎ দুর্ব্বচমিতি ভাবঃ ॥১—২॥ আপগেয়ো ভীষ্মঃ ॥৩—৫॥ নন্ু অস্মদাদিবজ্জাতোঽপ্যরাজাপি বৃদ্ধত্বাদিনা হেতুনা পূজ্যঃ কৃষ্ণ ইত্যাশঙ্ক্য নিরাচষ্টে অথবা

ভীষ্ম! তোমার মত অধার্ম্মিক লোক কেবল নিজের প্রীতিকর কার্য্য করিবার ইচ্ছায় যা' তাই করিয়া লোকসমাজে সজ্জনের অত্যন্ত অবজ্ঞার পাত্র হইয়া থাকে ॥৪॥

কৃষ্ণ রাজা না হইয়াও সমস্ত রাজাদের মধ্যে ওরূপ পূজা কি করিয়া পাইতে পারে? তোমরা যেরূপ করিয়াছ। ॥৫॥

অথবা হে কুরুপুঙ্গব ভীষ্ম! তুমি যদি কৃষ্ণকে বৃদ্ধ বলিয়া মনে করিয়া থাক, তবে বৃদ্ধ বসুদেব থাকিতে, তাহার পুত্র কি করিয়া পূজা পায়। ॥৬॥

কিংবা, কৃষ্ণ পাণ্ডবগণের হিতৈষী এবং অনুগত ইহাই যদি মনে করিয়া থাক, তবে দ্রুপদরাজা থাকিতে কৃষ্ণ কি করিয়া পূজা পাইতে পারে? কেন না, দ্রুপদরাজাও ত পাণ্ডবগণের হিতৈষী এবং অনুগত, বিশেষতঃ তিনি বৃদ্ধ ॥৭॥

ঋত্বিজং মন্যসে কৃষ্ণমথবা কুরুনন্দন ! ।
দ্বৈপায়নে স্থিতে বৃদ্ধে কথং কৃষ্ণোঽর্চ্চিতস্ত্বয়া ॥৯॥
ভীষ্মে শান্তনবে রাজন্ ! স্থিতে পুরুষসত্তমে ।
স্বচ্ছন্দমৃত্যুকে রাজন্ ! কথং কৃষ্ণোঽর্চ্চিতস্ত্বয়া ॥১০॥
অশ্বত্থাম্নি স্থিতে বীরে সর্ব্বশাস্ত্রবিশারদে ।
কথং কৃষ্ণস্ত্বয়া রাজন্ ! অর্চ্চিতঃ কুরুনন্দন ! ॥১১॥
দুর্য্যোধনে চ রাজেন্দ্রে স্থিতে পুরুষসত্তমে ।
কৃপে চ ভারতাচার্য্যে কথং কৃষ্ণস্ত্বয়ার্চ্চিতঃ ॥১২॥
দ্রুমং কিং পুরুষাচার্য্যমতিক্রম্য তথার্চ্চিতঃ ।
ভীষ্মকে চৈব দুদ্ধর্ষে পাণ্ডুবৎ কৃতলক্ষণে ॥১৩॥

ভারতকৌমুদী

দ্রুপদয়োর্মধ্যে দ্রুপদস্যৈবাধিক্যেন প্রিয়কামত্বাদনুবৃত্তিমত্ত্বাদ্বিশেষতো বৃদ্ধত্বাচ্চ তস্মৈ দ্রুপদায়ৈব পূজনমুচিতমাসীদিতি ভাবঃ ॥৭॥

আচার্য্যমিতি। দ্রোণস্যাচার্য্যত্বাদ্বিশেষতো বৃদ্ধত্বাচ্চ তদর্চ্চনমেবোচিতমাসীদিতি ভাবঃ ॥৮॥

ঋত্বিজমিতি। কৃষ্ণাদ্দ্বৈপায়নস্য বৃদ্ধত্বমধিকমিতি তদর্চ্চনমেব ন্যায্যমিত্যাশয়ঃ ॥৯॥

অথ পুরুষোত্তমত্বেয়েব কৃষ্ণোঽর্চ্চিত ইত্যাহ ভীষ্ম ইতি। স্বচ্ছন্দমৃত্যুকে স্বেচ্ছামরণে। পুরুষোত্তমত্বসাম্যেঽপি স্বেচ্ছামৃত্যুত্বাধিক্যাদ্ভীষ্মস্যৈবার্চ্চনমুচিতমিত্যভিপ্রায়ঃ। ইতো নব শ্লোকাঃ পুনর্যুধিষ্ঠিরং প্রত্যুক্তাঃ ॥১০॥

অশ্বেতি। অশ্বত্থাম্নো বীরত্বতুল্যত্বেঽপি সর্ব্বশাস্ত্রবিশারদত্বাদর্চ্চনং ন্যায্যম্ ॥১১॥

কৃষ্ণাপেক্ষয়া বহব এব শ্রেষ্ঠাঃ সন্তীতি দর্শয়িতুমাহ দুর্য্যোধন ইতি। স্থিতে সতি ॥১২॥

দ্রুমমিতি। পুরুষাণাং বীরজনানামাচার্য্যং শস্ত্রগুরুম্, দ্রুমং তদাখ্যং রাজানমতিক্রম্য,

---

অথবা, কুরুপুঙ্গব। কৃষ্ণকে যদি আচার্য্যই মনে করিয়া থাক, তবে দ্রোণাচার্য্য থাকিতে কৃষ্ণকে কেন পূজা করিলে ? ॥৮॥

কিংবা, কৃষ্ণকে যদি পুরোহিত ভাবিয়া থাক, তবে বৃদ্ধ পুরোহিত বেদব্যাস থাকিতে তুমি কৃষ্ণকে পূজা করিলে কেন ? ॥৯॥

তা'র পর, রাজা যুধিষ্ঠির। পুরুষশ্রেষ্ঠ এবং ইচ্ছামৃত্যু শান্তনুনন্দন ভীষ্ম থাকিতে তুমি কৃষ্ণকে পূজা করিলে কেন ? ॥১০॥

রাজা। মহাবীর এবং সর্ব্বশাস্ত্রবিশারদ অশ্বত্থামা থাকিতে তুমি কি জন্য কৃষ্ণকে পূজা করিলে ? ॥১১॥

তা'র পর, রাজশ্রেষ্ঠ ও পুরুষপ্রধান দুর্য্যোধন রহিয়াছেন এবং ভরতকুলের গুরু কৃপ রহিয়াছেন, এ অবস্থায় তুমি কি উদ্দেশ্যে কৃষ্ণকে পূজা করিলে ? ॥১২॥

---

(১৩)···ভীষ্মকে চ দুরাধর্ষে পাণ্ড্যে চ কৃতলক্ষণে।

নৃপে চ রুক্মিণি শ্রেষ্ঠে একলব্যে তথৈব চ।
শল্যে মদ্রাধিপে চৈব কথং কৃষ্ণস্ত্বয়ার্চ্চিতঃ ॥১৪॥
অয়ঞ্চ সর্ব্বরাজ্ঞাং যো বলশ্লাঘী মহারথঃ।
জামদগ্ন্যস্য দয়িতঃ শিষ্যো বিপ্রস্য ধীমতঃ ॥১৫॥
যেনাত্মবলমাস্থায় রাজানো যুধি নির্জ্জিতাঃ।
তঞ্চ কর্ণমতিক্রম্য কথং কৃষ্ণস্ত্বয়ার্চ্চিতঃ ॥১৬॥ (যুগ্মকম্)
নৈবর্ত্ত্বিঙ্ নৈব চাচার্য্যো ন রাজা মধুসূদনঃ।
অর্চ্চিতশ্চ কুরুশ্রেষ্ঠ! কিমন্যৎ প্রিয়কাম্যয়া ॥১৭॥
অথবাঽভ্যর্চ্চনীয়োঽয়ং যুষ্মাকং মধুসূদনঃ।
কিং রাজভিরিহানীতৈরবমানায় ভারত! ॥১৮॥

ভারতকৌমুদী

পাণ্ডুবং যুষ্মৎপিতৃবদেব কৃতং লক্ষণং দিগ্বিজয়াদিপ্রধানরাজচিহ্নং যেন তস্মিন্, দুর্দ্ধর্ষে ভীষ্মকে রাজনি স্থিতে চ, তথা কিং কৃষ্ণোঽর্চ্চিতঃ ॥১৩॥

নৃপ ইতি। একলব্যে তদাখ্যে রাজনি। সর্বত্র স্থিত ইতি শেষঃ ॥১৪॥

অয়মিতি। সবরাজ্ঞামিতি অদন্তত্বাভাব আর্ষঃ। আস্থায় অবলম্ব্য ॥১৫—১৬॥

নৈবেতি। প্রিয়কাম্যয়া কৃষ্ণস্যৈব প্রিয়কার্য্যকরণেচ্ছয়া, অত্রান্যৎ কিং কারণম্ ॥১৭॥

অথবেতি। অত্র প্রথমার্দ্ধে যদীতি দ্বিতীয়ার্দ্ধে চ তদেতি পূরণীয়ম্। মাঘকবিনা তদীয়-

বহুবীরপুরুষের গুরু দ্রুম রাজাকে এবং তোমাদের পিতা পাণ্ডুরই তুল্য রাজচিহ্নধারী দুর্দ্ধর্ষ ভীষ্মকরাজাকে অতিক্রম করিয়া তোমার কৃষ্ণকে পূজা করিবার উদ্দেশ্য কি? ॥১৩॥

তা'র পর, রাজশ্রেষ্ঠ রুক্মী, একলব্য এবং মদ্রাধিপতি শল্য থাকিতে তুমি কি করিয়া কৃষ্ণকে পূজা করিলে? ॥১৪॥

যিনি সমস্ত রাজগণের মধ্যে আপন বলের শ্লাঘা করিয়া থাকেন, যিনি মহারথ, যিনি বিচক্ষণ ও সুব্রাহ্মণ পরশুরামের প্রিয়শিষ্য এবং যিনি আপনার বল অবলম্বন করিয়াই যুদ্ধে রাজগণকে জয় করিয়াছেন, সেই কর্ণকে পরিত্যাগ করিয়া তুমি কি কারণে কৃষ্ণকে পূজা করিলে? ॥১৫—১৬॥

হে কুরুশ্রেষ্ঠ! কৃষ্ণ ঋত্বিক্ নহে, আচার্য্য নহে, রাজাও নহে; তথাপি তুমি তাহাকে যে পূজা করিয়াছ, সে কেবল তাহার সন্তোষবিধানের জন্য; তাহাতে আর কি কারণ থাকিতে পারে? ॥১৭॥

(১৫) অয়ঞ্চ সর্বরাজ্ঞাং বৈ বলশ্লাঘী মহাবলঃ…। (১৭)…নৈব ঋত্বিগুতাচার্য্যো ন রাজায়ং বলাত্মজঃ…।

বয়ন্তু ন ভয়াদস্য কৌন্তেয়স্য মহাত্মনঃ।
প্রযচ্ছামঃ করান্ সর্ব্বে ন লোভান্ন চ সান্ত্বনাৎ ॥১৯॥
অস্য ধর্ম্মপ্রবৃত্তস্য পার্থিবত্বং চিকীর্ষতঃ।
করানস্মৈ প্রয়চ্ছামঃ সোঽয়মস্মান্ন মন্যতে ॥২০॥
কিমন্যদবমানাদ্ধি যদেনং রাজসংসদি।
অপ্রাপ্তলক্ষণং কৃষ্ণমর্ঘেনার্চ্চিতবানসি ॥২১॥
অকস্মাদ্ধর্ম্মপুত্রস্য ধর্ম্মাত্মেতি যশো গতম্।
কো হি ধর্ম্মচ্যুতে পূজামেবং যুক্তাং প্রযোজয়েৎ ॥২২॥

ভারতকৌমুদী

শিশুপালবধকাব্যে পঞ্চদশসর্গাদৌ অত্রত্যানাং বহূনামেব শ্লোকানাং ছায়া গৃহীতেতি দ্রষ্টব্যম্ ॥১৮॥

সভাং প্রত্যাহ বয়ং বয়মিতি। লোভাৎ-কিমপি লপ্স্যামহ ইত্যাশাতঃ, সান্ত্বনাৎ অনুনয়-বাদাৎ ॥১৯॥

অস্যেতি। ধর্ম্মায় রাজসূয়যজ্ঞায় প্রবৃত্তস্য, পার্থিবত্বং সাম্রাজ্যম্। ধর্ম্মকার্য্যাস্থকূল্য-করণমপি ধর্ম্মায়ৈব ভবতীতি মত্বৈব বয়ং করং প্রদত্তবন্ত ইতি ভাবঃ ॥২০॥

পুনর্যুধিষ্ঠিরং প্রত্যাহ অন্যন্ কিমিতি। রাজ্ঞামবমানাদন্যৎ কৃষ্ণপূজায়াং কিং কারণমস্তি, অপি তু কিমপি নেত্যর্থঃ। ন প্রাপ্তং লক্ষণম্ অর্ঘপ্রাপ্তেশ্চিহ্নং যেন তম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

মন্যসে ইত্যাদিনা ॥৬—২০॥ প্রাপ্তো লক্ষণং রাজচিহ্নং ছত্রচামরাদি স প্রাপ্তলক্ষণঃ। "প্রাপ্তাপন্নে চ দ্বিতীয়য়ে"তি সমাসঃ। তদন্যোঽপ্রাপ্তলক্ষণস্তম্, বস্তুবৃত্ত্যাঽপি অতাদৃশম্ অসঙ্গচিন্মাত্রত্বাৎ। "অলক্ষণমচিন্ত্য"মিত্যাদি শ্রুতেরিতি বাগ্দেবতায়াস্তাৎপর্য্যম্ ॥২১—২২॥

ভরতনন্দন! কৃষ্ণকে পূজা করাই যদি তোমাদের উদ্দেশ্য ছিল, তবে এখানে কেবল অপমানিত করিবার জন্য রাজগণকে আনিলে কেন? ॥১৮॥

আমরা সকলে এই যুধিষ্ঠিরের ভয়ে, বা কোন লোভে, কিংবা উঁহাদের অনুনয়ে কর দান করি নাই ॥১৯॥

তবে, যুধিষ্ঠির ধর্ম্মকার্য্যে প্রবৃত্ত হইয়াছেন এবং সাম্রাজ্য করিবার ইচ্ছা করিতেছেন; এই কারণেই আমরা উঁহাকে কর দান করিয়াছি; কিন্তু কি আশ্চর্য্য! এখন উনি আমাদিগকে গ্রাহ্যই করিতেছেন না ॥২০॥

রাজগণকে অপমানিত করা ভিন্ন কৃষ্ণের পূজাতে আর কি কারণ থাকিতে পারে? যে হেতু, যুধিষ্ঠির! তুমি রাজসভাতেই অযোগ্য কৃষ্ণকে অর্ঘ দ্বারা পূজা করিয়াছ ॥২১॥

(২২)…এবং যুক্তাং নিযোজয়েৎ।

যোঽয়ং বৃষ্ণিকুলে জাতো রাজানং হতবান্ পুরা।
জরাসন্ধং মহাত্মানমন্যায়েন দুরাত্মবান্ ॥২৩॥
অদ্য ধর্ম্মাত্মতা চৈব ব্যপকৃষ্টা যুধিষ্ঠিরাৎ।
দর্শিতং কৃপণত্বঞ্চ কৃষ্ণেঽর্ঘস্য নিবেদনাৎ ॥২৪॥
যদি ভীতাশ্চ কৌন্তেয়াঃ কৃপণাশ্চ তপস্বিনঃ।
ননু ত্বয়াপি বোদ্ধব্যং যাং পূজাং মাধবার্হসি ॥২৫॥
অথবা কৃপণৈরেতামুপনীতাং জনার্দ্দন!।
পূজামনর্হঃ কস্মাত্ত্বমভ্যনুজ্ঞাতবানসি ॥২৬॥
অযুক্তামাত্মনঃ পূজাং ত্বং পুনর্বহু মন্যসে।
হবিষঃ প্রাপ্য নিষ্যন্দং প্রাশিতা শ্বেব নির্জনে ॥২৭॥

ভারতকৌমুদী

অকস্মাদিতি। গতং লুপ্তম্। ধর্ম্মচ্যুতে জনে কৃষ্ণে ইত্যর্থঃ। যুক্তাং কৃতাম্ ॥২২॥
নতু কৃষ্ণঃ কথং ধর্ম্মচ্যুত ইত্যাহ যোঽয়মিতি। দুরাত্মবান্ দুর্বুদ্ধিঃ ॥২৩॥
পুনঃ সভাং প্রত্যাহ অদ্যেতি। ব্যপকৃষ্টা বিচ্যুতা। কৃপণত্বং ক্ষুদ্রত্বম্ ॥২৪॥
কৃষ্ণং প্রতি যড়াহ যদীতি। হে মাধব! কৃষ্ণ! কৃপণাঃ ক্ষুদ্রাঃ, তপস্বিনো নিকৃষ্টত্বাৎ শোচ্যাশ্চ, কৌন্তেয়াঃ পাণ্ডবাঃ, অন্যস্মৈ অর্ঘদানে যদি ত্বত্তো ভীতাঃ, তথাপি ননু ত্বয়াপি বোদ্ধব্যং যত্ত্বং যাং পূজাম্, অর্হসি প্রাপ্তুং যোগ্যো ভবসি ॥২৫॥
অথবেতি। অথবা, হে জনার্দ্দন! কৃপণৈঃ ক্ষুদ্রৈঃ পাণ্ডবৈঃ, উপনীতাং দত্তাম্ এতাং পূজাম্, অনর্হঃ অস্যাঃ পূজায়া অযোগ্যস্ত্বম্, কস্মাদভ্যনুজ্ঞাতবানসি ॥২৬॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মচ্যুতত্বমেবাহ যোঽয়মিতি। রাজানং কংসম্ ॥২৩—২৬॥ অযুক্তামিতি। আত্মনঃ অযুক্তাং

ধর্ম্মপুত্রের 'ধর্ম্মাত্মা' এই যশটী অকস্মাৎ নষ্ট হইয়া গেল। কারণ, কোন্ ধর্ম্মাত্মা ধর্ম্মচ্যুত লোককে এইরূপ পূজা করিয়া থাকে? ॥২২॥

যে দুর্বুদ্ধি বৃষ্ণিবংশে জন্মিয়া অন্যায়ভাবে মহাত্মা জরাসন্ধরাজাকে পূর্ব্বে নিহত করিয়াছে ॥২৩॥

আজ যুধিষ্ঠিরের ধর্ম্মাত্মতা বিচ্যুত হইয়াছে এবং আজ যুধিষ্ঠির কৃষ্ণকে অর্ঘদান করিয়া নিজের ক্ষুদ্রতা দেখাইয়াছে ॥২৪॥

কৃষ্ণ! ক্ষুদ্র ও নিকৃষ্ট পাণ্ডবেরা যদিও অন্যকে অর্ঘ দান করিতে ভীত হইয়াছিল, তথাপি তোমার ত বোঝা উচিত ছিল যে, তুমি যে পূজা পাইতে পার ॥২৫॥

অথবা, কৃষ্ণ! ক্ষুদ্র পাণ্ডবেরা এ পূজা করিয়া থাকে করুক; কিন্তু তুমি অযোগ্য হইয়াও এ পূজা কেন গ্রহণ করিলে? ॥২৬॥

ন ত্বয়ং পার্থিবেন্দ্রাণামপমানঃ প্রযুজ্যতে।
ত্বামেব কুরবো ব্যক্তং প্রলম্ভন্তে জনার্দ্দন ! ॥২৮॥
ক্লীবে দারক্রিয়া যাদৃগন্ধে বা রূপদর্শনম্।
অরাজ্ঞো রাজবৎ পূজা তথা তে মধুসূদন ! ॥২৯॥
দৃষ্টো যুধিষ্ঠিরো রাজা দৃষ্টো ভীষ্মশ্চ যাদৃশঃ।
বাসুদেবোঽপ্যয়ং দৃষ্টঃ সর্ব্বমেতদ্‌যথাতথম্ ॥৩০॥

ভারতকৌমুদী

অযুক্তামিতি। হে কৃষ্ণ! পুনঃ কিন্তু, নির্জ্জনে, হবিষো হবনযোগ্যস্য ঘৃতস্য, নিস্যন্দঃ ধারাম্, প্রাপ্য, প্রাশিতা ভোক্তা, শ্বা কুক্কুর ইব, ত্বম্ অযুক্তাম্ অযোগ্যত্বাৎ অসঙ্গতাম্, আত্মনঃ পূজাং প্রাপ্য, বহু মন্যসে অতিশয়েনাদ্রিয়সে ॥২৭॥

নেতি। হে জনার্দ্দন! কুরুভিরয়ং পার্থিবেন্দ্রাণাম্ অপমানো ন প্রযুজ্যতে, তু কিন্তু, ব্যক্তং স্পষ্টম্, কুরবো ভীষ্মাদয়ঃ, ত্বামেব প্রলম্ভন্তে উল্লুণ্ঠনাস্পদং কুর্ব্বন্তি, গলে মাল্যার্পণেন কুক্কুরমিবেতি ভাবঃ ॥২৮॥

ক্লীব ইতি। দারক্রিয়া রমণায় ভার্য্যাকরণম্। পূজা পূজাগ্রহণম্ ॥২৯॥

দৃষ্ট ইতি। যাদৃশস্তাদৃশ এব যথাতথং যথার্থরূপং দৃষ্ট ইতি সর্ব্বত্র সম্বন্ধঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

পূজাম্ অদ্বৈতে পূজ্যপূজকভাবাভাবেন ভেদস্যাযোগাৎ। তথাপি হবিষো নিস্যন্দং লেশং প্রাশিতুং দ্রৌপদীশাকশেষবৎ। প্রাশনায় প্রাপ্য দ্বিচন্দ্রাদিবন্মায়য়া ভেদমারূঢ়ো ভক্তোপহৃতত্বাৎ তাবদেব বহু মন্যসে, নির্জ্জনে নির্ম্মনুষ্যে। অন্তরীক্ষে শ্বসতীতি শ্বা বায়ুঃ। "মাতরিশ্বা সদাগতি"-রিতি কোষঃ। "মাতর্য্যন্তরীক্ষে শ্বসতী"তি যাস্ক ইতি সরস্বত্যাশয়ঃ। কথাপক্ষে তু স্পষ্ট এবার্থঃ ॥২৭॥ প্রলম্ভন্তে অবলম্বন্তে ॥২৮—৩১॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৬॥

কিন্তু কৃষ্ণ! কুকুর যেমন নির্জ্জনে ঘৃতের ধারা পাইয়া, তাহা পান করিয়া আত্মশ্লাঘা করে; তুমিও তেমনই নিজের অযোগ্য পূজা পাইয়া আত্মশ্লাঘা করিতেছ ॥২৭॥

দেখ কৃষ্ণ! কুরুবংশীয়েরা এটা রাজশ্রেষ্ঠগণের অপমান করেন নাই, কিন্তু স্পষ্টতঃ তোমাকেই বিদ্রূপ করিয়াছেন ॥২৮॥

কৃষ্ণ। তুমি রাজা নও; সুতরাং নপুংসকের যেমন ভার্য্যাগ্রহণ এবং অন্ধের যেমন রূপদর্শনের প্রবৃত্তি, তোমারও তেমনই রাজার ন্যায় এই পূজাগ্রহণটা হইয়াছে ॥২৯॥

সে যাহা হউক, রাজা যুধিষ্ঠির যেমন, ভীষ্ম যেমন এবং কৃষ্ণও যেমন, সে সমস্তই আমরা যথার্থরূপে দেখিতে পাইলাম ॥৩০॥

ইত্যুক্ত্বা শিশুপালস্তানুত্থায় পরমাসনাৎ।
নির্যযৌ সদসস্তস্মাৎ সহিতো রাজভিস্তদা ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
অর্ঘাভিহরণে শিশুপালক্রোধো নাম ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা শিশুপালমুপাদ্রবৎ।
উবাচ চৈনং মধুরং সান্ত্বপূর্ব্বমিদং বচঃ ॥১॥
নেদং যুক্তং মহীপাল! যাদৃশং বৈ ত্বমুক্তবান্।
অধর্ম্মশ্চ পরো রাজন্! পারুষ্যঞ্চ নিরর্থকম্ ॥২॥

ভারতকৌমুদী

ইতীতি। তান্ স্বপক্ষীয়ান্ রাজ্ঞঃ, উত্থায় উত্থাপ্য। সদসঃ সভাতঃ ॥৩১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং সভাপর্ব্বণি অর্ঘাভিহরণে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——০:*:০——

তত ইতি। উপাদ্রবৎ দ্রুতমন্বগচ্ছৎ। সান্ত্বপূর্ব্বম্ অনুনয়পূর্ব্বকম্ ॥১॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ অধর্ম্মশ্চেতি বেদৈকগম্যা পরদেবতা কৃষ্ণো ন তর্কগম্যা, তর্কবলেন তু তং প্রত্যাচক্ষাণস্য সাকল্যস্যৈব তবাধর্ম্মো মহান্ ভবতীত্যর্থঃ, যতঃ পারুষ্যঞ্চ নিরর্থকম্, পারুষ্যে পর্ব্বণি খণ্ডাঃ ভেদ ইতি যাবৎ, পরুংষ্যেব পারুষ্যং স্বার্থে ষ্যঙ্, তন্নিরর্থকং স্বপ্নগজবদর্থশূন্যমাভাসমাত্রম্। পৌরুষঞ্চেতি পাঠে পুরুষধর্ম্মঃ কর্ত্তৃত্বাদিঃ পৌরুষম্, তদপি সুপ্তিসমাধ্যাদৌ প্রত্যগাত্মনি অদর্শনাৎ রজ্জুরগাদিবদাভাসমাত্রং তত্রাধিষ্ঠানভূতম্, আত্মবস্তু কৃষ্ণ

এই কথা বলিয়া শিশুপাল স্বপক্ষীয় রাজগণকে শ্রেষ্ঠ আসন হইতে উঠাইয়া তাঁহাদের সহিত তখনই সেই সভা হইতে নির্গত হইলেন ॥৩১॥

——:০০:——

বৈশম্পায়ন বলিলেন তাহার পর, রাজা যুধিষ্ঠির তাড়াতাড়ি শিশুপালের পিছনে পিছনে গেলেন এবং তাঁহাকে অনুনয়পূর্ব্বক এই মধুর বাক্য বলিলেন—॥১॥

(৩১) ইত্যুক্ত্বা শিশুপালস্তু উত্থায় পরমাসনাৎ…। * '…সপ্তত্রিংশোঽধ্যায়ঃ,' 'চত্বারিংশোঽধ্যায়ঃ'। (২) নৈব যুক্তং মহীপাল! ত্বাদৃশৈর্বক্তুমীদৃশম্…।

নহি ধর্ম্মং পরং জাতু নাববুধ্যেত পার্থিবঃ।
ভীষ্মঃ শান্তনবস্ত্বেনং মাবমংস্থাস্ত্বমন্যথা ॥৩॥
পশ্য চৈতান্ মহীপালাংস্ত্বত্তো বৃদ্ধতমান্ বহূন্।
মৃষ্যন্তে চার্হণাং কৃষ্ণে তদ্বত্ত্বং ক্ষন্তুমর্হসি ॥৪॥
বেদ তত্ত্বেন কৃষ্ণং হি ভীষ্মশ্চেদিপতে! ভৃশম্।
নহ্যেনং ত্বং তথা বেত্থ যথৈনং বেদ কৌরবঃ ॥৫॥

ভীষ্ম উবাচ।

নাস্মৈ দেয়ো হ্যনুনয়ো নায়মর্হতি সান্ত্বনম্।
লোকবৃদ্ধতমে কৃষ্ণে যোঽর্হণাং নাভিমন্যতে ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। পারুষ্যং কটুভাষিত্বম্, পরো মহানধর্ম্মঃ, পরকষ্টদায়কত্বাৎ; নিরর্থকঞ্চ ॥২॥

নহীতি। পার্থিবো রাজা, জাতু কদাচিদপি, পরং শ্রেষ্ঠং ধর্ম্মম্, নাববুধ্যেত ইতি নহি, অপি তু সর্ব্বদৈবাববুধ্যেতেত্যর্থঃ। অয়ং ভীষ্মঃ, শান্তনবঃ শান্তনুপুত্রঃ, অতএব মহাত্মেতি ভাবঃ। অতস্ত্বং ত্বম্, অন্যথা ইতরবদ্ভাষণেন, এনং মা অবমংস্থাঃ ॥৩॥

পশ্যেতি। কৃষ্ণে অর্হণাং পূজাম্, মৃষ্যন্তে সহন্তে। ক্ষন্তুং সোঢ়ুম্ ॥৪॥

বেদেতি। বেদ জানাতি, তত্ত্বেন যাথার্থ্যেন। বেত্থ জানাসি। কৌরবো ভীষ্মঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

এব নিরধিষ্ঠানকভ্রমাযোগাৎ ॥২॥ এতচ্চ যোগবলেনৈব ভীষ্মো বেদেত্যাহ ন হীতি। পরো ধর্ম্মঃ, অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শনমিতি যাজ্ঞবল্ক্যোক্তঃ, যতস্তং ভীষ্মো বেদাঽতো-ঽস্য বচস্যবিশ্বাসো ন কর্ত্তব্য ইত্যর্থঃ। কথাপক্ষে পারুষ্যং দুর্ব্বাক্যত্বম্ ॥৩—৫॥ অনুনয়ঃ নয়ো যুক্তিস্তামনু পশ্চাৎ ভবতীতি অনুনয়ো মননানন্তরভাবিধ্যানং যোগ ইতি যাবৎ, স নাস্মৈ অসম্ভাবনাগ্রস্তায় ন দেয়ঃ, পক্ষে অনুনয়ঃ। কুপিতপ্রসাদনং সান্ত্বনং শমং সগুণোপাস্ত্যভাবাদ-

'রাজা! আপনি যেরূপ বলিলেন, তাহা সঙ্গত হয় নাই। কারণ, কটুকথা বলায় গুরুতর পাপ হয় এবং তাহা নিরর্থক ॥২॥

রাজা কখনও প্রধান ধর্ম্ম বুঝিবেন না, এমন হয় না। ইনি শান্তনুর পুত্র ভীষ্ম; ইঁহাকে আপনি ইতর লোকের ন্যায় অবজ্ঞা করিতে পারেন না ॥৩॥

দেখুন, এখানে আপনা অপেক্ষা বৃদ্ধতম বহুতর রাজা রহিয়াছেন; তাঁহারা সকলেই কৃষ্ণের পূজা সহ্য করিতেছেন; সুতরাং আপনিও সেইরূপ সহ্য করুন ॥৪॥

চেদিরাজ! ভীষ্ম সম্পূর্ণ যথার্থরূপেই কৃষ্ণকে জানেন; সুতরাং ইনি যেমন কৃষ্ণকে জানেন, আপনি সেইরূপ কৃষ্ণকে জানেন না' ॥৫॥

(৬)···যোঽর্হণাং নানুমন্যতে।

ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়ং জিত্বা রণে রণকৃতাং বরঃ।
যো মুঞ্চতি বশে কৃত্বা গুরুর্ভবতি তস্য সঃ ॥৭॥
অস্যাং হি সমিতৌ রাজ্ঞামেকমপ্যজিতং রণে।
ন পশ্যামি মহীপালং সাত্বতীপুত্রতেজসা ॥৮॥
নহি কেবলমস্মাকময়মর্চ্চ্যতমোঽচ্যুতঃ।
ত্রয়াণামপি লোকানামর্চ্চনীয়ো মহাভুজঃ ॥৯॥
কৃষ্ণেন হি জিতা যুদ্ধে বহবঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
জগৎ সর্ব্বঞ্চ বার্ষ্ণেয়ে নিখিলেন প্রতিষ্ঠিতম্।
তস্মাৎ সৎস্বপি বৃদ্ধেষু কৃষ্ণমর্চ্চামি নেতরান্ ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। অস্মৈ শিশুপালায়, ন দেয়ো ন কর্ত্তব্যঃ। সান্ত্বনং মধুরবচনম্ ॥৬॥

পূজনহেতুভূতং কৃষ্ণস্য গুরুত্বং প্রতিপাদয়তি ক্ষত্রিয় ইতি। রণকৃতাং বরো যঃ ক্ষত্রিয়ঃ, অপরং ক্ষত্রিয়ং রণে জিত্বা বশে কৃত্বা চ পুনর্মুঞ্চতি, স জেতা ক্ষত্রিয়ঃ, তস্য জিতস্য ক্ষত্রিয়স্য, গুরুর্ভবতি ॥৭॥

অস্যামিতি। সমিতৌ সভায়াম্, একং রাজানমপি। সাত্বতীপুত্রতেজসা কৃষ্ণস্য বলেন ॥৮॥

নহীতি। অচ্যুতঃ কৃষ্ণঃ। অর্চ্চনীয়ঃ, আদিপুরুষত্বাদিতি ভাবঃ ॥৯॥

কৃষ্ণেনেতি। বার্ষ্ণেয়ে কৃষ্ণে, নিখিলেন প্রকারেণ, প্রতিষ্ঠিতম্; "বিষ্টভ্যাহমিদং কৃৎস্ন-মেকাংশেন স্থিতো জগৎ" ইতি বক্ষ্যমাণাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

নধিকারিণে ইত্যর্থঃ ॥৬॥ তত্র মূঢ়ং মূঢ়ভাষয়ৈব বোধয়েদিতি ন্যায়েন শিশুপালমতমনুসৃত্যৈব কৃষ্ণস্যাধিক্যমাহ দ্বাভ্যাং ক্ষত্রিয় ইতি ॥৭—৮॥ ইতোঽপ্যধিকমাহ ন হীতি। ত্রৈলোক্যাস্ত-র্গতানাং ব্রহ্মাদীনামিত্যর্থঃ ॥৯॥ ইদানীন্তনক্ষত্রিয়েভ্যঃ ঋষভাঃ শ্রেষ্ঠাঃ, হিরণ্যাক্ষাদয়ঃ বার্ষ্ণেয়ে

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! শিশুপালের অনুনয় করা তোমার উচিত নহে, আর উনি মধুরবাক্যেরও যোগ্য নহেন; কারণ, জগতের মধ্যে সর্ব্বাপেক্ষা বৃদ্ধ কৃষ্ণের পূজাকে যিনি সঙ্গত বলিয়া মনে করিতেছেন না ॥৬॥

বীরশ্রেষ্ঠ যে ক্ষত্রিয় অপর ক্ষত্রিয়কে জয় করিয়া বশে আনিয়া আবার ছাড়িয়া দেন, তিনি তাঁহার গুরু হইয়া থাকেন ॥৭॥

রাজাদের এই সভায় আমি এমন একটী রাজাকেও দেখিতেছি না, যিনি যুদ্ধে কৃষ্ণের পরাক্রমে বিজিত হন নাই ॥৮॥

এই কৃষ্ণ কেবল আমাদেরই পূজনীয় নহেন, এই মহাবাহু ত্রিভুবনের সমস্ত লোকেরই পূজনীয় ॥৯॥

[৮]···একমপ্যজিতং যুধি···। [৯]···অয়মর্চ্চ্যো জনার্দ্দনঃ।

এবং বক্তুঞ্চ নার্হস্ত্বং মা ভূত্তে বুদ্ধিরীদৃশী।
জ্ঞানবৃদ্ধা ময়া রাজন্! বহবঃ পর্য্যুপাসিতাঃ ॥১১॥
তেষাং কথয়তাং শৌরেরহং গুণবতো গুণান্।
সমাগতানামশ্রৌষং বহূন্ বহুমতান্ সতাম্ ॥১২॥
কর্ম্মাণ্যপি চ যান্যস্য জন্মপ্রভৃতি ধীমতঃ।
বহুভিঃ কথ্যমানানি নরৈর্ভূয়ঃ শ্রুতানি মে ॥১৩॥
ন কেবলং বয়ং কামাচ্চেদিরাজ! জনার্দ্দনম্।
ন সম্বন্ধং পুরস্কৃত্য কৃতার্থং বা কথঞ্চন।
অর্চ্চামহেঽর্চ্চিতং সদ্ভির্ভুবি ভূতসুখাবহম্ ॥১৪॥

ভারতকৌমুদী

এবমিতি। নার্হো ন যোগ্যঃ। পর্য্যুপাসিতাঃ কৃষ্ণস্যৈব গুণশ্রবণায় সেবিতাঃ ॥১১॥

কৃষ্ণস্য গুণবৃদ্ধত্বং প্রতিপাদয়তি তেষামিতি। অহম্, গুণবতঃ শৌরেঃ কৃষ্ণস্য, বহুমতান্ অত্যাদৃতান্ বহূন্ গুণান্, কথয়তাং সমাগতানাং তেষাং সতাং সকাশাৎ, তান্ গুণানশ্রৌষম্ ॥১২॥

কর্ম্মাণীতি। কর্ম্মাণি পূতনাবধাদীনি। ভূয়ো বহুলং যথা তথা। মে ময়া ॥১৩॥

ভারতভাবদীপঃ

সর্ব্বং প্রতিষ্ঠিতং বিলীনম্। কিং কনককুণ্ডলন্যায়েন নেত্যাহ নিখিলেনেতি। সত্যামপি কনক বুদ্ধৌ কুণ্ডলবুদ্ধ্যনপায়াৎ রজ্জুসর্পন্যায়েনৈবেয়ং সম্প্রতিষ্ঠা। "জ্ঞানাদেব তু কৈবল্য"মিতি শ্রুতেশ্চ। পক্ষান্তরে তু ব্রহ্মণঃ কনকবৎপরিণামিত্বং কুণ্ডলস্যেব প্রপঞ্চস্য ক্রিয়য়া প্রবিলাপ্যত্বঞ্চ স্যাৎ। তথা চাসঙ্গো হ্যয়ং পুরুষ ইত্যসঙ্গত্বশ্রুতের্জ্ঞানাদেবেত্যবধারণস্য চ ব্যাকোপ ইতি দিক্ ॥১০—১১॥ উক্তেঽর্থে প্রমাণমাহ জ্ঞানবৃদ্ধা ইত্যাদিনা ॥১২॥ কর্ম্মাণি পূতনা-

তা'র পর কৃষ্ণ যুদ্ধে বহুতর ক্ষত্রিয়শ্রেষ্ঠকে জয় করিয়াছেন এবং কৃষ্ণের উপরেই সমস্ত জগৎ সর্ব্বপ্রকারে অবস্থান করিতেছে; সেই জন্যই বয়োবৃদ্ধ রাজারা থাকিতেও আমি কৃষ্ণকেই পূজা করিয়াছি, কিন্তু অন্যকে নহে ॥১০॥

অতএব চেদিরাজ! আপনি কৃষ্ণসম্বন্ধে এরূপ বলিতে পারেন না, কিংবা আপনার এরূপ বুদ্ধিও যেন হয় না। আমি কৃষ্ণের গুণ শুনিবার জন্য বহু বৃদ্ধলোকের সেবা করিয়াছি ॥১১॥

তাঁহারা আসিয়া গুণবান্ কৃষ্ণের বহুতর উৎকৃষ্ট গুণের কথা বলিতেন, তখন আমি তাহা শুনিতাম ॥১২॥

ইনি জন্মাবধি যে সকল কার্য্য করিয়াছেন, তাহা বহুলোকে বলিয়াছে, আমিও তাহা বহুবার শুনিয়াছি ॥১৩॥

অতএব চেদিরাজ! আমরা সম্পর্কবশতঃ কেবল ইচ্ছা করিয়াই কৃষ্ণের

যশঃ শৌর্য্যং জয়ঞ্চাস্য বিজ্ঞায়ার্চ্চাং প্রযুঞ্জ্মহে।
ন চ কশ্চিদিহাস্মাভিঃ সুবালোঽপ্যপরীক্ষিতঃ।
গুণৈর্বৃদ্ধানতিক্রম্য হরিরর্চ্চ্যতমো মতঃ॥১৫॥
জ্ঞানবৃদ্ধো দ্বিজাতীনাং ক্ষত্রিয়াণাং বলাধিকঃ।
বৈশ্যানাং ধান্যধনতঃ শূদ্রাণামেব জন্মতঃ॥১৬॥
পূজ্যতায়াঞ্চ গোবিন্দে হেতু দ্বাবপি সংস্থিতৌ।
বেদবেদাঙ্গবিজ্ঞানং বলঞ্চাপ্যমিতং তথা।
নৃণাং লোকে হি কোঽন্যোঽস্তি বিশিষ্টঃ কেশবাদৃতে॥১৭॥

ভারতকৌমুদী

নেতি। সম্বন্ধং যুধিষ্ঠিরাদীনাং মাতুলপুত্ত্রত্বরূপম্। কৃতার্থং শত্রুবধাদিনা চরিতার্থম্। ভূতানাং প্রাণিনাং সুখজনকমিত্যর্চ্চনায়াং হেতুঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ॥১৪॥

যশ ইতি। সুবালোঽপি অতিশিশুরপি। ষট্পাদমিদং পদ্যম্॥১৫॥

জ্ঞানেতি। জ্ঞানবৃদ্ধ এব বৃদ্ধঃ। সর্বত্রৈবেত্থমর্থঃ। জন্মতো বয়সা॥১৬॥

পূজ্যতায়ামিতি। নৃণাং লোকে ভূমণ্ডলে। বিশিষ্টঃ প্রধানঃ। ইদমপি ষট্পদং পদ্যম্॥১৭॥

ভারতভাবদীপঃ

বধাদীনি॥১২—১৩॥ কৃতার্থং কৃতম্ অর্থম্ উপকারম্॥১৪—১৫॥ বৈশ্যানামিতি। লক্ষ্মী-

---

পূজা করি নাই; কিংবা শত্রু নিঃশেষ করিয়া কৃতার্থ হইয়াছেন বলিয়াও উঁহার পূজা করি নাই; কিন্তু উনি জগতে সমস্ত প্রাণীরই সুখজনক বলিয়া সাধুলোকেরা উঁহার পূজা করিয়া থাকেন; তাই আমরাও উঁহার পূজা করিয়াছি॥১৪॥

কৃষ্ণের যশ, বীরত্ব এবং জয় করিবার ক্ষমতা রহিয়াছে ইহা জানিয়াই আমরা উঁহার পূজা করিয়াছি। অর্ঘদান করিবার পূর্ব্বে এখানে আমরা কোন অতিশিশুকেও পরীক্ষা করি নাই এমন নহে; তাহার পর বৃদ্ধগণকে পরিত্যাগ করিয়া গুণ দ্বারাই কৃষ্ণকে প্রধান অর্চ্চনীয় বলিয়া মনে করিয়াছি॥১৫॥

ব্রাহ্মণগণের মধ্যে যিনি জ্ঞানবৃদ্ধ, তিনিই বৃদ্ধ; ক্ষত্রিয়গণের মধ্যে যিনি অধিক বলশালী, তিনি বৃদ্ধ; বৈশ্যগণের মধ্যে যাঁহার ধন ও ধান্য অধিক থাকে, তিনি বৃদ্ধ; আর শূদ্রগণের মধ্যেই যিনি বয়োবৃদ্ধ, তিনি বৃদ্ধ॥১৬॥

পূজ্যতাবিষয়ে কৃষ্ণে দুইটী কারণই রহিয়াছে; এক—বেদ ও বেদাঙ্গের জ্ঞান এবং দ্বিতীয়—অপরিমিত বল। অতএব ভূমণ্ডলে কৃষ্ণভিন্ন অন্য কোন্ ব্যক্তি প্রধান আছে?॥১৭॥

---

(১৫)…দুর্ব্বলোঽপ্যপরীক্ষিতঃ…। (১৬)…বৈশ্যানাং ধান্যধনবান্…। (১৭)… বলঞ্চাভ্যধিকং তথা…।

দানং দাক্ষ্যং শ্রুতং শৌর্য্যং হ্রীঃ কীর্ত্তির্বুদ্ধিরুত্তমা।
সন্নতিঃ শ্রীর্ধৃতিঃ পুষ্টিস্তুষ্টিশ্চ নিয়তাচ্যুতে ॥১৮॥
তমিমং লোকসম্পন্নমাচার্য্যং পিতরং গুরুম্।
অর্ঘ্যমর্চ্চিতমর্চ্চামঃ সর্ব্বে সংক্ষন্তুমর্হথ ॥১৯॥
ঋত্বিগ্‌গুরুর্বিবাহ্যশ্চ স্নাতকো নৃপতিঃ প্রিয়ঃ।
সর্ব্বমেতদ্‌হৃষীকেশস্তস্মাদভ্যর্চ্চিতোঽচ্যুতঃ ॥২০॥
কৃষ্ণ এব হি লোকানামুৎপত্তিরপি চাপ্যয়ঃ।
কৃষ্ণস্য হি কৃতে বিশ্বমিদং ভূতং চরাচরম্ ॥২১॥

ভারতকৌমুদী

দানমিতি। দাক্ষ্যং কার্য্যনৈপুণ্যম্, হ্রীর্লজ্জা, সন্নতির্বিনয়ঃ। নিয়তা নিত্যস্থিতা ॥১৮॥

সভাং প্রত্যাহ তমিতি। লোকো লোকাচারস্তৎসম্পন্নম্। অর্ঘ্যমর্ঘদানযোগ্যম্ ॥১৯॥

ঋত্বিগিতি। বিবাহ্যঃ পূর্ব্বোক্তসংযুক্পদবাচ্যঃ সম্বন্ধী শ্বশুরাদিঃ। স্নাতকঃ অধীতবেদো গৃহস্থবিশেষঃ। অর্ঘপ্রাপ্তিযোগ্যমেতৎ সর্ব্বং হৃষীকেশঃ, পরব্রহ্মত্বেন সর্বাত্মকত্বাৎ ॥২০॥

কিঞ্চ পরব্রহ্মৈব কৃষ্ণ ইত্যাহ কৃষ্ণ ইতি। এব হীতি শব্দদ্বয়মত্যন্তাবধারণায় "যঃ কৌমারহরঃ স এব হি বরঃ" ইত্যাদিবৎ। তথা চ কৃষ্ণ এব হি, লোকানাং জগতাম্, উৎপত্তিঃ উৎপত্তিস্থানম্, অপিশব্দাদাশ্রয়স্থানম্, অপ্যয়ো লয়স্থানঞ্চ; "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদিশ্রুতেঃ, "তস্মিন্নোতঞ্চ" ইত্যাদিশ্রুতেশ্চ। কিঞ্চ কৃষ্ণস্য কৃতে হি নিমিত্ত এব, ইদং চরাচরং বিশ্বম্, ভূতমুৎপন্নম্, "অজা যে তাং জুষমাণাং ভজন্তে" ইতি শ্রুতেঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

পতিত্বাৎ পুরাণপুরুষত্বাচ্চ ॥১৬—১৭॥ নিয়তাঽচ্যুতেঽকর্ম্মজত্বাৎ, অন্যত্র কর্ম্মজত্বাদেষামস্থৈর্য্যং ভবতীত্যর্থঃ ॥১৮॥ লোকসম্পন্নং জ্ঞানসম্পন্নম্ ॥১৯—২০॥ লোকদৃষ্ট্যা কৃষ্ণমাহাত্ম্যমুক্ত্বা শাস্ত্রদৃষ্ট্যাপি তদাহ কৃষ্ণ এবেতি। উৎপত্তিরপি উপাদানমপি, অব্যয়ঃ অবিনাশী অপরিণামিত্বাৎ রজ্জুবৎ পরিণাম্যুপাদানস্য নাশাবশ্যম্ভাবাদিতি ভাবঃ। অপায় ইতি পাঠে লয়স্থানম্ কৃষ্ণস্য

তা'র পর দান, কার্য্যদক্ষতা, শাস্ত্রজ্ঞান, বীরত্ব, লজ্জা, কীর্ত্তি, উত্তম বুদ্ধি, বিনয়, লক্ষ্মী, ধৈর্য্য, পুষ্টি ও তুষ্টি এ সমস্তই কৃষ্ণে সর্ব্বদা বিদ্যমান রহিয়াছে ॥১৮॥

অতএব সভ্যগণ! লোকাচারসম্পন্ন কৃষ্ণ আমাদের আচার্য্য, পিতা, গুরু, অর্ঘদানের যোগ্য এবং জগৎপূজিত; তাই আমরা উঁহাকে পূজা করিয়াছি। সুতরাং আপনারা সে বিষয়ে ক্ষমা করুন ॥১৯॥

ঋত্বিক্, গুরু, সম্বন্ধী, স্নাতক, রাজা ও সুহৃৎ এ সমস্তই এক কৃষ্ণ; তাই আমরা উঁহার পূজা করিয়াছি ॥২০॥

(১৯) অর্চ্চ্যমর্চ্চিতমর্চ্চাহম্, অর্ঘ্যমর্চ্চিতমর্চ্চার্হম্…।

এষ প্রকৃতিরব্যক্তা কর্ত্তা চৈব সনাতনঃ।
পরশ্চ সর্ব্বভূতেভ্যস্তস্মাৎ পূজ্যতমোঽচ্যুতঃ ॥২২॥
বুদ্ধির্মনো মহদ্বায়ুস্তেজোঽম্ভঃ খং মহী চ যা।
চতুর্বিধঞ্চ যদ্ভূতং সর্ব্বং কৃষ্ণে প্রতিষ্ঠিতম্ ॥২৩॥

ভারতকৌমুদী

অপি চাহ এষ ইতি। এষ কৃষ্ণঃ, অব্যক্তা মহত্তত্ত্বাদিরূপেণাস্পষ্টীভূতা, প্রকৃতিঃ "সত্ত্ব-রজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ" ইতি সাংখ্যসূত্রোক্তরূপং প্রধানম্, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। সনাতনো নিত্যঃ, কর্ত্তা উপাদানঞ্চ, "বহু স্যাং প্রজায়েয়" ইতি শ্রুতেঃ, "প্রকৃতিশ্চ প্রতিজ্ঞাদৃষ্টান্তানুপরোধাৎ" ইত্যাদিবেদান্তসূত্রাচ্চ। কর্ত্তা স্রষ্টা বা। সর্বভূতেভ্যঃ পর উৎকৃষ্টশ্চ, ভূতানাং জড়ত্বাদ্বিনাশিত্বাচ্চ, অস্য তু চিন্ময়ত্বান্নিত্যত্বাচ্চেতি ভাবঃ। তস্মাদচ্যুতঃ কৃষ্ণঃ পূজ্যতমঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

কৃতে কৃষ্ণার্থম্, সর্ব্বশেষিত্বাৎ কৃতে ইত্যব্যয়ং তাদার্থ্যে নিপাত্যতে; ভূতম্ উৎপন্নম্, তেন বিনাশ্যপি এতৎ কৃষ্ণ এব স ইত্যপি জ্ঞেয়ম্ ॥২১॥ নন্বপরিণামিত্বে কৃষ্ণস্য কথং পরিণামিন-মাকাশাদিকং প্রত্যুপাদানত্বং কারণস্য কার্য্যসজাতীয়ত্বনিয়মাদিত্যাশঙ্ক্যাহ এষ ইতি। প্রকৃতিঃ উপাদানং জগতঃ অব্যক্তা অপ্রকটা রজ্জুরিব স্পষ্টমদৃষ্টা সর্পস্য কর্ত্তা মহদহঙ্কারাদিরপ্যয়মেব। পরিণামবদ্বিবর্ত্তেঽপি কার্য্যস্য কারণানন্যত্বাৎ মহদাদেশ্চ বিবর্ত্তরূপত্বাৎ। নন্বন্যোঽন্যত্রান্যৎ কল্পয়তি মহদাদেস্ত্ব কথং সদাত্মনি স্বস্বকল্পকত্বমিত্যাশঙ্ক্যাহ সনাতন ইতি। সুপ্তিপ্রলয়াদা-বপি তেষাং সংস্কারাত্মনা সত্ত্বমস্তি। অতঃ কদাচিৎ প্রতীয়মানত্বান্মিথ্যাত্বেঽপি ভ্রমতৎ-সংস্কারপরম্পরায়া বীজাঙ্কুরবদনাদিত্বান্মহদাদিরপি সনাতনোঽনাদিরেবেত্যর্থঃ। নন্বেবং ঘৃত-কাঠিন্যবদাত্মনি মহদাদেরাবির্ভাবতিরোভাবৌ উক্তৌ স্যাতাম্, তথা চাত্মসমসত্তাকত্বং তয়োঃ স্যাদিত্যত আহ পর ইতি। সর্ব্বভূতেভ্য উৎপন্নেভ্যো মহদাদিভ্যোঽতিরিক্তঃ মহদাদ্যুপা-দানং ত্বজ্ঞানমেব, ন তু চিদাত্মা তদপি রজ্জ্বজ্ঞানবত্তদনাদ্যপি বাধে সতি বস্তুবৃত্ত্যা কালত্রয়েঽপি তৎকার্য্যং নাসীদিতি প্রত্যয়াৎ। যাদৃশো যক্ষস্তাদৃশো বলিরিতি ন্যায়েন কার্য্য-বৎ অনির্ব্বচনীয়ত্বমেব কল্প্যতে, অতঃ কৃষ্ণ এব পরো ন ত্বজ্ঞানং ত্রৈকালিকবাধবিষয়ত্বাৎ তস্যেতি। ভাবঃ পূজ্যতম ইতি নিরুপাধিকপ্রেমবিষয়ত্বেন সর্ব্বশেষিত্বং প্রত্যগাত্মত্বং চোক্তম্। অচ্যুত ইতি ভোক্তৃত্বরূপবিকারনিষেধঃ, অহঙ্কারস্যৈব ভোক্তৃত্বাদাত্মনি চ জল-চন্দ্রচাঞ্চল্যবৎ তদুপধানাৎ কল্পিতমিতি ভাবঃ ॥২২॥ অতএব কৃষ্ণাদ্বৈতং সিদ্ধমিত্যাহ বুদ্ধি-রিত্যাদিনা। প্রতিষ্ঠিতং রজ্জ্বুরগবৎ কৃষ্ণানন্যত্বাদিত্যর্থঃ। বুদ্ধিরহঙ্কারঃ, মন ইতীন্দ্রিয়া-ণ্যেকাদশ মহান্ মহত্তত্ত্বম্, বায়ুপঞ্চকেন পঞ্চতন্মাত্রাণাং স্থূলভূতানাঞ্চ গ্রহণম্। চতুর্ব্বিধং

কৃষ্ণই জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের স্থান এবং কৃষ্ণের জন্যই এই স্থাবরজঙ্গমাত্মক জগৎ জন্মিয়াছে ॥২১॥

কৃষ্ণই প্রকৃতি, কৃষ্ণই সনাতন কর্ত্তা এবং কৃষ্ণই সর্ব্বভূত হইতে উৎকৃষ্ট। অতএব কৃষ্ণই সর্ব্বপ্রধান পূজনীয় ॥২২॥

আদিত্যশ্চন্দ্রমাশ্চৈব নক্ষত্রাণি গ্রহাশ্চ যে।
দিশশ্চ বিদিশশ্চৈব সর্ব্বং কৃষ্ণে প্রতিষ্ঠিতম্ ॥২৪॥
অগ্নিহোত্রমুখা বেদা গায়ত্রী ছন্দসাং মুখম্।
রাজা মুখং মনুষ্যাণাং নদীনাং সাগরো মুখম্ ॥২৫॥
নক্ষত্রাণাং মুখং চন্দ্র আদিত্যস্তেজসাং মুখম্।
পর্ব্বতানাং মুখং মেরুর্গরুড়ঃ পততাং মুখম্ ॥২৬॥
ঊর্দ্ধং তির্য্যগধশ্চৈব যাবতী জগতো গতিঃ।
সদেবকেষু লোকেষু ভগবান্ কেশবো মুখম্ ॥২৭॥

ভারতকৌমুদী

বুদ্ধিরিতি। বুদ্ধির্মহত্তত্ত্বম্, মনো মননোপযোগিতয়া একাদশেন্দ্রিয়াণি, মহৎ বুদ্ধ্যাপেক্ষয়া স্থূলং তচ্চাহঙ্কারঃ, বায়ুঃ, তেজঃ, অম্ভো জলম্, খমাকাশম্, যা চ মহী, এতৎ পঞ্চকন্তু স্থূল-সূক্ষ্মোভয়বিধম্, তেন চ পঞ্চতন্মাত্রাণামপি গ্রহণম্; যচ্চ চতুর্বিধং জরায়ুজাণ্ডজস্বেদ-জোদ্ভিজ্জরূপম্, ভূতং প্রাণী; এতৎ সর্ব্বমেব কৃষ্ণে প্রতিষ্ঠিতম্; "বিষ্টভ্যাহমিদং কৃৎস্ন-মেকাংশেন স্থিতো জগৎ" ইত্যুক্তেঃ ॥২৩॥

কৃষ্ণে স্থূলান্তরাণামপ্যাশ্রয়তাং দর্শয়তি আদিত্য ইতি। গ্রহা উক্তেতরে ॥২৪॥

অগ্নীতি। বেদা বিধিরূপাঃ শ্রুতয়ঃ, অগ্নিহোত্রম্ অগ্নিহোত্রবিধিরেব মুখং প্রধানং যেষাং তে; গায়ত্রী, ছন্দসাং অর্থবাদাদিরূপাণাং সর্ব্বেষাং বেদানাং মুখং প্রধানম্। রাজা মনুষ্যাণাং মুখম্; সাগরশ্চ নদীনাং জলাধারমাত্রাণাং মুখম্ ॥২৫॥

নক্ষত্রাণামিতি। চন্দ্রো নক্ষত্রাণাং মুখম্; "নক্ষত্রাণামহং শশী" ইতি পরস্তাদপ্যুক্তেশ্চন্দ্রো নক্ষত্রান্তর্গত এব। আদিত্যঃ সূর্য্যঃ, তেজসাং তেজঃপদার্থানাং মুখম্। মেরুঃ পর্বতানাং মুখম্। গরুড়শ্চ, পততাং পক্ষিণাং মুখম্। "পতৎপত্ররথাণ্ডজাঃ" ইত্যমরঃ ॥২৬॥

ঊর্দ্ধমিতি। জগতঃ, ঊর্দ্ধম্, তির্য্যক্, অধশ্চ, যাবতী, গতিঃ পদার্থানাং স্থিতিঃ যাবন্তঃ পদার্থাঃ স্থিতা ইত্যর্থঃ, সদেবকেষু দেবলোকসহিতেষু লোকেষু, ভগবান্ কেশবঃ কৃষ্ণ এব তেষাং পদার্থানাম্, মুখং প্রধানম্ ॥২৭॥

বুদ্ধি, অহঙ্কার, একাদশ ইন্দ্রিয়, পঞ্চ তন্মাত্র, পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ এবং চতুর্বিধ প্রাণী, এ সমস্তই কৃষ্ণে প্রতিষ্ঠিত আছে ॥২৩॥

চন্দ্র, সূর্য্য, নক্ষত্র, অবশিষ্ট গ্রহ, দিক্ ও বিদিক্, এ সমস্তও কৃষ্ণেই রহিয়াছে ॥২৪॥

বেদের বিধিভাগের মধ্যে অগ্নিহোত্রের বিধি প্রধান, সমস্ত বেদের মধ্যে গায়ত্রী প্রধান, মনুষ্যের মধ্যে রাজা প্রধান, এবং জলাশয়ের মধ্যে সমুদ্র প্রধান ॥২৫॥

নক্ষত্রের মধ্যে চন্দ্র প্রধান, তেজের মধ্যে সূর্য্য প্রধান, পর্ব্বতের মধ্যে সুমেরু প্রধান, আর পক্ষীর মধ্যে গরুড় প্রধান ॥২৬॥

অয়ন্তু পুরুষো বালঃ শিশুপালো ন বুধ্যতে।
সর্ব্বত্র সর্ব্বদা কৃষ্ণং তস্মাদেবং প্রভাষতে ॥২৮॥
যো হি ধর্ম্মং বিচিনুয়াদুৎকৃষ্টং মতিমান্ নরঃ।
স বৈ পশ্যেদ্‌যথাধর্ম্মং ন তথা চেদিরাড়য়ম্ ॥২৯॥
সবৃদ্ধবালেষ্বথবা পার্থিবেষু মহাত্মসু।
কো নার্হং মন্যতে কৃষ্ণং কো বাপ্যেনং ন পূজয়েৎ ॥৩০॥
অথৈনাং দুষ্কৃতাং পূজাং শিশুপালো ব্যবস্যতি।
দুষ্কৃতায়াং যথান্যায়ং তথায়ং কর্ত্তুমর্হতি ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি অর্ঘাভিহরণে ভীষ্মবাক্যং নাম সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অয়মিতি। কিন্তু অয়ং বালোঽল্পবয়স্কঃ, মূর্খ ইতি চ ধ্বন্যতে, পুরুষঃ শিশুপালঃ, সর্ব্বদা সর্ব্বত্রৈব বিদ্যমানং কৃষ্ণং ন বুধ্যতে; তস্মাদেবৈবং প্রভাষতে ॥২৮॥

য ইতি। যো মতিমান্ বুদ্ধিমান্ নরঃ, উৎকৃষ্টং ধর্ম্মম, বিচিনুয়াৎ জ্ঞাতুমন্বিষ্যেৎ, স যথা ধর্ম্মং পশ্যেজ্জানীয়াৎ, অয়ং চেদিরাট্, তথা ধর্ম্মং ন পশ্যেৎ, ধর্ম্মজিজ্ঞাসাভাবাদিতি ভাবঃ ॥২৯॥

সেতি। অথবা, বৃদ্ধৈর্বালৈশ্চ সহেতি সবৃদ্ধবালাস্তেষু, মহাত্মসু পার্থিবেষু রাজসু মধ্যে কো রাজা, কৃষ্ণম্, অর্হং পূজ্যং ন মন্যতে; কো বা এনং কৃষ্ণং ন পূজয়েৎ ॥৩০॥

ভারতভাবদীপঃ

জরায়ুজাদিভৌতিকম্ ॥২৩—২৭॥ সর্ব্বত্র সর্ব্বদা, সত্তাস্ফূর্ত্তিপ্রদত্বেন সন্তমিতি শেষঃ ॥২৮॥ উৎকৃষ্টং ধর্ম্মম্ আত্মদর্শনম্ ॥২৯—৩১॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

এবং দেবলোকপ্রভৃতি সমস্ত লোকে উপরে, মধ্যে ও নীচে যত পদার্থ আছে, তাহার মধ্যে ভগবান্ কৃষ্ণই প্রধান ॥২৭॥

কৃষ্ণ যে সর্ব্বদা সর্ব্বত্রই বিদ্যমান আছেন, তাহা এই বালক শিশুপাল বোঝে না; সেই জন্যই এইরূপ বলিতেছে ॥২৮॥

যে বুদ্ধিমান্ মানুষ উৎকৃষ্ট ধর্ম্মকে অন্বেষণ করে, সে যে প্রকার ধর্ম্মকে দেখিতে পায়, এ শিশুপাল সেপ্রকার ধর্ম্মকে দেখিতে পায় নাই ॥২৯॥

বালক, যুবক এবং বৃদ্ধ মহাত্মা রাজাদের মধ্যে কোন্ ব্যক্তি কৃষ্ণকে পূজনীয় বলিয়া মনে না করেন? এবং কোন্ ব্যক্তিই বা কৃষ্ণকে পূজা না করেন ॥৩০॥

* '…অষ্টত্রিংশোঽধ্যায়ঃ, একচত্বারিংশোঽধ্যায়ঃ।' ইতঃ পরং দাক্ষিণাত্যপুস্তকে বিংশতিরধ্যায়া এবাধিকা দৃশ্যন্তে।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা ততো ভীষ্মো বিররাম মহাবলঃ।
ব্যাজহারোত্তরং তত্র সহদেবোঽর্থবদ্বচঃ ॥১॥
কেশবং কেশিহন্তারমপ্রমেয়পরাক্রমম্।
পূজ্যমানং ময়া যো বঃ কৃষ্ণং ন সহতে নৃপাঃ! ॥২॥
সর্ব্বেষাং বলিনাং মূর্দ্ধ্নি ময়েদং নিহিতং পদম্।
এবমুক্তে ময়া সম্যগুত্তরং প্রব্রবীতু সঃ।
স এব হি ময়া বধ্যো ভবিষ্যতি ন সংশয়ঃ ॥৩॥

ভারতকৌমুদী

এতাবদুক্ত্বাবপি শিশুপালস্য কৃষ্ণাহুনয়বৈমুখ্যদর্শনাৎ পক্ষান্তরমাহ অথেতি। অথ অথবা, শিশুপালঃ এনাং পূজাম্, দুষ্কৃতাম্ অন্যায়কৃতাম্, ব্যবস্যতি মন্যতে যদি; তথা তদা, অয়ং শিশুপালঃ, দুষ্কৃতায়ামস্যাং পূজায়াং বিষয়ে, যথান্যায়ং যথাযোগ্যম্, কর্ত্তুমর্হতি ॥৩১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি অর্ঘাভিহরণে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এবমিতি। উত্তরং পরবক্তব্যম্, অর্থবদ্‌যুক্তিযুক্তং বচঃ, ব্যাজহার উবাচ ॥১॥

কেশবমিতি। হে নৃপাঃ! বলিনাং বলবতাং সর্বেষাং বো যুষ্মাকং মধ্যে যো নৃপঃ, ময়া পূজ্যমানম্, অপ্রমেয়ঃ প্রমাতুমশক্যঃ পরাক্রমো যস্য তম্, কেশিহন্তারং কেশবং কৃষ্ণম্,

ভারতভাবদীপঃ

য এবংবিধঃ কৃষ্ণঃ স এব বসুদেবসূনুর্হরিরিতি সহদেবপ্রতিজ্ঞানারদবচনাভ্যাং নিশ্চেতু-মধ্যায়মারভতে এবমুক্তেত্যাদিনা ॥১॥ অপ্রমেয়ো নির্গুণত্বাৎ পরং পশ্চাদ্ভাবি কার্য্যং তং আক্রামতি ব্যাপ্নোতীতি পরাক্রম উপাদানম্। অপ্রমেয়শ্চাসৌ পরাক্রমশ্চেতি সমাসঃ,

তা'র পর, শিশুপাল যদি এ পূজাটাকে অসঙ্গত মনে করে, তবে নিজের যোগ্যতা অনুসারে যাহা ইচ্ছা তাহাই করিতে পারে ॥৩১॥

—:o:—

বৈশম্পায়ন বলিলেন—মহাবল ভীষ্ম এইরূপ বলিয়া বিরত হইলেন। তাহার পর তখন সহদেব বক্তব্য যুক্তিযুক্ত বাক্য বলিলেন—॥১॥

'হে রাজগণ! অপ্রমেয়-পরাক্রমশালী কেশিদানবহন্তা কেশব কৃষ্ণকে আমি পূজা করিতেছি; তাহা আপনাদের সকলের মধ্যে যে সহ্য করিতে না

(১)…বিররাম মহাযশাঃ…। (২)…অপ্রমেয়ং মহাবলম্…। কৃষ্ণং ন সহতে নৃপঃ।

মতিমন্তশ্চ যে কেচিদাচার্য্যং পিতরং গুরুম্।
অর্চ্যমর্চ্চিতমর্ঘার্হমনুজানন্তু তে নৃপাঃ ॥৪॥
ততো ন ব্যাজহারৈষাং কশ্চিদ্‌বুদ্ধিমতাং সতাম্।
মানিনাং বলিনাং রাজ্ঞাং মধ্যে সন্দর্শিতে পদে ॥৫॥
ততোঽপতৎ পুষ্পবৃষ্টিঃ সহদেবস্য মূর্দ্ধনি।
অদৃশ্যরূপা বাচশ্চ নিশ্চেরুঃ সাধু সাধ্বিতি ॥৬॥
অব্রবীদজিতং কৃষ্ণং ভবিষ্যদ্‌ভূতজল্পকঃ।
সর্বসংশয়নির্ম্মোক্তা নারদঃ সর্ব্বলোকবিৎ ॥৭॥

ভারতকৌমুদী

ন সহতে; ময়া তস্য মূর্দ্ধ্নি ইদং পদং চরণম্, নিহিতং স্থাপিতম্। ময়া এবমুক্তে সতি, স নৃপঃ, অস্য মদ্বাক্যস্য, সম্যগ্ যোগ্যম্ উত্তরম্ উত্তেজনাপূর্ণমেব প্রতিবাক্যমিত্যর্থঃ, প্রব্রবীতু। পরঞ্চ ময়া স বধ্য এব হি ভবিষ্যতি; অত্র সংশয়ো নাস্তি। ভূত য়ঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥২—৩॥

মতীতি। মতিমন্তো বুদ্ধিমন্তশ্চ যে কেচিন্নৃপাঃ সন্তি; তে নৃপাঃ, আচার্য্যং পিতরং গুরুম্ আচার্য্যাদিসদৃশমিত্যর্থঃ, অতএব অর্চ্যং পূজনীয়ম্, সদ্ভিরর্চ্চিতঞ্চ কৃষ্ণম্, অর্ঘার্হম্ অর্ঘদানযোগ্যম্, অনুজানন্তু অঙ্গীকুর্ব্বন্তু। তদা তু তে নিষ্প্রত্যূহা এবেতি ভাবঃ ॥৪॥

তত ইতি। ততঃ সহদেবেন, পদে চরণে, সন্দর্শিতে সত্যপি, বুদ্ধিমতাম্, সতাং কৃষ্ণস্য স্বরূপজ্ঞানাদেবাভ্যহিতানাম্, মানিনাং বলিনাঞ্চ এষাং রাজ্ঞাং মধ্যে কশ্চিদপি রাজা, ন ব্যাজহার কিঞ্চিদপি নোবাচ ॥৫॥

তত ইতি। ন দৃশ্যং রূপং বক্তুরাকৃতির্যাসাং তাঃ, সাধু সাধ্বিতি বাচশ্চ নিশ্চেরুঃ ॥৬॥

অব্রবীদিতি। ভবিষ্যন্তো ভাবিনঃ ভূতা অতীতাশ্চ যে বিষয়াস্তেষাং জল্পকো ধ্যানেন

পারে, তাহার মস্তকে এই আমি চরণ স্থাপন করিলাম; আমি এইরূপ বলার পরে সে উপযুক্ত উত্তর প্রদান করুক; আমি নিশ্চয়ই তাহাকে বধ করিব ॥২—৩॥

বুদ্ধিমান্ যে সকল রাজা আছেন, তাঁহারা স্বীকার করুন যে, কৃষ্ণই অর্ঘ-দানের যোগ্য। কেন না, কৃষ্ণ আচার্য্য, পিতা ও গুরুর তুল্য, জগতের পূজনীয় এবং সাধুজনকর্ত্তৃক পূজিত ॥৪॥

তদনন্তর সহদেব চরণ প্রদর্শন করিলেও, বুদ্ধিমান্, সৎপ্রকৃতি, তেজস্বী ও বলবান্ সেই সকল রাজাদের মধ্যে কেহই কিছু বলিলেন না ॥৫॥

তাহার পর, সহদেবের মস্তকে পুষ্পবৃষ্টি পতিত হইল এবং 'সাধু সাধু' এই রূপ আকাশবাণী নির্গত হইল ॥৬॥

(৬) অদৃশ্যরূপা বাচশ্চাপ্যব্রুবন্…। (৭) আবিধ্যদজিতং কৃষ্ণম্, অবিধ্যদজিনং কৃষ্ণম্…। ইতঃ পরম্ 'উবাচাখিলভূতানাং মধ্যে স্পষ্টতরং বচঃ' ইতি পাঠঃ ক্বচিৎ।

কৃষ্ণং কমলপত্রাক্ষং নার্চ্চয়িষ্যন্তি যে নরাঃ।
জীবন্মৃতাস্তু তে জ্ঞেয়া ন সম্ভাষ্যাঃ কদাচন ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

পূজয়িত্বা চ পূজার্হান্ ব্রহ্মক্ষত্রবিশেষবিৎ।
সহদেবো নৃণাং দেবঃ সমাপয়ত কর্ম্ম তৎ ॥৯॥

ভারতকৌমুদী

নিরূপ্য বক্তা, সর্ব্বেষাং সংশয়ানাং নির্ম্মোক্তা ছেত্তা, সর্ব্বলোকবিৎ সর্ব্বলোকস্বরূপাভিজ্ঞশ্চ নারদঃ, অজিতং সর্বত্রাপরাজিতং কৃষ্ণমুদ্দিশ্য অব্রবীৎ ॥৭॥

কৃষ্ণমিতি। ন সম্ভাষ্যাঃ, অবশ্যকর্ত্তব্যাকরণেন পাপিত্বাদিতি ভাবঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

শুদ্ধশবলব্রহ্মরূপোঽয়ং কেশিহন্তেত্যর্থঃ ॥২—৬॥ কৃষ্ণং শ্যামম্ ॥৭॥ নন্থ উপাধ্যবিবক্ষয়া ব্রহ্মভাবোঽস্মদাদীনামপ্যস্তি তদ্বিবক্ষায়াম্ভ ফলশলাটুবৎ কৃষ্ণস্যাস্মাকঞ্চ জ্ঞানৈশ্বর্য্যতারতম্যেঽপি তস্য ব্যাবৃত্তত্বেনাস্মদাদিবদুভয়বিধব্রহ্মভাবো নাস্ত্যেবেত্যাশঙ্ক্যাহ কৃষ্ণমিতি। যথা-পরিমাণতারতম্যস্য বিশ্রান্তিরাকাশাদৌ দেশতঃ কালতশ্চ পরিচ্ছেদাভাবাৎ দৃষ্টা তথা ঐশ্বর্য্য-তারতম্যস্যাপি দ্রষ্টব্যা। নন্থ প্রলয়ে কার্য্যমাত্রনাশস্য বক্তব্যত্বাৎ কথং কৃষ্ণবিগ্রহস্য কালাপরিচ্ছেদ্যত্বং যুজ্যতেতি চেন্ন তস্যাকার্য্যত্বাৎ, ন হি পূর্ব্বোদাহৃতস্য হিরণ্যশ্মশ্রুত্বাদিবিশিষ্টস্য ব্রহ্মণঃ কার্য্যত্বং বক্তুং শক্যম্। অস্তস্তদ্ধর্ম্মোপদেশাদিতি ন্যায়বিরোধাৎ শাস্ত্রাস্ত্যন্যায়-বিরোধাচ্চ। তত্র হি নিত্যসিদ্ধেশ্বরাদর্ব্বাচীনানাং জ্ঞানধ্যানসিদ্ধানামীশ্বরাণামৈশ্বর্য্যং বিয়দাদিজগৎসৃষ্টিসংহারাদিব্যাপারবর্জ্জং তেন সহ ভোগসাম্যমাত্রম্। হেতুশ্চাত্রোক্তঃ অসন্নিহিতত্বাদিতি ভৌতিকপদার্থসৃষ্ট্যাদিসমকালে হি তেষাং সৃষ্টিপ্রলয়াবিতি। ন তে ভূতোৎপত্তিলয়কালে সন্নিহিতাঃ অয়ন্তু তদানীমপি সন্নিহিতোঽস্তীতি নিত্য এব ব্যবহারতঃ সর্গপরম্পরায়া আদ্যন্তশূন্যত্বাৎ, তদ্ধেতুহেতোরস্যাপি তথাত্বং দুর্ব্বারম্। নন্বস্য নিত্যত্বে তল্লোকাদেরপি নিত্যত্বং বাচ্যম্, তথা চাদ্বৈতক্ষতিরিতি চেৎ ভ্রান্তোঽসি, যথা ত্রৈলোক্যনাশেঽপি ব্রহ্মলোকাদ্যস্তি, তথা ব্রহ্মলোকনাশেঽপি তল্লোকাদিকমস্তি, যথা সৎস্বপি ব্রহ্মলোকাদিষু অস্মাদাদীনাং শুদ্ধকৈবল্যমপ্রতিহতং তথা তস্মিন্নপি সতি ভবিষ্যতীতি কা নো হানিঃ। যে তু তল্লোকপ্রাপ্তিরেব কৈবল্যমিত্যাহুস্তদশ্রৌতমিতি ব্যুৎপাদিতমন্যত্র। "কেচিদাহুরিমং সাম্বং কেচিদ্বিষ্ণুং পরে রবিম্। কেচিদ্গণেশং কেপ্যস্মাং মদ্বিধাঃ পার্থসারথিম্।" তস্মাদ্-যুক্তং কমলপত্রাক্ষস্য পূর্ব্বোক্তরীত্যা অসঙ্গস্য সাক্ষাদ্ব্রহ্মত্বম্ ইতরেষাং তূপাধিতাদাত্ম্যাবহিতমিতি মহান্ ভেদ ইতি যুক্তং কৃষ্ণস্যার্চ্চনীয়তমত্বম্। প্রত্যগ্দৃশেরেব দেহেন্দ্রিয়াদ্যুপাধিসান্নিধ্যাৎ মুকুরমুখবৎ কৃষ্ণরূপেণ চরমে জন্মনি পরাগ্দৃশ্যাত্মনা ভাসমানত্বাদিতি দিক্ ॥৮—১২॥

তৎপরে, ভূত ও ভবিষ্যৎ বিষয়ের বক্তা, সকলের সংশয়চ্ছেত্তা এবং সমস্ত লোকের স্বরূপাভিজ্ঞ নারদ, সর্ব্ববিজয়ী কৃষ্ণকে উদ্দেশ্য করিয়া বলিলেন— ॥৭॥

'যে সকল মানুষ, পদ্মনয়ন কৃষ্ণের পূজা না করিবে, তাহাদিগকে জীবন্মৃত বলিয়া জানিবে এবং তাহাদের সহিত কখনও আলাপ করা উচিত নহে ॥৮॥'

তস্মিন্নভ্যর্চ্চিতে কৃষ্ণে সুনীথঃ শত্রুকর্ষণঃ।
অতিতাম্রেক্ষণঃ কোপাদুবাচ মনুজাধিপান্ ॥১০॥
স্থিতঃ সেনাপতির্বোঽহং মন্যধ্বং কিন্নু সাম্প্রতম্।
যুধি তিষ্ঠাম সন্নহ্য সমেতান্ বৃষ্ণিপাণ্ডবান্ ॥১১॥
ইতি সর্ব্বান্ সমুৎসাহ্য রাজ্ঞস্তাংশ্চেদিপুঙ্গবঃ।
যজ্ঞোপঘাতায় তদা সোঽমন্ত্রয়ত রাজভিঃ ॥১২॥
তত্রাহূতাগতাঃ সর্বে সুনীথপ্রমুখা নৃপাঃ।
সমদৃশ্যন্ত সংক্রুদ্ধা বিবর্ণবদনাস্তথা ॥১৩॥

ভারতকৌমুদী

পূজয়িত্বেতি। ব্রহ্মক্ষত্রাণাং ব্রাহ্মণানাং ক্ষত্রিয়াণাঞ্চ বিশেষবিৎ প্রাধান্যাভিজ্ঞঃ, নৃণাং মধ্যে দেবস্তুল্যঃ সহদেবঃ, পূজার্হান্ পূজয়িত্বা, তচ্চার্ঘদানং কর্ম্ম সমাপয়ত ॥৯॥

তস্মিন্নিতি। সুনীথ ইতি শিশুপালস্যৈব নামান্তরম্। কোপাদতিতাম্রেক্ষণঃ ॥১০॥

কিমুবাচেত্যাহ স্থিত ইতি। হে নৃপাঃ! অহং বো যুষ্মাকং সেনাপতির্ভূত্বা স্থিতঃ। সাম্প্রতং যূয়ং কিন্নু মন্যধ্বম্ অনুমন্যধ্বম্। অহং সন্নহ্য যুদ্ধসজ্জাং কৃত্বা, সমেতান্ সম্মিলিতান্ বৃষ্ণিপাণ্ডবান্ উদ্দিশ্যেতি শেষঃ, যুধি তিষ্ঠাম ॥১১॥

ইতীতি। তান্ স্বপক্ষীয়ান্। চেদিপুঙ্গবঃ শিশুপালঃ। রাজভিঃ সহ ॥১২॥

তত্রেতি। তত্র পূর্বমাহূতাঃ পরশ্চাগতা ইতি কৃষ্টমদীকৃত ইত্যাদিবৎ কর্ম্মধারয়ঃ। সুনীথপ্রমুখাঃ শিশুপালপ্রভৃতয়ঃ সর্বে নৃপাঃ, সংক্রুদ্ধাস্তথা বিবর্ণবদনাঃ সমদৃশ্যন্ত ॥১৩॥

বৈশম্পায়ন বলিলেন—এদিকে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণের বিশেষাভিজ্ঞ এবং মনুষ্যের মধ্যে দেবতুল্য সহদেব, পূজার যোগ্য লোকদিগকে পূজা করিয়া সেই অর্ঘদানকার্য্য সমাপ্ত করিলেন ॥৯॥

কৃষ্ণের পূজা হইয়া গেলে, শত্রুহন্তা শিশুপাল ক্রোধে আরক্তনয়ন হইয়া রাজগণকে বলিলেন—॥১০॥

রাজগণ! আমি আপনাদের সেনাপতি হইয়া রহিলাম; আপনারা এখন কি অনুমতি করেন? আমি যুদ্ধার্থ সজ্জিত হইয়া, সম্মিলিত বৃষ্ণি ও পাণ্ডবগণকে লক্ষ্য করিয়া রহিলাম ॥১১॥

শিশুপাল এই ভাবে স্বপক্ষীয় রাজগণকে উৎসাহিত করিয়া তখনই যজ্ঞ নষ্ট করিবার জন্য সেই রাজগণের সহিত পরামর্শ করিতে লাগিলেন ॥১২॥

সেখানে আহূত ও আগত শিশুপালপ্রভৃতি সমস্ত রাজাকেই ক্রুদ্ধ এবং বিবর্ণ বদন দেখা যাইতে লাগিল ॥১৩॥

(১১) স্থিতঃ সেনাপতির্বোঽহম্…। (১৩)…সুনীথপ্রমুখা গণাঃ…।

যুধিষ্ঠিরাভিষেকশ্চ বাসুদেবস্য চাৰ্হণম্ ।
ন স্যাদ্‌যথা তথা কাৰ্য্যমেবং সৰ্ব্বে তদাঽব্রুবন্ ॥১৪॥
নিষ্কর্ষান্নিশ্চয়াৎ সর্ব্বে রাজানঃ ক্রোধমূর্চ্ছিতাঃ ।
অব্রুবংস্তত্র রাজানো নির্ব্বেদাদাত্মনিশ্চয়াৎ ॥১৫॥
সুহৃদ্ভির্বার্য্যমাণানাং তেষাং হি বপুরাবভৌ ।
আমিষাদপকৃষ্টানাং সিংহানামিব গর্জ্জতাম্ ॥১৬॥
তং বলৌঘমপর্য্যন্তং রাজসাগরমক্ষয়ম্ ।
কুর্ব্বাণং সময়ং কৃষ্ণো যুদ্ধায় বুবুধে তদা ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি অর্ঘাভিহরণসমাপ্তির্নাম অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যুধীতি। অর্হণম্ অর্হণফলং তত্তদ্‌দ্রব্যাত্মসাৎকরণম্। কার্য্যম্ অস্মাভিঃ কর্ত্তব্যম্ ॥১৪॥

নিষ্কর্ষাদিতি। সর্বে শিশুপালপক্ষীয়া রাজানঃ, নিষ্কর্ষাৎ পদং দর্শয়তা সহদেবেন সম্মানতো বহিষ্করণাৎ, নিশ্চয়াৎ "স এব হি ময়া বধ্যো ভবিষ্যতি ন সংশয়ঃ" ইত্যভিদধতা সহদেবেনৈব যুদ্ধনিশ্চয়করণাচ্চ হেতোঃ, ক্রোধমূর্চ্ছিতা বভূবুরিতি শেষঃ। তত্র তদানীঞ্চ, তে রাজানঃ, নির্ব্বেদাৎ স্বাবমাননাবশাৎ, আত্মনিশ্চয়াৎ অস্মাভিরেব জেতব্যমিত্যাত্মস্ব নির্ণয়াচ্চ পূর্ব্বোক্তরূপম্ অব্রুবন্ ॥১৫॥

সুহৃদ্ভিরিতি। আমিষাৎ সিংহখাদ্যাদেব মাংসাৎ, অপকৃষ্টানাম্ অপকৃষ্য দূরং নীতানাম্, অতএব হি গর্জতাং সিংহানামিব, সুহৃদ্ভির্যুদ্ধাদ্বার্য্যমাণানাম্, তেষাং শিশুপালাদীনাং নৃপতানাম্, বপুঃ ক্রোধকম্পিতং শরীরম্, আবভৌ অতীবশুশুভে ॥১৬॥

তখন তাঁহারা সকলেই এইরূপ বলিতে লাগিলেন যে, 'যাহাতে যুধিষ্ঠিরের সাম্রাজ্যে অভিষেক বা কৃষ্ণের পূজা শেষ না হয়, তাহা আমাদের করিতে হইবে' ॥১৪॥

সহদেব চরণপ্রদর্শন করিয়া অপমান করিয়াছিলেন এবং নিশ্চয় বধ করিবেন বলিয়া কহিয়াছিলেন, এই কারণে সকল রাজাই ক্রোধে অধীর হইয়াছিলেন ; তাই তাঁহারা আত্মধিক্কার এবং জয় করিতে পারিবেন বলিয়া আত্মনিশ্চয়বশতই ঐরূপ বলিয়াছিলেন ॥১৫॥

মাংসের নিকট হইতে সরাইয়া নিলে গর্জ্জনকারী সিংহের শরীর যেমন শোভা পায়, তেমন বন্ধুগণ বারণ করিতে লাগিলে, সেই রাজাদের শরীর শোভা পাইতে লাগিল ॥১৬॥

---

(১৪) যুধিষ্ঠিরাভিষেকঞ্চ···। * '···ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ,' 'দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ'।

(৭। শিশুপালবধপর্ব্ব।)

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সাগরসঙ্কাশং দৃষ্ট্বা নৃপতিমণ্ডলম্।
সংবর্ত্তবাতাভিহতং ভীমং ক্ষুব্ধমিবার্ণবম্ ॥১॥
রোষাৎ প্রচলিতং সর্ব্বমিদমাহ যুধিষ্ঠিরঃ।
ভীষ্মং মতিমতাং মুখ্যং বৃদ্ধং কুরুপিতামহম্।
বৃহস্পতিং বৃহত্তেজাঃ পুরুহূত ইবারিহা ॥২॥ (যুগ্মকম্)
অসৌ রোষাৎ প্রচলিতো মহান্ নৃপতিসাগরঃ।
অত্র যৎ প্রতিপত্তব্যং তন্মে ব্রূহি পিতামহ! ॥৩॥

ভারতকৌমুদী

তমিতি। তদা চ কৃষ্ণঃ, অপর্য্যন্তম্ অসীমম্, অতএবাক্ষয়ম্, রাজসাগরং রাজসমূহরূপম্, তং বলৌঘং সৈন্যসমূহম্, যুদ্ধায়, সময়ং শপথম্, কুর্ব্বাণম্, বুবুধে ॥১৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি অর্ঘাভিহরণসমাপ্তির্নামাষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———০:*:০———

তত ইতি। সংবর্ত্তবাতেন প্রলয়কালীনবায়ুনা অভিহতং তাড়িতম্। বৃহস্পতিং তত্তুল্যনীতিজ্ঞমিত্যর্থঃ। পুরুহূত ইন্দ্র ইব, অরিহা শত্রুহন্তা। দ্বিতীয়ঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১-২॥

ভারতভাবদীপঃ

সুনাথঃ শিশুপালঃ ॥১৩—১৪॥ নির্ব্বেদাৎ অপমানেন দেহাদৌ বৈরাগ্যাৎ, আত্মনিশ্চয়াৎ স্ববলনিশ্চয়াৎ ॥১৫—১৬॥ সময়ং সঙ্কেতম্ ॥১৭॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৮॥

———:*:———

তত ইতি ॥১—২॥ অত্র স্বস্তং ভবেদ্‌যন্ন ইতি পাঠে নঃ অস্মাকম্, স্বস্তং শুভোদর্কম্ ॥৩—৫॥

অসীম ও অক্ষয় সেই রাজসৈন্য যে যুদ্ধের জন্য শপথ করিতেছে, ইহা তখনই কৃষ্ণ বুঝিতে পারিলেন ॥১৭॥

———:(০০):———

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, প্রলয়কালীন-বায়ু-তাড়িত উদ্বেলিত ভয়ঙ্কর সমুদ্রের ন্যায় সমুদ্রতুল্য বিস্তীর্ণ রাজগণকে ক্রোধে বিচলিত দেখিয়া, মহাতেজা এবং ইন্দ্রের ন্যায় শত্রুহন্তা যুধিষ্ঠির, বুদ্ধিমানের মধ্যে শ্রেষ্ঠ, বৃহস্পতির তুল্য নীতিজ্ঞ এবং বৃদ্ধ পিতামহ ভীষ্মকে এই কথা বলিলেন—॥১—২॥

যজ্ঞস্য চ ন বিঘ্নঃ স্যাৎ প্রজানাঞ্চ হিতং ভবেৎ।
যথা সর্ব্বত্র নঃ ক্ষেমং তথা ব্রূহি পিতামহ ! ॥৪॥
ইত্যুক্তবতি ধর্ম্মজ্ঞে ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে।
উবাচেদং বচো ভীষ্মস্ততঃ কুরুপিতামহঃ ॥৫॥
মা ভৈষীস্ত্বং ন কৌন্তেয় ! শ্বা সিংহং হন্তুমর্হতি।
শিবঃ পন্থাঃ সুনীথেঽত্র ময়া পূর্ব্বতমং বৃতঃ ॥৬॥
প্রসুপ্তে হি যথা সিংহে শ্বানস্তত্র সমাগতাঃ।
ভষেয়ুঃ সহিতাঃ সর্ব্বে তথেমে বসুধাধিপাঃ ॥৭॥
বৃষ্ণিসিংহস্য সুপ্তস্য তথেমে প্রমুখে নৃপাঃ।
ভষন্তে তাত ! সংক্রুদ্ধাঃ শ্বানঃ সিংহস্য সন্নিধৌ ॥৮॥

ভারতকৌমুদী

কিমাহেত্যাহ অসাবিতি। প্রতিপত্তব্যং সুযুক্তিকং কর্ত্তব্যম্ ॥৩॥

যজ্ঞস্যেতি। সর্ব্বত্র সর্ব্বেষু বিষয়েষু, নঃ অস্মাকম্, ক্ষেমং মঙ্গলং ভবেৎ ॥৪॥

ইতীতি। ইদং পরশ্লোকাবধিকম্। কুরুপদেনাত্র প্রাধান্যাদ্‌যুধিষ্ঠিরাদয় উচ্যন্তে ॥৫॥

মেতি। হে কৌন্তেয়! ত্বং মা ভৈষীঃ; শ্বা কুক্কুরঃ, সিংহং হন্তুং নার্হতি। ময়া অত্র সুনীথে শিশুপালে, পূর্ব্বতমমেব শিবো মঙ্গলময়ঃ পন্থাঃ, বৃতো গৃহীতঃ ॥৬॥

কোঽসৌ পন্থা ইত্যাহ প্রসুপ্ত ইতি। শ্বানঃ কুক্কুরাঃ। ভষেয়ুঃ শব্দং কুর্য্যুঃ ॥৭॥

'পিতামহ! ঐ বিশাল নৃপতিসমুদ্র ক্রোধে বিচলিত হইয়াছেন; এখন যাহা কর্ত্তব্য, তাহা আমার নিকট বলুন ॥৩॥

যাহাতে যজ্ঞেরও বিঘ্ন না হয়, প্রজাদেরও মঙ্গল হয় এবং আমাদেরও সকল বিষয়ে মঙ্গল হয়, তাহা বলুন' ॥৪॥

ধর্ম্মজ্ঞ ধর্ম্মরাজ যুধিষ্ঠির এই কথা বলিলে, তখন কুরুপিতামহ ভীষ্ম এই কথা বলিলেন—॥৫॥

'যুধিষ্ঠির! তুমি ভীত হইও না; কুকুর সিংহকে মারিতে পারে না। এই শিশুপালের বিষয়ে আমি পূর্ব্বেই মঙ্গলময় পথ ভাবিয়া রাখিয়াছি ॥৬॥

সিংহ নিদ্রিত হইলে যেমন সমস্ত কুকুর মিলিত হইয়া সেখানে আসিয়া ডাকিতে থাকে, এই রাজারাও তেমনই করিতেছেন ॥৭॥

বৎস যুধিষ্ঠির! নিদ্রিত সিংহের নিকটে কুকুরগুলি যেমন ডাকে, তেমন অসতর্ক কৃষ্ণের নিকটে এই রাজারা ক্রুদ্ধ হইয়া গর্জ্জন করিতেছে ॥৮॥

(৪)···যথা সর্ব্বত্র তৎ সর্ব্বং ব্রূহি মেঽদ্য পিতামহ!। (৬) মা ভৈস্ত্বং কুরুশার্দ্দূল! শ্বা সিংহং হন্তুমর্হতি। শিবঃ পন্থাঃ সুনীতোঽত্র ময়া পূর্ব্বতরং বৃতঃ।

(৮)···তথামী প্রমুখে স্থিতাঃ···।

নহি সংবুধ্যতে যাবৎ সুপ্তঃ সিংহ ইবাচ্যুতঃ।
তেন সিংহীকরোত্যেতান্ নৃসিংহশ্চেদিপুঙ্গবঃ ॥৯॥
পার্থিবান্ পার্থিবশ্রেষ্ঠ! শিশুপালোঽল্পচেতনঃ।
সর্ব্বান্ সর্ব্বাত্মনা তাত! নেতুকামো যমক্ষয়ম্ ॥১০॥
নূনমেতৎ সমাদাতুং পুনরিচ্ছত্যধোক্ষজঃ।
যদস্য শিশুপালস্য তেজস্তিষ্ঠতি ভারত! ॥১১॥

ভারতকৌমুদী

বৃষ্ণীতি। হে তাত! বৎস! সুপ্তস্য নিদ্রিতস্য সিংহস্য সন্নিধৌ, যথা শ্বানঃ কুক্কুরাঃ, সংক্রুদ্ধাঃ সন্তো ভষন্তে শব্দায়ন্তে; তথা সুপ্তস্য অনবধানস্য, বৃষ্ণিসিংহস্য বৃষ্ণিবংশশ্রেষ্ঠস্য কৃষ্ণস্য, প্রমুখে সম্মুখে, ইমে নৃপাঃ সংক্রুদ্ধাঃ সন্তো ভষন্তে গর্জন্তি ॥৮॥

নহীতি। সুপ্তো নিদ্রিতঃ সিংহ ইব, সুপ্তো নিরবধানঃ অচ্যুতঃ কৃষ্ণঃ, যাবৎ, নহি সংবুধ্যতে জাগর্ত্তি সাবধানো ভবতি চ; তেন তাবতা কালেনৈব, নৃসিংহো নরশ্রেষ্ঠ ইতি সোল্লুণ্ঠনোক্তিঃ, চেদিপুঙ্গবঃ শিশুপালঃ, এতান্ নৃপান্, সিংহীকরোতি বাঙ্মাত্রেণ সিংহবৎ প্রবলীকরোতি ॥৯॥

পার্থিবানিতি। হে পার্থিবশ্রেষ্ঠ! তাত! বৎস! অল্পচেতনঃ অল্পবুদ্ধিঃ শিশুপালঃ, সর্ব্বাত্মনা সর্বপ্রযত্নেনৈব, সর্ব্বান্ পার্থিবান্ স্বপক্ষীয়ান্ নৃপতীন্, যমক্ষয়ং যমালয়ং নেতুকামো বর্ত্ততে ॥১০॥

নূনমিতি। হে ভারত! অস্য শিশুপালস্য যত্তেজস্তিষ্ঠতি; অধোক্ষজঃ কৃষ্ণঃ, পুনরপি এতৎ তত্তেজঃ, সমাদাতুং গ্রহীতুমিচ্ছতি; ইতি নূনং নিশ্চিতম্ ॥১১॥

ভারতভাবদীপঃ

শিবঃ পন্থাঃ কৃষ্ণাশ্রয়রূপঃ, সুনীতঃ সুনীতিসহিতঃ ॥৬—১০॥ নূনমেতদিতি। "যদ্যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা। তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভব"মিতি ভগবদ্বচনাৎ শিশুপালেঽপি বিভূতিমত্ত্বাৎ পূর্ব্বং ভগবৎপার্ষদত্বাচ্চ পারমেশ্বরং জ্ঞানৈশ্বর্য্যাদিরূপং তেজোঽস্তি, তস্যাদানং তদ্দেহপাতেনৈব তং হন্তুমিচ্ছতীত্যর্থঃ, পুনঃশব্দো হিরণ্যাক্ষাদ্যপেক্ষয়া ॥১১—১২॥

নিদ্রিত সিংহের ন্যায় অসতর্ক কৃষ্ণ যে পর্য্যন্ত সতর্ক না হইতেছেন, সেই পর্য্যন্তই এই নরসিংহ চেদিপুঙ্গব বাক্য দ্বারা ইহাদিগকে সিংহ করিয়া তুলিতেছে ॥৯॥

রাজশ্রেষ্ঠ বৎস যুধিষ্ঠির! এই অল্পবুদ্ধি শিশুপালটা সর্ব্বপ্রযত্নে সমস্ত রাজাকেই যমালয়ে পাঠাইবার ইচ্ছা করিতেছে ॥১০॥

হে ভরতনন্দন! এই শিশুপালের যে তেজ আছে, কৃষ্ণ নিশ্চয়ই তাহা পুনরায় গ্রহণ করিবার জন্য ইচ্ছা করিতেছেন ॥১১॥

(৯) নহি সংবুধ্যতে তাবৎ…যেন সিংহীকরোত্যেতান্ নৃসিংহান্… ।
(১০) পার্থিবান্ পার্থিবশ্রেষ্ঠঃ শিশুপালোঽপ্যচেতনঃ…।

বিপ্লুতা চাস্য ভদ্রং তে বুদ্ধির্বুদ্ধিমতাং বর ! ।
চেদিরাজস্য কৌন্তেয় ! সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্ ॥১২॥
আদাতুঞ্চ নরব্যাঘ্রো যং যমিচ্ছত্যয়ং তদা ।
তস্য বিপ্লবতে বুদ্ধিরেবং চেদিপতের্যথা ॥১৩॥
চতুর্বিধানাং ভূতানাং ত্রিষু লোকেষু মাধবঃ ।
প্রভবশ্চৈব সর্ব্বেষাং নিধনঞ্চ যুধিষ্ঠির ! ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ ।

ইতি তস্য বচঃ শ্রুত্বা ততশ্চেদিপতির্নৃপৈঃ ।
ভীষ্মং রুক্ষাক্ষরা বাচঃ শ্রাবয়ামাস ভারত ! ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি শিশুপালবধে যুধিষ্ঠিরাশ্বাসনং নামোনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিপ্লুতেতি। হে বুদ্ধিমতাং বর! কৌন্তেয়! তে তব ভদ্রমস্তু। অস্য চেদিরাজস্য, সর্ব্বেষাং মহীক্ষিতাং এতৎপক্ষগতানাং রাজ্ঞাঞ্চ বুদ্ধিঃ, বিপ্লুতা বিভ্রষ্টা ॥১২॥

আদাতুমিতি। অয়ং নরব্যাঘ্রঃ কৃষ্ণঃ, যং যং জনম্, আদাতুং নেতুমিচ্ছতি; তদা অস্যেচ্ছাকাল এব, যথা চেদিপতেঃ, তথা তস্য তস্য জনস্য, এবমিত্থম্, বুদ্ধির্বিপ্লবতে বিভ্রশ্যতি ॥১৩॥

চতুরিতি। হে যুধিষ্ঠির! মাধবঃ কৃষ্ণঃ, ত্রিষু লোকেষু, চতুর্বিধানাং জরায়ুজাণ্ডজ-স্বেদজোদ্ভিজ্জরূপাণাম্, সর্ব্বেষাম্, ভূতানাং প্রাণিনাম্, প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্, নিধনং নিধনহেতুশ্চ। অতঃ শিশুপালাদীনামপি নিধনহেতুরেবেতি ভাবঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

আদাতুং সংহর্ত্তুম্, বিপ্লবতে বিপর্য্যয়ং প্রাপ্নোতি ॥১৩॥ কুতঃ কৃষ্ণোঽন্যেষাং তেজাংস্যাদত্তে ন তু তানি পৃথক্ তিষ্ঠন্তি ইত্যত আহ চতুর্বিধানামিতি। চেতনাচেতনপ্রপঞ্চস্য জলে তরঙ্গ-বুদ্বুদন্যায়েন তত্রৈবোৎপত্তিপ্রলয়য়োঃ শ্রবণাৎ। এষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানামিতি তদনন্যত্বাচ্চ সর্ব্বস্যেতি ভাবঃ ॥১৪—১৫॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৩৯॥

যুধিষ্ঠির! তোমার মঙ্গল হউক। এই শিশুপালের এবং উহার পক্ষ-পাতী রাজগণের বুদ্ধিবিপ্লব ঘটিয়াছে ॥১২॥

কৃষ্ণ যে যে লোককে লইতে ইচ্ছা করেন, সেই সেই লোকেরই তখন এইরূপ বুদ্ধিবিপ্লব ঘটিয়া থাকে; যেমন শিশুপালের ঘটিয়াছে ॥১৩॥

যুধিষ্ঠির! কৃষ্ণ ত্রিভুবনস্থ সমস্ত চতুর্ব্বিধ প্রাণীরই জন্ম ও মৃত্যুর কারণ' ॥১৪॥

(১৫)···ততশ্চেদিপতিনৃপঃ··· । * '···চত্বারিংশোঽধ্যায়ঃ ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ'।

চত্বারিংশোঽধ্যায়ঃ

শিশুপাল উবাচ।

বিভীষিকাভির্ব্বহ্বীভির্ভীষয়ন্ সর্ব্বপার্থিবান্।
ন ব্যপত্রপসে কস্মাদ্‌বৃদ্ধঃ সন্ কুলপাংসন! ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। নৃপৈঃ স্বপক্ষগতনৃপতিভিঃ সহ। রুক্ষাণি কর্কশানি অক্ষরাণি যাসাং তাঃ ॥১৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি শিশুপালবধে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

বিভীষিকাভিরিতি। হে কুলপাংসন! কুলদূষক! ভীষ্ম! ত্বং বৃদ্ধঃ সন্নপি, বহ্বীভিঃ বিভীষিকাভির্ভয়জনিকাভিঃ অলীকাভির্বাগ্‌ভিঃ, সর্ব্বপার্থিবান্, ভীষয়ন্ ভীতান্ কুর্ব্বন্, ন ব্যপত্রপসে বিশেষেণ ন লজ্জসে। ইদমাশ্চর্য্যমেবেতি ভাবঃ ॥১॥

ভারতভাবদীপঃ

নমু "বিভীষিকাভির্বহ্বীভি"রিত্যাদি গ্রন্থো ভগবন্নিন্দাপরত্বান্ন ভূতার্থবাদঃ, কিন্তু ধ্যানমাত্রং ধ্যেয়সারূপ্যপ্রাপকং তচ্চ দ্বেষেণাপি কর্ত্তব্যমিত্যতিশয়োক্তিমাত্রং ধ্যানবিধেস্তাবকম্। অন্যথা ভগবন্নিন্দাকৃতাং বেদাদীনাং "ভগবনিন্দয়া বেণো দ্বিজৈস্তমসি পাতিত" ইত্যাদিদোষস্মরণ-মনুপপন্নং স্যাৎ। বৃহদারণ্যকপঞ্চমে চ ব্রহ্মবিদং যাজ্ঞবল্ক্যং দ্বিষতঃ শাকল্যস্য সদ্যো মৃত্যু-রুক্তোঽস্থ্‌না চ সংস্কারালাভেন দুর্গতিশ্চ সূচিতা, সাক্ষাদ্‌ব্রহ্মদ্বিষস্তু ততোঽপ্যধিকং দুঃখং বক্তব্যং স্যাৎ। অত্র চ দ্বিষতোঽপি শিশুপালস্যাপরাধশতং ক্ষান্ত্বা তস্মৈ ভগবতা স্বসাযুজ্যং দত্ত-মিত্যুচ্যতে, তস্মান্নিন্দাগ্রন্থঃ প্রকরণাসঙ্গতের্ভগবত্যসমবেতত্বাচ্চাভূতার্থবাদ এব। তথাহি—ত্রিবিধোঽর্থবাদাঃ, "বিরোধে গুণবাদঃ স্যাদনুবাদোঽবধারিতে। ভূতার্থবাদস্তদ্ধানাদর্থবাদ-স্ত্রিধা মতঃ" ইত্যুক্তলক্ষণঃ। এতেষাং ক্রমাদুদাহরণানি,—প্রজাপতিরাত্মনো বপামুদখিদৎ স্বস্যোৎখননেন দেহস্যৈব নাশো ভবতীত্যভূতার্থবাদোঽয়ম্। "অগ্নির্বৈ হিমস্য ভেষজম্। মেধাতিথিং হ কাণ্বায়নং মেষো ভূত্বেন্দ্রো জহারে"ত্যাদীনি। তস্মাদিহ নিন্দকস্য মুক্তির্বিরুদ্ধে-ত্যভূতার্থবাদ এবেতি চেন্ন তদ্বৎ কৃৎস্নস্যাপি ভারতস্য তথাত্বাপত্তেঃ অনন্যগতিকপ্রকরণ-

বৈশম্পায়ন বলিলেন—হে ভরতনন্দন জনমেজয়! শিশুপাল ভীষ্মের এই-রূপ কথা শুনিয়া রাজাদের সহিত মিলিত হইয়া ভীষ্মকে কর্কশ বাক্য শুনাইতে লাগিলেন ॥১৫॥

শিশুপাল বলিলেন—'কুলকলঙ্ক ভীষ্ম! তুমি বৃদ্ধ হইয়াও বিভীষিকাময় নানাবিধ অলীক বাক্য দ্বারা সকল রাজারই ভয় জন্মাইতে থাকিয়া লজ্জিত হইতেছ না কেন? ॥১॥

যুক্তমেতত্তৃতীয়ায়াং প্রকৃতৌ তিষ্ঠতা ত্বয়া।
বক্তুং ধর্ম্মাদপেতার্থং ত্বং হি সর্ব্বকুরূত্তমঃ ॥২॥
নাবি নৌরিব সংবদ্ধা যথান্ধো বান্ধমন্বিয়াৎ।
তথাভূতা হি কৌরব্যা যেষাং ভীষ্ম ! ত্বমগ্রণীঃ ॥৩॥

ভারতকৌমুদী

যুক্তমিতি। তৃতীয়ায়াং প্রকৃতৌ নপুংসকত্বে তিষ্ঠতা ত্বয়া, চিরকৌমারব্রতাবলম্বনেন স্ত্রীসংসর্গাযোগ্যত্বাদিতি ভাবঃ, "তৃতীয়া প্রকৃতিঃ ষণ্ডঃ" ইত্যমরকোষটীকায়াং রঘুনাথঃ, এতদীদৃশম্, ধর্ম্মাৎ অপেতার্থং ধর্ম্মশূন্যার্থং বাক্যম্, বক্তুং যুক্তম্ ; নপুংসকস্য ধর্ম্মাভাবাদিত্যাশয়ঃ। অথ চ ত্বং হি, সর্বেষু কুরুষু উত্তমঃ ॥২॥

ভীষ্ম! যাঁহাদের মধ্যে একজনই ক্রুদ্ধ হইয়া স্থাবরজঙ্গমের সহিত এই পৃথিবীটাকেই নিঃশেষ করিতে পারেন; ইহাই আমার ধারণা ॥১৩॥

আমি যুদ্ধে দ্রোণের তুল্য কোন রাজাকেই দেখিতে পাই না; কিংবা যুদ্ধে অশ্বত্থামার তুল্য লোকও দেখিতে পাই না। অথ চ তুমি তাঁহাদের স্তব করিতে ইচ্ছা করিতেছ না ॥১৪॥

(১৩)···সংক্রুদ্ধঃ সচরাচরম্, সংক্রুদ্ধঃ সচরাচরান্···।

পৃথিব্যাং সাগরান্তায়াং যো বৈপ্রতিসমো ভবেৎ।
দুর্য্যোধনং তং রাজেন্দ্রমতিক্রম্য মহাভুজম্ ॥১৫॥
জয়দ্রথঞ্চ রাজানং কৃতাস্ত্রং দৃঢ়বিক্রমম্।
দ্রুমং কিং পুরুষাচার্য্যং লোকে প্রথিতবিক্রমম্।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥১৬॥ (যুগ্মকম্)
বৃদ্ধঞ্চ ভারতাচার্য্যং কৃপং শারদ্বতং তথা।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥১৭॥
ধনুর্দ্ধরাণাং প্রবরং রুক্মিণং পুরুষোত্তমম্।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥১৮॥
ভীষ্মকঞ্চ মহাবীর্য্যং দন্তবক্রঞ্চ ভূমিপম্।
ভগদত্তং যূপকেতুং জয়ৎসেনঞ্চ মাগধম্ ॥১৯॥
বিরাটদ্রুপদৌ চোভৌ শকুনিঞ্চ বৃহদ্বলম্।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ পাণ্ড্যং শ্বেতমথোত্তরম্ ॥২০॥

ভারতকৌমুদী

পৃথিব্যামিতি। বিগতঃ প্রতিসমঃ প্রতিপক্ষো যস্য স, বিপ্রতিসমঃ ততঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্। দ্রুমং তদাখ্যং রাজানম্। ষোড়শঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১৫—১৬॥

বৃদ্ধমিতি। ভারতাচার্য্যং ভরতবংশ্যানাং শিক্ষকম্, শারদ্বতং শরদ্বতঃ পুত্রম্ ॥১৭॥

ধনুরিতি। রুক্মিণং রুক্মিণ্যা ভ্রাতরম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণানামাধিপত্যে খলনিগ্রহাযোগাদিতি ভাবঃ ॥৮—১৪॥ বৈপ্রতিসমঃ বিগতঃ প্রতিসমো যস্য সঃ, তথা স্বার্থে তদ্ধিতঃ, অতুল ইত্যর্থঃ ॥১৫॥ কেশবম্ অতিক্রম্য জয়দ্রথং কিং প্রশংসসীতি

ভীষ্ম! সমুদ্রপর্য্যন্ত সমগ্র পৃথিবীর মধ্যে যাঁহার প্রতিদ্বন্দ্বী নাই, সেই রাজশ্রেষ্ঠ মহাবাহু দুর্য্যোধনকে পরিত্যাগ করিয়া এবং অস্ত্রে সুশিক্ষিত ও দৃঢ়-বিক্রমশালী জয়দ্রথরাজাকে, আর পুরুষদের অস্ত্রশিক্ষক ও জগতে বিখ্যাত-বিক্রম মহাবীর দ্রুমরাজাকে অতিক্রম করিয়া তুমি কৃষ্ণের প্রশংসা করিতেছ কেন? ॥১৫—১৬॥

ভরতবংশীয়গণের অস্ত্রশিক্ষক, শরদ্বানের পুত্র এবং বৃদ্ধ মহাবীর কৃপকে অতিক্রম করিয়া কি কারণে কৃষ্ণের প্রশংসা করিতেছ? ॥১৭॥

তা'র পর, ধনুর্দ্ধরদিগের মধ্যে প্রধান এবং পুরুষশ্রেষ্ঠ মহাবীর রুক্মীকে পরিত্যাগ করিয়া কৃষ্ণের প্রশংসা করিতেছ কি জন্য? ॥১৮॥

মহাবীর ভীষ্মক, রাজা দন্তবক্র, ভগদত্ত, যূপকেতু, মগধরাজ জয়ৎসেন, বিরাট, দ্রুপদ, শকুনি, বৃহদ্বল, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, পাণ্ড্যরাজ, শ্বেত,

শঙ্খঞ্চ সুমহাভাগং বৃষসেনঞ্চ মানিনম্ ।
একলব্যঞ্চ বিক্রান্তং কালিঙ্গঞ্চ মহারথম্ ।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥২১॥ (বিশেষকম্)
শল্যাদীনপি কস্মাত্ত্বং ন স্তৌষি বসুধাধিপান্ ।
স্তবায় যদি তে বুদ্ধির্বর্ত্ততে ভীষ্ম ! সর্ব্বদা ॥২২॥
কিং হি শক্যং ময়া কর্ত্তুং যদ্বৃদ্ধানাং ত্বয়া বচঃ ।
পুরা কথয়তাং নূনং ন শ্রুতং ধর্ম্মবাদিনাম্ ॥২৩॥
আত্মনিন্দাত্মপূজা চ পরনিন্দা পরস্তবঃ ।
অনাচরিতমার্য্যাণামিতি তে ভীষ্ম ! ন শ্রুতম্ ॥২৪॥
যদস্তব্যমিমং শশ্বন্মোহাৎ সংস্তৌষি ভক্তিতঃ ।
কেশবং তচ্চ তে ভীষ্ম ! ন কশ্চিদনুমন্যতে ॥২৫॥

ভারতকৌমুদী

ভীষ্মকমিতি। মাগধং মগধরাজম্। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, পাণ্ড্যং পাণ্ড্যরাজম্, শ্বেতাদীনি বীরাণাং নামানি। একবিংশঃ শ্লোকশ্চ ষট্পাদঃ ॥১৯—২১॥

কৃষ্ণেতরেষামুক্তেজনামুপসংহরতি শল্যেতি। স্তবায় পরপ্রশংসনায় ॥২২॥

কিমিতি। কথয়তাং ধর্ম্মমিতি শেষঃ। ধর্ম্মবাদিনাং ধর্ম্মবাদস্বভাবানাম্ ॥২৩॥

আত্মেতি। এতৎ সর্ব্বম্, আর্য্যাণাং মান্যানাম্, অনাচরিতম্ আচারবিপরীতম্ ॥২৪॥

ভারতভাবদীপঃ

যোজ্যম্, নিন্দাপক্ষে তু স্পষ্ট এবার্থঃ ॥১৬—২১॥ শল্যাদীনিতি। স্তবায় স্তূয়তে ইতি ব্যুৎপত্ত্যা স্তবঃ পরমেশ্বরঃ তস্মৈ তৎপ্রাপ্তয়ে, কিন্তু স্তৌষি অপি তু সর্ব্বান্ পরমেশ্বরত্বেনৈব স্তুহীত্যর্থঃ ॥২২॥ কিং হীতি। পিতামাত্রেতিবৎ সহার্থযোগাভাবেঽপি তৃতীয়া। বৃদ্ধতমেন ত্বয়া সহ কথয়তাম্ উপদিশতাং বৃদ্ধানাং বচনং যতো ময়া ন শ্রুতম্, অতঃ কিং কর্ত্তুং শক্যম্, অজ্ঞত্বাদকিঞ্চিৎকরোঽহমিত্যর্থঃ ॥২৩॥ এবং স্বগর্ব্বং পরিহৃত্য যৎ জ্ঞানং তদাহ আত্মেতি। দেহবুদ্ধ্যা আত্মপরয়োঃ স্তবো বা, ঈশ্বরবুদ্ধ্যা তয়োর্দ্বেষো বা ন কর্ত্তব্য ইতি তে ত্বত্তঃ, নঃ

উত্তর, শল্য, মহাত্মা ও মানী বৃষসেন, বিক্রমী একলব্য এবং মহারথ ও মহাবীর কলিঙ্গরাজকে অতিক্রম করিয়া কৃষ্ণের প্রশংসা করিতেছ কেন ? ॥১৯—২১॥

ভীষ্ম ! সর্ব্বদাই যদি তোমার বুদ্ধি পরের প্রশংসা করিবার জন্য উৎসুক থাকে, তবে তুমি শল্যপ্রভৃতি রাজাদের কেন প্রশংসা করিতেছ না ? ॥২২॥

ভীষ্ম ! আমি তোমার কি করিতে পারি ? যে হেতু ধর্ম্মবক্তা বৃদ্ধগণ ধর্ম্ম বলিবার সময়ে নিশ্চয়ই তুমি পূর্ব্বে তাঁহাদের উক্তি শোন নাই ॥২৩॥

ভীষ্ম ! ইহা তুমি শোন নাই যে, নিজের নিন্দা ও নিজের প্রশংসা এবং পরের নিন্দা ও পরের প্রশংসা, এ গুলি আর্য্যদিগের আচারসিদ্ধ নহে ॥২৪॥

কথং ভোজস্য পুরুষে বৎসপালে দুরাত্মনি।
সমাবেশয়সে সর্ব্বং জগৎ কেবলকাম্যয়া ॥২৬॥
অথ চৈষা ন তে বুদ্ধিঃ প্রকৃতিং যাতি ভারত ! ।
ময়ৈব কথিতং পূর্ব্বং কুলিঙ্গশকুনির্যথা ॥২৭॥

ভারতকৌমুদী

যদিতি। অস্তব্যং স্তবাযোগ্যম্। অনুমন্যতে অঙ্গীকরোতি ॥২৫॥

কথমিতি। ভোজস্য কংসস্য, পুরুষে নিযোজ্যলোকস্বরূপে। নন্দঘোষস্য কংসনিযোজ্যত্বাত্তৎপুত্রত্বেনস্য কৃষ্ণস্যাপি কংসনিযোজ্যত্বমিতি ভাবঃ। বৎসপালে গোবৎসরক্ষকে দুরাত্মনি কৃষ্ণে, কেবলকাম্যয়া ইচ্ছামাত্রেণৈব, কথং সর্বং জগৎ সমাবেশয়সে ॥২৬॥

অথেতি। প্রকৃতিং স্বভাবম্। কুলিঙ্গশকুনিস্বভাবাদিকং টীকায়াং পূর্ব্বমুক্তম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

অস্মাভিঃ শ্রুতমিতি যোজ্যম্ ॥২৪॥ অস্তব্যং বাচামগোচরত্বাৎ, মোহাৎ মোহম্ অজ্ঞানম্ আশ্রিত্যেতি ল্যব্লোপে পঞ্চমী। মায়িকৈর্গুণৈঃ সর্ব্বৈশ্বর্য্যাদিভিঃ নির্ব্বিশেষচিন্মাত্রস্য কেশবস্য স্তবং কশ্চিৎ তদভিজ্ঞো নানুমন্যতে ॥২৫॥ এতদেবাহ কথমিতি। ভো ভীষ্ম! অজস্য অবিদ্যোপাধের্জীবস্য পুরুষে পুরিশয়ে অন্তরাত্মনি সচ্চিদানন্দরূপে বর্গঃ দেহেন্দ্রিয়াদিসঙ্ঘাতঃ। তস্য পালয়িতরি "কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যা"দিতি শ্রুতেঃ। অদুরাত্মনি উপাধিধর্ম্মকালুষ্যাদ্দূঃস্থিতঃ, আত্মা দুরাত্মা বিরাট্‌সূত্রেশ্বরাখ্যঃ তস্মিন্নে জগৎ কথং সমাবেশয়সে, ন হি মৃদ্ঘটন্যায়েনাত্র জগৎসমাবেশঃ অপরিণামিত্বাদস্য, কিং তর্হি রজ্জুসর্পন্যায়েন, তথা চাজ্ঞানমেব জগদুপাদানম্, অয়ন্তু তদধিষ্ঠানমাত্রম্। যথোক্তম্,—"অস্য দ্বৈতেন্দ্রজালস্য যদুপাদানকারণম্। অজ্ঞানং তদুপাশ্রিত্য ব্রহ্ম কারণমুচ্যতে"॥ ইতি। কেবলস্য নির্গুণস্য কাম্যয়া ইচ্ছয়া, সগুণোপাসকানাং নির্গুণপ্রাপ্তিঃ সম্যো ন সম্ভবতীত্যর্থঃ। পক্ষে ভোজস্য কংসস্য বর্গপালে গোসঙ্ঘপালে ॥২৬॥ অথ চেতি। তে ত্বৎসম্বন্ধিনাম্, এষাং পুংসাং বুদ্ধিঃ প্রকৃতিং ন যাতি সকারণে ন লীয়তে, তর্হি ভুলিঙ্গশকুনির্যথান্যদ্বদত্যন্যৎ করোতি, তদ্বত্তে শুদ্ধং জ্ঞাপয়ন্তে শবলং বদন্তীত্যর্থঃ। ভুবং লিঙ্গতীতি ভুলিঙ্গো বিলশায়ী পক্ষিবিশেষঃ। এষেতি পাঠে এষা অস্মদীয়া বুদ্ধিঃ, তে ত্বদীয়া ত্বদ্দত্তেতি যোজ্যম্। তদা স্বস্যৈব

ভীষ্ম! তুমি মোহনিবন্ধন ভক্তিবশতঃ সর্ব্বদাই কৃষ্ণের স্তব করিয়া থাক; অথ চ কৃষ্ণ স্তবের অযোগ্য। অতএব কোন লোকই তোমার সে স্তবের অনুমোদন করে না ॥২৫॥

দুরাত্মা কৃষ্ণ কংসের দাস এবং কংসেরই গোবৎসরক্ষক; অথ চ তুমি কেবল ইচ্ছা করিয়াই সেই কৃষ্ণের ভিতরে সমস্ত জগৎ সন্নিবেশিত কর কেন? ॥২৬॥

ভীষ্ম! আমি পূর্ব্বেই বলিয়াছি যে, কুলিঙ্গপক্ষিণীর ন্যায় তোমার এই বুদ্ধি প্রকৃতিস্থই হয় না ॥২৭॥

(২৬)·· বর্গপালে দুরাত্মনি···। (২৭)···ভুলিঙ্গশকুনির্যথা।

কুলিঙ্গশকুনির্নাম পার্শ্বে হিমবতঃ পরে।
ভীষ্ম! তস্যাঃ সদা বাচঃ শ্রূয়ন্তেঽর্থবিগর্হিতাঃ ॥২৮॥
মা সাহসমিতীদং সা সততং বাশতে কিল।
সাহসঞ্চাত্মনাতীব চরন্তী নাববুধ্যতে ॥২৯॥
সা হি মাংসার্গলং ভীষ্ম! মুখাৎ সিংহস্য খাদতঃ।
দন্তান্তরবিলগ্নং যত্তদাদত্তেঽল্পচেতনা ॥৩০॥
ইচ্ছতঃ সা হি সিংহস্য ভীষ্ম! জীবত্যসংশয়ম্।
তদ্বত্ত্বমপ্যধর্ম্মিষ্ঠ! সদা বাচঃ প্রভাষসে ॥৩১॥

ভারতকৌমুদী

কুলিঙ্গশকুনিস্বভাবং স্বয়মেব বিবৃণোতি কুলিঙ্গেতি। অর্থবিগর্হিতা অর্থস্য বিপরীতত্বাদেব অর্থবিষয়ে নিন্দিতাঃ। স্ত্রীপক্ষিত্বাদেব কুলিঙ্গশকুনিশব্দস্য স্ত্রীত্বম্ ॥২৮॥

মেতি। ইদম্ ঈদৃশম্। বাশতে শব্দং করোতি। নাববুধ্যতে আত্মনস্তৎ সাহসম্ ॥২৯॥

সেতি। হে ভীষ্ম! যদ্ যস্মাৎ, অল্পচেতনা মন্দবুদ্ধিঃ, সা কুলিঙ্গশকুনিঃ, মাংসমেব খাদতঃ সিংহস্য মুখাৎ, দন্তান্তরবিলগ্নম্, তৎ, মাংসমেব অর্গলম্ অর্গলবদ্দৃঢ়সক্তং মাংসম্ আদত্তে ॥৩০॥

ইচ্ছত ইতি। ইচ্ছতঃ সিংহস্য হি সিংহস্য ইচ্ছয়ৈবেত্যর্থঃ, সা কুলিঙ্গশকুনিঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

শকুন্যুপমত্বম্ ॥২৭॥ অর্থবিগর্হিতাঃ উক্তিবিপরীতক্রিয়য়া অর্থো বিগর্হিতো যাসাং তাঃ ॥২৮॥ বাশতে শব্দং করোতি ॥২৯॥ মাংসার্গলং দংষ্ট্রান্তরলগ্নস্য মাংসস্য বহির্নির্গতভাগম্ উল্লোলম্ ॥৩০॥ ইচ্ছত ইতি। সা হি পক্ষিণী মৃত্যুমুখে প্রবিষ্টাপি তদুপেক্ষয়া জীবন্তী যথা লোকানুপদিশতি মা সাহসমিতি, তথা ত্বমপি দেহধারিত্বাৎ মৃত্যুমুখে পতিতোঽপি মৃত্যুনা উপেক্ষিতো

ভীষ্ম! হিমালয়ের অপর পার্শ্বে কুলিঙ্গশকুনিনামে একপ্রকার পক্ষিণী আছে; সর্বদাই তাহার বাক্য অর্থের বিপরীত শুনা যায় ॥২৮॥

কেন না, সে সর্ব্বদাই এইরূপ শব্দ করে যে, 'মা সাহসম্' (অর্থাৎ তোমরা সাহস করিও না); অথ চ সে নিজে গুরুতর সাহস করিতে থাকিয়াও তাহা বোঝে না ॥২৯॥

কারণ, সিংহ মাংস খাইতে লাগিলে, তাহার দাঁতের ভিতরে মাংস লাগিয়া যায়; তখন অল্পবুদ্ধি সেই কুলিঙ্গপক্ষিণী সিংহের মুখ হইতে সেই মাংসখণ্ড টানিয়া বাহির করে ॥৩০॥

তখন সেই কুলিঙ্গপক্ষিণী সিংহের ইচ্ছাক্রমেই বাঁচিয়া থাকে; এবিষয়ে কোন সন্দেহ নাই। হে অধার্ম্মিক ভীষ্ম! তুমিও সর্ব্বদাই সেইরূপ বাক্য বলিয়া থাক ॥৩১॥

ইচ্ছতাং ভূমিপালানাং ভীষ্ম! জীবস্যসংশয়ম্।
লোকবিদ্বিষ্টকর্ম্মা হি নান্যোঽস্তি ভবতা সমঃ ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ।

ততশ্চেদিপতেঃ শ্রুত্বা ভীষ্মঃ স কটুকং বচঃ।
উবাচেদং বচো রাজন্! চেদিরাজস্য শৃণ্বতঃ ॥৩৩॥
ইচ্ছতাং কিল নামাহং জীবাম্যেষাং মহীক্ষিতাম্।
সোঽহং ন গণয়াম্যেতাংস্তৃণেনাপি সমান্ নৃপ! ॥৩৪॥
এবমুক্তে তু ভীষ্মেণ ততঃ সঙ্ক্রুধুর্নৃপাঃ।
কেচিজ্জহৃষিরে তত্র কেচিদ্ভীষ্মং জগর্হিরে ॥৩৫॥

ভারতকৌমুদী

ইচ্ছতামিতি। ইচ্ছতাম্ ইচ্ছয়ৈবেতি তাৎপর্য্যম্। লোকৈর্বিদ্বিষ্টং কর্ম্ম যস্য সঃ ॥৩২॥
তত ইতি। কটুকং পরুষম্। শৃণ্বতশ্চেদিরাজস্য তমনাদৃত্যেত্যর্থঃ ॥৩৩॥
ইচ্ছতামিতি। ইচ্ছতাম্ ইচ্ছয়ৈবেতি প্রৌঢ়িবাদঃ। গণয়ামি মন্যে ॥৩৪॥
এবমিতি। জহৃষিরে হাস্যং চক্রুঃ। জগর্হিরে নিনিন্দুঃ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

জীবসি অস্মাংশ্চোপদিশসি মৃত্যুমুখেন পতিতব্যমিতি। তত্র হেতুঃ অধর্ম্মিষ্ঠেতি। সর্ব্বধর্ম্মশূন্যং ব্রহ্ম অধর্ম্মি তন্নিষ্ঠ, ব্রহ্মনিষ্ঠো হি মৃত্যুমুখে ন পততীতি বেদশাস্ত্রপ্রসিদ্ধম্ ॥৩১॥ অত্রৈব হেত্বন্তরমাহ ইচ্ছতামিতি। পূজায়াং বহুবচনম্। শান্তনোঃ স্বপিতুরিচ্ছয়া বরদানেনাপি জীবসীত্যর্থঃ। লোকবিদিতি দ্বিষ্টকর্ম্মেতি চ ছেদঃ। লোক আত্মা, "আত্মানমেব লোকমুপাসীত" ইতি শ্রুতেঃ। তদ্বিদ্বিষ্টং দ্বেষযুক্তং হিংস্রং ক্ষাত্রং কর্ম্ম যস্যেত্যেবংবিধোঽপি ক্ষত্রিয়োঽপি অত্যন্তং ব্রহ্মবিদসীত্যর্থঃ। পক্ষান্তরে তু স্পষ্টার্থ এব গ্রন্থঃ ॥৩২—৩৩॥ এবং গূঢ়াভিসন্ধিনা শিশুপালেন স্তুতোঽপি ভীষ্মঃ তস্যাভিলষিতং কৈবল্যং দাতুং তদ্ভক্তীনাং রূঢ়্যা নিন্দাপরত্বমাশ্রিত্য বৈর-

এবং এই রাজাদের ইচ্ছাক্রমেই বাঁচিয়া আছ; এ বিষয়েও কোন সন্দেহ নাই। কিন্তু ভীষ্ম! তোমার মত অন্য কেহই লোকের অপ্রিয় কার্য্য করে না' ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তাহার পর, ভীষ্ম শিশুপালের সেই কটু কথা শুনিয়া তাঁহাকে অগ্রাহ্য করিয়াই এই কথা বলিলেন—॥৩৩॥

'শিশুপাল! আমি এই রাজাদের ইচ্ছায় বাঁচিয়া আছি! কিন্তু সে আমি এই রাজগণকে তৃণের তুল্যও গণনা করি না' ॥৩৪॥

ভীষ্ম এইরূপ বলিলে, শিশুপালের পক্ষের সকল রাজাই ক্রুদ্ধ হইলেন এবং তাঁহাদের মধ্যে কেহ কেহ হাস্য করিলেন; অপর কেহ কেহ ভীষ্মকে নিন্দা করিতে লাগিলেন ॥৩৫॥

কেচিদূচুর্মহেষ্বাসাঃ শ্রুত্বা ভীষ্মস্য তদ্বচঃ।
পাপোঽবলিপ্তো বৃদ্ধশ্চ নায়ং ভীষ্মোঽর্হতি ক্ষমাম্ ॥৩৬॥
হন্যতাং সাধ্বয়ং ভীষ্মঃ পশুবৎ খলু পার্থিবৈঃ।
সর্ব্বৈঃ সমেত্য সংরব্ধৈর্দহ্যতাং বা কটাগ্নিনা ॥৩৭॥
ইতি তেষাং বচঃ শ্রুত্বা ভীষ্মঃ কুরুপিতামহঃ।
উবাচ মতিমাংস্তত্র তানেব বসুধাধিপান্ ॥৩৮॥
উক্তস্যোক্তস্য নেহান্তমহং সমুপলক্ষয়ে।
যত্তু বক্ষ্যামি তৎ সর্ব্বং শৃণুধ্বং বসুধাধিপাঃ ! ॥৩৯॥
পশুবদ্ ঘাতনং বা মে দহনং বা কটাগ্নিনা।
ক্রিয়তাং মূর্দ্ধ্নি বো ন্যস্তং ময়েদং সকলং পদম্ ॥৪০॥

ভারতকৌমুদী

কেচিদিতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। অবলিপ্তো গর্বিতঃ। ক্ষমাং প্রাপ্তুমিতি শেষঃ ॥৩৬॥

হন্যতামিতি। সাধু সম্যক্। সমেত্য মিলিত্বা, সংরব্ধৈঃ ক্রুদ্ধৈঃ। কটাগ্নিনা তৃণনির্ম্মিতাসনাগ্নিনা। "শপথে চ ক্রিয়াকারে কিলিঞ্জশবয়োঃ কটঃ" ইত্যমরঃ। কিলিঞ্জ এব তৃণাসনম্ ॥৩৭॥

ইতীতি। মতিমান্ বুদ্ধিমান্। অতএব সংক্ষেপেণ বক্তব্যমুক্তমিতি ভাবঃ ॥৩৮॥

উক্তস্যেতি। পূর্ব্বমস্মাভিরুক্তস্য, পরঞ্চ যুষ্মাভিরুক্তস্য বচসঃ, অন্তং শেষম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

মুখোত্থয়ন্ উবাচ ইচ্ছতাং কিলেত্যাদিনা ॥৩৪—৩৬॥ কটাগ্নিনা কক্ষাগ্নিনা ॥৩৭—৪১॥

মহাধনুর্দ্ধর কোন কোন রাজা ভীষ্মের সেই কথা শুনিয়া বলিলেন—'এই ভীষ্মবেটা বৃদ্ধ হইয়াও পাপাত্মা এবং গর্ব্বিত; সুতরাং এ, আমাদের নিকট ক্ষমা পাইতে পারে না ॥৩৬॥

অতএব ক্রুদ্ধ রাজারা সকলে মিলিয়া এই ভীষ্মটাকে পশুর ন্যায় হত্যা করুন, অথবা মাঁদুর জড়াইয়া ওটাকে দগ্ধ করুন' ॥৩৭॥

বুদ্ধিমান্ কুরুপিতামহ ভীষ্ম তাঁহাদের এইরূপ উক্তি শুনিয়া তখন সেই রাজগণকেই বলিলেন—॥৩৮॥

'রাজগণ! আমরা একটা বলিলাম, আবার তোমরা একটা বলিলে; এই-রূপ হইতে থাকায় আমি উক্তি-প্রত্যুক্তির অবসানই দেখিতেছি না। অতএব আমি যাহা বলিতেছি, সে সমস্ত তোমরা শোন—॥৩৯॥

'তোমরা আমাকে পশুর ন্যায়ই হত্যা কর, কিংবা মাঁদুর জড়াইয়াই দগ্ধ কর; আমি কিন্তু তোমাদের মস্তকে এই সম্পূর্ণ পদাঘাত করিলাম ॥৪০॥

(৩৮)…ততঃ কুরুপিতামহঃ…। (৩৯)…ক্ষমধ্বং বসুধাধিপাঃ!।

এষ তিষ্ঠতি গোবিন্দঃ পূজিতোঽস্মাভিরচ্যুতঃ।
যস্য বা ত্বরতে বুদ্ধির্ম্মরণায় স মাধবম্ ॥৪১॥
কৃষ্ণমাহ্বয়তামদ্য যুদ্ধে চক্রগদাধরম্।
যাবদস্যৈব দেবস্য দেহং বিশতু পাতিতঃ ॥৪২॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
শিশুপালবধে ভীষ্মবাক্যে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ

———:*:———

শিশুপাল উবাচ।
ততঃ শ্রুত্বৈব ভীষ্মস্য চেদিরাড়ুরুবিক্রমঃ।
যুযুৎসুর্ব্বাসুদেবেন বাসুদেবমুবাচ হ ॥১॥

ভারতকৌমুদী

পশুবদিতি। পদস্য কিয়দংশার্পণে ন তাদৃগপমান ইতি সূচয়িতুং সকলপদমুক্তম্ ॥৪০॥
এষ ইতি। ত্বরতে সত্বরীভবতি। পাতিতঃ অনেনৈব বিনাশিতঃ ॥৪১—৪২॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং সভাপর্ব্বণি শিশুপালবধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

তত ইতি। উরুবিক্রমো মহাপরাক্রমঃ। যুযুৎসুর্যোদ্ধুমিচ্ছুঃ, বাসুদেবেন সহ ॥১॥

ভারতভাবদীপঃ

কৃষ্ণমিতি। দেহং বিশত্বিত্যনেন স্বস্য শিশুপালীয়ং বৈকুণ্ঠাৎ পতনাদিকং পূর্ব্ববৃত্তং বিদিত-
মস্মীতি দর্শিতম্ ॥৪২॥
ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৩॥

———:*:———

তত ইতি। উরুবিক্রমঃ উরুর্মহান্ বিশ্বব্যাপী বিক্রমঃ পাদবিক্ষেপো যস্য স শিশুপালো

আমরা কৃষ্ণের পূজা করিয়াছি; তিনিও এই রহিয়াছেন; এখন যাহার বুদ্ধি মরণের জন্য ব্যস্ত হইয়াছে, সে, চক্র ও গদাধারী কৃষ্ণকে যুদ্ধে আহ্বান করুক এবং উঁহারই হাতে নিহত হইয়া উঁহারই শরীরে প্রবেশ করুক' ॥৪১—৪২॥

———:○:———

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, মহাবিক্রমশালী শিশুপাল ভীষ্মের কথা শুনিয়াই কৃষ্ণের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া কৃষ্ণকে বলিলেন—॥১॥

'…চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ, সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ'।

আহ্বয়ে ত্বাং ময়া সার্দ্ধং রণং গচ্ছ জনার্দ্দন ! ।
যাবদদ্য নিহন্মি ত্বাং সহিতং সর্ব্বপাণ্ডবৈঃ ॥২॥
সহ ত্বয়া হি মে বধ্যাঃ পাণ্ডবাঃ কৃষ্ণ ! সর্ব্বথা ।
নৃপতীন্ সমতিক্রম্য যৈররাজা ত্বমর্চ্চিতঃ ॥৩॥
যে ত্বাং দাসমরাজানং বাল্যাদর্চ্চন্তি দুর্ম্মতিম্ ।
অনর্হমর্হবৎ কৃষ্ণ ! বধ্যাস্ত ইতি মে মতিঃ ।
ইত্যুক্ত্বা রাজশার্দ্দূলস্তস্থৌ গর্জ্জন্নমর্ষণঃ ॥৪॥

ভারতকৌমুদী

আহ্বয় ইতি। গচ্ছ আগচ্ছ। সর্ব্বপাণ্ডবৈঃ সহিতং ত্বাং নিহন্মীতি সম্বন্ধঃ ॥২॥

নন্বু পাণ্ডববধে কিং কারণমিত্যাহ সহেতি। যৈঃ পাণ্ডবৈঃ ॥৩॥

য ইতি। হে কৃষ্ণ ! যে চ পাণ্ডবাঃ, দাসং কংসস্য ভৃত্যম্, অরাজানং দুর্ম্মতিঞ্চ, অনর্হং পূজায়া অযোগ্যঞ্চ, ত্বাম্, অর্হবৎ পূজাযোগ্যজনবদেব, বাল্যাদারভ্য, অর্চ্চন্তি, তে পাণ্ডবা মে বধ্যা ইতি মে মতির্ধারণা। ইতি উক্ত্বা, অমর্ষণঃ ক্রুদ্ধঃ, রাজশার্দ্দূলঃ শিশুপালঃ, গর্জ্জন্, তস্থৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

হরিণা সহাভেদাৎ ॥১॥ তাবৎ রণং গচ্ছ, যাবৎ ত্বাং নিহন্মি নিশ্চয়েন প্রাপ্নোমি, হন্তের্গত্যর্থত্বেন প্রাপ্ত্যর্থত্বাৎ, সদ্যঃ কৈবল্যেপ্সুং মাং জরাসন্ধমিব জিতমাত্রং মা মুঞ্চেত্যর্থঃ। সহিতং সর্ব্বপাণ্ডবৈরিতি পাণ্ডবানামপি বিষ্ণ্বংশত্বং দর্শয়তি।২। অবধ্যাঃ অবধো মর্য্যাদাপরিপালকাঃ, যে মতাঃ, এষ সেতুর্বিধৃতিরেষাং লোকানামসম্ভেদায়েতি পরমাত্মনস্তাবন্মর্য্যাদাবিধারকত্বং স্পষ্টং তদংশত্বাৎ পাণ্ডবানামপীত্যর্থঃ। অত্র হেতুমাহ নৃপতীনিতি। অরাজা নাস্তি রাজকোঽস্মাদন্য ইতি অরাজা। এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি। "এষ হ্যেবানন্দয়তী" ত্যাদিনা পরমাত্মন এব মুখ্যরাজকত্বশ্রুতেঃ ॥৩॥ ত্বান্দাসং ত্বা অন্দাসমিতি চ্ছেদঃ। ত্বা ত্বাম্ অন্দো বন্ধঃ। অদি বন্ধনে ধাতুঃ। তম্ অস্যতি ক্ষিপতীতি অন্দাসং বন্ধনাশকম্, বাল্যাদারভ্যেতি শেষঃ, দুর্ম্মতিম্ অনর্হং দুঃস্থিতাং মতিং প্রবেষ্টুম্ অনর্হমিত্যর্থঃ। অর্হবৎ পূজ্যবৎ

'কৃষ্ণ ! আমি তোমাকে আহ্বান করিতেছি, তুমি আমার সহিত যুদ্ধে আগমন কর ; আজ আমি সমস্ত পাণ্ডবের সহিতই তোমাকে বধ করিব ॥২॥

কৃষ্ণ ! সর্ব্বপ্রকারেই তোমার সহিত পাণ্ডবগণ আমার বধ্য। কারণ, তুমি রাজা নও, তথাপি যে পাণ্ডবেরা রাজগণকে অতিক্রম করিয়া তোমার পূজা করিয়াছে ॥৩॥

কৃষ্ণ ! তুমি রাজা নও, প্রত্যুত কংসের দাস এবং দুর্ম্মতি ; সুতরাং তুমি পূজার অযোগ্য। তথাপি যে পাণ্ডবেরা বাল্যকাল হইতেই পূজনীয় ব্যক্তির ন্যায় তোমার পূজা করিয়া আসিতেছে, সে পাণ্ডবেরা নিশ্চয়ই আমার বধ্য,

(২)···সহিতং পাণ্ডবৈঃ সহ। (৪) যে ত্বাং পাপমরাজানম্···।

এবমুক্তে ততঃ কৃষ্ণো মৃদু পূর্ব্বমিদং বচঃ।
উবাচ পার্থিবান্ সর্ব্বাংস্তৎসমক্ষঞ্চ বীর্য্যবান্ ॥৫॥
এষ নঃ শত্রুরত্যর্থং পার্থিবাঃ! সাত্বতীসুতঃ।
সাত্বতানাং নৃশংসাত্মা ন হিতোঽনপকারিণাম্ ॥৬॥
প্রাগ্‌জ্যোতিষপুরং প্রাপ্তানস্মান্ জ্ঞাত্বা নৃশংসবৎ।
অদহদ্দ্বারকামেষ স্বস্রীয়ঃ সন্ নরাধিপাঃ! ॥৭॥
ক্রীড়তো ভোজরাজস্য এষ রৈবতকে গিরৌ।
হত্বা বধ্বা চ তান্ সর্ব্বানপায়াৎ স্বপুরং প্রতি ॥৮॥

ভারতকৌমুদী

এবমিতি। ইদং মৃদু কোমলং বচ ইতি সম্বন্ধঃ। তস্য শিশুপালস্য সমক্ষম্ ॥৫॥

এষ ইতি। হে পার্থিবাঃ! নৃশংসাত্মা এষ সাত্বতীসুতঃ শিশুপালঃ, অনপকারিণামেব সাত্বতানাং যাদবানাম্, নোঽস্মাকং ন হিতঃ অহিতকারী, অতএব অত্যর্থং শত্রুর্জাতঃ ॥৬॥

কুতোঽত্যর্থং শত্রুর্জাত ইত্যাহ প্রাগিতি। স্বস্রীয়ঃ পিতৃস্বস্রীয়ঃ ॥৭॥

ক্রীড়ত ইতি। তান্ সর্ব্বান্ সহচরানিত্যর্থঃ, অপায়াৎ অপসৃতবান্ ॥৮॥

ভারতভাবদীপঃ

তেঽপি বধ্যাঃ, অবোপসর্গস্য ভাগুরিমতেন অকারলোপঃ, পূর্ব্ববদর্থঃ ॥৪—৫॥ এবং গূঢ়াশয়েন স্তুতোঽপি ভগবান্ রূঢ়্যর্থাভিপ্রায়েণ লোকদৃষ্ট্যা তং হন্তুং বৈরমাবিষ্করোতি এষ নঃ শত্রু-

ইহাই আমার ধারণা।' এই কথা বলিয়া ক্রুদ্ধ শিশুপাল গর্জ্জন করতঃ অবস্থান করিতে লাগিলেন ॥৪॥

শিশুপাল এইরূপ বলিলে, তাঁহার সমক্ষেই বলবান্ কৃষ্ণ সকল রাজাকে প্রথমে এই কোমল বাক্য বলিলেন—॥৫॥

'রাজগণ! আমরা যাদবেরা এই শিশুপালের কোন অপকারই করি নাই, তথাপি এই নৃশংসপ্রকৃতি শিশুপাল আমাদের গুরুতর শত্রু হইয়া দাঁড়াইয়াছে ॥৬॥

কারণ, রাজগণ! আমরা প্রাগ্‌জ্যোতিষপুরে গিয়াছি, ইহা জানিয়া এই শিশুপাল আমাদের পিস্‌তাত ভাই হইয়াও নৃশংসেরই মত আমাদের দ্বারকানগরী দগ্ধ করিয়াছিল ॥৭॥

ভোজরাজ রৈবতকপর্ব্বতে বিহার করিতেছিলেন, সেই সময়ে এই দুরাত্মা যাইয়া তাঁহার সহচরদিগকে যথাসম্ভব হত্যা ও বন্ধন করিয়া আপন রাজধানীতে চলিয়া গিয়াছিল ॥৮॥

(৬)…ন হিতো নয়কারিণাম্। (৮) ক্রীড়তো ভোজরাজন্যান্…।

অশ্বমেধহয়ং মেধ্যমুৎসৃষ্টং রক্ষিভির্বৃতম্ ।
পিতুর্মে যজ্ঞবিঘ্নার্থমহরৎ পাপনিশ্চয়ঃ ॥৯॥
সৌবীরান্ প্রতি যাতাঞ্চ বভ্রোরেষ যশস্বিনঃ ।
ভার্য্যামভ্যহরন্মোহাদকামাং তামিতো গতাম্ ॥১০॥
এষ মায়াপ্রতিচ্ছন্নঃ করূষার্থে তপস্বিনীম্ ।
জহার ভদ্রাং বৈশালীং মাতুলস্য নৃশংসবৎ ॥১১॥
পিতৃষ্বসুঃ কৃতে দুঃখং সুমহন্মর্ষয়াম্যহম্ ।
দিষ্ট্যা ত্বিহ মহীপানাং সন্নিধাবস্য বর্ত্ততে ॥১২॥

ভারতকৌমুদী

অশ্বেতি। অশ্বমেধস্য হয়মশ্বম্, মেধ্যং হিংসনীয়ম্। পাপে নিশ্চয়ো যস্য সঃ ॥৯॥

সৌবীরানিতি। সৌবীরান্ তদাখ্যং দেশম্। বভ্রোর্বভ্রুনামকস্য যাদবস্য ॥১০॥

এষ ইতি। মায়াপ্রতিচ্ছন্নঃ কপটবেশেন গূঢ়স্বরূপঃ, এষ শিশুপালঃ, নৃশংসবৎ, করূষার্থে করূষদেশাধিপতেঃ সুহৃদো নিমিত্তে, তপস্বিনীং তদানীমসহায়ত্বাদ্দীনাম্, বৈশালীং বিশালারাজমহিষীম্, মাতুলস্য কন্যাং ভদ্রাং নাম জহার ॥১১॥

পিত্রিতি। কৃতে নিমিত্তে। মর্ষয়ামি সহে। দিষ্ট্যা ভাগ্যেন ॥১২॥

ভারতভাবদীপঃ

রিত্যাদিনা। নহিতঃ স্বপ্নপেতি সমাসঃ, নৈকধেত্যাদিবৎ; দ্বেষীত্যর্থঃ ॥৬—৯॥ সৌবীরান্ দেশবিশেষান্, ইতো হস্তিনাপুরাৎ, গতাং প্রস্থিতাম্। সুবীরাং প্রতিপত্তৌ চেতি পাঠে প্রতিপত্তৌ বিবাহকালে, বভ্রোর্যাদবস্য ॥১০॥ দোষান্তরমাহ এষ ইতি। করূষার্থে করূষো দেশভেদঃ তদ্রাজার্থে, মায়াপ্রতিচ্ছন্নঃ কপটেন তদ্বেষং কৃত্বেত্যর্থঃ। বৈশালীং বিশালা পুরী,

আমার পিতৃদেব অশ্বমেধযজ্ঞ করিবার জন্য একটী অশ্বকে রক্ষিপরিবেষ্টিত করিয়া ছাড়িয়া দেন; তখন এই পাপাত্মা সেই যজ্ঞের বিঘ্ন ঘটাইবার জন্য সেই মেধ্য অশ্বটীকে অপহরণ করিয়াছিল ॥৯॥

যশস্বী বভ্রুর ভার্য্যা দ্বারকা হইতে প্রস্থান করিয়া সৌবীরদেশে যাইতেছিলেন, তখন এই দুরাত্মা সেই অকামা মহিলাটীকে অপহরণ করিয়াছিল ॥১০॥

এই দুরাত্মা ছদ্মবেশ ধারণ করিয়া করূষরাজের জন্য মাতুলের কন্যা এবং বিশালারাজার মহিষী নিঃসহায়া ভদ্রাকে অপহরণ করিয়াছিল ॥১১॥

আমি এ যাবৎ পিসীমার জন্যই এই সকল গুরুতর দুঃখ সহ্য করিয়া আসিতেছি; কিন্তু আজ সেই দুরাত্মা শিশুপাল এই রাজাদের নিকটে অবস্থান করিতেছে ॥১২॥

(১০)…বভ্রোরেষ যশস্বিনীম্…। (১১)…জহার ভার্য্যাং বৈশালীম্, মাতুলস্য নৃশংসকৃৎ।

পশ্যন্তি হি ভবন্তোঽস্য ময্যতীবব্যতিক্রমম্।
কৃতানি তু পরোক্ষং মে যানি তানি নিবোধত ॥১৩॥
ইমং ত্বস্য ন শক্ষ্যামি ক্ষন্তুমদ্য ব্যতিক্রমম্।
অবলেপাদ্বধার্হস্য সমগ্রে রাজমণ্ডলে ॥১৪॥
রুক্মিণ্যামস্য মূঢ়স্য প্রার্থনাসীন্মুমূর্ষতঃ।
ন চ তাং প্রাপ্তবান্ মূঢ়ঃ শূদ্রো বেদশ্রুতীমিব ॥১৫॥
বৈশম্পায়ন উবাচ।
এবমাদি ততঃ সর্ব্বে সহিতাস্তে নরাধিপাঃ।
বাসুদেববচঃ শ্রুত্বা চেদিরাজং ব্যগর্হয়ন্ ॥১৬॥
তস্য তদ্বচনং শ্রুত্বা শিশুপালঃ প্রতাপবান্।
জহাস স্বনবদ্ধাসং বাক্যঞ্চেদমুবাচ হ ॥১৭॥

ভারতকৌমুদী

পশ্যন্তীতি। ব্যতিক্রমং নিন্দয়া লঙ্ঘনম্। নিবোধত উক্তহেতুভির্জানীত ॥১৩॥
ইমমিতি। ব্যতিক্রমং নিন্দয়া লঙ্ঘনম্। অপলেপাদ্গর্ব্বাৎ ॥১৪॥
রুক্মিণ্যামিতি। বেদশ্রুতীং বেদবাক্যশ্রবণম্। ক্যস্তত্বেঽপি আর্ষত্বাদীপ্রত্যয়ঃ ॥১৫॥
এবমিতি। এবমাদি বাসুদেববচ ইতি সম্বন্ধঃ। ব্যগর্হয়ন্ নিন্দিতবন্তঃ ॥১৬॥
তস্যেতি। স্বনবাংশ্চাসৌ হাসশ্চেতি তম্, জহাস, সশব্দং হাস্যং চকারেত্যর্থঃ ॥১৭॥

আর, আজ আমার উপরে যে গুরুতর ব্যতিক্রম করিল, তাহা আপনারা প্রত্যক্ষ দেখিলেন এবং আমার অসমক্ষে যে সকল ব্যবহার করিয়াছিল, তাহাও শুনিলেন ॥১৩॥

আজ আমার উপরে যে ব্যতিক্রম করিল, ইহা আমি সহ্য করিতে পারিব না; বিশেষতঃ সমস্ত রাজগণের সমক্ষে গর্ব্ব করায় দুরাত্মা বধের যোগ্যই হইয়াছে ॥১৪॥

এই মুমূর্ষু মূর্খটার রুক্মিণীকে লাভ করিবার ইচ্ছা ছিল; কিন্তু শূদ্র যেমন বেদবাক্য শুনিতে পারে না, এ মূর্খটাও তেমন রুক্মিণীকে লাভ করিতে পারে নাই' ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, কৃষ্ণের এইরূপ উক্তিগুলি শুনিয়া রাজারা সকলে মিলিয়া শিশুপালকে বিশেষভাবে নিন্দা করিতে লাগিলেন ॥১৬॥

কিন্তু প্রতাপশালী শিশুপাল কৃষ্ণের সেই কথাগুলি শুনিয়া অট্ট হাস্য করিলেন এবং এই কথা বলিলেন—॥১৭॥

[১৩] পশ্যন্ত হি ভবন্তোঽস্য···।

মৎপূর্ব্বাং রুক্মিণীং কৃষ্ণ ! সংসৎসু পরিকীর্ত্তয়ন্ ।
বিশেষতঃ পার্থিবেষু ব্রীড়াং ন কুরুষে কথম্ ॥১৮॥
মন্যমানো হি কঃ সৎসু পুরুষঃ পরিকীর্ত্তয়েৎ ।
অন্যপূর্ব্বাং স্ত্রিয়ং জাতু ত্বদন্যো মধুসূদন ! ॥১৯॥
ক্ষম বা যদি তে শ্রদ্ধা মা বা কৃষ্ণ ! মম ক্ষম ।
ক্রুদ্ধাদ্বাপি প্রসন্নাদ্বা কিং মে ত্বত্তো ভবিষ্যতি ॥২০॥
তথা ব্রুবত এবাস্য ভগবান্ মধুসূদনঃ ।
ব্যপাহরচ্ছিরঃ কায়াচ্চক্রেণামিত্রকর্ষণঃ ।
স পপাত মহাবাহুর্বজ্রাহত ইবাচলঃ ॥২১॥

ভারতকৌমুদী

মদিতি। অহমেব পূর্ব্বঃ প্রথমঃ পতির্যস্যাস্তাম্। সংসৎসু সভাসু ॥১৮॥
মন্যেতি। স্ত্রিয়ম্ অন্যপূর্ব্বাম্, মন্যমানো জানন্। জাতু কদাচিৎ ॥১৯॥
ক্ষমেতি। ক্ষম ক্ষমস্ব। শ্রদ্ধা ইচ্ছা, "শ্রদ্ধাস্তিক্যেঽভিলাষে চ" ইতি হেমচন্দ্রঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

তদধিপস্য কন্যাম্ ॥১১—১২॥ তানি পূর্ব্বোক্তানি নিবোধত ॥১৩—১৭॥ মৎপূর্ব্বাং পিত্রাদিভিঃ পূর্ব্বং মহ্যং প্রতিশ্রুতাম্ ॥১৮॥ মন্যমানঃ স্বীকুর্ব্বাণঃ ॥১৯॥ ক্ষম ক্ষমস্ব, শ্রদ্ধা পিতৃস্বসুর্বচসি অবশ্যানুষ্ঠেয়ত্ববুদ্ধিঃ ॥২০—২১॥ (পাঠান্তরে) যাচতঃ ইতি পাঠে যাচনং যাচঃ, তস্মাৎ প্রথমার্থে তসিঃ ॥৩॥ যাচিতং ময়া দত্তম্, প্রতিশ্রুতং তানি শতম্ অপরাধানি, বধয়িষ্যামি বধং প্রাপয়ি-

'কৃষ্ণ ! সভার মধ্যে, বিশেষতঃ রাজাদের সমক্ষে 'রুক্মিণী পূর্ব্বে আমার পরিগৃহীত ছিলেন' এইরূপ বলিতে তোমার লজ্জা হইল না কেন ! ॥১৮॥

কৃষ্ণ ! তুমি ভিন্ন অন্য কোন্ পুরুষ সভার মধ্যে নিজের স্ত্রীকে অন্যপূর্ব্বা জানিয়া তাহা কীর্ত্তন করিয়া থাকে ? ॥১৯॥

কৃষ্ণ ! তোমার যদি ইচ্ছা হয়, তবে আমাকে ক্ষমা করিতেও পার, না করিতেও পার। কেন না, তুমি ক্রুদ্ধ হইলেই বা আমার কি হইবে এবং প্রসন্ন হইলেই বা আমার কি হইবে' ॥২০॥

---

(২১) অস্মৎপিতামহলিখিতপুস্তকে ঈদৃশ এব পাঠঃ। কিন্তু কতিপয়পুস্তকে প্রথমার্দ্ধাৎ পরম্ ইমে চত্বারঃ শ্লোকা অধিকা দৃশ্যন্তে। যথা—'মনসাঽচিন্তয়চ্চক্রং দৈত্যবগনিসূদনম্। এতস্মিন্নেব কালে তু চক্রে হস্তগতে সতি ॥১॥ উবাচ ভগবানুচ্চৈর্বাক্যং বাক্যবিশারদঃ। শৃণ্বন্তু মে মহীপালাঃ ! যেনৈতৎ ক্ষমিতং ময়া ॥২॥ অপরাধশতং ক্ষাম্যং মাতুরস্যৈব যাচনে। দত্তং ময়া যাচিতঞ্চ তদ্বৈ পূর্ণং হি পার্থিবাঃ ! ॥৩॥ অধুনা বধয়িষ্যামি পশ্যতাং বো মহীক্ষিতাম্। এবমুক্ত্বা যদুশ্রেষ্ঠশ্চেদিরাজস্য তৎক্ষণাৎ ॥৪॥' "কৃষ্ণমাহ্বয়তামদ্য যুদ্ধে চক্রগদাধরম্" ইতি পূর্ব্বাধ্যায়ভীষ্মোক্ত্যা চক্রস্থিতেরবগমাৎ "অপরাধশতং ক্ষাম্যম্" ইত্যাদ্যর্থস্য চ পূর্ব্বং ভীষ্মেণৈবোক্তত্বাৎ পিতামহধৃতপাঠ এব সাধীয়ান্।

ততশ্চেদিপতের্দেহাত্তেজোঽগ্র্যং দদৃশুর্নৃপাঃ।
উৎপতন্তং মহারাজ! গগনাদিব ভাস্করম্ ॥২২॥
ততঃ কমলপত্রাক্ষং কৃষ্ণং লোকনমস্কৃতম্।
ববন্দে তত্তদা তেজো বিবেশ চ নরাধিপ! ॥২৩॥
তদদ্ভুতমমন্যন্ত দৃষ্ট্বা সর্ব্বে মহীক্ষিতঃ।
যদ্বিবেশ মহাবাহুং তত্তেজঃ পুরুষোত্তমম্ ॥২৪॥
অনভ্রে প্রববর্ষ দ্যৌঃ পপাত জ্বলিতাশনিঃ।
কৃষ্ণেন নিহতে চৈদ্যে চচাল চ বসুন্ধরা ॥২৫॥

ভারতকৌমুদী

তথেতি। অস্য শিশুপালস্য কায়াৎ শিরো ব্যপাহরৎ। অচলঃ পর্বত ইব। শিশুপাল-বধকাব্যে তু মাঘেন যুদ্ধং বর্ণিতম্। দাক্ষিণাত্যপুস্তকেঽপি তথা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। অগ্র্যং শ্রেষ্ঠং তেজঃ। উৎপতন্তম্ উদ্গচ্ছন্তম্ ॥২২॥

তত ইতি। ববন্দে পাদলগ্নতয়া নমশ্চকারেব। বিবেশ কৃষ্ণমেব ॥২৩॥

তদিতি। তত্তেজঃ কর্ত্তৃ, মহাবাহুং পুরুষোত্তমং কৃষ্ণম্, যদ্বিবেশেতি সম্বন্ধঃ ॥২৪॥

অনভ্র ইতি। অভ্রস্য মেঘস্যাভাব ইত্যনভ্রং তস্মিন্ সত্যপি। দ্যৌরাকাশম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

স্যামি। ণ্যন্তাৎ বধশব্দাৎ লট্ ॥৪॥ তেজো লিঙ্গশরীরম্, অগ্র্যং সংসারানাদিতয়া অনাদি ॥২২—২৩॥ তচ্চ ভগবতা স্বমহিমানং প্রকাশয়তা সর্ব্বেষাং দৃষ্টিবিষয়ীকৃতম্, তেন অদ্ভুততমম্ এতদ্দর্শনম্। "যদ্বিবেশ মহাবাহুং তত্তেজঃ পুরুষোত্তম"মিত্যাস্যস্য শিশুপালবধস্য তাৎপর্য্যম্। দ্বেষাদিনাপ্যন্তে ভগবৎস্মরণং তৎপ্রাপ্তিহেতুরিতি। যথোক্তং শ্রীমদ্ভাগবতে—"গোপাঃ কামাদ্ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ। সম্বন্ধাদ্বৃষ্ণয়ঃ স্নেহাদ্যূয়ং ভক্ত্যা বয়ং

শিশুপাল এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে শত্রুহন্তা ভগবান্ কৃষ্ণ চক্র দ্বারা তাঁহার দেহ হইতে মস্তক অপহরণ করিলেন; তখন বজ্রাহত পর্ব্বতের ন্যায় শিশুপাল ভূতলে পতিত হইলেন ॥২১॥

মহারাজ! তাহার পর, তত্রত্য রাজারা দেখিলেন—আকাশ হইতে উদিত সূর্য্যের ন্যায় একটা উত্তম তেজ শিশুপালের দেহ হইতে নির্গত হইল ॥২২॥

নরনাথ! তৎপরে সেই তেজটা তখনই যাইয়া কমলনয়ন ও জগৎপূজিত কৃষ্ণকে যেন নমস্কার করিল এবং তাঁহার শরীরে প্রবেশ করিল ॥২৩॥

সেই তেজটা কৃষ্ণের শরীরে যে প্রবেশ করিল, ইহা দেখিয়া রাজারা সকলেই সে ঘটনাকে অদ্ভুত বলিয়া মনে করিলেন ॥২৪॥

কৃষ্ণ শিশুপালকে বধ করিলে, বিনা মেঘে বৃষ্টি হইতে লাগিল, উজ্জ্বল বজ্রপাত হইল এবং পৃথিবী কাঁপিতে থাকিল ॥২৫॥

ততঃ কেচিন্মহীপালা নাব্রুবংস্তত্র কিঞ্চন।
অতীতবাক্‌পথে কালে প্রেক্ষমাণা জনার্দ্দনম্ ॥২৬॥
হস্তৈর্হস্তাগ্রমপরে প্রত্যপিংষন্নমর্ষিতাঃ।
অপরে দশনৈরোষ্ঠানদশন্ ক্রোধমূর্চ্ছিতাঃ ॥২৭॥
রহস্তু কেচিদ্বার্ষ্ণেয়ং প্রশশংসুর্নরাধিপাঃ।
কেচিদেব তু সংরব্ধা মধ্যস্থাস্ত্বপরেঽভবন্ ॥২৮॥
প্রহৃষ্টাঃ কেশবং জগ্মুঃ সংস্তুবন্তো মহর্ষয়ঃ।
ব্রাহ্মণাশ্চ মহাত্মানঃ পার্থিবাশ্চ মহাবলাঃ ॥২৯॥
শশংসুর্নির্বৃতাঃ সর্ব্বে দৃষ্ট্বা কৃষ্ণস্য বিক্রমম্।
পাণ্ডবস্ত্বব্রবীদ্‌ভ্রাতৄন্ সৎকারেণ মহীপতিম্ ॥৩০॥
দমঘোষাত্মজং বীরং সৎকারয়ত মা চিরম্।
তথা চ কৃতবন্তস্তে ভ্রাতুর্বৈ শাসনাত্তদা ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। কেচিন্মহীপালাঃ কর্ত্তব্যবিমূঢ়া ইত্যাশয়ঃ ॥২৬॥

অপর ইতি। অপরে শিশুপালপক্ষীয়া রাজানঃ। প্রত্যপিংষন্ ঘৃষ্টবন্তঃ ॥২৭॥

রহ ইতি। রহো নির্জ্জনে, বার্ষ্ণেয়ং কৃষ্ণম্। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। মধ্যস্থা বিবাদনিবৃত্তয়ে মধ্যবর্ত্তিনঃ। অতএবোভয়পক্ষয়োর্যুদ্ধং ন বভূবেতি ভাবঃ ॥২৮॥

প্রহৃষ্টা ইতি। প্রহৃষ্টা আনন্দিতাঃ, অত্যাচারিণঃ শিশুপালস্য বধাদিতি ভাবঃ ॥২৯॥

শশংসুরিতি। নির্বৃতাঃ সুস্থচিত্তাঃ সন্তঃ, শশংসুঃ প্রশশংসুঃ। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ, সৎকারেণ আদরেণ ভ্রাতৄনব্রবীৎ। মহীপতিং শিশুপালম্। সৎকারয়ত দহত ॥৩০—৩১॥

সেই বর্ণনার অযোগ্য সময়ে কোন কোন রাজা কৃষ্ণের দিকে দৃষ্টিপাত করিয়া কিছুই বলিতে পারিলেন না ॥২৬॥

অপর রাজারা ক্রুদ্ধ হইয়া হস্ত দ্বারা হস্তাগ্র পেষণ করিতে লাগিলেন এবং অন্য রাজারা ক্রোধে অধীর হইয়া দন্ত দ্বারা ওষ্ঠদংশন করিতে থাকিলেন ॥২৭॥

কোন কোন রাজা নির্জ্জনে যাইয়া কৃষ্ণের প্রশংসা করিতে লাগিলেন, কতিপয় রাজা ক্রুদ্ধ হইলেন এবং অন্য রাজারা মধ্যস্থ হইলেন ॥২৮॥

মহর্ষিগণ, মহাত্মা ব্রাহ্মণগণ এবং মহাবল রাজগণ আনন্দিত হইয়া স্তব করিতে করিতে কৃষ্ণের নিকট গমন করিলেন ॥২৯॥

তাঁহারা সকলেই কৃষ্ণের বিক্রম দেখিয়া সুস্থচিত্ত হইলেন এবং তাঁহার প্রশংসা করিতে লাগিলেন। এদিকে যুধিষ্ঠির আদরপূর্ব্বক ভ্রাতৃগণকে বলি-

---

(৩১)…ভ্রাতুর্ব্বৈ শাসনং তদা।

চেদীনামাধিপত্যে চ পুত্রমস্য মহীপতেঃ।
অভ্যষিঞ্চত্তদা পার্থঃ সহ তৈর্বসুধাধিপৈঃ ॥৩২॥
ততঃ স কুরুরাজস্য সর্ব্বকর্ম্মসমৃদ্ধিমান্।
যজ্ঞঃ প্রীতিকরো রাজন্! সংবভৌ বিপুলোৎসবঃ ॥৩৩॥
শান্তবিঘ্নঃ সুখারম্ভঃ প্রভূতধনধান্যবান্।
অন্নবান্ বহুভক্ষ্যশ্চ কেশবেন সুরক্ষিতঃ ॥৩৪॥ (যুগ্মকম্)
সমাপয়ামাস চ তং রাজসূয়ং মহাক্রতুম্।
তং তু যজ্ঞং মহাবাহুরাসমাপ্তের্জনার্দ্দনঃ।
ররক্ষ ভগবান্ শৌরিঃ শার্ঙ্গচক্রগদাধরঃ ॥৩৫॥
ততস্ত্ববভৃথস্নাতং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
সমস্তং পার্থিবং ক্ষত্রমুপগম্যেদমব্রবীৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

চেদীনামিতি। চেদীনাং চেদিদেশস্য। অস্য শিশুপালস্য পুত্রমভ্যষিঞ্চৎ ॥৩২॥

তত ইতি। সর্ব্বা কর্ম্মসমৃদ্ধিগ্রহণবিতরণাদিব্যাপারবাহুল্যমস্যাস্তীতি সঃ। বিপুল উৎসবো যত্র সঃ। শান্তবিঘ্নঃ শিশুপালবধাদিনা নিবৃত্তবিঘ্নঃ ॥৩৩—৩৪॥

সমাপয়ামাসেতি। আসমাপ্তেঃ সমাপ্তিপর্য্যন্তম্। ষট্পাদমিদং পদ্যম্ ॥৩৫॥

তত ইতি। যজ্ঞান্তকর্ম্মবিশেষোঽবভৃথঃ। পার্থিবং পৃথিবীবাসি, ক্ষত্রং ক্ষত্রিয়গণঃ ॥৩৬॥

লেন—'তোমরা বিলম্ব করিও না, সত্বর বীর ও রাজা শিশুপালের সৎকার কর'। তখন যুধিষ্ঠিরের আদেশ অনুসারে ভীমপ্রভৃতি তাহা করিলেন ॥৩০–৩১॥

তখন যুধিষ্ঠির সেই রাজাদের সহিত মিলিত হইয়া শিশুপালের পুত্রকে চেদিরাজ্যে অভিষিক্ত করিলেন ॥৩২॥

মহারাজ! তাহার পর, যুধিষ্ঠিরের সেই মহোৎসবসম্পন্ন রাজসূয়যজ্ঞ সর্ব্বপ্রকার আড়ম্বরে পরিপূর্ণ এবং সকলের প্রীতিকর হইয়া শোভা পাইতে লাগিল। সে যজ্ঞটী সুখে আরম্ভ করা হইয়াছিল; তৎপরে কৃষ্ণকর্ত্তৃক সুরক্ষিত হইতে থাকায় সমস্ত বিঘ্ন নিবৃত্তি পাইয়াছিল এবং সে যজ্ঞে প্রচুর ধন, ধান্য, অন্ন ও নানাবিধ খাদ্য বস্তু ছিল ॥৩৩—৩৪॥

তৎপরে যুধিষ্ঠির সেই রাজসূয়মহাযজ্ঞ সমাপ্ত করিলেন এবং মহাবাহু ও মাহাত্ম্যশালী কৃষ্ণ ধনু, চক্র ও গদা ধারণ করিয়া সমাপ্তিপর্য্যন্ত সেই যজ্ঞ রক্ষা করিলেন ॥৩৫॥

(৩৩) ততঃ স কুরুরাজস্য ক্রতুঃ সর্বসমৃদ্ধিমান্। যূনাং প্রীতিকরো রাজন্! স বভৌ বিপুলৌজসঃ।

দিষ্ট্যা বৈ বৰ্দ্ধসে রাজন্ ! সাম্রাজ্যং প্রাপ্তবান্ বিভো ! ।
আজমীঢ়াজমীঢ়ানাং যশঃ সংবৰ্দ্ধিতং ত্বয়া ॥৩৭॥
কৰ্ম্মণৈতেন রাজেন্দ্র ! ধৰ্ম্মশ্চ সুমহান্ কৃতঃ ।
আপৃচ্ছামো নরব্যাঘ্র ! সৰ্ব্বৈঃ কামৈশ্চ পূজিতাঃ ।
স্বরাষ্ট্রাণি গমিষ্যামস্তদনুজ্ঞাতুমৰ্হসি ॥৩৮॥
শ্রুত্বা তু বচনং রাজ্ঞাং ধৰ্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
যথাৰ্হং প্রতিপূজ্যৈতান্ ভ্রাতৄনিদমুবাচ হ ॥৩৯॥
রাজানঃ সৰ্ব্ব এবৈতে প্রীত্যাস্মান্ সমুপাগতাঃ ।
প্রস্থিতাঃ স্বানি রাষ্ট্রাণি মামাপৃচ্ছ্য পরন্তপাঃ ।
তেঽনুব্রজত ভদ্রং বো বিষয়ান্তং নৃপোত্তমান্ ॥৪০॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। হে আজমীঢ়! অজমীঢ়বংশধর ! ॥৩৭॥
কৰ্ম্মণেতি। কামৈরভীষ্টদ্রব্যৈঃ, পূজিতাঃ সৎকৃতা বয়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥
শ্রুত্বেতি। যথাৰ্হং যথাযোগ্যম্। এতান্ রাজ্ঞঃ। ভ্রাতৄন্ ভীমাদীন্ ॥৩৯॥
রাজান ইতি। বো যুষ্মাকং ভদ্রমস্তু। বিষয়স্য স্বরাজ্যস্য অন্তং যাবৎ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪০॥

তাহার পর, ধৰ্ম্মরাজ যুধিষ্ঠির অবভৃথস্নান করিলে, পৃথিবীর সকল ক্ষত্রিয় তাঁহার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥৩৬॥

'হে অজমীঢ়বংশধর মহারাজ ! ভাগ্যক্রমে আপনার উন্নতি হইয়াছে, আপনি সাম্রাজ্যলাভ করিয়াছেন এবং অজমীঢ়বংশের যশ বৃদ্ধি করিয়াছেন ॥৩৭॥

হে নরশ্রেষ্ঠ মহারাজ ! আপনি এই যজ্ঞ দ্বারা অতিবিশাল ধৰ্ম্ম উৎপাদন করিয়াছেন এবং সমস্ত কাম্যবস্তু দ্বারা আমাদিগকে পরিতৃপ্ত করিয়াছেন; এখন আমরা প্রার্থনা করি—আমরা আপন আপন রাজ্যে যাইব, আপনি তাহার অনুমতি করুন' ॥৩৮॥

ধৰ্ম্মরাজ যুধিষ্ঠির রাজাদের বাক্য শুনিয়া তাঁহাদের যথাযোগ্য পূজা করিয়া ভ্রাতৃগণকে এই কথা বলিলেন—॥৩৯॥

'ভ্রাতৃগণ ! এই রাজারা সকলেই প্রীতিনিবন্ধন আমাদের নিকট আসিয়াছিলেন, এখন আবার আমার নিকট জিজ্ঞাসা করিয়া আপন আপন রাজ্যে যাইতেছেন। অতএব তোমরা আমাদের রাজ্যের শেষসীমাপৰ্য্যন্ত ইহাদের অনুগমন কর ; তোমাদের মঙ্গল হউক' ॥৪০॥

[৩৭] দিষ্ট্যা বৰ্দ্ধসি ধৰ্ম্মজ্ঞ !…। [৩৯]…যথাৰ্হং পূজ্য নৃপতীন্ ভ্রাতৄন্ সৰ্ব্বানুবাচ হ।

ভ্রাতুর্বচনমাজ্ঞায় পাণ্ডবা ধর্ম্মচারিণঃ।
যথার্হং নৃপমুখ্যাংস্তানেকৈকং সমনুব্রজন্ ॥৪১॥
বিরাটমন্বয়াত্তূর্ণং ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
ধনঞ্জয়ো যজ্ঞসেনং মহাত্মানং মহারথম্ ॥৪২॥
ভীষ্মঞ্চ ধৃতরাষ্ট্রঞ্চ ভীমসেনো মহাবলঃ।
দ্রোণন্তু সসুতং বীরং সহদেবো যুধাং পতিঃ ॥৪৩॥
নকুলঃ সুবলং রাজন্! সহপুত্রং সমন্বয়াৎ।
দ্রৌপদেয়াঃ সসৌভদ্রাঃ পার্ব্বতীয়ান্ মহীপতীন্ ॥৪৪॥
অন্বগচ্ছংস্তথৈবান্যান্ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভাঃ।
এবং সুপূজিতাঃ সর্ব্বে জগ্মুর্বিপ্রাঃ সহস্রশঃ ॥৪৫॥ (বিশেষকম্)
গতেষু পার্থিবেন্দ্রেষু সর্ব্বেষু ব্রাহ্মণেষু চ।
যুধিষ্ঠিরমুবাচেদং বাসুদেবঃ প্রতাপবান্ ॥৪৬॥

ভারতকৌমুদী

ভ্রাতুরিতি। পাণ্ডবা ভীমাদয়ঃ। যথার্হং যথাযোগ্যম্ ॥৪১॥

বিরাটমিতি। অন্বয়াৎ অনুসৃতবান্। যজ্ঞসেনং দ্রুপদম্, অন্বয়াদিত্যনুবৃত্তিঃ ॥৪২॥

ভীষ্মমিতি। যুধাং পতির্যোদ্ধৃশ্রেষ্ঠঃ। পুত্রৈঃ শকুনিভিন্নৈঃ সহেতি সহপুত্রস্তম্, শকুনেঃ স্থিতেরেব বক্ষ্যমাণত্বাৎ। সৌভদ্রেণ অভিমন্যুনা সহেতি সসৌভদ্রাঃ, দ্রৌপদেয়া দ্রৌপদীপুত্রাঃ। ক্ষত্রিয়র্ষভা আত্মীয়াঃ ক্ষত্রিয়শ্রেষ্ঠা দুর্য্যোধনাদয়ঃ ॥৪৩—৪৫॥

তখন ধর্ম্মচারী ভীমপ্রভৃতি পাণ্ডবগণ যুধিষ্ঠিরের আদেশ পাইয়া প্রধান রাজাদের মধ্যে এক এক জনের পিছনে এক এক জন গমন করিলেন ॥৪১॥

প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন সত্বর বিরাট রাজার অনুগমন করিলেন এবং অর্জ্জুন মহাত্মা ও মহারথ দ্রুপদরাজার অনুসরণ করিলেন ॥৪২॥

মহাবল ভীম ভীষ্ম ও ধৃতরাষ্ট্রের, যোদ্ধৃশ্রেষ্ঠ সহদেব পুত্রসমন্বিত মহাবীর দ্রোণাচার্য্যের এবং নকুল পুত্রযুক্ত সুবল রাজার অনুগমন করিলেন; আর অভিমন্যুর সহিত দ্রৌপদীর পুত্রগণ পার্ব্বত্য রাজগণের এবং অন্যান্য ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা অন্যান্য ক্ষত্রিয়দিগের অনুসরণ করিলেন। এই ভাবে সহস্র সহস্র ব্রাহ্মণ বিশেষভাবে পূজিত হইয়া প্রস্থান করিলেন ॥৪৩—৪৫॥

রাজারা এবং ব্রাহ্মণেরা সকলে চলিয়া গেলে, প্রতাপশালী কৃষ্ণ যুধিষ্ঠিরের নিকট এই কথা বলিলেন—॥৪৬॥

---

(৪৩)…শল্যঞ্চ সসুতং বীরং সহদেবো মহারথঃ। (৪৪)…পার্ব্বতীয়ান্ মহারথান্।
(৪৫)…ক্ষত্রিয়ান্ পুরুষর্ষভাঃ। (৪৬)…সর্ব্বেষু ভরতর্ষভ!।

আপৃচ্ছে ত্বাং গমিষ্যামি দ্বারকাং কুরুনন্দন ! ।
রাজসূয়ং ক্রতুশ্রেষ্ঠং দিষ্ট্যা ত্বং প্রাপ্তবানসি ॥৪৭॥
তমুবাচৈবমুক্তস্তু ধর্ম্মরাজো জনার্দ্দনম্ ।
তব প্রসাদাদ্‌গোবিন্দ ! প্রাপ্তঃ ক্রতুবরো ময়া ॥৪৮॥
ক্ষত্রং সমগ্রমপি চ ত্বৎপ্রসাদাদ্বশে স্থিতম্ ।
উপাদায় বলিং মুখ্যং মামেব সমুপস্থিতম্ ॥৪৯॥
কথং ত্বদ্‌গমনার্থং মে বাণী বিতরতেঽনঘ ! ।
নহ্যহং ত্বামৃতে বীর ! রতিং প্রাপ্নোমি কর্হিচিৎ ॥৫০॥
অবশ্যঞ্চৈব গন্তব্যা ভবতা দ্বারকাপুরী ।
এবমুক্তঃ স ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরসহায়বান্ ॥৫১॥
অভিগম্যাব্রবীৎ প্রীতঃ পৃথাং পৃথুযশা হরিঃ ।
সাম্রাজ্যং সমনুপ্রাপ্তাঃ পুত্রাস্তেঽদ্য পিতৃষ্বসঃ ! ॥৫২॥

ভারতকৌমুদী

গতেম্বিতি। পার্থিবেন্দ্রেষু রাজশ্রেষ্ঠেষু দ্রুপদাদিষু ॥৪৬॥
আপৃচ্ছ ইতি। "আঙি নুপ্রচ্ছ্যৌ" ইত্যাত্মনেপদম্। দিষ্ট্যা ভাগ্যেন ॥৪৭॥
তমিতি। প্রসাদাজ্জরাসন্ধবধাদিনিবন্ধনাদনুগ্রহাৎ। প্রাপ্তঃ অনুষ্ঠিতঃ ॥৪৮॥
ক্ষত্রমিতি। মুখ্যমুৎকৃষ্টম্, বলিমুপহারম্, উপাদায়ৈব মামুপস্থিতমিত্যন্বয়ঃ ॥৪৯॥
কথমিতি। বিতরতে অনুমতিং দদাতি। ঋতে বিনা। রতিং নির্বৃতিম্ ॥৫০॥
দ্বারকায়ামেব কার্য্যবাহুল্যং চিন্তয়ন্ননুমতিং দদাতি অবশ্যমিতি। এবমুক্তো যুধিষ্ঠিরেণেতি শেষঃ। পৃথাং কুন্তীম্, পৃথুযশা বিশালকীর্ত্তিঃ। হে পিতৃষ্বসঃ! অদ্য তে পুত্রাঃ

'কুরুনন্দন! আমি আপনার নিকট প্রার্থনা করিতেছি, আমি দ্বারকায় যাইব। আপনি ভাগ্যবশতঃ যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয় সমাপ্ত করিতে পারিয়াছেন' ॥৪৭॥

কৃষ্ণ এই কথা বলিলে, যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন—'কৃষ্ণ! তোমার অনুগ্রহেই আমি রাজসূয় সমাপ্ত করিতে পারিয়াছি ॥৪৮॥

আর, তোমার অনুগ্রহেই সমগ্র ক্ষত্রিয় আমার বশীভূত হইয়াছেন এবং তাঁহারা উৎকৃষ্ট উৎকৃষ্ট উপহার লইয়াই আমার নিকট উপস্থিত হইয়াছিলেন ॥৪৯॥

হে পাপবিহীন! বীর! আমার বাক্য কি করিয়া তোমাকে যাইবার অনুমতি দিবে? কারণ, আমি তোমাকে ছাড়িয়া কখনও নির্বৃতি লাভ করিতে পারি না ॥৫০॥

তবে, তুমি অবশ্যই দ্বারকায় যাইবে।' যুধিষ্ঠির এইরূপ বলিলে, ধর্ম্মাত্মা ও বিশালকীর্ত্তি কৃষ্ণ সন্তুষ্ট হইয়া যুধিষ্ঠিরের সহিত অন্তঃপুরে যাইয়া কুন্তীকে

(৪৭)···দ্বারকাং কুরুসত্তম!। (৫০)···নৈবাহং বৈ বিনা বীরং ত্বাং রংস্যেঽত্র কদাচন।

সিদ্ধার্থা বসুমন্তশ্চ সা ত্বং প্রীতিমবাপ্নুহি।
অনুজ্ঞাতস্ত্বয়া চাহং দ্বারকাং গন্তুমুৎসহে ॥৫৩॥ (বিশেষকম্)
সুভদ্রাং দ্রৌপদীঞ্চৈব সভাজয়ত কেশবঃ।
নিষ্ক্রম্যান্তঃপুরাত্তস্মাদ্যুধিষ্ঠিরসহায়বান্।
স্নাতশ্চ কৃতজপ্যশ্চ ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্য চ ॥৫৪॥
ততো মেঘবপুঃপ্রখ্যং স্যন্দনঞ্চ সুকল্পিতম্।
যোজয়িত্বা মহারাজ! দারুকঃ সমুপস্থিতঃ ॥৫৫॥
উপস্থিতং রথং দৃষ্ট্বা তার্ক্ষ্যপ্রবরকেতনম্।
প্রদক্ষিণমুপাবৃত্য সমারুহ্য মহামনাঃ।
প্রযযৌ পুণ্ডরীকাক্ষস্ততো দ্বারবতীং পুরীম্ ॥৫৬॥
তং পদ্ভ্যামনুবব্রাজ ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৃভিঃ সহিতঃ শ্রীমান্ বাসুদেবং মহাবলম্ ॥৫৭॥

ভারতকৌমুদী

সাম্রাজ্যং সমনুপ্রাপ্তাঃ, সিদ্ধার্থা নিষ্পন্নপ্রয়োজনাঃ, বসুমন্তো ধনিনশ্চ জাতা ইতি শেষঃ ॥৫১—৫৩॥

সুভদ্রামিতি। সভাজয়ত মধুরালাপেন সমতোষয়ৎ। চৌরাদিকসভাজধাতোর্হ্যস্তন্যাং রূপম্ অড়াগমাভাব আর্ষঃ। বাচ্য বাচয়িত্বা রথং প্রতীক্ষাঞ্চক্রে ইতি শেষঃ। ষট্পদং পদ্যম্ ॥৫৪॥

তত ইতি। মেঘবপুঃপ্রখ্যং মেঘবন্নীলবর্ণম্, স্যন্দনং রথম্। দারুকঃ সারথিঃ ॥৫৫॥

উপেতি। তার্ক্ষ্যো গরুড়ঃ প্রবরকেতনে উত্তমধ্বজে যস্য তম্। ইদমপি ষট্পদং পদ্যম্ ॥৫৬॥

বলিলেন—'পিসীমা! আজ আপনার পুত্রেরা সাম্রাজ্য লাভ করিয়াছেন এবং কৃতকার্য্য ও ধনী হইয়াছেন; এখন আপনি আনন্দিত হউন; আর আপনার অনুমতিক্রমে এখন আমি দ্বারকায় যাইতে ইচ্ছা করি' ॥৫১—৫৩॥

তাহার পর কৃষ্ণ মধুর আলাপে দ্রৌপদী ও সুভদ্রাকে সন্তুষ্ট করিলেন; তৎপরে যুধিষ্ঠিরের সহিতই সেই অন্তঃপুর হইতে নির্গত হইয়া, স্নান ও জপ করিয়া এবং ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিপাঠ করাইয়া রথের প্রতীক্ষা করিতে লাগিলেন ॥৫৪॥

মহারাজ! তাহার পর দারুক মেঘের ন্যায় নীলবর্ণ এবং সুসজ্জিত একখানি রথকে অশ্বযুক্ত করিয়া লইয়া উপস্থিত হইল ॥৫৫॥

তখন মহামনা কৃষ্ণ সেই গরুড়ধ্বজ রথখানিকে উপস্থিত দেখিয়া, তাহার দক্ষিণপার্শ্বে যাইয়া আরোহণপূর্ব্বক দ্বারকানগরে প্রস্থান করিলেন ॥৫৬॥

---

[৫৪]…অপৃচ্ছত স কেশবঃ। [৫৫]…যোজয়িত্বা মহাবাহুঃ…।

তততো মুহূর্ত্তং সংগৃহ্য স্যন্দনপ্রবরং হরিঃ।
অব্রবীৎ পুণ্ডরীকাক্ষঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥৫৮॥
অপ্রমত্তঃ স্থিতো নিত্যং প্রজাঃ পাহি বিশাংপতে!।
পর্জ্জন্যমিব ভূতানি মহাদ্রুমমিব দ্বিজাঃ।
বান্ধবাস্ত্বোপজীবন্তু সহস্রাক্ষমিবামরাঃ ॥৫৯॥
কৃত্বা পরস্পরেণৈবং সংবিদং কৃষ্ণপাণ্ডবৌ।
অন্যোন্যং সমনুজ্ঞাপ্য জগ্মতুঃ স্বগৃহান্ প্রতি ॥৬০॥

ভারতকৌমুদী

তমিতি। পদ্ভ্যামিত্যনেন যুধিষ্ঠিরস্য বিশেষাদ্‌নম্রসৌজন্যং সূচিতম্ ॥৫৭॥

তত ইতি। সংগৃহ্য সংস্থাপ্য, স্যন্দনপ্রবরং রথশ্রেষ্ঠম্ ॥৫৮॥

অপ্রমত্ত ইতি। হে বিশাংপতে! প্রজানাথ! ত্বং নিত্যমেব অপ্রমত্তঃ সাবধানঃ স্থিতঃ সন্, প্রজাঃ, পাহি পরিপালয়। ভূতানি প্রাণিনঃ, পর্জ্জন্যং মেঘমিব; দ্বিজাঃ পক্ষিণো মহাদ্রুমমিব; অমরা দেবাঃ, সহস্রাক্ষমিন্দ্রমিব চ; বান্ধবাঃ, ত্বা ত্বাম্, উপজীবন্তু আশ্রিত্য জীবনং যাপয়ন্তু। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

কৃত্বেতি। সংবিদং সম্ভাষণম্, "স্ত্রীসংবিজ্জ্ঞানসম্ভাষাক্রিয়াকারাজিনামসু" ইত্যমরঃ ॥৬০॥

ভারতভাবদীপঃ

প্রভো!॥" ইতি কৃষ্ণং প্রাপ্তা ইতি শেষঃ ॥২৪—৫৩॥ সভাজয়ত প্রীণিতবান্ ॥৫৪—৫৭॥ সংগৃহ্য নিরুধ্য ॥৫৮॥ ত্বা ত্বাম্ ॥৫৯॥ সংবিদং সময়ম্। অনুগমনাদিশিষ্টাচারপ্রদর্শকোঽধ্যায়শেষঃ স্পষ্টার্থঃ ॥৬০—৬১॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৪॥

তখন রাজলক্ষ্মীসম্পন্ন ধর্ম্মরাজ যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া চরণযুগল দ্বারাই মহাবল কৃষ্ণের অনুগমন করিতে লাগিলেন ॥৫৭॥

সেই সময়ে কমলনয়ন কৃষ্ণ কিছু কাল রথখানিকে থামাইয়া কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে বলিলেন—॥৫৮॥

'মহারাজ! আপনি সর্ব্বদা সাবধানে থাকিয়া প্রজা পালন করুন। প্রাণিগণ যেমন মেঘকে আশ্রয় করিয়া এবং পক্ষিগণ যেমন মহাবৃক্ষকে অবলম্বন করিয়া জীবন যাপন করে, কিংবা দেবগণ যেমন ইন্দ্রকে আশ্রয় করিয়া জীবন যাপন করেন, তেমন বন্ধুজনেরা আপনাকে আশ্রয় করিয়াই জীবন যাপন করুন' ॥৫৯॥

কৃষ্ণ ও যুধিষ্ঠির পরস্পর এইরূপ আলাপ করিয়া, পরস্পর পরস্পরের প্রতি যাইবার অনুমতি দিয়া আপন আপন গৃহের দিকে গমন করিলেন ॥৬০॥

(৫৮)...ধর্ম্মরাজং পরিষ্বজ্য প্রোবাচ বদতাং বরঃ।

গতে দ্বারবতীং কৃষ্ণে সাত্বতপ্রবরে নৃপ!।
একো দুর্য্যোধনো রাজা শকুনিশ্চাপি সৌবলঃ।
তস্যাং সভায়াং দিব্যায়ামূষতুস্তৌ নরর্ষভৌ ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি শিশুপালবধে শিশুপালবধসমাপ্তির্নাম চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

গত ইতি। একঃ কেবলঃ। ঊষতুঃ স্থিতৌ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৬১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী সমাখ্যায়াং সভাপর্ব্বণি শিশুপালবধে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! যাদবশ্রেষ্ঠ কৃষ্ণ দ্বারকার দিকে প্রস্থান করিলে, রাজা দুর্য্যোধন এবং সুবলনন্দন শকুনি, ইহারা দুই জনই কেবল সেই দিব্য সভায় রহিলেন ॥৬১॥

* '...পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ, দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ'। এতদধ্যায়াৎ পরং যুধিষ্ঠিরং প্রতি ব্যাসস্য ভবিষ্যদুক্তিপ্রধানঃ কশ্চিদধ্যায়ো মুদ্রিতপুস্তকে দৃশ্যতে; অস্মৎপিতামহলিখিতপুস্তকে প্রাচীনহস্তলিখিতপুস্তকান্তরে চ স পুনরধ্যায়ো ন দৃশ্যতে; কিঞ্চ সজ্জনং যুধিষ্ঠিরং প্রতি তাদৃশীং ভবিষ্যদনর্থোক্তিমকৃত্বা তদনর্থমূলীভূতদুর্ব্যবহারনিবারণায় দুর্জ্জনং দুর্য্যোধনং প্রত্যেব ব্যাসস্য তাদৃশ্যুক্তিরুচিতাসীৎ তস্যোভয়ত্রৈব সমানসম্বন্ধাৎ। ইতি প্রক্ষিপ্তং মন্যমানৈরস্মাভিঃ স খল্বধ্যায় এব পরিহৃতঃ। স চ যথা—

বৈশম্পায়ন উবাচ।

সমাপ্তে রাজসূয়ে তু ক্রতুশ্রেষ্ঠে সুদুর্লভে। শিষ্যৈঃ পরিবৃতো ব্যাসঃ পুরস্তাৎ সমপদ্যত ॥১॥
সোঽভ্যয়াদাসনাৎ তূর্ণং ভ্রাতৃভিঃ পরিবারিতঃ। পাদ্যেনাসনদানেন পিতামহমপূজয়ৎ ॥২॥
অথোপবিশ্য ভগবান্ কাঞ্চনে পরমাসনে। আস্যতামিতি চোবাচ ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৩॥
অথোপবিষ্টং রাজানং ভ্রাতৃভিঃ পরিবারিতম্। উবাচ ভগবান্ ব্যাসস্তত্তদ্বাক্যবিশারদঃ ॥৪॥
দিষ্ট্যা বর্দ্ধসি কৌন্তেয়! সাম্রাজ্যং প্রাপ্য দুর্লভম্। বর্দ্ধিতাঃ কুরবঃ সর্ব্বে ত্বয়া কুরুকুলোদ্বহ! ॥৫॥
আপৃচ্ছে ত্বাং গমিষ্যামি পূজিতোঽস্মি বিশাম্পতে!। এবমুক্তঃ স কৃষ্ণেন ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥
অভিবাদ্যোপসংগৃহ্য পিতামহমথাব্রবীৎ। যুধিষ্ঠির উবাচ। সংশয়ো দ্বিপদাং শ্রেষ্ঠ! মমোৎপন্নঃ সুদুর্লভঃ ॥৭॥
তস্য নান্যোঽস্তি বক্তা বৈ ত্বামৃতে দ্বিজপুঙ্গব। উৎপাতাংস্ত্রিবিধান্ প্রাহ নারদো ভগবানৃষিঃ ॥
দিব্যাংশ্চৈবান্তরীক্ষাংশ্চ পার্থিবাংশ্চ পিতামহ!। অপি চৈদ্যস্য পতনাচ্ছন্নমৌৎপাতিকং মহৎ ॥

বৈশম্পায়ন উবাচ।

রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা পরাশরসুতঃ প্রভুঃ। কৃষ্ণদ্বৈপায়নো ব্যাস ইদং বচনমব্রবীৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

(পাঠান্তরে) সমাপ্ত ইতি। "সমাপ্তে রাজসূয়ে তু ক্রতুশ্রেষ্ঠে সুদুর্লভে" ইত্যাদেঃ "সভায়াং রমণীয়ায়াং তস্যামাস্তে নরাধিপ!" ইত্যন্তস্যাধ্যায়স্য তাৎপর্য্যম্—কুলক্ষয়নিমিত্তভূতস্য

ত্রয়োদশ সমা রাজন্নুৎপাতানাং ফলং মহৎ। সর্ব্বক্ষত্রবিনাশায় ভবিষ্যতি বিশাম্পতে! ॥১১॥
ত্বামেকং কারণং কৃত্বা কালেন ভরতর্ষভ!। সমেতং পার্থিবং ক্ষত্রং ক্ষয়ং যাস্যতি ভারত!।
দুর্য্যোধনাপরাধেন ভীমার্জ্জুনবলেন চ ॥১২॥
স্বপ্নে দ্রক্ষ্যসি রাজেন্দ্র! ক্ষপান্তে ত্বং বৃষধ্বজম্। নীলকণ্ঠং ভবং স্থাণুং কপালিং ত্রিপুরান্তকম্।
উগ্রং রুদ্রং পশুপতিং মহাদেবমুমাপতিম্। হরং সর্ব্বং বৃষং শূলং পিনাকিং কৃত্তিবাসসম্ ॥১৪॥
কৈলাসকূটপ্রতিমং বৃষভেঽবস্থিতং শিবম্। নিরীক্ষমাণং সততং পিতৃরাজাশ্রিতাং দিশম্ ॥১৫॥
এবমীদৃশকং স্বপ্নং দ্রক্ষ্যসি ত্বং বিশাম্পতে!। মা ত্বৎকৃতে হ্যনুধ্যাহি কালো হি দুরতিক্রমঃ।
স্বস্তি তেঽস্তু গমিষ্যামি কৈলাসং পর্ব্বতং প্রতি। অপ্রমত্তঃ স্থিতো দান্তঃ পৃথিবীং পরিপালয়।

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স ভগবান্ কৈলাসং পর্ব্বতং যযৌ। কৃষ্ণদ্বৈপায়নো ব্যাসঃ সহ শিষ্যৈঃ শ্রুতানুগৈঃ।
গতে পিতামহে রাজা চিন্তাশোকসমন্বিতঃ। নিঃশ্বসন্নুষ্ণমসকৃৎ তমেবার্থং বিচিন্তয়ন্ ॥১৯॥
কথং তু দৈবং শক্যেত পৌরুষেণ প্রবাধিতুম্। অবশ্যমেব ভবিতা যদুক্তং পরমর্ষিণা ॥২০॥
ততোঽব্রবীন্মহাতেজাঃ সর্ব্বান্ ভ্রাতৄন্ যুধিষ্ঠিরঃ। শ্রুতং বৈ পুরুষব্যাঘ্রা যন্মাং দ্বৈপায়নোঽব্রবীৎ।
তদা তদ্বচনং শ্রুত্বা মরণে নিশ্চিতা মতিঃ। সর্ব্বক্ষত্রস্য নিধনে যদ্যহং হেতুরীপ্সিতঃ ॥২২॥
কালেন নির্ম্মিতস্তাত! কো মমার্থোঽস্তি জীবতঃ। এবং ব্রুবন্তং রাজানং ফাল্গুনঃ প্রত্যভাষত।
মা রাজন্ কশ্মলং ঘোরং প্রাবিশো বুদ্ধিনাশনম্। সম্প্রধার্য্য মহারাজ যৎক্ষমং তং সমাচর ॥২৪॥
ততোঽব্রবীৎ সত্যধৃতির্ভ্রাতৄন্ সর্ব্বান্ যুধিষ্ঠিরঃ। দ্বৈপায়নস্য বচনং তত্রৈব সমচিন্তয়ন্ ॥২৫॥
অদ্যপ্রভৃতি ভদ্রং বঃ প্রতিজ্ঞাং মে নিবোধত। ত্রয়োদশ সমাস্তাত কো মমার্থোঽস্তি জীবতঃ।
ন প্রবক্ষ্যামি পুরুষং ভ্রাতৄনন্যাংশ্চ পার্থিবান্। স্থিতো নিদেশে জ্ঞাতীনাং যোক্ষ্যে তৎসমুদাহরন্।
এবং মে বর্ত্তমানস্য স্বসুতেষ্বিতরেষু চ। ভেদো ন ভবিতা লোকে ভেদমূলো হি বিগ্রহঃ ॥২৮॥
বিগ্রহং দূরতো রক্ষন্ প্রিয়াণ্যেব সমাচরন্। বাচ্যতাং ন গমিষ্যামি লোকেষু মনুজর্ষভাঃ! ॥২৯॥
ভ্রাতুর্জ্যেষ্ঠস্য বচনং পাণ্ডবাঃ সন্নিশম্য তৎ। তমেব সমবর্ত্তন্ত ধর্ম্মরাজহিতে রতাঃ ॥৩০॥
সংসৎসু সময়ং কৃত্বা ধর্ম্মরাড় ভ্রাতৃভিঃ সহ। পিতৄংস্তর্প্য যথান্যায়ং দেবতাশ্চ বিশাম্পতে! ॥৩১॥
কৃতমঙ্গলকল্যাণো ভ্রাতৃভিঃ পরিবারিতঃ। গতেষু ক্ষত্রিয়েন্দ্রেষু সর্ব্বেষু ভরতর্ষভ! ॥৩২॥
যুধিষ্ঠিরঃ সহামাত্যঃ প্রবিবেশ পুরোত্তমম্। দুর্য্যোধনো মহারাজঃ শকুনিশ্চাপি সৌবলঃ।
সভায়াং রমণীয়ায়াং তত্রৈবাস্তে নরাধিপ! ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
দ্যূতে যুধিষ্ঠিরসময়ে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কাপুরুষস্য মরণমেব শ্রেয় ইতি সর্ব্বৈঃ সহ প্রীত্যা জীবিতব্যমিতি ॥১—৮॥ দিব্যা অশনিপাতাদয়ঃ। আন্তরীক্ষা ধূমকেত্বাদয়ঃ। পার্থিবা ভূকম্পাদয়ঃ ॥৯—১২॥ কপালিং কপালিনম্, সুপাংসুলুগিতি আর্ষে দ্বিতীয়ালোপে সতি পরমে ব্যোমন্নিত্যাদিবৎ প্রাতিপদিকমাত্রং শিষ্যতে। বিভক্তেঃ স্থানিবত্ত্বান্নলোপাভাবঃ, তস্য চাপদান্তত্বাদনুস্বারোঽপি ভবতীতি। মত্বর্থীয়ং প্রত্যয়ান্তরং বা কল্প্যম্। এবমন্যত্রাপি জ্ঞেয়ম্ ॥১৩—৩৩॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

বসন্ দুর্য্যোধনস্তস্যাং সভায়াং পুরুষর্ষভ !।
শনৈর্দ্দদর্শ তাং সর্ব্বাং সভাং শকুনিনা সহ ॥১॥
তস্যাং দিব্যানভিপ্রায়ান্ দদর্শ কুরুনন্দনঃ।
ন দৃষ্টপূর্ব্বা যে তেন নগরে নাগসাহ্বয়ে ॥২॥
স কদাচিৎ সভামধ্যে ধার্ত্তরাষ্ট্রো মহীপতিঃ।
স্ফাটিকং স্থলমাসাদ্য জলমিত্যভিশঙ্কয়া।
স্ববস্ত্রোৎকর্ষণং রাজা কৃতবান্ বুদ্ধিমোহিতঃ ॥৩॥
দুর্ম্মনা বিমুখশ্চৈব পরিচক্রাম তাং সভাম্।
ততঃ স্থলে নিপতিতো দুর্ম্মনা ব্রীড়িতো নৃপঃ ॥৪॥

ভারতকৌমুদী

বসন্নিতি। হে পুরুষর্ষভ! জনমেজয়! দুর্য্যোধনঃ শকুনিনা সহ তস্যাং সভায়াম্, বসন্ অবতিষ্ঠমানঃ সন্, শনৈর্মন্দং মন্দং তাং সর্ব্বাং সভাং দদর্শ ॥১॥

তস্যামিতি। দিব্যান্ স্বর্গীয়ান্, অভিপ্রায়ান্ অভিপ্রায়সিদ্ধান্ আকৃতিবিশেষান্ ॥২॥

স ইতি। স্ফাটিকং স্ফটিকময়ম্। বুদ্ধিমোহিতো ভ্রান্তবুদ্ধিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

বসন্নিতি। বসন্ দুর্য্যোধনস্তস্যামিত্যাদ্যধ্যায়দ্বয়স্য তাৎপর্য্যম্, পাপিষ্ঠঃ পরকল্যাণং দৃষ্ট্বা মরণমিচ্ছতি, ছলেন পরলক্ষ্মীং বা হর্ত্তুমিচ্ছতি নির্ঘৃণ ইতি ॥১॥ অভিপ্রায়ান্ দেবাদীনাং ক্রীড়াতৎস্থানাদ্যভিনয়প্রদর্শকচিত্রাদিগতানাশয়বিশেষান্। নাগসাহ্বয়ে নাগেন হস্তিনা

বৈশম্পায়ন বলিলেন—হে নরশ্রেষ্ঠ জনমেজয়! দুর্য্যোধন শকুনির সহিত সেই সভায় বাস করিবার সময়ে ক্রমে ক্রমে সে সভাটীর সমস্ত স্থানই দর্শন করিতে লাগিলেন ॥১॥

তিনি পূর্ব্বে হস্তিনানগরে যেগুলি দেখেন নাই, এমন বহুতর স্বর্গীয় আকার প্রকার সেই সভায় দেখিতে লাগিলেন ॥২॥

কোন সময়ে রাজা দুর্য্যোধন সেই সভার মধ্যে একটী স্ফটিকময় স্থলে উপস্থিত হইয়া, ভ্রমবশতঃ সে স্থলটীকে জল মনে করিয়া (হাঁটু হইতে) আপনার বস্ত্র আকর্ষণ করিয়া উপরে তুলিলেন ॥৩॥

ততঃ স্ফাটিকতোয়াং বৈ স্ফাটিকাম্বুজশোভিতাম্ ।
বাপীং মত্বা স্থলমিতি সবাসাঃ প্রাপতজ্জলে ॥৫॥
জলে নিপতিতং দৃষ্ট্বা কিঙ্করা জহসুর্ভৃশম্ ।
বাসাংসি চ শুভান্যস্মৈ প্রদদূ রাজশাসনাৎ ॥৬॥
তথাগতন্তু তং দৃষ্ট্বা ভীমসেনো মহাবলঃ ।
অর্জ্জুনশ্চ যমৌ চোভৌ সর্ব্বে তে প্রাহসংস্তদা ॥৭॥
নামর্ষয়ত্ততস্তেষামবহাসমমর্ষণঃ ।
আকারং রক্ষমাণস্তু ন স তান্ সমুদৈক্ষত ॥৮॥

ভারতকৌমুদী

দুর্ম্মনা ইতি। নৃপো দুর্য্যোধনঃ, দুর্ম্মনা আত্মনো ভ্রমাবগমাল্লজ্জয়া বিষণ্ণচিত্তঃ, অতএব বিমুখঃ সন্, তাং সভাম্, পরিচক্রাম বিচচার। ততঃ, স্থলে স্থলত্বেন স্বয়মবগতে স্থানে, নিপতিতো গতঃ সন্, ব্রীড়িতো লজ্জিতঃ, দুর্ম্মনা বিষণ্ণচিত্তশ্চাভবৎ যথাস্থানে বস্ত্রং সংস্থাপ্যেতি ভাবঃ ॥৪॥

তত ইতি। স্ফাটিকং স্ফটিকময়ং স্থলমিব তোয়ং জলং যস্যাং তাম্, স্ফাটিকৈঃ স্ফটিকনির্ম্মিতৈরিব অম্বুজৈঃ পদ্মৈঃ শোভিতাম্, বাপীং দীর্ঘিকাম্, স্থলমিতি মত্বা, সবাসাঃ সবস্ত্র এব জলে প্রাপতৎ, নৃপ ইত্যনুবৃত্তিঃ ॥৫॥

জল ইতি। কিঙ্করা যুধিষ্ঠিরভৃত্যাঃ। রাজশাসনাদ্ যুধিষ্ঠিরাদেশাৎ ॥৬॥

তথেতি। তথা তেন প্রকারেণ আর্দ্রবসনপরিত্যাগপূর্ব্বকশুষ্কবসনধারণেনেত্যর্থঃ ॥৭॥

নেতি। ততঃ, অমর্ষণঃ কোপনস্বভাবঃ, স দুর্য্যোধনঃ, তেষাং ভীমাদীনাম্, অবহাসম্ উপহাসম্, নামর্ষয়ৎ নাসহত, মনসা ক্রুদ্ধো বভূবেত্যর্থঃ; তথাপি তু আকারং ক্রুদ্ধভাবম্, রক্ষমাণো গোপয়ন্, তান্ ভীমাদীন্, ন সমুদৈক্ষত নাবলোকয়ৎ ॥৮॥

তৎপরে নিজের ভ্রম বুঝিতে পারিয়া লজ্জায় বিষণ্ণ ও বিমুখ হইয়া সরিয়া গেলেন; তাহার পর আপন নির্দ্ধারিত স্থলে উপস্থিত হইয়া আরও লজ্জিত ও বিষণ্ণ হইলেন ॥৪॥

সেই সভার মধ্যে একটী জলাশয় ছিল, তাহার জল স্ফটিকময় স্থলের ন্যায় স্বচ্ছ ছিল এবং পদ্মগুলিও স্ফটিকনির্ম্মিত পদ্মের মতই শোভা পাইতেছিল। সুতরাং দুর্য্যোধন বস্ত্রের সহিতই সেই জলে পড়িয়া গেলেন ॥৫॥

তখন ভৃত্যেরা দুর্য্যোধনকে জলে নিপতিত দেখিয়া অত্যন্ত হাস্য করিল এবং যুধিষ্ঠিরের আদেশে উৎকৃষ্ট বস্ত্র সকল আনয়ন করিয়া দুর্য্যোধনের নিকট সমর্পণ করিল ॥৬॥

দুর্য্যোধন আর্দ্র বস্ত্র পরিত্যাগপূর্ব্বক শুষ্ক বস্ত্র পরিধান করিয়া আসিয়াছেন ইহা দেখিয়া ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব ইঁহারা সকলেই হাস্য করিলেন ॥৭॥

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

—:*:—

সভাপর্ব্ব

—:*:—

চতুর্থখণ্ডম্

—:*:—

দর্শনাচার্য্য
শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-
সমাখ্যয়া টীকয়া
শব্দাচার্য্য-পুরাণশাস্ত্রি-সাংখ্যরত্ন-ব্যাকরণতীর্থ-কাব্যতীর্থ-
স্মৃতিতীর্থোপাধিমতা মহোপদেশকেন
শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া
ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-
বঙ্গানুবাদেন চ সহিতম্

—:*:—

কলিকাতা ৪১ সংখ্যকস্কুরিবর্ম্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ
সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতশ্চ ।

১৩৩৮ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৮/০ সাধারণপক্ষে মূল্যং ১।০

পুনর্ব্বসনমুৎক্ষিপ্য প্রতরিষ্যন্নিব স্থলম্।
আরুরোহ ততঃ সর্বে জহসুস্তং পুনর্জনাঃ ॥৯॥
দ্বারন্তু পিহিতাকারং স্ফাটিকং প্রেক্ষ্য ভূমিপঃ।
প্রবিশন্নাহতো মূর্দ্ধ্নি ব্যাঘূর্ণিত ইব স্থিতঃ ॥১০॥
তাদৃশঞ্চাপরং দ্বারং স্ফাটিকোরুকপাটকম্।
বিঘট্টয়ন্ করাভ্যান্তু নিষ্ক্রম্যাগ্রে পপাত হ ॥১১॥
দ্বারন্তু বিততাকারং সমাপেদে পুনশ্চ সঃ।
তদ্বৃত্তঞ্চেতি মন্বানো দ্বারস্থানাদুপারমৎ ॥১২॥

ভারতকৌমুদী

পুনরিতি। ভ্রমদৃষ্টং জলং প্রতরিষ্যন্নিব, পুনর্বসনম্, উৎক্ষিপ্য জানুদেশাদুত্তোল্য, স্থলমারুরোহ; ততস্তস্মাৎ কারণাচ্চ সর্ব্বে জনাস্তং জহসুঃ ॥৯॥

দ্বারমিতি। ভূমিপো রাজা দুর্য্যোধনঃ, পিহিতো ভিত্ত্যৈব আবৃত আকারঃ শূন্যস্বরূপং যস্য তৎ, স্ফাটিকং দ্বারং প্রেক্ষ্য, দ্বাররূপতয়া নির্ম্মিতাং স্ফটিকময়ভিত্তিমেব দ্বারত্বেন বিভাব্যেত্যর্থঃ, প্রবিশন্, মূর্দ্ধ্নি তয়া ভিত্ত্যা আহতঃ সন্ ব্যাঘূর্ণিত ইব স্থিতঃ ॥১০॥

তাদৃশমিতি। কিঞ্চ, করাভ্যাং হস্তাভ্যাম্, স্ফাটিকে স্ফটিকনির্ম্মিতবৎ প্রতীয়মানে উরুণী বিশালে কপাটে যস্য তৎ, তত্র বস্তুতো ন কপাটদ্বয়ং কিন্তু নির্ম্মাণকৌশলেন কপাটদ্বয়রূপতয়া মণিকিরণানাং প্রসরণাৎ প্রতীয়মানকপাটদ্বয়াবরণকমিত্যর্থঃ, তাদৃশমপরং দ্বারম্, বিঘট্টয়ন্ বেগেন পুরস্তাৎ সঞ্চালয়ন্, নিষ্ক্রম্য স্ববেগাদেবাভ্যন্তরে গত্বা, অগ্রে সম্মুখে, ন্যুব্জঃ সন্ পপাত ॥১১॥

দ্বারমিতি। স দুর্য্যোধনঃ, পুনশ্চ, বিততাকারম্ অপসারিতকপাটস্বরূপম্, কিমপি দ্বারম্, সমাপেদে গচ্ছন্ প্রাপ্তঃ; কিন্তু তৎ দ্বারম্, বৃত্তম্ অতীতং মস্তকাঘাতজনকপ্রথমদ্বারবদিত্যর্থঃ, মন্বানো মন্যমানঃ সন্, তস্মাদ্দ্বারস্থানাৎ, উপারমৎ পুনরপ্যাঘাতপ্রাপ্তিভয়েন নিবৃত্তবান্ ॥১২॥

কিন্তু কোপনস্বভাব দুর্য্যোধন তাঁহাদের উপহাস মনে মনে সহ্য করিলেন না বটে, তবে সে ক্রুদ্ধভাব গোপন করতঃ তাঁহাদের প্রতি দৃষ্টিপাত করিলেন না ॥৮॥

দুর্য্যোধন আবার কাপড় তুলিয়া (ভ্রমদৃষ্ট) জল পার হইবেন বলিয়াই যেন স্থলে যাইয়া উঠিলেন; তাহাতেও সকলে তাঁহাকে উপহাস করিল ॥৯॥

তৎপরে দুর্য্যোধন দ্বাররূপে নির্ম্মিত কোন স্ফটিকময় ভিত্তিকেই দ্বার মনে করিয়া, প্রবেশ করিতে থাকিয়া, মস্তকে আঘাত পাইয়া, আঘূর্ণিত হইয়াই যেন অবস্থান করিতে লাগিলেন ॥১০॥

সেইরূপ অন্য একখানা উন্মুক্ত দ্বারে মণিকিরণ আসিয়া পড়ায় দুইখানা স্ফটিকময় বিশাল কপাট আবদ্ধ রহিয়াছে ইহা ভাবিয়া হস্তযুগল দ্বারা তাহাতে বেগে ধাক্কা দিয়া সম্মুখে উপুর হইয়া পড়িয়া গেলেন ॥১১॥

এবং প্রলম্ভান্ বিবিধান্ প্রাপ্য তত্র বিশাংপতে ! ।
পাণ্ডবেয়াভ্যনুজ্ঞাতস্ততো দুর্য্যোধনো নৃপঃ ॥১৩॥
অপ্রহৃষ্টেন মনসা রাজসূয়ে মহাক্রতৌ ।
প্রেক্ষ্য তামদ্ভুতামৃদ্ধিং জগাম গজসাহ্বয়ম্ ॥১৪॥ (যুগ্মকম্)
পাণ্ডবশ্রীপ্রতপ্তস্য ধ্যায়মানস্য গচ্ছতঃ ।
দুর্য্যোধনস্য নৃপতেঃ পাপা মতিরজায়ত ॥১৫॥
পার্থান্ সুমনসো দৃষ্ট্বা পার্থিবাংশ্চ বশানুগান্ ।
কৃৎস্নঞ্চাপি হিতং লোকমাকুমারং কুরূদ্বহ ! ॥১৬॥
মহিমানং পরঞ্চাপি পাণ্ডবানাং মহাত্মনাম্ ।
দুর্য্যোধনো ধার্ত্তরাষ্ট্রো বিবর্ণঃ সমপদ্যত ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। প্রলম্ভান্ প্রতারণাঃ। আসাং প্রতারণানাং কারণং ভীমাদয় এব। অন্যথা অবিদিতসভাস্বরূপং মহারাজাধিরাজং দুর্য্যোধনং সভাং দর্শয়িতুং কথং ন বিদিতসভাস্বরূপঃ কোঽপি জনস্তৈরনুপ্রেষিতঃ, কথং বা জাতে প্রলম্ভে ইতরজনবদেব দুর্য্যোধনমুপহসিতবন্ত ইতি সমালোচনীয়ম্। অপহৃষ্টেন বিষণ্ণেন। গজসাহ্বয়ং হস্তিনানগরম্ ॥১৩—১৪॥

পাণ্ডবেতি। ধ্যায়মানস্য পাণ্ডবদমনং চিন্তয়তঃ। পাপা পাণ্ডবক্ষতিবিষয়া ॥১৫॥

পার্থানিতি। সুমনসঃ সর্ব্বসম্পল্লাভেন প্রসন্নচিত্তান্। পার্থিবান্ অন্যান্যান্ নৃপতীন্, বশানুগান্ পাণ্ডবানামেব বশতাপন্নান্। আকুমারং বালকাবধিম্, কৃৎস্নং সর্ব্বং লোকম্, হিতং পাণ্ডবানাং হিতৈষিণঞ্চ দৃষ্ট্বা। পরং সর্ব্বোৎকৃষ্টং মহিমানঞ্চ দৃষ্ট্বা। বিবর্ণো বিষাদেন মলিনবর্ণঃ ॥১৬—১৭॥

আবার তিনি একখানা খোলা দরজা পাইলেন, কিন্তু সে খানাকেও আগের দরজার ন্যায় মনে করিয়া সেখান হইতে ফিরিয়া গেলেন ॥১২॥

নরনাথ জনমেজয় ! রাজা দুর্য্যোধন সেই সভাভবনে এই প্রকার নানাবিধ বিড়ম্বনা পাইয়া এবং রাজসূয়যজ্ঞে সেই অদ্ভুত সমৃদ্ধি দেখিয়া, অপ্রসন্নমনে যুধিষ্ঠিরের অনুমতিক্রমে হস্তিনানগরে প্রস্থান করিলেন ॥১৩—১৪॥

দুর্য্যোধন পাণ্ডবগণের সমৃদ্ধি দেখিয়া সন্তপ্ত হইয়া চিন্তা করিতে করিতে যাইতেছিলেন ; তখন তাঁহার দুষ্ট বুদ্ধি জন্মিল ॥১৫॥

হে কুরুনন্দন জনমেজয় ! পাণ্ডবগণের মন প্রসন্ন, রাজারা সকলেই তাঁহাদের বশবর্ত্তী, বালকপ্রভৃতি সকল লোকই তাঁহাদের হিতৈষী এবং তাঁহাদের মহিমাও অসাধারণ, এই সমস্ত দেখিয়া বিষাদে দুর্য্যোধনের বর্ণ মলিন হইয়া উঠিল ॥১৬—১৭॥

(১৫)···ধ্যানমগ্নস্য গচ্ছতঃ···।

স তু গচ্ছন্ননেকাগ্রঃ সভামেবানুচিন্তয়ন্।
শ্রিয়ঞ্চ তামনুপমাং ধর্ম্মরাজস্য ধীমতঃ ॥১৮॥
প্রমত্তো ধৃতরাষ্ট্রস্য পুত্রো দুর্য্যোধনস্তদা।
নাভ্যভাষৎ সুবলজং ভাষমাণং পুনঃ পুনঃ ॥১৯॥ (যুগ্মকম্)
অনেকাগ্রন্তু তং দৃষ্ট্বা শকুনিঃ প্রত্যভাষত।
দুর্য্যোধন! কুতোমূলং নিশ্বসন্নিব গচ্ছসি ॥২০॥

দুর্য্যোধন উবাচ।

দৃষ্ট্বেমাং পৃথিবীং কৃৎস্নাং যুধিষ্ঠিরবশে স্থিতাম্।
জিতামস্ত্রপ্রভাবেণ শ্বেতাশ্বস্য মহাত্মনঃ ॥২১॥
তঞ্চ যজ্ঞং তথাভূতং দৃষ্ট্বা পার্থস্য মাতুল!।
যথা শক্রস্য দেবেষু তথা ভূতং মহাদ্যুতেঃ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। অনেকাগ্রঃ অনেকাগ্রচিত্তঃ অস্থিরমনা ইতি যাবৎ, অতএব প্রমত্তঃ অপর-সর্ব্ববিষয় এব অনবহিতঃ, ধৃতরাষ্ট্রস্য পুত্রঃ স দুর্য্যোধনঃ, তদা ধীমতো ধর্ম্মরাজস্য সভামেব, তামনুপমাং শ্রিয়ং সম্পদমেব চ, অনুচিন্তয়ন্ সন্ গচ্ছন্, পুনঃ পুনর্ভাষমাণমপি সুবলজং শকুনিম্, নাভ্যভাষৎ ন প্রত্যলপৎ॥১৮—১৯॥

অনেকেতি। অনেকাগ্রং স্ববাক্যশ্রবণে অনেকাগ্রচিত্তম্। কুতোমূলং কিংকারণম্ ॥২০॥

দৃষ্ট্বেতি। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য। হে মাতুল! দেবেষু মধ্যে শক্রস্য ইন্দ্রস্য যথা, তথা, মহাদ্যুতেঃ পার্থস্য যুধিষ্ঠিরস্য, ভূতমতীতম্, তথাভূতং তাদৃশম্, তং যজ্ঞঞ্চ দৃষ্ট্বা অমর্ষেণ

ভারতভাবদীপঃ

এই কথা শুনিয়া সভ্যগণের মধ্যে বহুলোক বিকর্ণের প্রশংসা করিতে লাগিলেন এবং অনেকে শকুনির নিন্দা করিতে থাকিলেন; তাহাতে বিশাল কোলাহল উপস্থিত হইল ॥২৫॥

সেই কোলাহল বিরত হইলে, রাধানন্দন কর্ণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া, আপনার বিশাল বাহু মর্দ্দন করিয়া এই কথা বলিলেন ॥২৬॥

কর্ণ কহিলেন—'বিকর্ণে বহুতর বিকার দেখা যাইতেছে। সুতরাং অরণি-কাষ্ঠজাত অগ্নি যেমন তাহার বিনাশের জন্যই জন্মিয়া থাকে, তেমন এই বিকর্ণজাত বিকারগুলিও উহার বিনাশের জন্যই জন্মিয়াছে ॥২৭॥

দ্রৌপদী নিজের প্রশ্নের উত্তর দিবার জন্য সভ্যগণের নিকট বার বার অনুরোধ করাসত্ত্বেও ইঁহারা কোন কথাই বলিতেছেন না; কারণ, ইঁহারা দ্রৌপদীকে ধর্ম্ম অনুসারে বিজিত বলিয়াই মনে করিতেছেন ॥২৮॥

(২৬)…প্রগৃহ্য রুচিরং বাহুম্…। (২৭) দৃশ্যন্তে বৈ বিকর্ণেহ…। (২৯)…ধার্ত্তরাষ্ট্র! বিদীর্য্যসে।

ন চ ধর্ম্মং যথাবত্ত্বং বেৎসি দুর্য্যোধনাবর !।
যদ্‌ব্রবীষি জিতাং কৃষ্ণাং ন জিতেতি সুমন্দধীঃ ॥৩০॥
কথং হ্যবিজিতাং কৃষ্ণাং মন্যসে ধৃতরাষ্ট্রজ !।
যদা সভায়াং সর্ব্বস্বং ন্যস্তবান্ পাণ্ডবাগ্রজঃ ॥৩১॥
অভ্যন্তরা চ সর্ব্বস্বে দ্রৌপদী ভরতর্ষভ !।
এবং ধর্ম্মজিতাং কৃষ্ণাং মন্যসে ন জিতাং কথম্ ॥৩২॥
কীর্ত্তিতা দ্রৌপদী বাচা সানুজ্ঞাতা চ পাণ্ডবৈঃ।
ভবত্যবিজিতা কেন হেতুনৈষা মতা তব ॥৩৩॥

ভারতকৌমুদী

ত্বমিতি। কেবলং যত্বাল্যং শিশুত্বং তেন। স্থবিরভাবিতং বৃদ্ধবদ্বাক্যম্ ॥২৯॥

নেতি। হে দুর্য্যোধনাবর ! দুর্য্যোধনানুজ !। এতেন বালত্বং সূচিতম্ ॥৩০॥

বিকর্ণপ্রদর্শিতযুক্তীনাং খণ্ডয়িতুমশক্যত্বাৎ প্রকারান্তরেণ দ্রৌপদ্যা বিজিতত্বং দর্শয়িতুমাহ কথমিতি। যদা যতঃ, সর্ব্বস্বং সর্ব্বং ধনম্, ন্যস্তবান্ পণত্বেন স্থাপিতবান্, "পুরং জনপদো ভূমিরব্রাহ্মণধনৈঃ সহ। অব্রাহ্মণাশ্চ পুরুষা রাজন্ ! শিষ্টং ধনং মম। এতদ্রাজন্ ! মম ধনং তেন দীব্যাম্যহং ত্বয়া" ॥ ইতি প্রাগুক্তৌ "শিষ্টং ধনম্" ইত্যভিধানাদিতি ভাবঃ ॥৩১॥

নমু তৎপ্রাগুক্তবচনে দ্রৌপদ্যা অনুল্লেখাৎ কথং তস্যাঃ পণত্বেন ন্যাস ইত্যাহ অভ্যন্তরেতি। দ্রৌপদী, সর্ব্বস্বে অভ্যন্তরা সর্ব্বস্বমধ্যবর্ত্তিন্যেব, ভার্য্যাত্বেন তদ্‌গ্রহণাদিত্যাশয়ঃ ॥৩২॥

অথাস্তু দ্রৌপদী যুধিষ্ঠিরস্য সর্ব্বস্বান্তর্গতা, তথাপি তস্যাঃ পাণ্ডবসাধারণভার্য্যাত্বাদ্ভীমাদিভিঃ শানমুজ্ঞাতত্বাৎ কথং কেবলযুধিষ্ঠিরকৃতং পণত্বং সিধ্যতীত্যাহ কীর্ত্তিতেতি। কীর্ত্তিতা "শিষ্টং ধনম্" ইত্যভিদধতা যুধিষ্ঠিরেণ পণতয়া অভিহিতা। পাণ্ডবৈস্তদিতরৈর্ভীমাদিভিশ্চতুর্ভিরেব চ সা অনুজ্ঞাতা, অপ্রতিষেধাৎ "অপ্রতিষিদ্ধং পরমতমনুমতং ভবতি" ইতি ন্যায়াদিত্যভিপ্রায়ঃ ॥৩৩॥

কিন্তু বিকর্ণ ! তোমার বালকত্বই তোমাকে নষ্ট করিয়াছে। যে হেতু, তুমি বালক হইয়া সভার মধ্যে বৃদ্ধের ন্যায় কথা বলিতেছ ॥২৯॥

অথচ তুমি যথাযথভাবে ধর্ম্ম জান না। হে দুর্য্যোধনকনিষ্ঠ ! তুমি নির্ব্বোধ। যে হেতু তুমি জিত দ্রৌপদীকে অজিত বলিয়া প্রকাশ করিতেছ ॥৩০॥

বিকর্ণ ! তুমি কি প্রকারে দ্রৌপদীকে অবিজিত বলিয়া মনে করিতেছ ? কারণ, যুধিষ্ঠির সভার মধ্যে উঁহার সর্ব্বস্বই পণ রাখিয়াছিলেন ॥৩১॥

দ্রৌপদী সেই সর্ব্বস্বেরই অন্তর্গত। এই কারণে দ্রৌপদী ধর্ম্ম অনুসারেই বিজিত হইয়াছেন। সুতরাং তুমি উঁহাকে কি করিয়া অজিতা মনে করিতেছ ? ॥৩২॥

(৩৩)…বাচা অনুজ্ঞাতা চ পাণ্ডবৈঃ…।

মন্যসে বা সভামেতামানীতামেকবাসসম্ ।
অধর্ম্মেণেতি তত্রাপি শৃণু মে বাক্যমুত্তমম্ ॥৩৪॥
একো ভর্ত্তা স্ত্রিয়া বেদৈর্বিহিতঃ কুরুনন্দন ! ।
ইয়ন্ত্বনেকবশগা বন্ধকীতি বিনিশ্চিতা ॥৩৫॥
অস্যাঃ সভামানয়নং ন চিত্রমিতি মে মতিঃ ।
একাম্বরধরত্বং বাপ্যথবাপি বিবস্ত্রতা ॥৩৬॥
যচ্চৈষাং দ্রবিণং কিঞ্চিদ্‌যা চৈষা যে চ পাণ্ডবাঃ ।
সৌবলেনেহ তৎ সর্ব্বং ধর্ম্মেণ বিজিতং বসু ॥৩৭॥
দুঃশাসন ! সুবালোহয়ং বিকর্ণঃ প্রাজ্ঞবাদিকঃ ।
পাণ্ডবানাঞ্চ বাসাংসি দ্রৌপদ্যাশ্চাপ্যুপাহর ॥৩৮॥

ভারতকৌমুদী

অথ তথাপ্যেকবাসসো রাজমহিষ্যাঃ সভায়ামানয়নম্ অধর্ম্মেণৈবেতি বিকর্ণাদিমতমাশ ক্যাহ মন্যস ইতি । উত্তমম্, বেদানুসারিত্বাদেবেতি ভাবঃ ॥৩৪॥

এক ইতি । বেদৈর্বিহিত ইতি "যদেকস্মিন্ যূপে দ্বে রশনে পরিব্যয়তি, তস্মাদেকো দ্বে জায়ে বিন্দতে । যন্নৈকাং রশনাং দ্বয়োর্যূপয়োঃ পরিব্যয়তি, তস্মান্নৈকা দ্বৌ পতী বিন্দতে" ইতি শ্রুতিবাক্যেঞ্জাপিতঃ । বন্ধকী বেশ্যা, অনেকপতিবশগত্বাদেবেত্যাশয়ঃ ॥৩৫॥

অস্যা ইতি । সভাং প্রতি । চিত্রং রাজমহিষীত্বাদাশ্চর্য্যং ন, বন্ধকীত্বাদেবেতি ভাবঃ ॥৩৬॥

যচ্চেতি । দ্রবিণং ধনম্ । তৎ সর্ব্বং বসু ধনং ধর্ম্মেণৈব বিজিতম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

বিপরীতানি ॥২৭—২৮॥ তান্যেবাহ যদিতি ॥২৯—৩৭॥ প্রাজ্ঞবাদিকঃ প্রাজ্ঞমানী ॥৩৮॥

তা'র পর, যুধিষ্ঠির স্পষ্ট বাক্য দ্বারাই উঁহাকে পণ ধরিয়াছিলেন, তাহাতে অন্যান্য পাণ্ডবেরাও অনুমোদন করিয়াছিলেন। সুতরাং বিকর্ণ! তোমার মতে কোন্ কারণে ইনি অবিজিত হইবেন ? ॥৩৩॥

অথবা তুমি যদি মনে কর যে, একবস্ত্রা দ্রৌপদীকে অধর্ম্ম অনুসারেই সভায় আনয়ন করা হইয়াছে; সে বিষয়েও আমার উৎকৃষ্ট বাক্য শ্রবণ কর ॥৩৪॥

স্ত্রীলোকের একটীমাত্র ভর্ত্তাই বেদে বিহিত আছে ; কিন্তু দ্রৌপদী অনেক ভর্ত্তার অধীন ; সুতরাং উঁহাকে বেশ্যা বলিয়াই নিশ্চয় করা যায় ॥৩৫॥

অতএব একবস্ত্রাই হউক কিংবা বিবস্ত্রাই হউক, উঁহাকে সভায় আনয়ন করা আশ্চর্য্যের বিষয় হয় নাই ; ইহাই আমার ধারণা ॥৩৬॥

তা'র পর, পাণ্ডবদের যে কিছু ধন, যে দ্রৌপদী এবং যে সকল পাণ্ডব আছে, সে সমস্তই শকুনি ধর্ম্ম অনুসারে জয় করিয়াছেন ॥৩৭॥

(৩৫) একো ভর্ত্তা স্ত্রিয়া দেবৈঃ…।

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা পাণ্ডবাঃ সর্ব্বে স্বানি বাসাংসি ভারত!।
অবকীর্য্যোত্তরীয়াণি সভায়াং সমুপাবিশন্ ॥৩৯॥
ততো দুঃশাসনো রাজন্! দ্রৌপদ্যা বসনং বলাৎ।
সভামধ্যে সমাক্ষিপ্য ব্যপাক্রষ্টুং প্রচক্রমে ॥৪০॥

ভারতকৌমুদী

দুঃশাসনেতি। প্রাজ্ঞমাত্মানং বদতীতি প্রাজ্ঞবাদী, কুৎসায়াং কপ্রত্যয়ঃ। উপাহর, দাসানাং দাস্যাশ্চ রাজপরিচ্ছদধারণাযোগ্যত্বাদিত্যাশয়ঃ ॥৩৮॥

তদিতি। উত্তরীয়াণি বাসাংসি অবকীর্য্য ইতস্ততো বিক্ষিপ্য ॥৩৯॥

তত ইতি। সমাক্ষিপ্য ধৃত্বা, ব্যপাক্রষ্টুং নগ্নীকরণায়াক্রষ্য হর্তুম্ ॥৪০॥

ভারতভাবদীপঃ

অবকীর্য্য সমন্ততস্ত্যক্ত্বা ॥৩৯—৪০॥ (পাঠান্তরে) আকৃষ্যমাণ ইতি। হরিঃ সর্ব্বদুঃখসংহর্ত্তা পাপসংহর্ত্তা বা। গোবিন্দো গবামিন্দ্রিয়াণাং বিন্দতীতি বিন্দো লব্ধা। সর্ব্বেন্দ্রিয়চালকত্বাৎ সন্নিহিতো মাং কথং ন জানাসি। সন্নিহিতোঽপ্যশক্তঃ কিং কুর্য্যাদত আহ দ্বারকাবাসিন্নিতি। একরাত্রেণৈব স্বীয়ানাপদঃ সকাশাদুদ্ধর্ত্তুং সমুদ্রমধ্যে পুরীনির্ম্মাণং তাং পুরীং প্রতি সর্ব্বনগরস্থ যুগপৎ প্রাপণঞ্চ কুর্ব্বতস্তব মম ত্রাণমীষৎকরমিত্যর্থঃ। ননু সন্নিহিতঃ শক্তশ্চ কিমিতি দুষ্টা-নন্বগৃহ্নীয়াদত আহ কৃষ্ণ! স্মৃতমাত্র এব সর্বদোষকর্ষণ! ননু তথাপি "অনৃতং সাহসং মায়া মূর্খত্বমতিলোভতা। অশৌচং নির্দ্দয়ত্বঞ্চ স্ত্রীণাং দোষাঃ স্বভাবজাঃ" ইত্যুক্তে স্বাভাবিক-

দুঃশাসন! এই পণ্ডিতাভিমানী বিকর্ণ অত্যন্তবালক। অতএব তুমি পাণ্ডবগণের ও দ্রৌপদীর বস্ত্রগুলি হরণ কর ত' ॥৩৮॥

বৈশম্পায়ন বলিলেন—হে ভরতনন্দন জনমেজয়! সেই কথা শুনিয়া পাণ্ডবেরা সকলে আপন আপন উত্তরীয় বস্ত্র পরিত্যাগ করিয়া সভায় উপবেশন করিলেন ॥৩৯॥

মহারাজ! তাহার পর দুঃশাসন বলপূর্ব্বক দ্রৌপদীর বস্ত্র ধারণ করিয়া সভার মধ্যেই আকর্ষণ করিয়া লইবার উপক্রম করিল ॥৪০॥

(৪০) শ্লোকাৎ পরং কতিপয়পুস্তকে ইমে পঞ্চ শ্লোকা দৃশ্যন্তে, অস্মৎপিতামহপুস্তকে বর্দ্ধমানপুস্তকে চ ন দৃশ্যন্তে। যথা—'আকৃষ্যমাণে বসনে দ্রৌপদ্যা চিন্তিতো হরিঃ। গোবিন্দ! দ্বারকাবাসিন্! কৃষ্ণ! গোপীজনপ্রিয়!॥১॥ কৌরবৈঃ পরিভূতাং মাং কিং ন জানাসি কেশব!। হে নাথ! হে রমানাথ! ব্রজনাথার্ত্তিনাশন!॥২॥ কৌরবার্ণবমগ্নাং মামুদ্ধরস্ব জনার্দ্দন!। কৃষ্ণ! কৃষ্ণ! মহাযোগিন্! বিশ্বাত্মন্! বিশ্বভাবন!। প্রপন্নাং পাহি গোবিন্দ! কুরুমধ্যেঽবসীদতীম্ ॥৩॥ ইত্যনুস্মৃত্য কৃষ্ণং সা হরিং ত্রিভুবনেশ্বরম্। প্রারুদদ্দুঃখিতা রাজন্! মুখমাচ্ছাদ্য ভামিনী ॥৪॥ যাজ্ঞসেন্যা বচঃ শ্রুত্বা কৃষ্ণো গহ্বরিতো-ঽভবৎ। ত্যক্ত্বা শয্যাসনং পদ্ভ্যাং কৃপালুঃ কৃপয়াঽভ্যগাৎ ॥৫॥'

কৃষ্ণঞ্চ বিষ্ণুঞ্চ হরিং নরঞ্চ ত্রাণায় বিক্রোশতি যাজ্ঞসেনী।
ততস্তু ধর্ম্মোঽন্তরিতো মহাত্মা সমাবৃণোদ্বিবিধৈর্বস্ত্রপূগৈঃ ॥৪১॥
আকৃষ্যমাণে বসনে দ্রৌপদ্যাশ্চ বিশাংপতে !।
তদ্রূপমপরং বস্ত্রং প্রাদুরাসীদনেকশঃ ॥৪২॥
নানারাগবিরাগাণি বসনান্যথ বৈ প্রভো !।
প্রাদুর্ভবন্তি শতশো ধর্ম্মস্য পরিপালনাৎ।
ততো হলহলাশব্দস্তত্রাসীদ্‌ঘোরনিস্বনঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

কৃষ্ণমিতি। তদা চ যাজ্ঞসেনী দ্রৌপদী, ত্রাণায় লজ্জারক্ষণায় কৃষ্ণং কৃষ্ণাখ্যম্, হরিং সর্ব্বদুঃখহর্ত্তারঞ্চ, নরঞ্চ নরমূর্ত্তিঞ্চ, বিষ্ণুং নারায়ণম্, বিক্রোশতি মনসা আহ্বয়তি স্ম। ততস্তু মহাত্মা ধর্ম্মঃ, অন্তরং বস্ত্ররূপমস্য সঞ্জাতমিতি অন্তরিতঃ বস্ত্ররূপী সন্নিত্যর্থঃ, তারকাদিত্বাদিতচ্, "রন্ধ্রে বস্ত্রে বিনা মধ্যে ব্যবধানেঽন্তরাত্মনি। বহির্য্যোগেঽবকাশে চ বিশেষেঽবসরেঽন্তরম্" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী, বিবিধৈর্বস্ত্রাণাং পূগৈঃ সমূহৈঃ, দ্রৌপদীং সমাবৃণোৎ, কৃষ্ণকরুণয়ৈব প্রেরণাদিতি ভাবঃ ॥৪১॥

আকৃষ্যমাণ ইতি। প্রাদুরাসীৎ ধর্ম্মমহিম্নৈবাবির্বভূব ॥৪২॥

ভারতভাবদীপঃ

স্ত্রীদোষো নাপনেতুং শক্যো ন হ্যাশীবিষদংষ্ট্রা অমৃতস্রবা কর্ত্তুং শক্যেত্যত আহ গোপীজনপ্রিয়! নরেষু তাবদত্যন্তং নীচা গোপাস্তৎস্ত্রিয়স্তু ততোঽপি নীচতরাস্তাস্বপি তবানুগ্রহো দৃশ্যতে। কিমুত মাদৃশ্যাং ত্বদেকশরণায়াম্, ত্বয়ৈব রাজসূয়াভিষেকেণানুগৃহীতায়ামিতি ভাবঃ ॥১॥ কেশব! কশ্চ অশ্চ ঈশশ্চ ব্রহ্মবিষ্ণুরুদ্রাস্তৈঃ সহ বাতি গচ্ছতীতি কেশব ব্রহ্মাদীনামপি প্রবর্ত্তক! তদাজ্ঞকেতি। অতঃ সর্বথা ত্বং মামনুগৃহ্নীষ্বেতি ভাবঃ। আর্ত্তিনাশনেতি গোবর্দ্ধনোদ্ধরণদাবাগ্নিপানাদিনা ব্রজবাসিনামার্ত্তিস্ত্বয়ৈব যথা নাশিতা তথা মমাপ্যার্ত্তিং নাশয়েতি ভাবঃ ॥২॥ বিশ্বাত্মন্ বিশ্বান্তর্যামিন্নিত্যর্থঃ। বিশ্বভাবন! বিশ্বকর্ত্তঃ! অন্তর্যামিত্বেন শক্তং বাস্মিন্ অর্থে উদাসীনং কুরু। অথবা বিশ্বকর্ত্তৃত্বেন বস্ত্রাণি বহূনি সমর্পয়েতি ভাবঃ ॥৩॥ ভামিনী দীপ্তিমতী, স্বস্মিন্ ভগবদনুগ্রহনিশ্চয়াচ্ছত্রূন্ ন গণয়ন্তীত্যর্থঃ ॥৪॥ গদ্গদিতঃ করুণাতিশয়াদ্গদগদকণ্ঠঃ ॥৫॥ ধর্ম্মোঽন্তরিতং ধর্ম্ম এব অন্তরং বস্ত্রঃ তদ্ভাবং গতবান্। গত্বা চ তাং বস্ত্রপূগৈঃ সমাবৃণোচ্চ ॥৪১—৪২॥ নানারাগাণি চ বিরাগাণি

তখন দ্রৌপদী লজ্জানিবারণের জন্য সর্ব্বদুঃখহর্ত্তা নরমূর্ত্তিধারী কৃষ্ণনামক বিষ্ণুকে মনে মনে ডাকিতে লাগিলেন। তখন মহাত্মা ধর্ম্ম আসিয়া বস্ত্ররূপ ধারণ করিয়া নানাবিধ বস্ত্রসমূহ দ্বারা দ্রৌপদীকে আবৃত করিলেন ॥৪১॥

মহারাজ! তখন দুঃশাসন দ্রৌপদীর বস্ত্র আকর্ষণ করিতে লাগিলে, সেইরূপ অন্য অনেক বস্ত্র আবির্ভূত হইতে থাকিল ॥৪২॥

(৪১)···বিবিধৈঃ স্ববস্ত্রৈঃ।

তদদ্ভুততমং লোকে বীক্ষ্য সর্ব্বে মহীভৃতঃ।
শশংসুর্দ্রৌপদীং তত্র কুৎসন্তো ধৃতরাষ্ট্রজম্ ॥৪৪॥
শশাপ তত্র ভীমস্তু রাজমধ্যে মহাস্বনঃ।
ক্রোধাদ্বিস্ফুরমাণোষ্ঠো বিনিষ্পিষ্য করে করম্ ॥৪৫॥
ভীমসেন উবাচ।
ইদং মে বাক্যমাদধ্বং ক্ষত্রিয়া লোকবাসিনঃ!।
নোক্তপূর্ব্বং নরৈরন্যৈর্ন চান্যো যদ্বদিষ্যতি ॥৪৬॥
অস্য পাপস্য দুর্ব্বুদ্ধের্ভারতাপসদস্য চ।
ন পিবেয়ং বলাদ্বক্ষো ভিত্ত্বা চেদ্রুধিরং যুধি ॥৪৭॥
যদ্যেতদেবমুক্ত্বাহং ন কুর্য্যাং পৃথিবীশ্বরাঃ!।
পিতামহানাং সর্ব্বেষাং নাহং গতিমবাপ্নুয়াম্ ॥৪৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নানেতি। নানা অনেকবিধা রাগবিরাগা যেষু তানি। প্রাদুর্ভবন্তি স্ম দ্রৌপদ্যাঃ পরিধানে ইতি শেষঃ। ধর্ম্মস্য পরিপালনাৎ ধর্ম্মেণৈব লজ্জায়া রক্ষণাৎ। ঘোরো মহান্ নিস্বনঃ শব্দো যস্য সঃ, হলহলাশব্দো বিস্ময়সূচকো হলহলারবঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥৪৩॥

তদিতি। শশংসুর্দৈবানুগ্রহলাভাৎ প্রশশংসুঃ। ধৃতরাষ্ট্রজং দুঃশাসনম্ ॥৪৪॥

শশাপেতি। শশাপ শপথং চকার। বিস্ফুরমাণৌ স্পন্দমানৌ ওষ্ঠৌ যস্য সঃ ॥৪৫॥

ইদমিতি। আদধ্বং গৃহ্ণীত শৃণুতেত্যর্থঃ। নোক্তপূর্বম্, অসামর্থ্যাদিত্যাশয়ঃ ॥৪৬॥

মহারাজ! ধর্ম্ম আসিয়া লজ্জারক্ষা করিতে থাকায় নানাবিধ-রাগ-বিরাগ-যুক্ত শত শত বস্ত্র প্রাদুর্ভূত হইতে থাকিল। তখন সেই সভায় ভয়ঙ্করশব্দে হলহলাধ্বনি উঠিল ॥৪৩॥

রাজারা সকলে সেই অত্যাশ্চর্য্য ঘটনা দেখিয়া দ্রৌপদীর প্রশংসা করিতে লাগিলেন এবং দুঃশাসনের নিন্দা করিতে থাকিলেন ॥৪৪॥

তখন ভীমসেন হস্তে হস্ত নিষ্পেষণ করিয়া রাজগণের মধ্যে বিশাল শব্দে এইরূপ শপথ করিলেন; সেই সময়ে ক্রোধে তাঁহার ওষ্ঠযুগল স্পন্দিত হইতে লাগিল ॥৪৫॥

ভীমসেন বলিলেন—'হে জগদ্বাসী ক্ষত্রিয়গণ! আপনারা আমার বাক্য শ্রবণ করুন, যে বাক্য পূর্ব্বে অন্য কোন লোক বলে নাই বা ভবিষ্যতেও বলিবে না ॥৪৬॥

(৪৫)···রাজমধ্যে বৃহৎস্বনঃ···। [৪৭] অস্য পাপস্য দুর্জ্জাতেঃ···। [৪৮] শ্লোকাৎ পরং ক্বচিদধ্যায়সমাপ্তির্দৃশ্যতে ক্বচিচ্চ ন দৃশ্যতে।

বৈশম্পায়ন উবাচ।

তস্য তে তদ্বচঃ শ্রুত্বা রৌদ্রং লোমপ্রহর্ষণম্।
প্রচক্রুর্ব্বহুলাং পূজাং কুৎসন্তো ধৃতরাষ্ট্রজম্ ॥৪৯॥
যদা তু বাসসাং রাশিঃ সভামধ্যে সমাচিতঃ।
ততো দুঃশাসনঃ শ্রান্তো ব্রীড়িতঃ সমুপাবিশৎ ॥৫০॥
ন বিব্রুবন্তি কৌরব্যাঃ প্রশ্নমেতমিতি স্ম হ।
সুজনঃ ক্রোশতি স্মাত্র ধৃতরাষ্ট্রং বিগর্হয়ন্ ॥৫১॥
ততো বাহূ সমুৎক্ষিপ্য নিবার্য্য চ সভাসদঃ।
বিদুরঃ সর্ব্বধর্ম্মজ্ঞ ইদং বচনমব্রবীৎ ॥৫২॥

ভারতকৌমুদী

অস্যেতি। অস্য দুঃশাসনস্য। যুধীত্যনেন গুপ্তহত্যাবৈমত্যসূচনাদাত্মনো বীরত্বং সূচিতম্। পিতামহানাং পূর্বপুরুষাণাম্, গতিমিব গতিম্ ॥৪৭—৪৮॥

তস্যেতি। পূজাং প্রশংসাম্, ন্যায্যশপথকরণাৎ। ধৃতরাষ্ট্রজং দুঃশাসনম্ ॥৪৯॥

যদেতি। সমাচিত একত্র স্থিতঃ। ব্রীড়িতো লজ্জিতঃ, প্রবৃত্তাবপি নগ্নীকরণাশক্তত্বাৎ ॥৫০॥

নেতি। বিব্রুবন্তি বিবৃত্যোত্তরং দদতি। এতং দ্রৌপদীকৃতম্। ক্রোশতি আক্রোশং করোতি স্ম ॥৫১॥

তত ইতি। সমুৎক্ষিপ্য উত্তোল্য, নিবার্য্য কোলাহলং মা কুরুতেতি নিষিধ্য ॥৫২॥

আমি যুদ্ধে বলপূর্ব্বক এই পাপাত্মা, দুর্বুদ্ধি ও ভরতকুলকলঙ্ক দুঃশাসনের বক্ষ বিদারণ করিয়া যদি রক্ত পান না করি এবং রাজগণ! এইরূপ প্রতিজ্ঞা করিয়া তাহা যদি সম্পন্ন না করি, তবে যেন আমি পিতৃপুরুষগণের গতিলাভ না করি' ॥৪৭—৪৮॥

বৈশম্পায়ন বলিলেন—রাজারা ভীমসেনের সেই ভয়ঙ্কর লোমহর্ষণ বাক্য শ্রবণ করিয়া দুঃশাসনের নিন্দা করিতে থাকিয়া ভীমসেনের বহুতর প্রশংসা করিলেন ॥৪৯॥

যখন দ্রৌপদীর বস্ত্রসমূহ সভার মধ্যে রাশীকৃত হইল, তখন দুঃশাসন পরিশ্রান্ত ও লজ্জিত হইয়া উপবেশন করিল ॥৫০॥

কুরুবংশীয়েরা দ্রৌপদীর প্রশ্নের উত্তর করিতছেন না দেখিয়া সভাস্থ সজ্জনগণ ধৃতরাষ্ট্রের নিন্দা করিতে থাকিয়া আক্রোশ প্রকাশ করিতে লাগিলেন ॥৫১॥

[৪৯] তস্য তদ্বচনং শ্রুত্বা সর্বলোকপ্রকম্পনম্...। [৫০] শ্লোকাৎ পরময়মধিকঃ শ্লোকঃ কুত্রচিদ্দৃশ্যতে কুত্রচিচ্চ ন দৃশ্যতে। যথা—'ধিক্‌শব্দস্তু ততস্তত্র সমভূল্লোমহর্ষণঃ। সভ্যানাং নরদেবানাং দৃষ্ট্বা কুন্তীসুতাংস্তথা॥'

বিদুর উবাচ।

দ্রৌপদী প্রশ্নমুক্ত্বৈবং রোরবীতি হ্যনাথবৎ।
ন চ বিব্রূত তং প্রশ্নং সভ্যাঃ! ধর্ম্মোঽত্র পীড্যতে ॥৫৩॥
সভাং প্রপদ্যতে হ্যার্ত্তঃ প্রজ্বলন্নিব হব্যবাট্।
তং বৈ সত্যেন ধর্ম্মেণ সভ্যাঃ প্রশময়ন্ত্যুত ॥৫৪॥
ধর্ম্মপ্রশ্নমতো ব্রূয়াদার্য্যঃ সত্যেন মানবঃ।
বিব্রূয়ুস্তত্র তং প্রশ্নং কামক্রোধবলাতিগাঃ ॥৫৫॥
বিকর্ণেন যথাপ্রজ্ঞমুক্তঃ প্রশ্নো নরাধিপাঃ!।
ভবন্তোঽপি হি তং প্রশ্নং বিব্রুবন্তু যথামতি ॥৫৬॥

ভারতকৌমুদী

দ্রৌপদীতি। রোরবীতি পুনঃ পুনঃ রৌতি রোদিতীত্যর্থঃ। পীড্যতে ক্ষীয়তে ॥৫৩॥

সভামিতি। হি যস্মাৎ। হব্যবাট্ অগ্নিঃ। এতেনার্ত্তস্য সন্তপ্তত্বং সূচিতম্ ॥৫৪॥

ধর্ম্মেতি। আর্য্যঃ সাধুঃ। কামম্ একতরপক্ষে আনুকূল্যকরণেচ্ছাম্, ক্রোধং পক্ষবিশেষে কোপম্, বলং পক্ষদ্বয়স্য স্বল্পামধিকাং বা শক্তিঞ্চ অতিগচ্ছন্তীতি তে নিরপেক্ষা ইত্যর্থঃ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

কেবলশ্বেতানি চ—"নাস্ত্যকার্য্যং কদর্য্যাণাং নাস্ত্যক্ষাম্যং মহাত্মনাম্। নাস্ত্যপেক্ষ্যা হরের্ভক্ত ইতি দ্যূতে প্রদর্শিতম্" ॥৪৩—৪৪॥ শশাপ শপথং কৃতবান্ ॥৪৫—৫৩॥ ধর্ম্মপীড়ামেবাহ সভামিতি। আর্ত্তস্যাত্রাণেন সভ্যানাং ধর্ম্মনাশোঽস্ত্যেব। যথোক্তম্—"ন সভাং প্রবিশেৎ প্রাজ্ঞঃ সভ্যদোষাননুস্মরন্। অব্রুবন্ বিব্রুবন্ বাপি নরো ভবতি কিল্বিষী" ইতি ॥৫৪—৫৬॥

তাহার পর, সর্ব্বধর্ম্মজ্ঞ বিদুর বাহুযুগল উত্তোলনপূর্ব্বক সভ্যগণকে কোলাহল করিতে নিষেধ করিয়া এই কথা বলিলেন ॥৫২॥

বিদুর বলিলেন—'সভ্যগণ! দ্রৌপদী এইরূপ প্রশ্ন করিয়া অনাথার ন্যায় অনবরত রোদন করিতেছেন; অথচ আপনারা সে প্রশ্নের উত্তর করিতেছেন না; ইহাতে ধর্ম্মের হানি হইতেছে ॥৫৩॥

কারণ, প্রজ্বলিত অগ্নির ন্যায় দুঃখসন্তপ্ত লোক বিচারার্থী হইয়া সভায় উপস্থিত হইয়া থাকে; তখন সভ্যগণ সত্যধর্ম্ম অনুসারে তাহাকে শান্ত করিয়া থাকেন ॥৫৪॥

অতএব সাধুলোক সত্য অনুসারে ধর্ম্মপ্রশ্নের উত্তর করিবেন এবং কাম, ক্রোধ ও বলের অপেক্ষা না করিয়া নিরপেক্ষভাবে সেই প্রশ্ন বিবৃত করিবেন ॥৫৫॥

যো হি প্রশ্নং ন বিব্রূয়াদ্ধর্ম্মদর্শী সভাগতঃ।
অনৃতে যা ফলাবাপ্তিস্তস্যাঃ সোঽর্দ্ধং সমশ্নুতে ॥৫৭॥
যঃ পুনর্বিতথং ব্রূয়াদ্ধর্ম্মদর্শী সভাগতঃ।
অনৃতস্য ফলং কৃৎস্নং স প্রাপ্নোতি বিনিশ্চিতম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

বিকর্ণেনেতি। বিব্রুবন্তু বিবৃত্যোত্তরং দদতু ॥৫৬॥
য ইতি। অনৃতে মিথ্যাব্যবহারে। সমশ্নুতে ভজতে ॥৫৭॥
য ইতি। বিতথং মিথ্যা। অনৃতস্য মিথ্যাবাদস্য ॥৫৮॥

ভারতভাবদীপঃ

এতদেবাহ যো হি প্রশ্নমিত্যাদিনা ॥৫৭-৬০॥ (পাঠান্তরে) আঙ্গিরসস্য সুধন্বনঃ ॥১-২॥ কেশিন্যা কন্যয়া বিরোচনসুধন্বানৌ পৃষ্টৌ যুবয়োঃ কো জ্যায়ান্ কুলশীলাদিনা শ্রেষ্ঠ ইতি তৌ চ স্বং স্বং জ্যায়স্ত্বং প্রতিজানানৌ প্রাণেনৈব পণ্যেন দেবনং পণং চক্রতুঃ। প্রাণয়োরিতি বিষয়সপ্তমী। পরাজিতেন যাবজ্জীবং জেতুর্দাস্যং কর্ত্তব্যমিত্যর্থঃ। প্রাণানামীশ্বরস্তবেত্যুপসংহারাৎ ॥৩—৪॥ বিবদনাৎ মৃষাবাদাৎ, ব্রহ্মদণ্ডো ব্রহ্মণা নির্ম্মিতঃ কালদণ্ডঃ। ব্রহ্মশাপ ইত্যপি কেচিৎ

রাজগণ! বিকর্ণ আপন বুদ্ধি অনুসারে প্রশ্নের উত্তর করিয়াছে; আপনারাও আপন আপন বুদ্ধি অনুসারে সেই প্রশ্নের উত্তর করুন ॥৫৬॥

যে ধর্ম্মজ্ঞ সভ্য প্রশ্নের উত্তর না করেন, তিনি মিথ্যা ব্যবহার করার অর্দ্ধফল ভোগ করিয়া থাকেন ॥৫৭॥

আবার যে ধর্ম্মজ্ঞ সভ্য মিথ্যা বলেন, তিনি নিশ্চয়ই মিথ্যাকথার সমগ্র ফল ভোগ করেন' ॥৫৮॥

(৫৮)···স প্রাপ্নোতীতি নিশ্চয়ঃ। ইতঃ শ্লোকাৎ পরং কতিপয়পুস্তকে বিদুরাভিহিতঃ প্রহ্লাদাদিসংবাদাত্মকঃ কশ্চন বিস্তৃতঃ প্রবন্ধো দৃশ্যতে; স পুনরধিক এব, আদিপর্ব্ব-দ্বিতীয়াধ্যায়ে সভাপর্ব্ববৃত্তান্তকথনে তস্যানুপাদানাৎ তাদৃশবিপ্লবসময়ে সময়জ্ঞস্য বিদুরস্য তাদৃশবিস্তৃতেতিহাসকথনাসম্ভবাচ্চ। স যথা—

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্। প্রহ্লাদস্য চ সংবাদং মুনেরাঙ্গিরসস্য চ ॥১॥
প্রহ্লাদো নাম দৈত্যেন্দ্রস্তস্য পুত্রো বিরোচনঃ। কন্যাহেতোরাঙ্গিরসং সুধন্বানমুপাদ্রবৎ ॥২॥
অহং জ্যায়ানহং জ্যায়ানিতি কন্যেপ্সয়া তদা। তয়োর্দ্দেবনমত্রাসীৎ প্রাণয়োরিতি নঃ শ্রুতম্ ॥
তয়োঃ প্রশ্নবিবাদোঽভূৎ প্রহ্লাদং তাবপৃচ্ছতাম্। জ্যায়ান্ ক আবয়োরেকঃ প্রশ্নং প্রব্রূহি মা মৃষা
স বৈ বিবদনাদ্ভীতঃ সুধন্বানং বিলোকয়ন্। তং সুধন্বাব্রবীৎ ক্রুদ্ধো ব্রহ্মদণ্ড ইব জ্বলন্ ॥৫॥
যদি বৈ বক্ষ্যসি মৃষা প্রহ্লাদাথ ন বক্ষ্যসি। শতধা তে শিরো বজ্রী বজ্রেণ প্রহরিষ্যতি ॥৬॥
সুধন্বনা তথোক্তঃ সন্ ব্যথিতোঽশ্বত্থপর্ণবৎ। জগাম কশ্যপং দৈত্যঃ পরিপ্রষ্টুং মহৌজসম্ ॥৭॥

প্রহ্লাদ উবাচ।

ত্বং বৈ ধর্ম্মস্য বিজ্ঞাতা দৈবস্যেহাসুরস্য বৈ। ব্রাহ্মণস্য মহাভাগ! ধর্ম্মকৃচ্ছ্রমিদং শৃণু ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

বিদুরস্য বচঃ শ্রুত্বা নোচুঃ কিঞ্চন পার্থিবাঃ।
কর্ণো দুঃশাসনং প্রাহ কৃষ্ণাং দাসীং গৃহান্ নয় ॥৫৯॥

ভারতভাবদীপঃ

॥৫—৬॥ ব্যথিতঃ কম্পযুক্তঃ ॥৭—৯॥ অবিব্রুবন্ বিস্পষ্টমব্রুবন্ ॥১০॥ গোকর্ণশিথিলঃ উভয়পক্ষস্পর্শী। প্রতিমুঞ্চতি ক্ষিপতি ॥১১॥ অঞ্জসা তত্ত্বতঃ ॥১২॥ ধর্ম্মোঽধর্ম্মেণ বিদ্ধঃ দ্বয়োর্বিবদতোরেকঃ স্বয়ং মিথ্যাবাদী সন্, ইতরং ধর্ম্মিষ্ঠং মিথ্যাবাদীতি বিবদতি, সোঽয়মধর্ম্মেণ ধর্ম্মস্য বেধঃ; তত্রাবচনাৎ মিথ্যাবচনাৎ সন্দিগ্ধবচনাদ্বা, যে ধর্ম্মশল্যং ন নিকৃন্তন্তি ন ছিন্দন্তি, ত এব তেনাধর্ম্মেণ বিদ্ধা ভবন্তি ॥১৩॥ তদেব বিবৃণোতি অর্দ্ধমিতি। অর্দ্ধমধর্ম্মস্যেতি শেষঃ। শ্রেষ্ঠঃ সভাপতিঃ ॥১৪—১৫॥ ইষ্টং যাগাদি। আপূর্ত্তং বাপ্যাদি। পরাবরান্ ভূতান্ ভাবিনশ্চ ॥১৬—১৮॥ অধ্যূঢ়ায়াঃ কৃতসপত্নীকায়াঃ ॥১৯॥ সমক্ষেতি। সাক্ষাদ্দর্শনাদ্বা আপ্তবাক্যাদ্বা অধিগতস্যার্থস্য ধারণাৎ সাক্ষীত্যর্থঃ ॥২০॥ তস্মাদিতি। লোভাদিদোষাৎ তস্য বিপ্লাবনে তু ধর্ম্মাৎ হীয়ত এবেত্যভিপ্রায়ঃ ॥২১—২৪॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৫॥

যো বৈ প্রশ্নং ন বিব্রূয়া দ্বিতথঞ্চৈব নির্দ্দিশেৎ। কে বৈ তস্য পরে লোকাস্তন্মমাচক্ষ পৃচ্ছতঃ ॥

কশ্যপ উবাচ।

জানন্নবিব্রুবন্ প্রশ্নান্ কামাৎ ক্রোধাত্তয়াত্তথা। সহস্রং বারুণান্ পাশানাত্মনি প্রতিমুঞ্চতি ১০
সাক্ষী বা বিব্রুবন্ সাক্ষ্যং গোকর্ণশিথিলশ্চরন্। সহস্রং বারুণান্ পাশানাত্মনি প্রতিমুঞ্চতি ১১
তস্য সংবৎসরে পূর্ণে পাশ একঃ প্রমুচ্যতে। তস্মাৎ সত্যন্তু বক্তব্যং জানতা সত্যমঞ্জসা ॥১২॥
বিদ্ধো ধর্ম্মো হ্যধর্ম্মেণ সভাং যত্রোপপদ্যতে। ন চাস্য শল্যং কৃন্তন্তি বিদ্ধাস্তত্র সভাসদঃ ॥১৩॥
অর্দ্ধং হরতি বৈ শ্রেষ্ঠঃ পাদো ভবতি কর্ত্তৃষু। পাদশ্চৈব সভাসৎসু যে ন নিন্দন্তি নিন্দিতম্ ১৪
অনেনা ভবতি শ্রেষ্ঠো মুচ্যন্তে চ সভাসদঃ। এনো গচ্ছতি কর্ত্তারং নিন্দার্হো যত্র নিন্দ্যতে ১৫
বিতথন্তু বদেয়ুর্যে ধর্ম্মং প্রহ্লাদ! পৃচ্ছতে। ইষ্টাপূর্ত্তঞ্চ তে ঘ্নন্তি সপ্ত সপ্ত পরাবরান্ ॥১৬॥
হৃতস্বস্য হি যদ্দুঃখং হতপুত্রস্য চৈব যৎ। ঋণিনঃ প্রতি যচ্চৈব স্বার্থাদ্ভ্রষ্টস্য চৈব যৎ ॥১৭॥
স্ত্রিয়ঃ পত্যা বিহীনায়া রাজ্ঞা গ্রস্তস্য চৈব তৎ। অপুত্রায়াশ্চ যদ্দুঃখং ব্যাঘ্রাঘ্রাতস্য চৈব যৎ ১৮
অধ্যূঢ়ায়াশ্চ যদ্দুঃখং সাক্ষিভির্বিহতস্য চ। এতানি বৈ সমান্যাহুর্দুঃখানি ত্রিদিবেশ্বরাঃ ॥১৯॥
তানি সর্ব্বাণি দুঃখানি প্রাপ্নোতি বিতথং ব্রুবন্। সমক্ষদর্শনাৎ সাক্ষী শ্রবণাচ্চেতি ধারণাৎ ২০
তস্মাৎ সত্যং ব্রুবন্ সাক্ষী ধর্ম্মার্থাভ্যাং ন হীয়তে। কশ্যপস্য বচঃ শ্রুত্বা প্রহ্লাদঃ পুত্রমব্রবীৎ ২১
শ্রেয়ান্ সুধন্বা ত্বত্তো বৈ মত্তঃ শ্রেয়াংস্তথাঙ্গিরাঃ। মাতা সুধন্বনশ্চাপি মাতৃতঃ শ্রেয়সী তব। বিরোচন! সুধন্বায়ং প্রাণানামীশ্বরস্তব ॥২২॥

সুধন্বোবাচ।

পুত্রস্নেহং পরিত্যজ্য যস্ত্বং ধর্ম্মে ব্যবস্থিতঃ। অনুজানামি তে পুত্রং জীবত্বেষ শতং সমাঃ ॥২৩॥

বিদুর উবাচ।

এবং বৈ পরমং ধর্ম্মং শ্রুত্বা সর্ব্বে সভাসদঃ। যথা প্রশ্নস্তু কৃষ্ণায়া মন্যধ্বং তত্র কিং পরম্ ॥২৪॥

তাং বেপমানাং সব্রীড়াং বিলপন্তীং স্ম পাণ্ডবান্‌।
দুঃশাসনঃ সভামধ্যে বিচকর্ষ তপস্বিনীম্‌ ॥৬০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
দ্যূতে দ্রৌপদ্যাকর্ষণে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ

—:*:—

দ্রৌপদ্যুবাচ। †
স্বয়ম্বরে যাস্মি নৃপৈর্দৃষ্টা রঙ্গে সমাগতৈঃ।
ন দৃষ্টপূর্ব্বা চান্যত্র সাহমদ্য সভাং গতা ॥১॥

ভারতকৌমুদী

বিদুরস্তেতি। দাসীং কৃষ্ণাং দ্রৌপদীং গৃহান্‌ নয় ইতি প্রাহ স্ম ॥৫৯॥

তামিতি। দুঃশাসনঃ, সভামধ্যে, বেপমানাং কম্পমানাম্‌, সব্রীড়াং সলজ্জাম্‌, পাণ্ডবান্‌ প্রতি বিলপন্তীম্‌, তপস্বিনীং দীনাম্‌, তাং কৃষ্ণাম্‌, বিচকর্ষ ॥৬০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দ্যূতে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

স্বয়ম্বর ইতি। রঙ্গে পরিণয়োৎসবসভায়াম্‌। অহো দুর্ভাগ্যমিদমিত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ

তাবদিতি। "তাবৎ প্রতীক্ষ দুষ্প্রজ্ঞ! দুঃশাসন! নরাধমে"ত্যতঃ পরং পুরস্তাদিতি পঠন্তি

বৈশম্পায়ন বলিলেন—রাজারা বিদুরের কথা শুনিয়া কিছুই বলিলেন না। এই সময়ে কর্ণ দুঃশাসনকে কহিলেন—'দাসী দ্রৌপদীকে ঘরে লইয়া যাও' ॥৫৯॥

তখন লজ্জিতা ও দীনা দ্রৌপদী সভার প্রান্তে থাকিয়া কাঁপিতেছিলেন এবং পাণ্ডবগণকে লক্ষ্য করিয়া বিলাপ করিতেছিলেন; আর দুঃশাসন তাঁহাকে আকর্ষণ করিতেছিল ॥৬০॥

(৬০)··প্রলপন্তীং স্ম পাণ্ডবান্‌···। * '···সপ্তষষ্টিতমঃ, অষ্টষষ্টিতমঃ, নবতিতমঃ···'।

† 'তাবৎ প্রতীক্ষ দুষ্প্রজ্ঞ! দুঃশাসন! নরাধম!। পুরস্তাৎ করণীয়ং মে ন কৃতং কার্য্যমুত্তরম্‌। বিহ্বলাস্মি কৃতানেন কর্ষতা বলিনা বলাৎ॥ অভিবাদং করোম্যেষাং কুরূণাং কুরুসংসদি। ন মে স্যাদপরাধোঽয়ং যদিদং ন কৃতং ময়া॥ বৈশম্পায়ন উবাচ। সা তেন চ সমাধূতা দুঃখেন চ তপস্বিনী। পতিতা বিললাপেদং সভায়ামতথোচিতা। দ্রৌপদ্যুবাচ।' অয়মংশঃ কতিপয়পুস্তকে অধিকো দৃশ্যতে, অস্মৎপিতামহপুস্তকে চ ন দৃশ্যতে, নীলকণ্ঠেন চ "তাবৎ প্রতীক্ষ দুষ্প্রজ্ঞ! দুঃশাসন! নরাধম!' ইত্যতঃ পরং পুরস্তাদিতি পঠন্তি কেচিৎ" ইত্যুক্ত। উপেক্ষিতঃ, বিহ্বলয়া বক্তুমযোগ্যশ্চ।

যাং ন বায়ুর্ন চাদিত্যো দৃষ্টবন্তৌ পুরাগৃহে।
সাঽহমদ্য সভামধ্যে দৃষ্টাস্মি কুরুভিঃ সমম্ ॥২॥
যাং ন মৃষ্যন্তি বাতেন স্পৃশ্যমানাং গৃহে পুরা।
স্পৃশ্যমানাং সহন্তেঽদ্য পাণ্ডবাস্তাং দুরাত্মনা ॥৩॥
মৃষ্যন্তি কুরবশ্চেমে মন্যে কালস্য পর্য্যয়ম্।
স্নুষাং দুহিতরঞ্চৈব ক্লিশ্যমানামনর্হতীম্ ॥৪॥
কিং ত্বতঃ কৃপণং ভূয়ো যদহং স্ত্রী সতী শুভা।
সভামধ্যং বিগাহেঽদ্য ক নু ধর্ম্মো মহীক্ষিতাম্ ॥৫॥

ভারতকৌমুদী

যামিতি। কুরুভিঃ কুরুবংশীয়ৈঃ, সমং যুগপৎ। যে খলু ব্রুবন্তি পূর্ব্বং স্ত্রীণামবরোধ-রীতির্নাসীদিতি, তেষাং মুখপিধানমিদং শ্লোকদ্বয়মিতি সমালোচনীয়ম্ ॥২॥

যামিতি। পুরা পাণ্ডবাঃ, গৃহে বাতেন বায়ুনা স্পৃশ্যমানামপি যাং ন মৃষ্যন্তি সহন্তে স্ম, অদ্য দুরাত্মনা দুঃশাসনেন স্পৃশ্যমানামপি তাং মাং সহন্তে, ইত্যহো দুর্ভাগ্যম্ ॥৩॥

মৃষ্যন্তীতি। ইমে কুরবশ্চ, স্নুষাং কেষাঞ্চিৎ পুত্রবধূস্থানীয়াম্, দুহিতরঞ্চ কেষাঞ্চিত্তনয়া-স্থানীয়াঞ্চ, দুঃশাসনেন ক্লিশ্যমানাম্, অনর্হতীম্ ঈদৃশক্লেশপ্রাপ্ত্যযোগ্যাং মাম্, মৃষ্যন্তি সহন্তে। ...এব কালস্য পর্য্যয়ং পরিবৃত্তিং মন্যে ॥৪॥

কিমিতি। অতো ভূয়োঽধিকম্, কিং নু কৃপণং দৈন্যম্। বিগাহে বিচরামি ॥৫॥

দ্রৌপদী বলিলেন—'পূর্ব্বে স্বয়ম্বরসভায় সমাগত রাজারা যাহাকে দেখিয়া-ছিলেন, অন্য কোন স্থানেই দেখেন নাই; হায়। সেই আমি আজ সভায় আসিয়াছি ॥১॥

পূর্ব্বে রাজভবনে বায়ু এবং সূর্য্যপর্য্যন্ত যাহাকে দেখিতে পান নাই, হায়! সেই আমাকে আজ সভার মধ্যেই কুরুবংশীয়েরা যুগপৎ দর্শন করিতেছেন ॥২॥

পূর্ব্বে রাজভবনে বায়ু আসিয়া যাহাকে স্পর্শ করিলেও পাণ্ডবেরা সহ্য করিতে পারিতেন না; হায়! আজ দুরাত্মা দুঃশাসন তাঁহাকেই স্পর্শ করিতেছে, তথাপি পাণ্ডবেরা সহ্য করিতেছেন ॥৩॥

আমি কাহারও কাহারও পুত্রবধূস্থানীয়া, আবার কাহারও কাহারও কন্যা-স্থানীয়া এবং এইরূপ কষ্ট পাইবার যোগ্যও নহি; তথাপি দুঃশাসন আমাকে কষ্ট দিতেছে, অথচ এই কুরুবংশীয়েরা তাহা সহ্য করিতেছেন। সুতরাং আমি মনে করি—কালের পরিবর্ত্তন হইয়াছে ॥৪॥

ইহা অপেক্ষা অধিক দৈন্যের বিষয় কি হইতে পারে যে, আমি শুভলক্ষণা সতী স্ত্রী হইয়া আজ সভার মধ্যে বিচরণ করিতেছি! রাজাদের ধর্ম্ম কোথায় গেল ॥৫॥

ধর্ম্ম্যাং স্ত্রিয়ং সভাং পূর্ব্বে ন নয়ন্তীতি নঃ শ্রুতম্ ।
স নষ্টঃ কৌরবেয়েষু পূর্ব্বো ধর্ম্মঃ সনাতনঃ ॥৬॥
কথং ভার্য্যা পাণ্ডবানাং পার্ষতস্য সুতা সতী ।
বাসুদেবস্য চ সখী পার্থিবানাং সভামিয়াম্ ॥৭॥
তামিমাং ধর্ম্মরাজস্য ভার্য্যাং সদৃশবর্ণজাম্ ।
ব্রূত দাসীমদাসীং বা তৎ করিষ্যামি কৌরবাঃ ! ॥৮॥
অয়ং মাং সুদৃঢ়ং ক্ষুদ্রঃ কৌরবাণাং যশোহরঃ ।
ক্লিশ্নাতি নাহং তৎ সোঢ়ুং চিরং শক্ষ্যামি কৌরবাঃ ! ॥৯॥
জিতাং বাপ্যজিতাং বাপি মন্যধ্বং মাং যথা নৃপাঃ ! ।
তথা প্রত্যুক্তমিচ্ছামি তৎ করিষ্যামি কৌরবাঃ ! ॥১০॥

ভারতকৌমুদী

ধর্ম্ম্যামিতি। ধর্ম্ম্যাং সতীধর্ম্মাদনপেতাম্। এতেন কর্ণোক্তং বন্ধকীত্বং নিরস্তম্ ॥৬॥

কথমিতি। পার্ষতস্য পৃষতপুত্রস্য দ্রুপদস্য। ইয়াং গচ্ছেয়ম্ ॥৭॥

তামিতি। সদৃশবর্ণজাম্, ন পুনর্নীচবর্ণজাম্, যেনাবজ্ঞাস্তথেতি ভাবঃ। তৎ তদুপযোগি কর্ম্ম ॥৮॥

অয়মিতি। ক্ষুদ্রো নীচস্বভাবো দুঃশাসনঃ। ক্লিশ্নাতি কেশাকর্ষণেন ব্যথয়তি ॥৯॥

জিতামিতি। হে নৃপাঃ! হে কৌরবাঃ! যূয়ং মাং জিতাং বা অজিতামপি বা যথা মন্যধ্বম্, তথা প্রত্যুক্তং প্রত্যুত্তরং কর্ত্তুমিচ্ছামি, তৎ তদুপযোগি কর্ম্ম চ করিষ্যামি ॥১০॥

ভারতভাবদীপঃ

কেচিৎ। প্রতীক্ষ প্রতীক্ষস্ব ॥১॥ দৃশ্যামি পৃথগ্ জনস্ত্রীবৎ দৃশ্যমিবাত্মানং করোমি ॥২—৪॥ বিগাহে পর্য্যালোচয়ামি ॥৫—৬॥ পাণ্ডূনাং পাণ্ডবানাম্। আর্ষস্তদ্ধিতলুক্।

পূর্ব্ববর্ত্তী লোকেরা ধর্ম্মনিষ্ঠা নারীকে সভায় নিতেন না ইহা আমাদের শুনা আছে। হায়! আজ সেই সনাতন পূর্বধর্ম্ম কুরুবংশে নষ্ট হইয়া গেল ॥৬॥

সভ্যগণ! আমি পাণ্ডবগণের ভার্য্যা, দ্রুপদরাজার কন্যা এবং কৃষ্ণের সখী হইয়া কি করিয়া রাজসভায় যাইতে পারি? ॥৭॥

কৌরবগণ! আমি ধর্ম্মরাজের সবর্ণা ভার্য্যা; সেই আমাকে আপনারা দাসী বা অদাসী যাহা বলিবেন, আমি তদনুরূপই কার্য্য করিব ॥৮॥

কৌরবগণ! কুরুবংশের যশোনাশক এই ক্ষুদ্র দুঃশাসনটা আমাকে বড়ই কষ্ট দিতেছে; আমি এ কষ্ট দীর্ঘকাল সহ্য করিতে পারিব না ॥৯॥

(৭) কথং হি ভার্য্যা পাণ্ডূনাং পার্ষতস্য স্বসা সতী···। (৮)···তৎ করিষ্যামি সত্তমাঃ!। (৯) অয়ং মাং সুভৃশং ক্ষুদ্রঃ···।

ভীষ্ম উবাচ।

উক্তবানস্মি কল্যাণি! ধর্ম্মস্য পরমা গতিঃ।
লোকে ন শক্যতে জ্ঞাতুমপি বিজ্ঞৈর্মহাত্মভিঃ ॥১১॥
বলবাংশ্চ যথা ধর্ম্মং লোকে পশ্যতি পূরুষঃ।
স ধর্ম্মো ধর্ম্মবেলায়াং ভবত্যভিহতঃ পরঃ ॥১২॥
ন বিবেক্তুং চ তে প্রশ্নমিমং শক্নোমি নিশ্চয়াৎ।
সূক্ষ্মত্বাদ্‌গহনত্বাচ্চ কার্য্যস্যাস্য চ গৌরবাৎ ॥১৩॥

ভারতকৌমুদী

উক্তবানিতি। হে কল্যাণি! অহং পূর্ব্বমেবোক্তবানস্মি যৎ, লোকে জগতি, বিজ্ঞৈর্মহাত্মভিরপি জনৈঃ, ধর্ম্মস্য পরমা সূক্ষ্মত্বাদুত্তমা গতিঃ, জ্ঞাতুং ন শক্যতে ॥১১॥

আক্ষিপন্নাহ বলবানিতি। লোকে, বলবান্ পুরুষঃ, যথা ধর্ম্মং পশ্যতি দৃষ্ট্বা ব্রবীতীত্যর্থঃ, ধর্ম্মবেলায়াং ধর্ম্মবিচারসময়ে, স এব ধর্ম্মঃ; পরো দুর্ব্বলপুরুষোক্তো ধর্ম্মঃ, অভিহতো বলবৎপুরুষপ্রতিবাদেন নিরস্তো ভবতি। এতেন দুর্য্যোধনাদিব্যবহৃতো ন ধর্ম্ম ইতি সূচিতম্ ॥১২॥

অথৈতে বলবন্তঃ, ত্বন্তু বলবত্তম এবেতি ব্রূহীত্যাহ নেতি। নিশ্চয়াৎ নিশ্চয়ং কৃত্বা। সূক্ষ্মত্বাৎ, গহনত্বাদ্দুর্বোধত্বাৎ, অস্য কার্য্যস্য বিবেচনস্য গৌরবান্নানাবিষয়তয়া প্রধানত্বাচ্চ ॥১৩

ভারতভাবদীপঃ

পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য। কথম্ ইয়াং প্রাপ্ত য়াম্ ॥৭—১১॥ কিমজ্ঞত্বান্ন বিবেক্তুমর্হসি নেত্যাহ বলবানিতি। বলবান্ কর্ণদুর্য্যোধনাদির্যদ্ব্রূতে স এব ধর্ম্মঃ। পরস্তু দুর্ব্বলেনোক্তোঽভিহতঃ ধর্ম্মোঽপ্যধর্ম্মো ভবতীতি ভাবঃ। অভিহিতঃ পরৈরিতি পাঠে স্বধর্ম্মবেলায়ামপি পরৈর্বলবদ্ভিরুক্ত এব ধর্ম্মো ভবতি ন দুর্ব্বলোক্ত ইত্যাকারং প্রশ্লিষ্য যোজ্যম্ ॥১২॥ নহু বলবত্তরস্ত্বমেব সত্যং ব্রূহীত্যত আহ নেতি। বিবেক্তুং বিবিচ্য বক্তুম্। অয়মস্যাশয়ঃ—যদ্যেতামজিতাসীতি বক্ষ্যে তদাস্যায়ং বিনা পীড়িতৈষা সদ্যঃ কোপেন কৌরবান্নাশয়েৎ। তথা চ দ্রৌপদ্যপমানজো বা কুরুনাশজো বা দোষো মহানিতি সংশয়ে ধর্ম্মতত্ত্বস্য সূক্ষ্মত্বাৎ দুর্বিবেকত্বম্।

রাজগণ! কৌরবগণ! আপনারা আমাকে জিতা বা অজিতা যাহা বলিবেন, আমি তদনুরূপই উত্তর করিব এবং তদনুরূপই কার্য্য করিব' ॥১০॥

ভীষ্ম বলিলেন—'কল্যাণি! আমি পূর্ব্বেই ত বলিয়াছি যে, জগতে বিজ্ঞ মহাত্মারাও ধর্ম্মের সূক্ষ্ম গতি বুঝিতে পারেন না ॥১১॥

তা'র পর, জগতে প্রবল লোক যেটাকে ধর্ম্ম বলে, ধর্ম্মবিচারের সময় সেইটাই ধর্ম্ম হয়; কিন্তু দুর্ব্বল লোক যাহা বলে, তাহা প্রতিহত হইয়া যায় ॥১২॥

সূক্ষ্ম, অত্যন্তদুর্ব্বোধ এবং এই কার্য্যের গুরুত্ববশতঃ আমি বিবেচনাপূর্ব্বক নিশ্চয় করিয়া তোমার এই প্রশ্নের উত্তর করিতে পারিতেছি না ॥১৩॥

(১২)···ভবত্যভিহিতঃ পরৈঃ

নূনমস্তঃ কুলস্যাস্য ভবিতা ন চিরাদিব।
তথাহি কুরবঃ সর্ব্বে লোভমোহপরায়ণাঃ ॥১৪॥
কুলেষু জাতাঃ কল্যাণি! ব্যসনৈরাহতা ভৃশম্।
ধর্ম্ম্যাম্মার্গান্ন চ্যবন্তে যেষাং নস্ত্বং বধূঃ স্থিতা ॥১৫॥
উপপন্নঞ্চ পাঞ্চালি! তবেদং বৃত্তমীদৃশম্।
যৎ কৃচ্ছ্র মপি সম্প্রাপ্তা ধর্ম্মমেবান্ববেক্ষসে ॥১৬॥
এতে দ্রোণাদয়শ্চৈব বৃদ্ধা ধর্ম্মবিদো জনাঃ।
শূন্যৈঃ শরীরৈস্তিষ্ঠন্তি গতাসব ইবানতাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

নূনমিতি। এবার্থে ইবশব্দঃ। এতেন দ্রৌপদ্যা অজিতত্বমেব সূচিতম্ ॥১৪॥

দ্রৌপদীং প্রশংসতি কুলেম্বিতি। হে কল্যাণি! ত্বং যেষাং নঃ অস্মাকং বধূঃ স্থিতা, তেষাং কুলেষু জাতাঃ, ব্যসনৈর্দ্যূতাদিভির্ভৃশম্ আহতা আক্রান্তা অপি, ধর্ম্ম্যাদ্ধর্ম্মাদনপেতাৎ মার্গাৎ, ন চ্যবন্তে ত্বদ্‌গুণাদেব ন ভ্রশ্যন্তি। অতএব পাণ্ডবা ইদানীমপি ধর্ম্ম এব ইতি ভাবঃ ॥১৫॥

উপেতি। উপপন্নং যুক্তম্। বৃত্তং চরিত্রম্। কৃচ্ছ্রং কেশাকর্ষণাদিকষ্টম্ ॥১৬॥

এত ইতি। গতাসবো মৃতা ইব, আনতা আনতবদনাঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

দেবকার্য্যমেব কৌরবনাশেন ভবতীত্যশক্যম্। সর্ব্বেষাং বধ্যানামিহ সম্প্রয়োগাভাবাদ্দহনমিদম্। পাণ্ডবানামশস্ত্রত্বাৎ পরদাসত্বাচ্চ তৎস্বামিনাং কৌরবাণাং নাশনং দ্রৌপদ্যা অপি দোষায় স্বামিনাশস্য সুতরামকার্য্যত্বাদিতি হেতুত্রয়ং বিবিচ্যাকথনে ইতি ॥১৩॥ নম্ব বলবৎকৃতিরেব ধর্ম্মশ্চেৎ স্বধর্ম্মেণ বলবত্তরাহমেনান্ শাপাগ্নিনা ধক্ষ্যে ইত্যাশঙ্ক্যাহ নূনমিতি। অবশ্যভাবিনি কার্য্যে ন ত্বয়া তপোব্যয়ঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥১৪॥ ইদমেব বৃত্তং ত্বদ্ভর্ত্তারোঽপ্যাস্থিতা অতস্ত্বমপি তথৈবাতিষ্ঠস্বেতি দ্বাভ্যামাহ কুলেম্বিতি ॥১৫—১৮॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৬॥

হায়! নিশ্চয়ই অচিরকালমধ্যে এই বংশের ধ্বংস হইবে। কারণ, কুরুবংশীয়েরা সকলেই লোভপরায়ণ ও মোহপরায়ণ হইয়া পড়িয়াছে ॥১৪॥

হে কল্যাণি! তুমি যাঁহাদের কুলবধূ, তাঁহাদের কুলোৎপন্ন ব্যক্তিগণ অত্যন্তব্যসনাসক্ত হইয়াও তোমার গুণেই ধর্ম্মপথ হইতে ভ্রষ্ট হইতেছেন না ॥১৫॥

পাঞ্চালি! তোমারই এইরূপ আচরণ সঙ্গত হইতেছে। যে হেতু তুমি বিপদে পতিত হইয়াও ধর্ম্মেরই অনুসরণ করিতেছ ॥১৬॥

(১৫)···ধর্ম্মমার্গান্ন চ্যবন্তে···। (১৬)···ধর্ম্মমেবাম্ববেক্ষসে।

যুধিষ্ঠিরস্তু প্রশ্নেঽস্মিন্ প্রমাণমিতি মে মতিঃ।
অজিতাং বা জিতাং বাপি স্বয়ং ব্যাহর্ত্তুমর্হতি ॥১৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
দ্যূতে ভীষ্মবাক্যে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।
তথা তু কৃষ্ণাং বহুশস্তথৈবং রোরূয়মাণাং কুররীমিবার্ত্তাম্।
নোচুর্বচঃ সাধ্বথবাপ্যসাধু মহীক্ষিতো ধার্ত্তরাষ্ট্রস্য ভীতাঃ ॥১॥
দৃষ্ট্বা তু তান্ পার্থিবপুত্রপৌত্রাংস্তূষ্ণীম্ভূতান্ ধৃতরাষ্ট্রস্য পুত্রঃ।
স্মরন্নিবেদং বচনং বভাষে পাঞ্চালরাজস্য সুতাং তদানীম্ ॥২॥

ভারতকৌমুদী

যুধীতি। প্রমাণং গ্রাহ্যবাক্, সত্যবাদিত্বাভিজ্ঞত্বাচ্চেতি ভাবঃ। ব্যাহর্ত্তুং বক্তুম্ ॥১৮॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং সভাপর্ব্বণি দ্যূতে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

তথেতি। রোরূয়মাণাং পুনঃ পুনঃ রুবতীং রুদতীমিত্যর্থঃ। কুররীং পক্ষিণীমিব ॥১॥
দৃষ্ট্বেতি। ধৃতরাষ্ট্রস্য পুত্রো দুর্য্যোধনঃ। স্মরন্নিব দ্রৌপদ্যা যাতনাসম্ভবাৎ ॥২॥

হায়! এই দ্রোণপ্রভৃতি ধর্ম্মজ্ঞ বৃদ্ধ লোকেরাও গতাসু হইয়াই যেন অবনতবদনে ও শূন্য শরীরে অবস্থান করিতেছেন ॥১৭॥

সে যাহা হউক, পাঞ্চালি! আমার ধারণা এই যে, তোমার এই প্রশ্নে যুধিষ্ঠিরের কথাই গ্রাহ্য। সুতরাং উনি নিজে বলুন যে, তুমি জিতা না অজিতা' ॥১৮॥

বৈশম্পায়ন বলিলেন,—তখন দ্রৌপদী দুঃখিত হইয়া কুররী (বাজকুরুল) পক্ষিণীর ন্যায় সেই ভাবে বার বার বিলাপ করিতে লাগিলেন, তথাপি রাজারা দুর্য্যোধনের ভয়ে ভাল বা মন্দ কোন কথাই বলিলেন না ॥১॥

* '...অষ্টষষ্টিতমঃ, একোনসপ্ততিতমঃ, একনবতিতমঃ ...'।
(১) তথা চ দৃষ্ট্বা বহু তত্র দেবীম্...। (২) দৃষ্ট্বা তথা পার্থিব...স্মরন্নিবেদং বচনম্...।

দুর্য্যোধন উবাচ।

তিষ্ঠত্বয়ং প্রশ্ন উদারসত্ত্বে ভীমেঽর্জ্জুনে সহদেবে তথৈব।
পত্যৌ চ তে নকুলে যাজ্ঞসেনি ! বদন্ত্বেতে বচনং ত্বৎপ্রসূতম্ ॥৩॥
অনীশ্বরং বিব্রুবস্ত্বার্য্যমধ্যে যুধিষ্ঠিরং তব পাঞ্চালি ! হেতোঃ।
কুর্ব্বন্তু সর্ব্বে চানৃতং ধর্ম্মরাজং পাঞ্চালি ! ত্বং মোক্ষ্যসে দাসভাবাৎ ॥৪॥
ধর্ম্মে স্থিতো ধর্ম্মসুতো মহাত্মা স্বয়ঞ্চেদং কথয়ত্বিন্দ্রকল্পঃ।
ঈশো বা তে হ্যনীশোঽথবৈষ বাক্যাদস্য ক্ষিপ্রমেকং ভজস্ব ॥৫॥
সর্ব্বে হীমে কৌরবেয়াঃ সভায়াং দুঃখার্ণবে বর্ত্তমানাস্ত্বদীয়ে।
নহি ব্রুবন্ত্যার্য্যসত্ত্বা যথাবৎ পতীংশ্চ তে সমবেক্ষ্যাল্পভাগ্যান্ ॥৬॥

ভারতকৌমুদী

তিষ্ঠত্বিতি। উদারসত্ত্বে মহাবলে। এতে ভীমাদয়ঃ। ত্বৎপ্রসূতং ত্বদুক্তম্ ॥৩॥

অনীশ্বরমিতি। হে পাঞ্চালি! তব হেতোঃ, সর্ব্বে ভীমাদয় আর্য্যাণাং সভ্যানাং মধ্যে যুধিষ্ঠিরম্ অনীশ্বরম্ আত্মনঃ প্রাক্‌পরাজয়াৎ তবাস্বামিনম্, বিব্রুবন্তু বিশেষেণ কথয়ন্তু, ধর্ম্মরাজঞ্চ অনৃতম্ অনৃতবাদিনং কুর্ব্বন্তু ; হে পাঞ্চালি ! ততস্ত্বং দাসভাবান্মোক্ষ্যসে ॥৪॥

ধর্ম্ম ইতি। তে তব, ঈশঃ স্বামী বা, অথবা অনীশঃ অস্বামী। একং দাস্যমদাস্যং বা ॥৫॥

সর্ব্ব ইতি। আর্য্যসত্ত্বাঃ সাধুস্বভাবাঃ, যথাবদ্ যথার্থং নহি ব্রুবন্তি ॥৬॥

তখন দুর্য্যোধন সেই রাজপুত্রগণ ও রাজপৌত্রগণকে নীরব দেখিয়া হাসিতে হাসিতেই যেন দ্রৌপদীকে এই কথা বলিলেন ॥২॥

দুর্য্যোধন কহিলেন—'দ্রৌপদি ! তোমার এই প্রশ্ন তোমারই পতি মহাবল ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের উপরেই থাক্ ; উঁহারাই তোমার বাক্যের উত্তর বলুন ॥৩॥

পাঞ্চালনন্দিনি ! ভীমপ্রভৃতি সকলে এই সভ্যগণের মধ্যে তোমার জন্য যুধিষ্ঠিরকে তোমার অস্বামী বলুন এবং তাঁহাকে মিথ্যাবাদী করুন ; তা'র পরে তুমি দাস্যভাব হইতে মুক্তি পাইবে ॥৪॥

অথবা ধার্ম্মিক, মহাত্মা এবং ইন্দ্রতুল্য যুধিষ্ঠির নিজেই ইহা বলুন যে, উনি তোমার প্রভু বা অপ্রভু ; তা'র পর, তুমি সত্বর একটা দিক্ অবলম্বন কর ॥৫॥

পাঞ্চালি। এই কৌরবেরা সকলেই তোমার দুঃখসাগরে মগ্ন হইয়াছেন এবং ইঁহারা তোমার মন্দভাগ্য পতিগণকে দেখিয়া তোমার প্রশ্নের যথাযথ উত্তর দিতেছেন না' ॥৬॥

[৬] দুঃখান্তরে বর্ত্তমানাস্তবৈব··· ।

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সভ্যাঃ কুরুরাজস্য তত্র বাক্যং শ্রুত্বা প্রশশংসুস্তদোচ্চৈঃ।
চেলানি চৈবাদুধুবুর্বদন্তো হাহেত্যাসীদপি চৈবার্ত্তনাদঃ ॥৭॥
শ্রুত্বা তু তদ্বাক্যমনোহরং তদ্ধর্ষশ্চাসীৎ কৌরবাণাং সভায়াম্।
সর্বে চাসন্ পার্থিবাঃ প্রীতিমন্তঃ কুরুশ্রেষ্ঠং ধার্ম্মিকং পূজয়ন্তঃ ॥৮॥
যুধিষ্ঠিরঞ্চ তে সর্বে সমুদৈক্ষন্ত পার্থিবাঃ।
কিন্নু বক্ষ্যতি ধর্ম্মজ্ঞ ইতি সাচীকৃতাননাঃ ॥৯॥
কিন্নু বক্ষ্যতি বীভৎসুরজিতো যুধি পাণ্ডবঃ।
ভীমসেনো যমৌ চোভৌ ভৃশং কৌতূহলান্বিতাঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। চেলানি বসনানি, আদুধুবুঃ সঞ্চালয়ামাসুঃ। আর্ত্তনাদো দ্রৌপদ্যা জয়ে ॥৭॥

শ্রুত্বেতি। মনোহরঞ্চ তৎ বাক্যঞ্চেতি বাক্যমনোহরম্ অগ্নিষ্টোমাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ। তৎ তস্য দুর্য্যোধনস্য মনোহরং বাক্যং শ্রুত্বেত্যর্থঃ। ধার্ম্মিকং দ্রৌপদ্যা বিজয়বিষয়ে পাণ্ডবেষ্বেব নির্ভরকরণাদিত্যাশয়ঃ। কুরুশ্রেষ্ঠং দুর্য্যোধনম্ ॥৮॥

যুধীতি। ধর্ম্মজ্ঞো যুধিষ্ঠিরঃ। সাচীকৃতাননাস্তং প্রতি বক্রীকৃতমুখাঃ ॥৯॥

কিং স্বিতি। বীভৎসুরর্জ্জুনঃ। যমৌ নকুলসহদেবৌ ॥১০॥

ভারতভাবদীপঃ

তথা স্বিতি ॥১—৬॥ সভ্যাঃ প্রশশংসুঃ, তেষাং চেলাশ্চেটাঃ প্রেষ্যাস্তু বেধানিব বেধান্ তত্র তত্র সমাচারপ্রাপণং পরস্পরেণ চক্ষুঃসঙ্কেতং বা চক্রুঃ। সভায়াং দুর্য্যোধনেনোক্তমাত্রা বার্ত্তা সদ্যঃ সর্ব্বত্র প্রকীর্ণেত্যর্থঃ। চেলাবেধান্ বস্ত্রভ্রামণানীতি প্রাঞ্চঃ। তত্রৈব হাহেতি কৌরবপক্ষপাতিষ্বেব। পাণ্ডবানাং ন্যায়পক্ষপাতিনাং প্রমাণীকরণে দ্রৌপদী দাস্যাৎ মুক্তা ভবিষ্যতি, তেন চ সর্ব্বেষামস্মাকং দুঃখং ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ ॥৭—৮॥ সাচি তির্য্যক্ ॥৯—১১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সভ্যগণ দুর্য্যোধনের কথা শুনিয়া উচ্চস্বরে তাঁহার প্রশংসা করিতে লাগিলেন এবং স্তুতিবাদ করিতে থাকিয়া বস্ত্রাঞ্চল কম্পিত করিতে থাকিলেন; কোন দিকে 'হা হা' ইত্যাকার আর্ত্তনাদও হইতে লাগিল ॥৭॥

দুর্য্যোধনের সেই মনোহর বাক্য শুনিয়া কৌরবগণের আনন্দ জন্মিল এবং রাজারা সকলেই আনন্দিত হইয়া ধার্ম্মিক দুর্য্যোধনের প্রশংসা করিতে লাগিলেন ॥৮॥

ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির কি বলিবেন ইহা ভাবিয়া সেই রাজারা সকলেই উদগ্রীব হইয়া যুধিষ্ঠিরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥৯॥

[৭]···চেলাবেধাংশ্চাপি চক্রুর্নদন্তঃ···।

তস্মিন্নুপরতে শব্দে ভীমসেনোঽব্রবীদিদম্ ।
প্রগৃহ্য বিপুলং বৃত্তং ভুজং চন্দনরূষিতম্ ॥১১॥
যদ্যেষ গুরুরস্মাকং ধর্ম্মরাজো মহামনাঃ ।
ন প্রভুঃ স্যাৎ কুলস্যাস্য ন বয়ং মর্ষয়ামহে ॥১২॥
ঈশো নঃ পুণ্যতপসাং প্রাণানামপি চেশ্বরঃ ।
মন্যতে জিতমাত্মানং যদ্যেষ বিজিতা বয়ম্ ॥১৩॥
নহি মুচ্যেত মে জীবন্ পদা ভূমিমুপস্পৃশন্ ।
মর্ত্যধর্ম্মা পরামৃশ্য পাঞ্চাল্যা মূর্দ্ধজানিমান্ ॥১৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। উপরতে বিরতে, শব্দে দুর্য্যোধনপ্রশংসাবাদে। বৃত্তং গোলম্ ॥১১॥

যদীতি। অস্মাকং গুরুঃ মহামনা এষ ধর্ম্মরাজঃ, যদি অস্য কুলস্য পাণ্ডবগণস্য, "কুলং জনপদে গোত্রে সজাতীয়গণেঽপি চ" ইতি মেদিনী, প্রভুঃ স্বামী ন স্যাৎ, তদা বয়ং ন মর্ষয়ামহে ধার্ত্তরাষ্ট্রান্ ন ক্ষমামহে ॥১২॥

ঈশ ইতি। নঃ অস্মাকং পুণ্যতপসাম্, ঈশঃ প্রভুঃ, প্রাণানামপি চ ঈশ্বরঃ প্রভুঃ, এষ যুধিষ্ঠিরঃ, যদি আত্মানং জিতং মন্যতে, তর্হি বয়মপি বিজিতা এব। প্রাণিপণনস্য তাত্ত্বিকত্বে আত্মনো জিতত্বেনাস্মাকমপি জিতত্বম্, ন পুনর্দ্রৌপদ্যা অপি প্রাণাত্মনো জয়েন তৎস্বত্বনাশাদিতি ভাবঃ ॥১৩॥

অবিজিতত্বে কিং কুর্য্যা ইত্যাহ নহীতি। পদা গমনায় ভূমিমুপস্পৃশন্ ভূচর ইত্যর্থঃ, খেচরস্তু ধর্ত্তুমশক্যত্বাদেব মুচ্যেতেতি ভাবঃ, মর্ত্যধর্ম্মা প্রাণী, পাঞ্চাল্যা ইমান্ মূর্দ্ধজান্

ভারতভাবদীপঃ

যত্ত্বয়ং নঃ কুলস্য প্রভুর্ন স্যাৎ তর্হি ন মর্ষয়েমহি, যতোঽয়ং প্রভুস্ততো মর্ষয়ামহে ইত্যর্থঃ ॥১২॥
ঈশ ইতি। অজিতমিতি চ্ছেদঃ, দ্রৌপদীপণনাৎ প্রাগিতি শেষঃ। যত্ত্বয়মাত্মানমজিতং মন্যতে, তর্হি বয়ং পূর্ব্বমেব ভবন্তির্জিতা, ইদানীং বিজিতাঃ সন্তঃ দ্রৌপদ্যর্থে মিথ্যাবাদেন সুতরাং

যুদ্ধবিজয়ী অর্জ্জুন কি বলিবেন এবং ভীম, নকুল ও সহদেবই বা কি বলিবেন ইহা ভাবিয়া সকলেই অত্যন্ত-কৌতুকান্বিত হইলেন ॥১০॥

সেই প্রশংসার কোলাহল বিরত হইলে, ভীমসেন চন্দনলিপ্ত ও গোলাকার বিশাল বাহু উত্তোলন করিয়া এই কথা বলিলেন—॥১১॥

'আমাদের গুরু ও মহামনা এই ধর্ম্মরাজ যদি আমাদের সকলের প্রভু না হইতেন, তবে আমরা কখনই ক্ষমা করিতাম না ॥১২॥

আমাদের পুণ্য, তপস্যা, এমন কি প্রাণপর্য্যন্তের অধীশ্বর যুধিষ্ঠির যদি আপনাকে জিত বলিয়া মনে করেন, তবে আমরাও জিত হইয়াছি ॥১৩॥

(১১)…প্রগৃহ্য রুচিরং দিব্যং ভুজং চন্দনচর্চ্চিতম্। ভীমসেন উবাচ।

বীক্ষধ্বমায়তৌ বৃত্তৌ ভুজৌ মে পরিঘাবিব।
নৈতয়োরন্তরং প্রাপ্য মুচ্যেতাপি শতক্রতুঃ ॥১৫॥
ধর্ম্মপাশসিতস্ত্বেবমধিগচ্ছামি সঙ্কটম্।
গৌরবেণ নিরুদ্ধশ্চ নিগ্রহাদর্জ্জুনস্য চ ॥১৬॥
ধর্ম্মরাজনিসৃষ্টস্তু সিংহঃ ক্ষুদ্রমৃগানিব।
ধার্ত্তরাষ্ট্রানিমান্ পাপান্ নিষ্পিষেয়ং তলাসিভিঃ ॥১৭॥

ভারতকৌমুদী

কেশান্, পরামৃশ্য সংস্পৃশ্য, জীবন্, মে মম সকাশাৎ নহি মুচ্যেত। ততো দুঃশাসনোঽপি ন মুচ্যেতেতি ভাবঃ ॥১৪॥

বীক্ষধ্বমিতি। আয়তৌ দীর্ঘৌ, বৃত্তৌ গোলৌ, পরিঘৌ অস্ত্রবিশেষাবিব ॥১৫॥

ধর্ম্মেতি। ধর্ম্ম এব পাশো রজ্জুস্তেন সিতো বদ্ধঃ। "ষিঙ্ বন্ধনে" ইত্যস্য ক্তে রূপম্। যুধিষ্ঠিরস্য গৌরবেণ নিরুদ্ধশ্চাহম্, অর্জ্জুনস্য নিগ্রহান্নিবারণাচ্চ, সঙ্কটং প্রতিশোধাকরণনিবন্ধনং দুঃখম্, অধিগচ্ছামি প্রাপ্নোমি ॥১৬॥

ধর্ম্মেতি। কিন্তু ধর্ম্মরাজেন নিসৃষ্ট এতেষাং বিনাশায় প্রেরণয়া ত্যক্তোঽহম্, সিংহঃ ক্ষুদ্রমৃগানিব, তলাসিভিঃ করতলরূপকৃপাণৈঃ, ইমান্ পাপান্ ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রপুত্রান্, নিষ্পিষেয়ং নিহন্যাম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

জিতাঃ স্ম ইত্যর্থঃ। অতো দ্রৌপদী ন দাসভাবমাপন্নেতি ভাবঃ ॥১৩॥ নম্বজিতেনাপি ত্বয়া কিং স্যাৎ তত্রাহ নহীত্যাদি ॥১৪—১৫॥ পাশসিতঃ পাশবদ্ধঃ ॥১৬॥ তলাসিভিশ্চপেটাখড়্গৈঃ ॥১৭—১৮॥

ইতি সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৭॥

না হইলে, ভূচর কোন প্রাণীই দ্রৌপদীর এই কেশ আকর্ষণ করিয়া জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তিলাভ করিতে পারিত না ॥১৪॥

আপনারা পরিঘ অস্ত্রের ন্যায় আমার এই দীর্ঘ ও গোল বাহুযুগল দর্শন করুন ; ইহার মধ্যে আসিয়া ইন্দ্রও মুক্তি পাইতে পারেন না ॥১৫॥

কিন্তু আমি ধর্ম্মপাশে বদ্ধ, যুধিষ্ঠিরের গৌরবে নিরুদ্ধ এবং অর্জ্জুনের নিবারণে নিবর্ত্তিত ; তাই এই কষ্ট ভোগ করিতেছি ॥১৬॥

কিন্তু ধর্ম্মরাজ যদি আমাকে বিদায় দেন, তবে আমি—সিংহ যেমন ক্ষুদ্র মৃগসমূহকে সংহার করে, সেইরূপ চপেটাঘাত দ্বারাই এই পাপাত্মা ধার্ত্তরাষ্ট্রগণকে সংহার করিতে পারি' ॥১৭॥

---

(১৫) পশ্যধ্বমায়তৌ···।

বৈশম্পায়ন উবাচ।

তমুবাচ তদা ভীষ্মো দ্রোণো বিদুর এব চ।

ক্ষম্যতামিদমিত্যেবং সর্ব্বং সম্ভাব্যতে ত্বয়ি ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দ্যূতে ভীমবাক্যে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ

—:*:—

কর্ণ উবাচ।

ত্রয়ঃ কিলেমে হ্যধনা ভবন্তি দাসঃ শিষ্যশ্চাস্বতন্ত্রা চ নারী।

দাসস্য পত্নী ত্বধনস্য ভদ্রে! হীনেশ্বরা দাসধনঞ্চ সর্বম্ ॥১॥

ভারতকৌমুদী

তমিতি। ইদং ধার্ত্তরাষ্ট্রাণামাচরণং ক্ষম্যতাম্, এবং সর্ব্বং ত্বয়ি সম্ভাব্যত ইত্যুবাচ ॥১৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং সভাপর্ব্বণি দ্যূতে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ত্রয় ইতি। হে ভদ্রে! দ্রৌপদি! দাসঃ ক্রীতভৃত্যঃ, শিষ্যঃ শাসনযোগ্যত্বাৎ পুত্রঃ, অস্বতন্ত্রা স্বাতন্ত্র্যে পত্যননুমত্যভাবাৎ পত্যধীনা, নারী ভার্য্যা চ, "ভার্য্যা পুত্রশ্চ দাসশ্চ ত্রয় এবাধনাঃ স্মৃতাঃ। যত্তে সমধিগচ্ছন্তি যস্যৈতে তস্য তদ্ধনম্।" ইতি দায়ভাগটীকায়াং শ্রীকৃষ্ণধৃতস্মৃত্যেকবাক্যত্বাৎ, ইমে ত্রয়ো জনাঃ কিল, অধনাঃ স্বস্বলব্ধধনেঽপি অস্বত্ববন্তঃ, অস্বতন্ত্রা ইতি কেচিৎ, ভবন্তি; আত্মনি প্রভোঃ স্বামিত্বেন স্বলব্ধধনেঽপি তস্যৈব স্বামিত্বাৎ "যত্তে সমধিগচ্ছন্তি যস্যৈতে তস্য তদ্ধনম্" ইতি স্মৃতেশ্চেতি ভাবঃ। অতএব অধনস্য দাসস্য পত্নী, হীনঃ প্রচ্যুত ঈশ্বরঃ পতিরূপঃ প্রভুর্যস্যাঃ সা হীনেশ্বরা, সর্ব্বং দাসধনঞ্চ হানে-

ভারতভাবদীপঃ

ত্রয় ইতি। ক্বচিৎ "ত্রয়ঃ কিলেমে সধনাঃ সভায়াং ভীষ্মঃ ক্ষত্তা কৌরবাণাং গুরুশ্চ। যে স্বামিনং দুষ্টতমং বদন্তি বাঞ্ছন্তি বৃদ্ধিং ন চ বিক্ষিপন্তী"তি শ্লোকঃ প্রথমঃ, ত্রয়ঃ কিলেমে অধমা

বৈশম্পায়ন বলিলেন—তখন ভীষ্ম, দ্রোণ ও বিদুর ভীমকে বলিলেন—'ভীম! তুমি ক্ষমা কর, তোমাতে এ সমস্তই সম্ভবপর হয়' ॥১৮॥

—:*:—

* '...একোনসপ্ততিতমঃ, সপ্ততিতমঃ, কচিদধ্যায়সমাপ্তির্নাস্তি।

(১) শ্লোকাৎ পূর্ব্বং কচিদেষ শ্লোকঃ পঠ্যতে—'ত্রয়ঃ কিলেমে সধনাঃ সভায়াং ভীষ্মঃ ক্ষত্তা কৌরবাণাং গুরুশ্চ। যে স্বামিনং দুষ্টতমং বদন্তি বাঞ্ছন্তি বৃদ্ধিং ন চ বিক্ষিপন্তি'।

প্রবিশ্য রাজ্ঞঃ পরিবারং ভজস্ব তত্তে কার্য্যং শিষ্টমাদিশ্যতেঽত্র।
ঈশাস্তু সর্ব্বে তব রাজপুত্রি! ভবন্তি বৈ ধার্ত্তরাষ্ট্রা ন পার্থাঃ ॥২॥
অন্যং বৃণীষ্ব পতিমদ্য কামিনি! কিন্তে ক্ষুদ্রৈঃ পাণ্ডবৈর্হীনসত্ত্বৈঃ।
অবাচ্যা বৈ পতিষু কামবৃত্তির্নিত্যং দাস্যে বিদিতং তত্তবাস্তু ॥৩॥

ভারতকৌমুদী

স্বরম্। এবঞ্চ দ্যূতনির্জ্জিতত্বেন দুর্য্যোধনক্রীতদাসভূতানাং পাণ্ডবানাং পত্নী ত্বমপি দুর্য্যোধনস্যৈব স্বত্বাস্পদীভূতা জাতাসীত্যাশয়ঃ। দ্রৌপদ্যাং দুর্য্যোধনস্বত্বং প্রতি প্রকারান্তরমিদমভিহিতমিতি বোধ্যম্ ॥১॥

উক্তহেতোঃ ফলমাহ প্রবিশ্যেতি। হে রাজপুত্রি! ত্বমন্তঃপুরে প্রবিশ্য, রাজ্ঞো দুর্য্যোধনস্য, পরিবারং ভার্য্যাবর্গম্, ভজস্ব পাদসংবাহনাদিনা সেবস্ব; শিষ্টং শাস্ত্রানুমোদিতম্, তৎ কার্য্যম্, তে তব, ময়া আদিশ্যতে। অত্রেদানীম্, সর্ব্বে ধার্ত্তরাষ্ট্রা এব তব ঈশাঃ স্বামিনো ভবন্তি; ন পুনঃ পার্থাঃ পাণ্ডবাঃ ॥২॥

অন্যমিতি। হে কামিনি! কামুকি! অন্যথা কথং পঞ্চৈব তে পতয় ইতি ভাবঃ, অদ্য অন্যং পতিং বৃণীষ্ব; হীনসত্ত্বৈর্দাসত্বান্নষ্টাধ্যবসায়ৈঃ, অতএব ক্ষুদ্রৈঃ পাণ্ডবৈঃ কিং তে ফলম্। অথান্যপতিবরণে ব্যভিচারাশঙ্কয়া কথং কামচরিতার্থতা স্যাদিত্যাহ অবাচ্যেতি। পতিষু কামবৃত্তিঃ কামিন্যাঃ কামব্যবহারঃ, অবাচ্যা অনিন্দনীয়া; পতিত্বেনৈবান্যপুরুষবরণায় ব্যভিচারাশঙ্কেতি ভাবঃ। দাস্যে অত্র দাস্যসময়ে, তদেব তব নিত্যং কার্য্যং বিদিতমস্তু ॥৩॥

ভারতভাবদীপঃ

ইতি দ্বিতীয়ঃ। সধনাঃ সমর্থা ধর্ম্মোল্লঙ্ঘনে ইত্যর্থঃ। বৃদ্ধিং স্বামিনো মূলচ্ছেদম্, ন চ বিক্ষিপন্তি পাপকরণে ব্যাকুলাশ্চ ন ভবন্তি। দাসস্য পত্নী হীনেশ্বরা দাসধনঞ্চ সর্ব্বং হীনেশ্বরং সৎ ভদ্রে কল্যাণভাজি তয়োরীশ্বরে ত্বয়মপি তয়্যসনীয়মিত্যর্থঃ। তথাচ স্মৃতিঃ—"ত্রয় এবাধনা লোকে ভার্য্যা দাসস্তথা সুতঃ। যত্তে সমধিগচ্ছন্তি যস্যৈতে তস্য তদ্ধন"মিতি। তথাচ রাজপ্রয়ৈনৈব তৎপত্ন্যপি জিতৈব, ন তু তত্রাজিতেন জিতেন বা পরাজিতেতি বিমর্শঃ সম্ভবতীতি ভাবঃ ॥১॥ পরিবারং দারান্ ভজস্ব পাদসংবাহনাদিনা সেবস্ব ॥২॥ অন্যমিতি। পতি-

---

কর্ণ বলিলেন—'ভদ্রে! ক্রীত দাস, পুত্র এবং ভার্য্যা ইহারা তিন জন আপন আপন লব্ধ ধনেও স্বত্বহীন হইয়া থাকে। সুতরাং আপন ভার্য্যার উপরেও ক্রীত দাসের স্বত্ব থাকে না এবং তাহার অন্য সকল ধনেও তাহার স্বত্ব থাকে না ॥১॥

অতএব রাজনন্দিনি! তুমি অন্তঃপুরে প্রবেশ করিয়া রাজার পরিবারবর্গের সেবা কর; শাস্ত্রানুমোদিত সেই কার্য্যই তোমাকে আদেশ করিতেছি। এখন ধৃতরাষ্ট্রের পুত্রেরাই তোমার প্রভু, কিন্তু পাণ্ডবেরা নহে ॥২॥

---

(৩) অন্যং বৃণীষ্ব পতিমাশু ভাবিনি! যস্মাদ্দাস্যং ন লভসি দেবনেন…।

পরাজিতো নকুলো ভীমসেনো যুধিষ্ঠিরঃ সহদেবোঽর্জ্জুনশ্চ।
দাসীভূতা ত্বং হি বৈ যাজ্ঞসেনি ! পরাজিতাস্তে পতয়ো ন সন্তি ॥৪॥
প্রয়োজনং জন্মনি কিন্নু মন্যসে পরাক্রমং পৌরুষঞ্চেহ পার্থ ! ।
পাঞ্চালস্য দ্রুপদস্যাত্মজামিমাং সভামধ্যে যো হ্যদেবীগ্লহেষু ॥৫॥
বৈশম্পায়ন উবাচ।
তদ্বৈ শ্রুত্বা ভীমসেনোঽত্যমর্ষী ভৃশং নিশশ্বাস তদার্ত্তরূপঃ।
রাজানুগো ধর্ম্মপাশানুবদ্ধো দহন্নিবৈনং কোপসংরক্তদৃষ্টিঃ ॥৬॥

ভারতকৌমুদী

অথ পাণ্ডবেষু ময়া কিং কর্ত্তব্যমিত্যাহ পরেতি। পরাজিতাস্তে পাণ্ডবাঃ, ইদানীন্তে পতয়ো ন সন্তি ন বর্ত্তন্তে। পরাজয়েনৈব পতিত্বনাশাত্তেষু কামবৈমুখ্যমেব ত্বয়া কর্ত্তব্যমিত্যাশয়ঃ ॥৪॥

ইদানীং যুধিষ্ঠিরং প্রত্যাহ প্রয়োজনমিতি। হে পার্থ ! ইহ ইদানীং জন্মনি কিং নু প্রয়োজনম্, কিং নু চ পরাক্রমং পৌরুষঞ্চ মন্যসে। যস্ত্বম্, গ্লহেষু অক্ষেষু, সভামধ্য এব ইমাং পাঞ্চালস্য দ্রুপদস্য আত্মজাম্, অদেবীঃ পণীকৃত্য ক্রীড়িতবান্ ॥৫॥

তদিতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য অনুগোঽনুগতঃ, ধর্ম্মপাশেনানুবদ্ধশ্চ, অতএব প্রতীকারা সমর্থ ইতি ভাবঃ, ভীমসেনঃ, তৎ কর্ণোক্তং বচঃ শ্রুত্বা, অত্যমর্ষী অতীবক্রুদ্ধঃ, অতএব

ভারতভাবদীপঃ

জয়েনাত্মজয়ং ন মন্যসে চেদপতিকা ত্বং রত্যর্থমন্যং পতিং বৃণীষ। পতিষু কামবৃত্তিযথেষ্ট বর্ত্তনং লোকে স্ত্রীণামবাচ্যম্, দাস্যে তু তদ্বিদিতং প্রসিদ্ধম্। অতঃ পরিমিতপতিকাদ্দার-ভাবাদনস্তপতিকং দাস্যমেব তবাস্ত্বিতি ভাবঃ ॥৩॥ নৈব সন্তি অস্মদ্দাসাঃ পাণ্ডবা অস্মাভিঃ প্রত্যাখ্যাতাশ্চেৎ ত্বাং নৈব ভোক্তুং সমর্থা ভবেয়ুরিতি ভাবঃ ॥৪॥ প্রয়োজনমিতি। য ইমাং ব্যদেবীৎ স জন্মনি প্রয়োজনং জন্মসাফল্যং কিং ন মন্যতেঽপি তু মন্যত এব। এবং পরাক্রমা-

কামিনি ! এখন তুমি অন্য পতি বরণ কর ; উত্তমহীন ক্ষুদ্র পাণ্ডবগণ-দ্বারা আর তোমার কি হইবে। পতিদের সহিত কামব্যবহার করা নিন্দনীয় নহে ; ইহা যেন দাস্যবৃত্তি করিবার সময়ে সর্ব্বদাই তোমার বিদিত থাকে ॥৩॥

দ্রৌপদি ! যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব ইহারা সকলেই পরাজিত হইয়াছে, তুমিও দাসী হইয়াছ ; সুতরাং এখন আর পাণ্ডবেরা তোমার পতি নাই ॥৪॥

যুধিষ্ঠির ! এখন আর জন্মগ্রহণ করাতেই বা কি প্রয়োজন আছে এবং পরাক্রম ও পুরুষকারই বা কি আছে মনে কর। যে হেতু তুমি দ্যূতক্রীড়ায় এই পাঞ্চালরাজনন্দিনীকে পণ ধরিয়াছিলে ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিরের অনুগত এবং ধর্ম্মপাশে আবদ্ধ ভীমসেন

ভীমসেন উবাচ।

নাহং কুপ্যে সূতপুত্রস্য রাজন্! এষ সত্যং দাসধর্ম্মঃ প্রদিষ্টঃ।
কিং বিদ্বিষো বৈ মামেবং ব্যাহরেয়ুর্নাদেবীস্ত্বং যদ্যনয়া নরেন্দ্র! ॥৭॥

বৈশম্পায়ন উবাচ।

ভীমসেনবচঃ শ্রুত্বা রাজা দুর্য্যোধনস্তদা।
যুধিষ্ঠিরমুবাচেদং তূষ্ণীম্ভূতমচেতনম্ ॥৮॥
ভীমার্জ্জুনৌ যমৌ চৈব স্থিতৌ তে নৃপ! শাসনে।
প্রশ্নং ব্রূহি চ কৃষ্ণাং ত্বমজিতাং যদি মন্যসে ॥৯॥
এবমুক্ত্বা তু কৌন্তেয়মপোহ্য বসনং স্বকম্।
হসন্নৈক্ষত পাঞ্চালীমৈশ্বর্য্যমদমোহিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

কোপসংরক্তদৃষ্টিঃ, প্রতীকারাসামর্থ্যাদার্ত্তরূপশ্চ সন্, এনং রাজানং যুধিষ্ঠিরম্, দহন্নিব, তদা ভৃশং নিশশ্বাস ॥৬॥

নেতি। হে রাজন্! অহং সূতপুত্রস্য কর্ণস্যোপরি ন কুপ্যে। যেন খল্বনেন এষ দাসধর্ম্মঃ সত্যমেব প্রদিষ্ট উক্তঃ। কিন্তু হে নরেন্দ্র! ত্বং যদি অনয়া দ্রৌপদ্যা, ন অদেবীঃ ক্রীড়িতবানসি, তদা বিদ্বিষঃ কর্ণাদয়ঃ শত্রবঃ, কিং মামেবং ব্যাহরেয়ুর্ব্যাহর্ত্তুং বক্তুং শক্নুয়ুঃ ॥৭॥

ভীমেতি। অচেতনমিব স্থিতম্, অতএব তূষ্ণীম্ভূতং নীরবম্ ॥৮॥

ভীমেতি। ত্বং যদি কৃষ্ণামজিতাং মন্যসে, তদা তদপি ব্রূহি চ ॥৯॥

কর্ণের সেই কথা শুনিয়া, অত্যন্তক্রুদ্ধ, আরক্তনয়ন অথচ দুঃখিত হইয়া, যুধিষ্ঠিরকে দগ্ধ করতই যেন অত্যন্ত নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৬॥

তাহার পর ভীমসেন বলিলেন—'রাজা! আমি কর্ণের উপরে ক্রুদ্ধ হই নাই। কেন না, কর্ণ এই দাসধর্ম্ম সত্যই বলিয়াছে। অতএব রাজা! আপনি যদি দ্রৌপদীকে দিয়া খেলা না করিতেন, তবে শত্রুরা কি আমাদিগকে এইরূপ বলিতে পারিত?' ॥৭॥

বৈশম্পায়ন কহিলেন—সেই সময়ে যুধিষ্ঠির যেন অচৈতন্য হইয়া নীরবে অবস্থান করিতেছিলেন; তাই তখন দুর্য্যোধন ভীমের কথা শুনিয়া তাঁহাকে বলিলেন—॥৮॥

'রাজা! ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব ইহারা সকলেই আপনার আদেশের অধীন; অতএব আপনিই দ্রৌপদীর প্রশ্নের উত্তর করুন এবং আপনি যদি দ্রৌপদীকে অজিতা বলিয়া মনে করেন, তবে তাহাও বলুন' ॥৯॥

(১০)…স্ময়ন্নিবেক্ষ্য পাঞ্চালীম্…।

কদলীস্তম্ভসদৃশং সর্ব্বলক্ষণপূজিতম্ ।
গজহস্তপ্রতীকাশং বজ্রপ্রতিমগৌরবম্ ॥১১॥
অভ্যুৎস্ময়িত্বা রাধেয়ং ভীমমাধর্ষয়ন্নিব ।
দ্রৌপদ্যাঃ প্রেক্ষ্যমাণায়াঃ সব্যমূরুমদর্শয়ৎ ॥১২॥ (যুগ্মকম্)
বৃকোদরস্তদালোক্য নেত্রে উৎফাল্য লোহিতে ।
প্রোবাচ রাজমধ্যে তং সভ্যান্ বিশ্রাবয়ন্নিব ॥১৩॥
পিতৃভিঃ সহ সালোক্যং মাস্ম গচ্ছেদ্বৃকোদরঃ ।
যদ্যেতমূরুং গদয়া ন ভিন্দ্যাং তে মহাহবে ॥১৪॥
বৈশম্পায়ন উবাচ ।
ক্রুদ্ধস্য তস্য সর্ব্বেভ্যঃ স্রোতোভ্যঃ পাবকার্চ্চিষঃ ।
বৃক্ষস্যেব বিনিশ্চেরুঃ কোটরেভ্যঃ প্রদহ্যতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

এবমিতি । কৌন্তেয়ং যুধিষ্ঠিরম্ । অপোহ্য সব্যোরুদেশাদপসার্য্য ॥১০॥

কদলীতি । গজহস্তপ্রতীকাশং হস্তিশুণ্ডাতুল্যম্, বজ্রপ্রতিমগৌরবং বজ্রতুল্যদৃঢ়ম্, সব্যং বামম্ উরুম্ । রাধেয়ং কর্ণম্ অভি লক্ষ্যীকৃত্য, উৎস্ময়িত্বা ঈষদ্ধসিত্বা । আধর্ষয়ন্নিব নির্য্যাতয়ন্নিব । প্রেক্ষ্যমাণায়া আত্মনৈব দৃশ্যমানায়াঃ ॥১১—১২॥

বৃকোদর ইতি । উৎফাল্য বিস্ফার্য্য । তং দুর্য্যোধনম্ ॥১৩॥

পিতৃভিরিতি । সালোক্যং সমানলোকবাসম্ । ভিন্দ্যাং ভগ্নং কুর্য্যাম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

দাবপি যোজ্যম্ ॥৫—৬॥ এষ দাসধর্ম্মো ভর্ত্তৃকৃৎকর্ষবর্ণনম্ ॥৭—৯॥ অপোহ্যাপকৃষ্য ॥১০—১১॥

ঐশ্বর্য্যমদমোহিত দুর্য্যোধন যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া, বাম উরুদেশ হইতে বস্ত্র অপসারিত করিয়া, হাসিতে হাসিতে দ্রৌপদীর দিকে দৃষ্টিপাত করিলেন ॥১০॥

এবং তিনি কর্ণের দিকে চাহিয়া ঈষৎ হাস্য করিয়া, ভীমসেনকে নির্য্যাতন করিবার জন্যই যেন দ্রৌপদীর প্রতি দৃষ্টিপাত করিতে থাকিয়া কদলীস্তম্ভ ও হস্তিশুণ্ডের তুল্য গোল, বজ্রের তুল্য দৃঢ় এবং সর্ব্বলক্ষণপ্রশস্ত আপন বাম উরু দ্রৌপদীকে দর্শন করাইলেন ॥১১—১২॥

ভীমসেন তাহা দেখিয়া, আরক্তনয়নযুগল বিস্ফারিত করিয়া, সভ্যগণকে শুনাইতে থাকিয়া, রাজাদের মধ্যেই দুর্য্যোধনকে বলিলেন - ॥১৩॥

'দুর্য্যোধন! আমি যদি মহাযুদ্ধে তোমার এই উরু ভগ্ন না করি, তবে যেন আমি পিতৃপুরুষদের সহিত একলোকে বাস না করি' ॥১৪॥

(১১) কদলীদণ্ডসদৃশম্··· । (১২)···দ্রৌপদ্যাঃ প্রেক্ষমাণায়াঃ··· । (১৩) ভীমসেনস্তদালোক্য··· ।

বিদুর উবাচ।

পরং ভয়ং পশ্যত ভীমসেনাত্তদ্বুধ্যধ্বং ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ !।
দেবৈরিতো নূনময়ং পুরস্তাৎ পরোঽনয়ো ভরতেষূদপাদি ॥১৬॥
অতিদ্যূতং কৃতমিদং ধার্ত্তরাষ্ট্রাঃ ! যস্মাৎ স্ত্রিয়ং বিবদধ্বং সভায়াম্।
যোগক্ষেমৌ নশ্যতো বঃ সমগ্রৌ পাপান্ মন্ত্রান্ কুরবো মন্ত্রয়ন্তি ॥১৭॥
ইমং ধর্ম্মং কুরবো জানতাশু ধ্বস্তে ধর্ম্মে পরিষৎ সম্প্রদুষ্যেৎ।
ইমাঞ্চেৎ পূর্ব্বং কিতবোঽগ্লহীষ্যদীশোঽভবিষ্যদপরাজিতাত্মা ॥১৮॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধস্যেতি। তস্য ভীমস্য। স্রোতোভ্যো ঘর্ম্মপ্রবাহেভ্যঃ। প্রদহ্যতঃ প্রদহ্যমানস্য ॥১৫॥

পরমিতি। হে ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ ! য়ূয়ম্, পরং মহত্ত্বয়ং পশ্যত সম্ভাবয়ত, তচ্চ ভীমসেনাদ্বুধ্যধ্বং জানীত। ইতঃ পুরস্তাৎ পরম্, নূনং নিশ্চিতম্, দেবৈরেব, ভরতেষু ভরতবংশেষু, পরো মহান্, অয়ম্ অনয়ঃ অন্যায়নিবন্ধনা বিপৎ, উদপাদি উৎপাদিতা ॥১৬॥

অতীতি। হে ধার্ত্তরাষ্ট্রাঃ ! যুষ্মাভিরিদম্ অতিদ্যূতং দ্যূতনিয়মাতিক্রমণং কৃতম্। যস্মাদ্যূয়ং সভায়াং স্ত্রিয়মানীয় বিবদধ্বং বিবাদং কুরুধ্বম্। বো যুষ্মাকম্, সমগ্রাবেব, অনাগতস্যানয়নং যোগঃ আগতস্য রক্ষণঞ্চ ক্ষেমস্তৌ, নশ্যতঃ, পাপাৎ পাণ্ডবকোপাচ্চেতি ভাবঃ। কিঞ্চ কুরবঃ পাপান্ দুরভিসন্ধিপ্রযুক্তত্বাদিত্যাশয়ঃ, মন্ত্রান্ মন্ত্রয়ন্তি ॥১৭॥

ভারতভাবদীপঃ

অভ্যুৎস্ময়িত্বা প্রোৎসাহ্য ॥১২—১৫॥ উদপাদি উৎপন্নঃ ॥১৬॥ অতিদ্যূতং পণিতদ্রব্যমর্য্যাদামতিক্রান্তম্। যোগক্ষেমৌ যোগো লব্ধেন রাজ্যাদিনা সম্বন্ধস্তস্য ক্ষেমঃ কল্যাণম্। "কুশলং ক্ষেমমস্ত্রিয়া"মিত্যমরঃ ॥১৭॥ পরিষৎ সভা। সম্প্রদুষ্যেৎ ধর্ম্মাতিক্রমাদিতি শেষঃ।

বৈশম্পায়ন বলিলেন—তখন দহ্যমান বৃক্ষের কোটর হইতে যেমন অগ্নির শিখা নির্গত হয়, সেইরূপ ক্রুদ্ধ ভীমসেনের সমস্ত রোমকূপ হইতেই যেন অগ্নির শিখা নির্গত হইতে লাগিল ॥১৫॥

বিদুর বলিলেন—'হে ধৃতরাষ্ট্রপুত্রগণ ! তোমরা ধারণা কর যে, মহাভয় উপস্থিত হইয়াছে এবং তাহা ভীম হইতেই উপস্থিত হইয়াছে জানিয়া রাখ। নিশ্চয়ই দেবতারা ইহার পর হইতে অত্যাচারনিবন্ধন মহাবিপদ ভরতবংশে উৎপাদন করিয়াছেন ॥১৬॥

হে ধৃতরাষ্ট্রপুত্রগণ ! তোমরা এটা দ্যূতের নিয়ম লঙ্ঘন করিতেছ ; যে হেতু স্ত্রীলোককে সভায় আনিয়া বিবাদ করিতেছ। ইহাতে তোমাদের সমস্ত মঙ্গলই নষ্ট হইয়া যাইতেছে ; বিশেষতঃ তোমরা দুষ্ট মন্ত্রণা করিতেছ ॥১৭॥

